ভারতবর্ষের স্বাধীনতা এবং নিরাপত্তা বিপন্ন হ'ত না। কাজেই আমি সাহস ক'রে আপনাদের সামনে একটা শুধু উল্লেখ করবো, আশা করি আজকে রেড র‍্যাগের ভয় আপনাদের হবে না। সোশ্যাল এ্যান্ড স্টেট স্ট্রাকচার অফ দি ইউ, এস, এস, আর, যেকথা সম্পর্কে কাল সুধীরবাবু ব'লে গিয়েছেন আমি আর একটু ভালো ক'রে বলি। কমিশনের রিপোর্টএ ঐক্যের কথা বলা হয়েছে। কিন্তু পৃথিবীতে যদি একটা জাতি তাদের জাতীয় একতা দেখাতে পেরে থাকে অসম্ভব বিপদের দিনে, যে বিপদ আমরা হয়ত কল্পনা করতে পারি না, সেই দেশে, যে দেশে ১৫০টা ভাষাভাষী জাতি এবং উপজাতি আছে, সেই ইউ,এস,এস,আর, সোভিয়েট প্রজাতন্ত্র, তাদের কন্সটিটিউশনএর মধ্যে পরিষ্কার ক'রে তারা বলছে যে, ভলান্টারি নেচার অফ ইউনিফিকেশন, ভাষা চাই, কৃষ্টি, সভ্যতা চাই, সংলগ্ন এলাকা হওয়া চাই এবং তারা বলছে ভলান্টারি নেচার অফ ইউনিফিকেশন জনসাধারণের আসা চাই, তাদের আকাঙ্ক্ষা চাই। এই যদি থাকে, তার ভিত্তিতে যে রাজ্য গঠিত হবে সেই রাজ্য শক্তিশালী হবে, গণতন্ত্রে অগ্রসর হতে পারবে এবং দেশের ঐক্য এবং শক্তি—রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামরিক শক্তি বাড়বে। সুতরাং কত রকম ব্যবস্থা তারা করেছে। তারা ন্যাশন্যাল রিপাবলিক করেছে। আমি বলছি না যে, হুবহু সেই সংবিধান এখানে নিতে হবে অথবা রাজ্য কমিশনের ঠিক সেই ব্যবস্থা করতে হবে, কিন্তু যেভাবে এই জিনিষটার সামান্য উল্লেখ ক'রে গেছে, ইউ,এস,এস,আর,-এ এই ধরণের জিনিস আছে ব'লে একটা সেন্টেন্স সেখানে আছে, সেটা যদি বিশদভাবে আলোচনা হ'ত, তার থেকে যদি শিক্ষা নেবার চেষ্টা হ'ত, তাহ'লে পর আমার মনে হয় যে, এইরকম একটা মারাত্মক অবস্থার সৃষ্টি আজকে ভারতবর্ষে হ'ত না যেটা হয়েছে। সুতরাং সেটাতে আমি পরে আসবো, কারণ আমার দাবীর মধ্যে একটা দাবী সম্বন্ধে যথেষ্ট ভুল বোঝাবুঝি হয়েছে, সেটা আজকে আমার পরিষ্কার করার দরকার আছে। যখন সে কথায় আসবো তখন সেটা আর একবার বলবো। কিন্তু সংক্ষেপে বলতে চাই যে, ১৬টা ন্যাশন্যাল রিপাবলিক, ১৭টা অটোনমাস রিপাবলিক এবং কয়েক ডজন ন্যাশন্যাল সেন্টার্স—এই নিয়ে সোভিয়েৎ রাষ্ট্র গঠিত হয়েছে। কেউ কি বলতে পারে, সোভিয়েৎ রাষ্ট্রে জাতীয় ঐক্যের কোন ব্যাঘাত হয়েছিল যখন হিটলার আক্রমণ করেছে, কেউ কি বলতে পারে ভল্গার জার্মানরা অটোনমাস রিপাবলিকএ হিটলার বাহিনীর সঙ্গে যোগ দিয়েছে,—কেউ বলতে পারে না। মস্কো রক্ষার জন্য সাইবেরিয়ার লোক গেছে,, কাজাকিস্থান, উজবেকিস্থানের লোক গেছে। অনেকেই এটা জানতে চান ব'লেই এই কথা বললাম যে, এত বড় একটা উজ্জ্বল দৃষ্টান্ত সমগ্র পৃথিবীতে নূতন একটা জিনিষ যা সৃষ্টি হয়েছে সেটার সঙ্গে সু[illegible] ব্র্যাকেট দিয়ে এক কথায় উড়িয়ে দেওয়া একটা কমিশনের, যাতে নাম-করা বিভিন্ন ঐতিহাসিক রয়েছেন, তার উচিত হয় নি। সুতরাং আমি এখানে যেক'টি এলাকা বাংলাদেশে আসা উচিত সে জিনিষগুলি আপনার সামনে উপস্থিত করবো এবং তার পেছনে যুক্তিগুলিও আপনাদের সামনে উপস্থিত করবো। সাহসে ভর দিয়ে একথা বলতে হচ্ছে, কারণ আমরা জানি, এস,আর,সি, রিপোর্টএর মধ্যে সেই কমিশনের সামনে বিভিন্ন প্রদেশে, যা শঙ্করবাবু বলেছেন, তার কতকটা ঠিকই যে, বিহারে, আসামে এই কংগ্রেসী নেতারা কংগ্রেস গভর্নমেন্টের পয়সা খরচ ক'রে লরী নিয়ে হৈ হৈ ক'রে গিয়েছে এবং তারা নানারকম ধ্বনি তুলেছে। সুতরাং যখন এরকম অবস্থা হয় তখন সমস্ত জিনিষটা পরিষ্কার ক'রে বলা দরকার, কেন না, কালকে আমাদের

একজন বন্ধু লেজিসলেটিভ কাউন্সিলএ এই জিনিসগুলি বলেছিলেন, কিন্তু সেটা খানিকটা ভুল, বকৃতভাবে কোন কোন কাগজে বেরিয়েছে।

[5-10—5-20 p.m.]

সেজন্য পরিষ্কার এটা বলি যে, এটা সুখের কথা, আনন্দের কথা যে পুরুলিয়ার একটা থানা এসেছে। [এ ভয়েসঃ একটা থানা নয়!] হ্যাঁ, আমি জানি, চাস্ থানা বাদ গিয়েছে। যাই হোক, সেখানকার বাঙ্গালী তারা যারা আসছেন, তাদের আমরা সাদর অভ্যর্থনা জানাচ্ছি, বাংলায় তারা আবার ফিরে আসছেন। বাংলার উন্নতির জন্য, অগ্রগতির জন্য সকলে আমাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলবে এটাই আমরা প্রার্থনা করি। কিন্তু চাস্ থানাকে বাদ দেবার কি যুক্তি থাকতে পারে তা আমরা বুঝতে পারছি না; বস্তুতঃ কোন যুক্তিই দেওয়া হয় নি। আমরা তাই মনে করি, সেটাও পশ্চিম বাংলায় আসা উচিত একই যুক্তির উপর ভিত্তি ক'রে যে, তারা বাংলা ভাষাভাষী, তারাও সংখ্যাগরিষ্ঠ, তারাও পশ্চিম বাংলার সংলগ্ন, সুতরাং বাংলায় আসা উচিত। সেখানে গ্রামকে যদি ভিত্তি হিসাবে ধরা যায় তাহ'লে বাঙ্গালী সেখানেও সংখ্যায় বেশি, দ্বিতীয়তঃ পশ্চিম বাংলার সংলগ্ন। ধলভূম মহকুমার বাংলাভাষাভাষী যে এলাকা সেগুলিও বাংলাদেশে আসা উচিত। তার মানে জামসেদপুর আসা উচিত নয়। কারণ আমরা ১৯৩১ সালেরও হিসাব নিয়েছি, যখন বাবু শ্রীকৃষ্ণ সিংহ বা আর কোন সিংহেরই পদার্পণ হয় নি মন্ত্রী হিসাবে, সেই ১৯৩১ সালেরও হিসাব নিয়ে দেখেছি যে তাতে বাঙ্গালী সংখ্যাগরিষ্ঠ নয়। সুতরাং আমাদের এই যে দৃষ্টিভঙ্গী যে জামসেদপুর বাংলায় আসা উচিত তা আমরা মনে করি না। কিন্তু যে যুক্তি ধলভূমকে বাংলার বাইরে রাখবার জন্য এস.আর.সি. দিয়েছেন সে কোন যুক্তিই নয়, সেটা হাস্যকর যুক্তি। কিন্তু যে যুক্তি আমি বললাম সে যুক্তির মাপকাঠিতে যদি বিচার করি তাহ'লে পরও জামসেদপুর আসতে পারে না। বস্তুতঃ আমাদের যে মত—তিনটি জিনিসকে ভিত্তি ক'রে যে যুক্তি বাংলাভাষাভাষী কি না, বাংলার সঙ্গে সংলগ্ন কি না এবং সেখানকার জনসাধারণ চায় কি না, তাদের যে আশা আকাঙ্ক্ষা, সে সমস্ত সামগ্রিকভাবে বিচার ক'রে দেখলে এটাই বলতে হয় যে, বাংলা এবং বিহারের যে সীমানা তা পুনর্নির্ধারণ হওয়া উচিত, পুনর্গঠন সম্বন্ধে এস. আর. সি যে রিপোর্টের নমুনা তা অন্যরকম হওয়া উচিত। শুধু ছোট জমির প্রশ্ন নয়, গণতান্ত্রিকতার প্রশ্ন রয়েছে, ভাষা এবং সভ্যতা ও কৃষ্টির প্রশ্ন এবং জাতীয় উন্নতির প্রশ্নও রয়েছে। সেইক্ষেত্রে সমগ্র বিহারের সীমানা পুনর্নির্ধারণ হওয়া উচিত। উপরে যা বললাম সেই নীতির মারফৎ এবং সেজন্য। এস.আর.সি. রিপোর্টএ যে বলেছে এবং ডাঃ বি. সি. রায় যা বলেছেন অজয়ের ক্যাচমেন্ট এরিয়া, অমুক তমুক, সেগুলি আমাদের কাছে বড় কথা নয়। কেন না, আমি আগেই বলেছি যে জাতীয় আন্দোলনের কাছে কোনদিনই সেটা বড় কথা নয়। এবং ভারতবর্ষও এক; একথা জোরের সঙ্গে বলছি যে বিহার বাংলার অশান্তি নিয়ে যদি কোন সংঘর্ষ বাধে তাহ'লে ভারত সরকারই এর ব্যবস্থা করবেন। বিহারী ভাইদের সঙ্গে আমাদের কোন বিবাদ নাই কিংবা ভারতবর্ষের অন্য কোন প্রদেশের ভাইদের সঙ্গে কোন বিবাদ নাই। বাংলার উন্নতির জন্য সামান্য কোন জায়গার উন্নতির জন্য, প্রজেক্টএর জন্য কোন ব্যবস্থা যদি দরকার হয় তাহ'লে পরে স্থানীয় সরকারের উচিত সাহায্য করা। যদি না করেন তাহ'লে ভারতবর্ষে যে কেন্দ্রীয় গভর্নমেন্ট আছে তাদের হস্তক্ষেপ করা উচিত।

সুতরাং তার ভিত্তিতে আমরা বলি যে, পূর্ণিয়ার যে যে এলাকা এ্যাডমিনিস্ট্রেটিভ গ্রাউন্ডএ, শাসনকার্য পরিচালনা করবার সুযোগের জন্য অথবা যোগাযোগ রক্ষা করবার জন্য অথবা করিডর সৃষ্টি করবার জন্য—এই যুক্তিতে যে এলাকা দেওয়া হয়েছে, সেই এলাকা আমরা চাই না। সেখানে যদি তারা বাংলা ভাষাভাষী হয়, যদি তারা বাঙ্গালী হয়, যদি তারা আসতে চায়, তাহ'লেই তারা আসতে পারে এবং আমরাও তাদের সাদর অভ্যর্থনা জানাচ্ছি; আর যদি না আসতে চায় তাহ'লে আমরা জোর ক'রে আনতে চাই না। কিন্তু করিডরএর স্বার্থে, কমিউনিকেশন করবার জন্য কোন রাষ্ট্র হয় কি? এটা কি ভারতবর্ষে আছে, না থাকা উচিত? যদি থাকে তবে তা দূর করা উচিত নয় কি? সেইজন্য এটা আমরা পরিষ্কার ক'রে বলতে চাই, আমরা মনে করি না যে, কোন জমি দখল ক'রে কোন লোকের সমষ্টির ইচ্ছার বিরুদ্ধে তাকে জোর ক'রে নিয়ে আসেন। এতে প্রদেশের কোন সমস্যা সমাধান হবে না

বরং নূতন সমস্যার সৃষ্টি হবে—সংখ্যালঘু সমস্যার সৃষ্টি হবে, অন্যরকম অবস্থার সৃষ্টি হবে। সুতরাং সেদিক দিয়ে আমরা এই কথা পরিষ্কার ক'রে বলছি। এই সম্পর্কে আমরা এই পশ্চিমবঙ্গের মধ্যে যে একটা সংখ্যালঘু ছোট জাতি আছে—নেপালী, যারা দার্জিলিংএর পাহাড়ে বাস করে; দার্জিলিং সদর, কার্সিয়াং ও কালিম্পং এই জায়গা যার ভাষা নেপালী; নেপালী যারা আমাদের ভারতের, বাংলাদেশের তুলনায় অত্যন্ত পিছিয়ে আছে। এই নেপালী ভাইদের জন্য আমরা বলেছি—

Regional Autonomy within the State of West Bengal—within the State of West Bengal.

এই কথাটি দুইবার বললাম, কারণ এটা নিয়ে অনেক ভুল বুঝাবুঝি হয়েছে। এতে আমাদের পশ্চিমবঙ্গের কংগ্রেস সভাপতি অতুল্য ঘোষ ভাল ক'রে বুঝেও বললেন যে, আমরা এই দার্জিলিংকে নাকি বের ক'রে দিতে চাই। আমাদের প্রকাশ্য বিবৃতি বেরিয়েছে, কমিশনএর কাছেও মেমোরেন্ডাম দিয়েছিলাম, সেখানে আমরা বলেছি ওয়েস্ট বেঙ্গল রাজ্যের মধ্যে এই নেপালীদের জন্য দার্জিলিংএর তিনটি মহকুমায় রিজিওনাল অটনমি দেওয়া হোক। এতে অনেকে ভুল বুঝেছেন ব'লে একথা উপস্থিত করছি। আমাদের ভারতবর্ষের সংবিধানের সিক্সথ সিডিউলএ ট্রাইব্যাল এলাকা—শুধু আসামের ট্রাইব্যাল এলাকার জন্য কতকগুলি ব্যবস্থা আছে। অন্য কোথাও নেই। এইজন্য ভারতবর্ষে যদি গণতান্ত্রিক উন্নতি করতে হয় তাহ'লে যারা পিছিয়ে প'ড়ে আছে তাদের আমাদের সঙ্গে টেনে নিতে হবে। সেইজন্য যথেষ্ট ত্রুটি এই সংবিধানের সিক্সথ সিডিউলএ আছে।

[5-20—5-45 p.m.]

অনেক গলদ আছে এটা ঠিক, কিন্তু তা সত্ত্বেও তার একটা স্বীকৃতি এই সিক্সথ সিডিউলএর ভিতর আছে। এর মধ্যে তারা ডিস্ট্রিক্ট কাউন্সিল, রিজিওনাল কাউন্সিল গঠন করতে দিয়েছেন—Elected District Council এবং Elected Regional Council,

তাদের কতকগুলি ক্ষমতা দেওয়া হয়েছে তার মধ্যে আছে স্থানীয় ভাবে তাদের কতকগুলি ব্যাপারে ট্যাক্স ইত্যাদি করবার অধিকার দেওয়া হয়েছে, যে ট্যাক্স যে টাকা তাদের স্থানীয় উন্নতির জন্য ব্যয় করতে পারবেন। যদি পার্লামেন্ট বা লেজিসলেচারে এইরকম কোন আইন না হয় যা সেখানে প্রযুক্ত হ'লে পরে সেখানকার লোকের ক্ষতি হতে পারে তাহ'লে পরে সেটা সেখানে প্রযুক্ত হবে কি না সেটা গভর্নর বিচার ক'রে ব্যবস্থা করতে পারবেন এমন ধারাও এর মধ্যে আছে। আমরা বলেছি এর চেয়ে আরও একটু বিস্তৃত করবার কথা, রিজিওনাল অটনমির মানে আর একটু বিস্তৃত করবার কথা। এই কথা আজকের দিনে আবার উল্লেখ করছি, বলছি সোভিয়েট সোশালিস্টএর ব্যবস্থার কথা, সেখানে সেরকম ব্যবস্থা আছে যার ফলে যারা পিছনে ছিল হঠাৎ ১০।১৫ বৎসরের মধ্যে এগিয়ে গেল। আমার কথা নয়, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ১৯৩০-৩১ সালে সোভিয়েট দেশ থেকে বলেছিলেন তাঁর "রাশিয়ার চিঠি"তে, যেটা বৃটিশ গভর্নমেন্ট বেআইনী ক'রে দেয়। তাতে বলেছিলেন, "যারা পঙ্গু ছিল, যারা খুঁড়িয়ে চলছিল, তারাই বারো বৎসরের মধ্যে দাঁড়িয়ে চলেছে। ভারতবাসী হিসেবে আমি তাই বিস্ময়ে এবং আনন্দে লক্ষ্য করছি"। আমি বলছিলাম যে, সেটা শুধু একটা দেশে প্রযুক্ত হয়েছে আমাদের প্রতিবেশী রাষ্ট্র মহান চীন যার সঙ্গে সংযুক্ত হয়ে প্রধানমন্ত্রী শ্রীনেহেরু চৌ এন লাইএর সাথে পঞ্চশীলের ব্যাখ্যা করেছেন, যার সঙ্গে আমাদের দেশের আজ সম্পর্ক প্রতিষ্ঠিত হয়েছে, সেখানেও তাদের কন্সটিটিউশনএ সাধারণ নীতির তিন নম্বর আর্টিকলএ বলেছেন—

All the nationalities have freedom to use and foster the growth of their spoken and written languages, and to preserve or reform their own customs or ways.

Regional Autonomy applies in areas where people of national minorities live in compact communities. National autonomous areas are inalienable parts of the People's Republic of China.

সুতরাং এটা যে ভারতের পথ নয় তা নয়। আমাদের দেশের সংবিধানে তার কিছু কিছু স্বীকৃতিও, অত্যন্ত সামান্য হ'লেও আছে এবং পৃথিবীর অন্যান্য বৃহৎ বৃহৎ দেশে অত্যন্ত

সফলতার সঙ্গে সেই নীতি প্রবর্তিত হয়েছে এবং আরও অগ্রগতি লাভ করছে। আমাদের আরেকটা কথা, যা নিয়ে তুমুল বিতর্ক হয়েছিল, যা নিয়ে গোয়ালপাড়ার অনেক বাঙালী লাঞ্ছিত হয়েছে, অত্যাচারিত হয়েছে, সেই ধুবড়ী মহকুমা সম্পর্কে। সেখানে আমরা বলি যে, দুই পক্ষের দুই কথা, তারা দুইরকম কথা দুই পক্ষ বলেছেন এবং এস.আর.সি. রিপোর্ট কি বলেছেন '৩১ এবং '৫১ সালের পার্থক্যের কথা উল্লেখ ক'রে তাঁরা স'রে পড়েছেন। আমরা বলি দুটো রাজ্য-সরকার ভারত-সরকারের নেতৃত্বে হোক বা অন্য কোনরকম ব্যবস্থা ক'রে সেখানকার লোক কি চায়, বাস্তব অবস্থা কি সেটা নির্ণয় করবার চেষ্টা ক'রে সেইমত কাজ করুন এবং সেইমত সেই এলাকার উন্নতির জন্য চেষ্টা করুন।

[At this stage the House was adjourned till 5-45 p.m.]

[*After adjournment.*]

[5-45—5-55 p.m.]

Dr. Ranendra Nath Sen:

সভাপতি মহাশয়, সুতরাং যে নীতির কথা, যে নীতির মাপকাঠিতে আমরা আমাদের পার্টির তরফ থেকে উপরি উক্ত এলাকার কথা বললাম, সেই নীতিগুলি হচ্ছে এই যে, ভৌগোলিক সংলগ্ন এলাকা হওয়া দরকার, জনসাধারণের ভাষা এবং কৃষ্টির সংলগ্ন এলাকা হওয়া দরকার, জনসাধারণের কামনা ও ইচ্ছা থাকা দরকার এবং গ্রামকে সর্বনিম্ন ইউনিট হিসাবে ধরে নেওয়া দরকার এবং সেইভাবে সমগ্র বাংলা এবং বিহারের সীমানা আবার নির্ধারণ করা দরকার এবং সেইটিই একমাত্র বৈজ্ঞানিক যুক্তি এবং নীতি, একমাত্র পথ যাতে ভারতের একতা, সংহতি এবং বিভিন্ন ভাষাভাষী অঞ্চলের উন্নতি সাধিত হবে। এই নীতির বশবর্তী হয়ে আমরা আরও ২।১টা কথা এখানে উপস্থিত করতে চাই, সেটা হচ্ছে ত্রিপুরা, কাছাড় অথবা মণিপুর তাদের কি ভাগ্য হওয়া উচিত এ সম্পর্কে। আমাদের দেশে, পশ্চিম বাংলার কিছু কিছু লোকের এই মনোভাব আছে যে, ত্রিপুরা, কাছাড় এবং মণিপুরকে, কমসে কম মণিপুরকে পশ্চিমবাংলার মধ্যে আনা হোক। তাঁরা বলেন, ভাষা সেখানে বাংলাভাষা বলে ; আমরা বলি, তা ঠিক কিন্তু ওটা তো সংলগ্ন এলাকা নয়। তাছাড়া, সেখানকার জনসাধারণের দাবী কি? আমি গত অক্টোবর মাসে মণিপুর, ত্রিপুরা গিয়েছিলাম। তখন সেখানে মস্তবড় আন্দোলন চলছিল, এখনও যা চলছে। সেখানে বিরাট জনসমাবেশে এই এস, আর, সি, রিপোর্টএর উপরে প্রকাশ করেছেন যে, মণিপুরের দাবী হচ্ছে, স্বতন্ত্র মণিপুর থাকা দরকার, তাদের রেসপনসিবল গভর্ণমেণ্ট পাওয়া দরকার। ত্রিপুরার একটা জনসভায় আমি নিজে বক্তৃতা দিই। সেখানে স্বতন্ত্র ত্রিপুরা কমিটি আছে, তাঁদের এই পুস্তক আমার কাছে আছে, তাঁরা বলেছেন—

"We want Satantra Ganatantra Tripura."

সেখানকার বাঙালী খোদ পূর্ববঙ্গের বাঙালীরা তাঁরাও কখনও বলেন নি যে, তাঁরা পশ্চিমবঙ্গে আসতে চান, বরং সেরকম ধারণা পশ্চিমবাংলায় যদি উঠে তাহলে ত্রিপুরার যারা আদি অধিবাসী এবং অন্যান্য পাহাড়ী উপজাতি আছে যারা বাংলাকে গ্রহণ করেছে এবং করছে তাদের মনে বাঙালী সম্বন্ধে একটা সন্দেহ এবং ভীতির সৃষ্টি হবে। তাহলে সেখানে যে সঙ্ঘবদ্ধ ঐক্যবদ্ধ আন্দোলন হচ্ছে সেটা বিপর্যস্ত হবে। সুতরাং সেদিক থেকে এই দাবী বন্ধ করা উচিত। ত্রিপুরার পশ্চিমবাংলায় আসার কোন দরকার নেই। কোন নীতিতেই আসার কথা বলে না। প্রশ্ন হচ্ছে পূর্বাচল—ত্রিপুরা, কাছাড় এবং মণিপুর নিয়ে। আমি যতদূর জানি, আজকে যে ত্রিপুরা কমিটি আছে যাতে কংগ্রেসের ছাড়া সর্বদলের লোক আছে, তাঁরা একথা আমাদের বলেছেন যে, পূর্বাচল ইত্যাদি আমরা চাইনে।

আমাদেরও ঐ এক দাবী। তার ভিত্তিতে সমগ্র জনসাধারণ সংগঠিত হয়েছে, সঙ্ঘবদ্ধ হয়েছে। সুতরাং সেই দাবী আমরা মেনে চলছি এবং সেই দাবী যদি আপনারা পারেন এখানে সমর্থন করুন। সুতরাং একথা আমরা বলেছিলাম যে, এর বৈজ্ঞানিক মাপকাঠি হচ্ছে ভাষা, কৃষ্টি, সংলগ্ন এলাকা, গ্রামকে সর্বনিম্ন ইউনিট ধরা। তার ভিত্তিতে আমাদের বিচার করা দরকার এবং এস, আর, সি, রিপোর্টের মধ্যে কিছু কিছু সেই জিনিষ তাঁরা স্বীকার করে নিয়েছেন। কেরালার ব্যাপারে তাঁরা সেই জিনিস স্বীকার করেছেন। কেরালা রাজ্য সেই

নীতিতে গঠন করবার জন্য তাঁরা সুপারিশ করেছেন। মাদ্রাজ, তামিলনাদ রাজ্যও সেই নীতিতে গঠন করবার জন্য কমিশন সুপারিশ করেছেন। সুতরাং এস, আর, সি, রিপোর্টে এইরকম ভাল কথা আছে। অত্যন্ত ভাল কথা আরও আছে এস, আর, সি, রিপোর্টে—যেমন, তাঁরা বলেছেন, রাজপ্রমুখ পদের অবসান করে দেও। এই যে ভাল কথা তাঁরা বলেছেন, এগুলো আমরা সমর্থন করি। আমরা একথা বলতে চাই না, বৃটিশ সাম্রাজ্যবাদ যে রকমভাবে ডিভাইড এন্ড রুল পলিসি করে জাতিতে জাতিতে সংঘর্ষ বাধিয়ে রাজত্ব করেছিলেন, এস. আর, সি. সেই মতলব নিয়ে চলেছেন বা গভর্নমেন্ট চলেছে। আমরা একথা বলতে চাই যে, তাদের মাপকাঠি অবৈজ্ঞানিক, এক এক জায়গায় তাঁরা এক এক রকম কথা বলেছেন। কোন সুষ্ঠু নীতি না নেওয়ার ফলে ভারতবর্ষের মধ্যে একটা পার্থক্য, একটা ঝগড়া, সংখ্যালঘিষ্ঠের একটা সমস্যা উপস্থিত হচ্ছে। কিন্তু আমরা আমাদের মাপকাঠি অনুসারে বলেছি, ধলভূমের বাঙালী এলাকা, পশ্চিমবাংলার সংলগ্ন এলাকা এখানে আসা উচিত। পুরুলিয়ার সাব-ডিষ্ট্রিক্ট চাস থানাও আমাদের মধ্যে আসা উচিত এবং পূর্ণিয়ার যে এলাকাটা এ্যাডমিনিষ্ট্রেটিভ গ্রাউন্ডে করিডোরের কথা বলেছেন, তার অন্য কোন কারণ থাকতে পারে, সেইরকম ভিত্তিতে হতে পারে না, তারা সেই একই বাংলাভাষাভাষী কিনা, তারা আসতে চায় কিনা, এরই ভিত্তিতে হওয়া উচিত। সুতরাং সেই ভিত্তি করা হয় নাই। আমরা মনে করি না পূর্ণিয়ার সেই এলাকা এখানে আসা উচিত।

[5-55—6 p.m.]

আমরা বলেছি, দুটো দিক থেকে দুরকম দাবী করা হচ্ছে। সেই দুটো দাবী পরিষ্কার করে নিয়ে সঠিক অবস্থা নির্ণয় করা উচিত। দুটোই তো কংগ্রেস সরকার। তাঁরাই ব্যবস্থা করুন। প্রথমে সেখানকার জনসাধারণের ইচ্ছার কথা তো বলেছি মূল মাপকাঠির মধ্যেতে।

তারপর দার্জিলিংএর নেপালী এলাকা সম্বন্ধে বলেছি, সেখানে স্থানীয় স্বায়ত্তশাসন পশ্চিমবাংলা রাজ্যের মধ্যে ত্রিপুরা, কাছাড়, মণিপুরের কথাও তো বলেছি। এই নীতির ভিত্তিতে আমরা অন্ধ্র ও তেলেংগানার সমন্বয়ে দুটো একত্রে বিশাল অন্ধ্র গঠন করবার জন্য যে দাবী আছে, জনসাধারণের সেই দাবীকে আমরা সমর্থন করি। আমাদের মহারাষ্ট্রীয়দের ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে অনেক দান আছে। সেই মহারাষ্ট্রীয়দের সংযুক্ত মহারাষ্ট্র গড়বার যে দাবী বোম্বাই সহরকে রাজধানী করে, সেই দাবীকেও আমরা সম্পূর্ণ সমর্থন করি এবং সেই দাবীকে দমন করবার জন্য যে চক্রান্ত বা দমননীতি চলেছে তার আমরা তীব্র নিন্দা করি।

পরিশেষে আমি এই কথা বলতে চাই যে, এইভাবে যদি সীমানা আবার নির্ধারিত হয়, তাহ'লে বিভিন্ন প্রদেশের মধ্যে ঝগড়া, বিভিন্ন জাতির মধ্যে ঝগড়া, এগুলি দূর হবে, সংখ্যালঘু সমস্যা কমে আসবে এবং ভারতবর্ষের ও বিভিন্ন প্রদেশের, বিভিন্ন রাজ্যের গণতান্ত্রিক অগ্রগতির রাস্তা প্রশস্ত হবে। বিশেষ করে বাংলাদেশের যে বাঙ্গালী এবং বাংলাদেশ সমগ্র ভারতবর্ষে স্বাধীনতা আন্দোলনে সর্বশ্রেষ্ঠ অংশ গ্রহণ করেছে, তারা আজও ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনে সকলের আগে। যারা বার বার এমন কি, বর্তমান যুগেও প্রমাণ করছে যে, দুনিয়ার প্রগতিশীল ভাবধারার বাহক ও ধারক হয়েও বাঙ্গালী অপরকে তুচ্ছ করে নাই, বিদ্রূপ করে নাই, অপরকে সহানুভূতি দেখিয়েছে, সেই বাঙ্গালী জাতি আমরা বিশ্বাস করি, আমরা আশা করি, তারা সমগ্র জাতির উন্নতির জন্য, সমগ্র দেশের উন্নতির জন্য, সমগ্র ভারতের উন্নতির জন্য, তারা অযৌক্তিক, মিথ্যা ও অবৈজ্ঞানিক কোন মত ও পথের সমর্থক হবে না। তারা বাংলাদেশের যে ঐতিহ্য আছে, সেই ঐতিহ্য বহন করে নিয়ে যাবে, সেই গণতান্ত্রিক ঐতিহ্যকে বহন করে নিয়ে যাবে এবং বাংলাদেশে আবার সমগ্র ভারতবর্ষের এই রাজ্য বিভাগের ব্যাপারে, সীমানা নির্ধারণের ব্যাপারে সমগ্র ভারতবর্ষের পথপ্রদর্শক হবে, তারা শীর্ষস্থান অধিকার করে দুনিয়ার সামনে, দেশের সামনে সুষ্ঠু মাপকাঠি উপস্থিত করে অগ্রসর হতে পারবে। বাংলা-দেশের সমস্যা অজয়ের ক্যাচমেন্ট এরিয়া নিয়ে দূর হবে না। একবার বলেছি, আবারও বলি, তাতে বাস্তুহারা সমস্যারও সমাধান হবে না, দু ছটাক জমি বা বিশ লক্ষ লোক নিলে পর বাংলাদেশের শিক্ষিত, অশিক্ষিত, মধ্যবিত্ত বেকারের সমস্যার তাতে সমাধান হবে না। বাঙ্গালী

অনেক অভিজ্ঞতার ভেতর থেকে বুঝেছে যে, তার সমস্যার সমাধান হতে পারে একমাত্র গণতান্ত্রিক আন্দোলনের ভেতর দিয়ে, ঐক্যবদ্ধ আন্দোলনের ভেতর দিয়ে, নূতন ভারত গড়বার আন্দোলনের ভেতর দিয়ে।

ডাঃ বি. সি. রায়কে বলুন, আমাদের ওদিককার জানালা তো খুলে গেছে, আসাযাওয়া তো সুরু হয়েছে সোভিয়েটের সঙ্গে, চীনের সঙ্গে। দুদিন তিনদিন ধরে তো তিনি সোভিয়েট দেশের নেতাদের হোস্টের কাজ করেছেন; কালপরশু হয়ত আবারও করবেন, তাঁদের কাছে শুনুন, তাঁদের দেশে গিয়ে দেখে আসুন। ডাঃ রায়ের তো আমাদের মত পাশপোর্টের ভাবনা নাই! সোভিয়েট দেশ ও তার আশেপাশের পূর্ব ইউরোপের অন্যান্য গণতান্ত্রিক দেশও তিনি দেখে আসুন, তাঁরা কি করে সেখানকার বাস্তুহারা সমস্যার সমাধান করেছেন। সেখানে ৩০ লক্ষ বাস্তুহারা ছিল না, ৫০ লক্ষও নয়, কোটি কোটি তারা। পূর্ব জার্মাণী, পোল্যান্ড, রুমানিয়া, হাঙ্গেরী, আলজেরিয়া ইত্যাদি এবং সমগ্র সোভিয়েট দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত কোটি কোটি লোক চলাচল করেছে। সেখানে গিয়ে দেখুন, তাঁরা কিভাবে বাস্তুহারা সমস্যার সমাধান করেছেন, কায়েমী স্বার্থের সঙ্গে সংযোগ রেখে নয়, বৈপ্লবিকভাবে করেছেন। সঙ্গে সঙ্গে দেখে আসুন চীনদেশে গিয়ে। এই সমস্ত দেশ ১৯৪৭-৪৮-৪৯ সালে সাম্রাজ্যবাদ কবলমুক্ত হয়েছে। তাঁরা কি করে সেখানকার বেকার-সমস্যার সমাধান করেছেন, তিনি সেখানে গিয়ে তা দেখে আসুন। আমাদের কথা তো এতদিন শুনলেনও না, বুঝলেনও না। এবার নিজে গিয়ে দেখে আসুন, শিখে আসুন ও আমাদের বলুন। সেই হচ্ছে সমাধানের রাস্তা। আশা করি, বাঙালী সেই রাস্তা চায়। এই বৈপ্লবিক আন্দোলনে গণতান্ত্রিক ভিত্তির উপর দাঁড়িয়ে সমগ্র ভারতবর্ষের সামনে দীপশিখা জ্বালাবে এই বাঙালী, যাতে ভারতবর্ষের মধ্যে জমি নিয়ে লড়াই ও দ্বন্দ্ব চিরকালের জন্য মিটে যাবে এবং সমগ্রভাবে আমাদের বাংলা মা ও ভারতমাতার উন্নতি হতে পারবে।

[6—6-10 p.m.].

Sjka. Mira Dutta Gupta: Mr. Speaker, Sir, the resolution before the House is of an unusual type. This House is not called upon to express collectively its views on the States Reorganisation Commission report. What is intended is to forward to the Government of India the proceedings of the House on the resolution, that is, the views of the individual members. Yet it should have been possible to move a substantive resolution stating our demands and the demands of our people, and I am sure we would have been able to arrive at a unanimous decision.

The subject matter of the resolution, viz., the question of extending the territorial boundary of our State by inclusion of all Bengali-speaking areas is one which has agitated the minds of all Bengalees over many years. On this question we are of one mind as also are the Bengalees living across our border. It is a wish, dearest to our heart, it is a yearning which has remained unfulfilled, it is the heart-felt craving of our brothers and sisters over the borders to come and unite with us as children of our soil. This, Sir, is a legitimate claim by all standards of equity and justice and I do not think there is need for much discussion on the principle involved.

Our leaders will one day have to account for the grave injury inflicted on this fair land of Bengal by allowing its partition by the British. Bengal was sacrificed and partitioned so that our country could gain independence from the British. It is a sacrifice made willingly by the Bengalees for a noble cause, the freedom of India; otherwise we would never have agreed to such a proposal. As history records, an attempt to partition Bengal set off the first popular resistance movement against the British. The fire of nationalism was kindled on this soil on this issue. Our struggle for independence from foreign rule begins at this point of history.

When we agreed to the partition we had hoped that this grave injury would be to some extent mitigated if the Bengali-speaking areas outside our State be again returned to us. The British for their own reasons had taken apart these areas from Bengal. They worked on the principle of divide and rule. This principle does not and should not apply now.

Mr. Speaker, Sir, you cannot ignore the fact that our Indian Nation is composed of various nationalities speaking different languages and having their distinct culture, tradition and modes of liivng. These different cultures must be allowed to develop in their own fashion among the people speaking the same languages and inhabiting the same territories. It is thus that the different nationalities can contribute their full share to development and growth of a common national culture and national unity. It is well known that in Soviet Union the problem of nationalities has been solved in this fashion. There is no jealousy between and no oppression, economic or political, of one nationality or national minorities by another in that country. It is a fraternal union of diverse nationalities so different in language, culture and tradition—from the Russians to the Mongols, from the Eskimos in the north to the Muslims in the south. We might take a lesson from them.

The problem of nationalities has also been solved in this fashion in China. There we have Tibetans and Mongols, Hans and Koreans, Uzbeks and Miaos—all with their distinct languages and cultures. The People's Government of China has given regional autonomy to these nationalities on linguistic and ethnic basis so that all of them can live in fraternal unity.

The Indian National Congress very properly passed resolutions from year to year accepting the principle of linguistic provinces. It will not do now to point to the many difficulties—administrative, political, economic, geographical, etc.—to defer our legitimate claims over the territories, west and east of our borders These are territories inhabited mostly by our own brothers who speak our language and dream our dreams. No vested interest should be allowed to stand in the way. I shall leave it to my friends who will follow me to cite statistical details of population density and territorial areas and to produce documentary evidence and official records to justify our claim to our territories now excluded from our State.

Sir, there is no moral justification why our people across our borders should not be allowed to unite with us. It has become necessary as never before to speak openly and loudly to express publicly our feelings in this matter and fearlessly to work to achieve this objective. Division on linguistic basis will not make for disunity. It will indeed put our national unity on the surest and most solid foundation. We shall divide so that we may unite in a fraternal commonwealth of our diverse nationalities. This will be a voluntary association of our nationalities forming a solid monolith of our great Indian Union. In this way we shall solve fully and finally our problem of nationalities. Otherwise, there will be elements of discord and disunity and of bitterness which will flare up into fratricidal wars. Evidence of this is already forthcoming from Maharastra and other parts of our country.

Let us be frank. Let us fully state our problems and solve them finally so that there will be no cause for bitterness in future. There are vested interests, careerists, lovers of power and office who will confuse this issue bringing in other considerations, economic, geographical, etc. All these except linguistic considerations are untenable. If any State is

backward, there will be the India Government to look after it. We certainly agree to give fullest measure of fraternal help to our backward nationalities, even to deprive ourselves, if need be, so that they may catch up with the more prosperous and advanced States because our national prosperity and progress is one and indivisible. But that is not to say that one nationality should oppress the other or should keep it within its bounds against its will.

Therefore, Sir, I recommend with all emphasis and earnestness that the Bengali-speaking areas across our borders be included in our State. Amongst these are Dhalbhum subdivision, the whole district of Manbhum, the Santal Parganas, specially Dumka, Pakur, Jamtara and Rajmahal, the portion of Purnea district to the east of Mahananda, Goalpara and Cachar districts of Assam and Tripura.

[6-10—6-20 p m.]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকারমহোদয়, স্টেট রিঅরগানাইজেশন রিপোর্টএ মনে হয়েছিল যে, সারা ভারতবর্ষে ভাষার ভিত্তিতে ব্রিটিশ সাম্রাজ্যবাদ পরস্পরের মধ্যে যে অনৈক্য, যে বিদ্বেষের সৃষ্টি করেছিল নিজেদের স্বার্থরক্ষার জন্য, এস, আর, সি, রিপোর্ট এমনভাবে রচিত হবে যে এই সমস্ত বিষয়ের সমাধান করবে। কিন্তু অবস্থা এমনি দাঁড়ালো এস, আর, সি, রিপোর্টএ তারা দক্ষিণ ভারতে এবং উত্তর ভারতে বিভিন্ন প্রকার নীতি তারা গ্রহণ করেছেন। এতে পরিষ্কার বুঝা যাচ্ছে যে, তারা নিশ্চয়ই বিশেষ বিশেষ ব্যক্তি দ্বারা, সংস্থার দ্বারা প্রভাবান্বিত হয়েছেন। না হ'লে দক্ষিণ ভারতে যেভাবে ভাষাভিত্তিতে দেশবিভাগের কথা বলেছিলেন, উত্তর ভারতে অর্থনৈতিক এবং অন্যান্য বিষয় তাঁরা নিয়ে এলেন। আপনারা জানেন, ভারতবর্ষকে এই ব্রিটিশ সাম্রাজ্যবাদ নিজেদের করায়ত্ব করেছিল, হাতে রেখেছিল নিজেদের স্বার্থ পালনের জন্য। এবং বিভিন্ন প্রদেশকে তারা বারবার বিভিন্নভাবে বিভক্ত করেছে, বাংলাকে বারবার বিভক্ত করেছে, আসামকে বিভক্ত করেছে, বিহারকে বিভক্ত করেছে। এইভাবে তাদের নীতি তারা পরিচালিত করেছে। বাংলাদেশ থেকে জাতীয় আন্দোলনের যে উদ্ভব, যে প্রসার এবং বাংলাদেশে ব্রিটিশ সাম্রাজ্যবাদের অবসানের জন্য যে বৈপ্লবিক ও জাতীয় আন্দোলনের সৃষ্টি করেছে সেই কারণে বাংলাকে তাঁরা বারবার বিভক্ত করেছে। এইভাবে সেই যে তাদের দুর্নীতি, সেই দুর্নীতি অবসানের জন্য কংগ্রেস বারবার প্রতি অধিবেশনে প্রস্তাব পাশ ক'রে এসেছেন যে, তাঁরা যখন হাতে ক্ষমতা পাবেন তখন ভাষার ভিত্তিতে তাঁরা প্রদেশগুলিকে গঠন করবেন। একথা তাঁরা প্রতিবারই প্রতি কংগ্রেস অধিবেশনে প্রস্তাব পাশ ক'রে এসেছেন; কিন্তু দুঃখের বিষয়, বর্তমানে ঠিক সেই নীতি তাঁরা রক্ষা করছেন না। তাঁরা আরও অনেকরকম ব্যাপার এই দেশ বিভাগের মধ্যে নিয়ে এসেছেন। ইংরাজ ১৮৭৪ সালে শ্রীহট্ট, কাছাড় ও গোয়ালপাড়া নিয়ে আসাম গ'ড়ে তোলেন। প্রতিবাদ হয় বাংলা থেকে কিন্তু বিশেষ লাভ হয় নি এবং লর্ড র‍্যাডক্লিফএর কাছে প্রতিবাদ পাঠান হয় এবং তিনিও সে সম্বন্ধে কোন কান দিলেন না। কারণ বড় বড় শ্বেতাঙ্গ চা-করদের স্বার্থ তার কাছে বড় ছিল। তারপর বাংলাদেশ লর্ড কার্জনএর সময়ে বিভক্ত হ'ল। রদ করবার জন্য বিরাট আন্দোলনের সৃষ্টি হোল। বাংলায় বিরাট সেই আন্দোলনের ফলে যদিও বঙ্গভঙ্গ রদ হ'ল। একদিকে রদ হ'ল বটে কিন্তু অপর দিকে বাংলার বিরাট অংশ নিয়ে অন্যান্য প্রদেশ গঠিত হ'ল। ১৯১২ সালে বিহারে বাংলার বহু অংশ যুক্ত ক'রে দেওয়া হ'ল কিন্তু তদানীন্তন কংগ্রেস এবং বিহারের নেতৃবৃন্দ বাংলার উপর যে অন্যায় অত্যাচার হয়েছে, তা অনুভব করেছিলেন। এজন্য বিহারের নেতৃবৃন্দ, তারা সমস্বরে বললেন, বাংলার যে সমস্ত স্থান বিহারে যুক্ত করা হয়েছে তা বাংলাকে ফিরিয়ে দেওয়া হোক।

১৯১১ সালের কংগ্রেসে তেজবাহাদুর সপ্রু এবং বিহারের প্রবীন নেতা পরমেশ্বর লাল, তাঁরা এই যুক্তি, এই প্রস্তাব সমর্থন করলেন। ১৯১২ সালে বিহারের সর্বদলীয় নেতারা, তারা তা সমর্থন এবং স্বীকার করেন। ১৯৩৮ সালে কংগ্রেসের সেই নীতি পরিবর্তিত হ'ল। কংগ্রেসের হাতে ক্ষমতা আসার পর তারা প্রতি বৎসর কংগ্রেস সেশানএ ভাষার ভিত্তিতে দেশ

গঠিত হবে এই যে নীতি, তার থেকে তাঁরা সরে এলেন। প্রথমে গণপরিষদ, সেই গণপরিষদ থেকে দর কমিশন নিযুক্ত হ'ল এবং সেই দর কমিশন তারা শুধু ভাষার ভিত্তির জায়গায় এই সমস্ত প্রস্তাব, এই সমস্ত সর্ত তারা দিলেন। স্থানীয় পকেট রাখা চলবে না। আর্থিক স্বয়ংসম্পূর্ণতা ভারতবর্ষের উন্নয়ন ক্ষমতা, সীমা মধ্যে এক ভাষাভাষী লোকদের নিয়ে প্রদেশ গঠনে একমত হতে হবে। কোন ভাষাভাষী অল্পসংখ্যক লোকের উপর সংখ্যাগরিষ্ঠদের প্রভুত্ব চলবে না। কাজেই, যে ভাষা ও সংস্কৃতির ভিত্তিতে দেশকে গড়বার যে নীতি গ্রহণ করা হয়েছিল দর কমিশন তা থেকে সরে গিয়ে এই সমস্ত সর্তগুলি নিয়ে এলেন। তারপর জহরলাল, বল্লভভাই, পট্টভি তাদের নিয়ে একটা কমিটি হ'ল। সেই কমিটির সর্ত হ'ল ভারতের আর্থিক ঐক্য ও নিরাপত্তা বিধান, অনৈক্য কঠোর হস্তে দমন করতে হবে। ভাষার ঐক্য—বিচ্ছেদ থাকবে না; রাজনৈতিক ও অর্থনৈতিক বিশৃঙ্খলা যাতে না হয় তার ব্যবস্থা করবেন। কাজেই ক্রমে ক্রমে তাদের যে নীতি ছিল তারা সেই নীতি থেকে সরে এলেন এবং এস, আর, সি, কমিটির রিপোর্টএর মধ্যে আমরা সেই নীতির প্রভাব দেখছি, তাতে সেই নীতি কার্যকরী হচ্ছে তাই আমরা দেখতে পাই। ভাষার ভিত্তিতে দেশ বিভাগ হ'লে তিক্ততা বৃদ্ধি পেতে পারে। সংখ্যালঘুদের ভাষার অধিকাংশের মধ্যে একটা সংঘর্ষ হতে পারে। এটা হওয়া অস্বাভাবিক কিছু নয়। ইংরাজ যেভাবে দেশকে গড়েছিল এবং যেভাবে তারা বিভিন্ন প্রদেশের লোকের মধ্যে যে বিষ ঢুকিয়ে দিয়ে গেছে আজ আট বছরের কংগ্রেসী শাসনে সেই বিষ থেকে তারা মুক্ত হতে পারেন নি। যখন বিহারে গোলমাল হয়েছে, কি আসামে গোলমাল হয়েছে, সেই গোলমালের সময় কংগ্রেসের কেন্দ্রীয় নেতৃত্ব তার প্রতিবাদ বা প্রতিকারের ব্যবস্থা করে নি। কাজেই এইভাবে বিভিন্ন প্রদেশ এবং রাষ্ট্রের মধ্যে যে একটা বিদ্বেষ ছিল সেটা স্বাভাবিক। নতুবা ১৯১১।১২ সালে বিহারের নেতারা বাংলার ন্যায্য দাবী সম্বন্ধে যে স্বীকৃতি দিয়েছিল সেই স্বীকৃতি থেকে তারা সরে আসবেন কেন? যা বিজ্ঞানসম্মত, যা যুক্তিযুক্ত, যা বাস্তবিক তথ্যের দ্বারা প্রমাণিত হচ্ছে সেই অনুসারে এস, আর, সি, রিপোর্ট তৈরী হওয়া উচিত ছিল।

[6-20—6-30 p.m.]

আমাদের যে অবস্থা সেই অবস্থার সঙ্গে তুলনা ক'রে যদি দেখি তাহ'লে যে সমস্ত দেশে, রাষ্ট্রে, বিভিন্ন ভাষা ও বিভিন্ন জাতির থাকার জন্য তাদের মধ্যে যে অনৈক্য ছিল এবং অনৈক্যের জন্য যে সমস্ত দেশ দুর্বল ছিল সেই সমস্ত দুর্বল দেশ কিভাবে সবল হ'ল, শক্তিশালী হ'ল সে বিষয়ে আমার পূর্ববর্তী বন্ধুরা ব'লে গিয়েছেন সেটাও দেখতে হয়। আমি সে বিষয়ে বেশী আর কিছু বলতে চাই না তবে দুই একটি কথা বলি, কারণ সেখানে যে মূলনীতি ছিল সেই মূলনীতি হ'ল যে, সংস্কৃতি এবং ভাষাকে সম্পূর্ণরূপে রক্ষা করা। রাশিয়া, চায়না এবং যুগোশ্লাভিয়া, তারা এই সমস্যা দূর করেছে। রাশিয়ায় সাতটি জাতি। কিন্তু এই জাতির মধ্যে প্রথমে ঐক্য ছিল না। গ্রেট রাশিয়া, ইউক্রেনএর উপর তাদের ভাষা চাপাতে গিয়েছিল, কিন্তু ইউক্রেন গ্রেট রাশিয়ার যে ভাষা তা গ্রহণ করল না। জারের বিরুদ্ধে যে বিদ্রোহ তারা করেছিল তার একটা বড় কারণ হ'ল এই যে বিভিন্ন জাতির মধ্যে, ভাষাভাষীর মধ্যে গ্রেট রাশিয়ার ভাষা চাপানো। সেজন্য তাদের মধ্যে যে অনৈক্য গ'ড়ে উঠেছিল, ইউক্রেনিয়নরা জারের বিরুদ্ধে বিপ্লবে যে যোগদান করেছিল সেটা তাদের উপর গ্রেট রাশিয়ার ভাষাই চাপানোর জন্য। কাজেই আজকে ভারতবর্ষে যে ব্যবস্থা হতে চলেছে এস, আর, সি, রিপোর্টএ তাতে আমাদের দেশ দুর্বলই থেকে যাবে। যেখানে যেখানে বাঙ্গালী যাচ্ছে, আসামেই থাক আর বিহারেই থাক, তাদের উপর, তাদের শিক্ষার উপর, সংস্কৃতির উপর, যে অত্যাচার চলেছে সে অত্যাচার নিবারণ করবার কোন ক্ষমতা, কোন নীতি কেন্দ্রীয় গভর্নমেন্ট গ্রহণ করে নি। কাজেই সেদিক থেকে রাশিয়া এরকমভাবে ১১টি ভাষার ভিত্তিতে যে প্রদেশ তৈরী হ'ল এবং ছোট ছোট সহ অটোনমাস রিপাবলিক তৈরী হ'ল, তার মধ্য দিয়েই স্বায়ত্বশাসনশীল গ্রেট রাশিয়া গ'ড়ে উঠল। তা ছাড়া কয়েকটি শহরকে কেন্দ্র ক'রে অটোনমাস কতকগুলি স্থান গ'ড়ে উঠেছিল। আর যে সেন্সাস রিপোর্টএর উপর ভিত্তি ক'রে দেশকে বিভাগ করা হয়েছে সেই সেন্সাস রিপোর্টএর সম্বন্ধে এস, আর, সি, নিজেও স্বীকার করেছে যে বাংলা এবং বিহার গভর্নমেন্ট ১৯৫১ সালে যে সেন্সাস রিপোর্ট তৈরী করেছেন সেটা তারা স্বীকার করে নি। তার প্রতিবাদ করেছে তারপর এস, আর, সি, রিপোর্টএ বলা হয়েছে——

তাঁরা বলেছেন ৬৬৮এ,—

It is true that the latest census figures show as compared with the figures of 1931, very striking variations which cannot be satisfactorily explained.

কাজেই ১৯৫১ সেন্সাসএর সম্বন্ধে এস. আর. সি. তাঁরা নিজেরাই এই কথা বলেছেন এবং বাংলা ও বিহার তারা উভয়েই ১৯৫১ সেন্সাসকে স্বীকার করেন নি এই কথা তাঁরা বলেছেন। কাজেই সেদিক থেকে ১৯৫১ সালের সেন্সাসএর উপর দেশ বিভাগ করার যে নীতি তাঁরা গ্রহণ করেছেন সেটা যুক্তিসংগত নয় এবং তাঁদের কথাই সেটা নয়।

মানভূমে সমস্ত বাঙ্গালী এবং মানভূমে যাঁরা আছেন তার বেশীর ভাগই বাংলায় কথা বলে এবং সাংস্কৃতিক ভাষা বাংলা। প্রথমত ধানবাদ সহরটা মানভূমের ক্যাপিটাল। কাজেই মানভূমের যে রাজধানী, সেখানে বিভিন্ন স্থানের লোক এসে কাজ করবে এটা সম্পূর্ণ স্বাভাবিক। যেমন কলিকাতা সহরে ভারতবর্ষের সব জায়গা থেকে লোক এসে তাদের জীবিকা অর্জন ক'রে, কিন্তু তাদের স্থায়ী বাসিন্দা হিসাবে স্বীকার করা হয় না। সেদিক থেকে ধানবাদকে যদি বাদ দেওয়া হয় তাহ'লে মানভূমের যে ঐক্য, তার যে সংস্কৃতি, তার যে অর্থনৈতিক জীবন, তার কোন মূল্য থাকে না। কাজেই ১৯৩১ সালের সেন্সাসএ দেখতে পাচ্ছি যে, মানভূমে ১৯৩১ সাল পর্যন্ত এখানে বাঙ্গালীর সংখ্যা ছিল ৬৭·৫ এবং হিন্দীর সংখ্যা ছিল ১৭·৮। কাজেই সেদিক থেকে যদি বলা হয় যে, দামোদর নদী এই মানভূমকে বিভক্ত করেছে এবং দুইটি এলাকাকে ডিস্ট্রিক্ট হিসাবে বিবেচনা করা যেতে পারে কিন্তু চাস্ থানা, সেটা নদীর এই দিকে, তাকে বাদ দেবার কোন যুক্তিসংগত কারণ নেই। কাজেই সেদিক থেকে ফ্যাক্টস এ্যান্ড ফিগার্স থেকে বিবেচনা ক'রে দেখি তাহ'লে মানভূমের ধানবাদ সহর সেটা পশ্চিম বাংলায় আসা উচিত। তারপর সেখানে যে কয়লা আছে সেই কয়লা হচ্ছে বিহারের একটি অর্থনৈতিক সম্পদ। কিন্তু কয়লা বেশীদিন থাকবে না। ২৫ বৎসরের মধ্যে, কোল কমিশনার্স রিপোর্ট অনুসারে, এই কয়লার অবসান ঘটবে। আর সেই কয়লার জন্য যে আয় হয় তার অধিকাংশই লোকাল বোর্ড এবং ডিস্ট্রিক্ট বোর্ড তারা পায়।

[6-30—6-40 p.m.]

বিহারের এই সামান্য কয়লার জন্যে ধানবাদ যদি পশ্চিম বাংলায় আসে, তাতে বিহারের অর্থনৈতিক জীবন যে বিপন্ন হয়ে পড়বে তার কোন মানে হয় না। তারপর ধলভূম। এস, আর, সি, রিপোর্টএ স্বীকার করা হয়েছে যে, সেখানে বাঙালীর সংখ্যা বেশী, কিন্তু সেই ধলভূমকে কোনসর্তে বাংলার সঙ্গে যুক্ত করার প্রস্তাব নেই এবং জামসেদপুর যা পুরান সাঁকচী এবং আরও ১৮টি বাঙালীদের গ্রাম নিয়ে সৃষ্টি করা হয়েছিল সেই জামসেদপুর ঠিক ধানবাদের মতন যেমন ধানবাদে বিভিন্ন দেশের লোক কাজ করে এই জামসেদপুরেও তাই। তাই জামসেদপুরের ফ্লোটিং পপুলেশন ধরলে পরে জামসেদপুর একটা হিন্দী সহর হিসাবে গণ্য হবে, কিন্তু কোন জায়গায় ফ্লোটিং পপুলেশনটাকে ধরা হয় নি, যেমন কেরালার বেলায়। কাজেই জামসেদপুরকে, ধলভূমকে বাংলা থেকে আলাদা করে রাখার কোন যুক্তি বুঝি না। ধলভূমের বেলায় বলা হয়েছে তার ঐতিহাসিক ঐতিহ্য নিয়ে নানাকথা বলা হয়েছে। কিন্তু আদিমকালেও এটা বাংলার অংশ ছিল। আর্লি ব্রিটিশ আমলে এটা মেদিনীপুরের অংশ ছিল। ১৮৭৬ সাল থেকে এটা ওয়েষ্ট বেঙ্গল জুডিসিয়াল এ্যাডমিনিষ্ট্রেশনএর অধীনে ছিল ১৯১০ সাল পর্যন্ত। জামসেদপুরের বেলায় দেখছি যে, জামসেদপুর, সাঁকচী এবং আরও ১৮টি বাংলা গ্রাম নিয়ে সৃষ্টি হয়। বাংলার প্রতি সেক্ষেত্রেও অবিচার করা হ'ল। তারপর সাঁওতাল পরগণার জামতাড়া, পাকুড়, রাজমহল, দুমকা, দেওঘর সব জায়গায় যথেষ্ট বাঙালী আছে। রাজমহলের বেলায় বলা হয়েছে এখানে যে কয়লা আছে, তা বিহারের একটা আর্থিক সম্পদ। কিন্তু যদি আপনারা দেখেন ষ্ট্যাটিসটিক, তাহলে দেখবেন যে, বিহারের বোকারোতে প্রায় ১০০ মিলিয়ন টন কয়লা আছে, রামগড়ে প্রায় ৫ মিলিয়ন টন আছে এবং এইরকম আরও অনেক জায়গা থেকেই বিহারের প্রচুর কয়লা সম্পদ আসে। এদিক থেকে বিচার করলে দেখা যায়, বিহারে যে কয়লা আছে তা যথেষ্ট, ধানবাদের কয়লা এবং সাঁওতাল পরগণার রাজমহলের কয়লা গেলে বিহারের বিশেষ কিছু ক্ষতি হবে না। বাংলার অর্থনৈতিক জীবন আজ বিপন্ন, প্রতি বছরে বাজেটে

প্রায় ৮।১০ কোটি টাকা ঘাটতি চলছে। এস, আর, সি, যদি ঠিক বিচার করতেন, তাহলে এই অবস্থার দিকে লক্ষ্য করতেন। তাঁরা যা করেছেন তা অত্যধিক পক্ষপাতিত্বমূলক মনোভাবের পরিচয় দেয়। তারপর, গোয়ালপাড়া সম্পর্কে তাঁরা যে সেনসাস সম্বন্ধে স্ট্রাইকিং ভ্যারিয়েশনস বলেছেন, তাঁরা যদি সত্যিই সেই ১৯৫১ সালের সেনসাসএ বিশ্বাস না করতেন তাহলে কিভাবে, কি করে গোয়ালপাড়া বাংলায় যুক্ত হবে না একথা বললেন। কাজেই এই কমিশনের যে যুক্তি তা অত্যন্ত অদ্ভুত বলে মনে করি। ১৯৫১ সালের সেনসাসএর পরে গোয়ালপাড়া থেকে আর কোন এক্সোডাস হয় নি যাতে করে সেখানে বাঙালীর সংখ্যা কমে যায়। বেঙ্গলী স্পিকিং পপুলেশন সেখানে যা আছে বা যা ছিল তা যখন কমে যায় নি বরং বাস্তুহারাদের যাওয়ার জন্যে সংখ্যা আরও বেড়ে গিয়েছে, ১৯৩১ সালের সেনসাস রিপোর্টে সেখানে দেখা যাচ্ছে যে, বাঙালীর সংখ্যা অত্যধিক বেশী তাহলে কোন যুক্তিতে গোয়ালপাড়াকে তাঁরা বাংলার সংগে যুক্ত করবেন না? কাজেই সেদিক থেকে আমাদের যে দাবী, যে উইসেস অফ দি পিপলএর যে কথা আমরা বলি, তাদের ইচ্ছাকে বিচার করতে হবে এবং তার প্রতি সংগত সম্মান দিতে হবে। সেক্ষেত্র ত্রিপুরার জনসাধারণ যখন চায় যে, ত্রিপুরা স্বাধীন থাকুক আমরাও সেক্ষেত্রে চাই যে, ত্রিপুরার স্বাধীন থাকা উচিত। আসামের সংগে তাকে যুক্ত করে দেবার কোন মানে হয় না। লিংগুইস্টিক বেসিস, কনটিগুইটি অফ এরিয়াজ এবং উইসেস অফ দি পিপল-এই তিনটির উপরে ভাষার ভিত্তিতে বাংলাদেশের সংগে যে সমস্ত স্থান যুক্ত হওয়া উচিত, যেমন ধলভূম, মানভূম, জামসেদপুর, সাঁওতাল পরগণার কতক অংশ, গোয়ালপাড়া এবং স্বাধীন ত্রিপুরা এদিক থেকে বাংলা যে দাবী বার বার করেছে, আন্দোলন করেছে তাকে সার্থক করে তুলতে হবে এবং এ্যাসেম্বলী থেকে আমাদের এই মত ওয়ার্কিং কমিটির কাছে দিতে হবে। জানি না ওয়ার্কিং কমিটির দ্বারা সুবিচার হবে কিনা।

[6-40- 6-53 p.m.]

আমি জানি না, বংগভংগের সময় আমাদের যে আন্দোলন করতে হয়েছিল, বাংলাকে জোড়া লাগাবার জন্য, সেইভাবে আমাদের আন্দোলন করতে হবে কিনা? আমরা বাংগালী, আমরা বাঁচব কি করে? কাজেই আমাদের বাঁচতে হলে ওয়ার্কিং কমিটির কাছে কোন সাহায্য পাওয়া যাবে বলে আমার মনে হয় না। আজকে বিহার গভর্ণমেণ্ট এবং তার পিপল সকলে একত্রিত হয়ে দাঁড়িয়েছে। কিন্তু বাংলাদেশ তা পারে নি। বাংলাদেশের প্রাদেশিক কংগ্রেস প্রথম যে মেমোরাণ্ডাম দিয়েছিলেন, সেই মেমোরাণ্ডামের উপর যদি দাঁড়িয়ে থাকতেন, তা থেকে সরে না যেতেন, তাহলে আজ বাংলাদেশ এক হয়ে দাঁড়াত; এবং যুক্ত বাংলায় গভর্ণমেণ্ট অফ দি পিপল এবং আমরা বিভিন্ন যে সমস্ত দল আছি, সবাই এক হয়ে বলতে পারতাম। কারণ, যে দাবী বাংলার কংগ্রেস প্রথম করেছিলেন, সেই দাবী আমরা সকলেই সমর্থন করি। সুতরাং আজ সেই দাবীকে যদি কংগ্রেস ওয়ার্কিং কমিটিকে মানতে হয়, তাহলে আমাদের সকলকে একমত নিয়ে, একত্রিত হয়ে দাঁড়াতে হবে।

সেইজন্য আমি ডাঃ রায়ের কাছে আবেদন করছি, কংগ্রেসের কাছে আবেদন করছি, বাংলার এই দুর্দিনে সকলে মিলে এই ভাষার ভিত্তিতে যাতে দেশকে পুনর্গঠিত করা যায়—সত্যি সত্যি সেই দাবী নিয়ে যদি আমরা দাঁড়াই তাহলে নিশ্চয়ই কংগ্রেস ওয়ার্কিং কমিটি আমাদের কথা শুনতে বাধ্য হবেন।

Mr. Speaker: Dr. Chatterjee, with regard to the point raised by you, I have to tell you that all three volumes containing the Government memorandum to the States Reorganisation Commission have been placed on the library table.

Janab Lutfal Hoque:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে বাউন্ডারী কমিশনের রিপোর্ট নিয়ে আলোচনা চলেছে; এবং এই উইন্টার সেশন ডাকার প্রধান উদ্দেশ্য হ'ল, বাংলার বাউন্ডারী সম্পর্কে বাউন্ডারী কমিশন যে রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্টের উপর আলোচনা ক'রে আমাদের পশ্চিমবংগের প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানসমূহের কি মত সেটা জানানো। কিন্তু, এখানে একটা জিনিস বুঝে উঠতে

পারলাম না, যে কথাগুলি মুভ করা হয়েছে এই এসেমব্লী হাউসে, তার মধ্যে এই হাউসের কোন ওপিনিয়ন আছে কিনা, এবং সেটা জানাতে পারা যাবে কিনা? প্রত্যেকটি মেম্বরের ইন্ডিভিজুয়েল যে ডিসকাশন সেইটাই শুধু ফরওয়ার্ড হবে ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে। কিন্তু হাউস একটা কম্প্যাক্ট বডি, তার যে কি ওপিনিয়ন, তার যে কি দাবী সেটা প্রকাশ পাচ্ছে না। কেবল আলোচনার মাধ্যমে যেগুলি, সেইটাই প্রকাশ পাচ্ছে। কাজেই আমার মনে হয় সবচেয়ে ভাল হ'ত আমাদের দাবী হচ্ছে, পশ্চিমবঙ্গ কি দাবী করে, সেই দাবীটা উপস্থাপিত করা, যেমন প্রত্যেকটি পার্টি বা ক্লাব থেকে, বা যে-কোন জায়গা থেকে মেমোরেন্ডাম সাবমিট করা হয়েছে; এবং দাবীর পিছনে কি যুক্তি আছে সেটা দেখান হয়েছে। কিন্তু আমাদের এই হাউসে প্রত্যেকটি জায়গা থেকে রিপ্রেজেন্টেটিভ এসেছে, আমাদের যে একটা ইউনেনিমাস ওপিনিয়ান, আমরা কি চাই, সেটা একবাক্যে প্রকাশ করতে পারছি না কেন? সেটা আমি বুঝে উঠতে পারছি না। আর একটা কথা এই হচ্ছে যে বাউন্ডারী কমিশন আমাদের পশ্চিমবঙ্গের জন্য খুব কুম্ভীরাশ্রু বিসর্জন করেছিলেন প্রথম দিকে; তাতে বলেছিলেন এখানে রিফিউজী প্রবলেম অত্যন্ত প্রবল, এটা অত্যন্ত ছোট দেশ, এটা কমপ্যাক্ট এরিয়া নয়, উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণবঙ্গের কোন সংযোগ নাই, এইগুলি তাঁরা খুব বড় গলায় বলেছেন এবং কুম্ভীরাশ্রু বিসর্জন করেছেন। তার সমস্যাটা কি, সেটা ঠিকভাবে প্রথম দিকে বর্ণনা দিলেও, শেষ দিকে, সমস্যা সমাধানের জন্য যা করতে হবে, এবং তাতে তাঁরা যে রেকমেন্ডেশন করবেন, সেই রেকমেন্ডেশন কিছুই করেন নি। যেমন, কেউ যদি আবেদন করে যে, "আমি খুব দুঃখী, আমার পরিবার পরিজনকে প্রতিপালন করতে পারি না, আমার এমন কোন রিসোর্সেস নেই যার দ্বারা আমার ফ্যামিলিকে মেন্টেন করতে পারি", এই সমস্ত যেমন বলা হয়, এবং তার সমস্যা সমাধান করবার জন্য যখন আবেদন করা হয়, তখন বলা হয়, সবই তোমার ঠিক জানছি, কিন্তু কোন উপায় নেই, কি করব বল। এই রকম সহানুভূতির কি প্রয়োজন আছে? তাই, বাউন্ডারী কমিশনও ঠিক সেই রকম সহানুভূতি দেখিয়েছেন। সামান্য বিহারের একটু জায়গা দিয়ে বা করিডোর দিয়ে যেন সহানুভূতি দেখান হয়েছে। কিন্তু আমাদের আসল যে দাবী, তার পিছনে যেসমস্ত যুক্তি আছে, সেগুলি স্যাবোটেজ করেছেন।

আমি এই কথা বলব যে, প্রথমতঃ বহুদিন থেকে বাংলার দাবী হচ্ছে বাংলার যে এরিয়া বিহারে বা উড়িষ্যায় বা আসামে, যেখানেই থাকুক না কেন, তা তাকে ফিরিয়ে দিতে হবে। যেমন আমার গচ্ছিত ধন গচ্ছিত রেখেছি, সেটা যদি ফেরৎ চাই তাহ'লে সেটা অন্যায় হবে না, তার পিছনে আইনসংগত দাবী আছে। ঠিক, তেমনি আমাদের এই দাবীর পিছনেও একটা আইনসংগত কারণ আছে। সমস্ত কিছুই আছে, কিন্তু তা না দিলে আমি বলব ঐ যে মীর্জাফর সে বাংলাদেশে নয়, ঐ মীর্জাফর সেখানেই আছে যেখানে আমাদের ন্যায্য দাবী, ন্যায্য গচ্ছিত ধনকে অস্বীকার করা হয়। আর দেবার কথা হ'লে যেখানে হুঙ্কার ছাড়া হয় সেই হুঙ্কারের প্রত্যুত্তরে আমাদেরও হুঙ্কার দেওয়া উচিত এই হাউস থেকে যে আমরা যা চাই তা চাইব এবং যতক্ষণ না পাব ততক্ষণ নিরস্ত হব না। কাজেই বলতে পারি যে মীর্জাফর তাদের দেশেই আছে যেখানে আমাদের গচ্ছিত ধনকে খেয়ামত করে, অপচয় করে, এবং ফিরিয়ে দিতে চায় না। এই মীর্জাফর কথার প্রকৃত তাৎপর্য এবং সেটা সেখানে তাদের উপরই এ্যাপ্লাইড হ'তে পারে। আজকে বিহার কিষেণগঞ্জের মুসলমানদের লেলিয়ে দিয়েছে এই ব'লে যে তোমাদের সংস্কৃতি, তোমাদের শিক্ষাদীক্ষা সব কিছুই বিপন্ন হবে যদি তোমরা পশ্চিমবঙ্গে চ'লে যাও। কাজেই তোমরা এই রকম একটা ধুয়া তোল। এ সবের কোন জাস্টিফিকেশন নাই। আমি আমার যত শক্তি আছে সেই শক্তি নিয়ে এই সকলের বিরুদ্ধে মোস্ট এমফ্যাটিক্যালি প্রতিবাদ করি। আজ এই পশ্চিমবঙ্গে আমরা মাইনরিটি নই, আমরা সমান অধিকারসম্পন্ন নাগরিক। একজন হিন্দুর এখানে যে অধিকার আছে, একজন খৃস্টানের যে অধিকার আছে, একজন মুসলমানেরও সেই অধিকার আছে। সেই অধিকার নিয়ে বাঁচতে হ'লে আমরা এখানে থেকেই বেঁচে থাকব। সম্পূর্ণ মুক্ত অবস্থায় থাকব এখানে। কাজেই এ সম্পর্কে এই যে উত্তেজনার সৃষ্টি করা হয়েছে এটার আমি ঘোর প্রতিবাদ করি। আর একটা কথা—ইসলামের দিক থেকে যে কথা বলা হয়েছে সে কথায় আমি বলব যে মুসলমানের কোরাণ শরীফের মধ্যে এই কথাই বলে যে একটি মুসলমানের অঙ্গে যদি আঘাত লাগে তাহ'লে প্রতিটি মুসলমানের অঙ্গে সেই আঘাত লাগে, এবং প্রত্যেকেই সেই বেদনা বোধ করে। এই সহানুভূতি প্রতিটি মুসলমানের সম্বন্ধে ইসলামের শিক্ষা। আজ যদি পশ্চিম বাংলার মুসলমান নিজেকে

বিপন্ন বোধ করে তাহ'লে কিষেণগঞ্জের মুসলমানরা কি আমাদের প্রতি সহানুভূতিসম্পন্ন না হয়ে, আমাদের শক্তি বৃদ্ধি না করে, আমাদের ছেড়ে ওদিকে পালিয়ে থাকবে—যেমন পাকিস্তানের তারা আমাদের এই রকম মাইনরিটি করে পালিয়ে গেছে? কাজেই আমি এ কথার ঘোর প্রতিবাদ করি।

আজ আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে এই অনুরোধ করব যে, আজকে এই সম্পর্কে এই হাউসকে একটা সলিড ওপিনিয়ন দিতে হবে। যেখানে যে-কোন বঙ্গভাষাভাষী অঞ্চল সেখানে যাই থাকুক, কয়লার খনিই থাকুক বা অভ্রের খনি থাক বা যে-কোন খনি থাকুক সে জায়গা ছাড়িয়ে আনবার জন্য তার প্রত্যেকটি জায়গার জন্য পশ্চিমবঙ্গের দাবী করতে হবে। এবং তাকে পশ্চিম-বঙ্গের অন্তর্ভুক্ত করতে হবে। পশ্চিমবঙ্গ 'বর্ডার এরিয়া' বাউন্ডারী কমিশনএর রিপোর্ট আসাম সম্পর্কে বলেছেন যে, ঐ এরিয়াকে কম্প্যাক্ট করে তার শক্তি বৃদ্ধি করতে হবে, কারণ ফরেনার্স বর্ডারকে রক্ষা করতে হবে, কিন্তু আমি বলি পশ্চিমবঙ্গ কি ফরেনার্স বর্ডার রক্ষা করে না? তার অর্থনীতি কি এতই শক্ত যে তার কোন অভাব অভিযোগ নাই? তার শক্তি কি এত বৃদ্ধি পেয়েছে যে তার আর শক্তির প্রয়োজন নাই? এগুলি তাঁরা চিন্তা করেছেন? প্রথমে ত বেশ কুম্ভীরাশ্রু বিসর্জন করেছিলেন, তারপরে বলেছেন, 'না, না, বাবা! পারলুম না', বিহারের রক্ত-চক্ষুর সামনে তাঁরা সাবমিট ক'রে নিজেদের পক্ষপাতিত্ব দোষে দুষ্ট করেছেন। কাজেই আমি সমস্ত শক্তি দিয়ে তার প্রতিবাদ করি। এ সম্পর্কে পূর্ণিয়ার এবং কিষেণগঞ্জের মুসলমানরা যা করেছে তারও নিন্দা করি।

Mr. Speaker: The House is adjourned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was then adjourned at 6-53 p.m. till 3 p.m. on Wednesday, the 7th December, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 7th December, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 13 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 188 Members.

[3—3-10 p.m.]

Obituary

Mr. Speaker: Ladies and gentlemen, before the proceedings commence I have to make a lamentable reference. I have just now received information that Shri Prafulla Kumar Guha, a sitting member of the Legislative Council from the 24-Parganas Local Bodies Constituency, has passed away. Shri Guha was one of the old municipal administrators being the Chairman of the South Dum Dum Municipality for nearly two decades. He was also interested in the West Bengal Municipal Association and was for a term also Vice-President and President and took great interest in the welfare of local bodies in West Bengal, and also he was connected with various social services of West Bengal. He was a member of the old Legislative Council.

I will request you to rise in your seats for a minute.

[*Members rose in their seats.*]

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Levy of tax on bullock carts by Salepur Union Board, district Hooghly

***14. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার অন্তর্গত আরামবাগ মহকুমার সালেপুর ইউনিয়ন বোর্ড সম্প্রতি গরুর গাড়ীর উপর ট্যাক্স ধার্য করিয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই ট্যাক্স কি আরামবাগ মহকুমার সমস্ত ইউনিয়ন বোর্ডই ধার্য করিয়াছে,

(২) না হইলে, কোন্ কোন্ ইউনিয়ন বোর্ড ইহা ধার্য করিয়াছে,

(৩) পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশক্রমেই ইহা ধার্য হইয়াছে কিনা, এবং

(৪) কি ভিত্তিতে ইহা ধার্য করা হইয়াছে?

The Minister-in-charge of Local Self-Government Department (the Hon'ble Iswar Das Jalan):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Madan Mohon Saha:

এই উত্তরটা কোথা থেকে সংগ্রহ করা হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan: The District Magistrate has informed us.

Construction of a sluice gate on Budge Budge Main Road for irrigation in Uttar Raipur Mauza, Budge Budge

***15. Sj. Bibhuti Bhushon Ghose:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) ২৪-পরগণা জেলার বজবজ থানার অন্তর্গত উত্তর রাইপুর মৌজার প্রায় ২,০০০ বিঘা জমিতে জলাভাবে গত কয়েক বৎসর যাবৎ উপযুক্ত চাষাবাদ হইতেছে না, এবং

(২) ঐসকল জমিতে সেচের সুবিধার জন্য বজবজ মেন রোডে কলিকাতা হইতে ১১ মাইল ৬ ফার্লং ১৬৫ ফুটে একটি স্লুইস গেটের জন্য বিভিন্ন সময়ে কয়েকটি গণদরখাস্ত সরকারের নিকট করা হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকার ঐ দরখাস্ত সম্বন্ধে কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister-in-charge of Irrigation and Waterways (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) (১) গত পাঁচ বৎসরের মধ্যে তিন বৎসর অনাবৃষ্টির জন্য প্রায় ১,৮০০ বিঘা জমিতে চাষাবাদ ক্ষতিগ্রস্ত হয়।

(২) হ্যাঁ।

(খ) বজবজ মেন রোডে সাঁকো (culvert) নির্মাণপূর্বক নিয়মিতভাবে জল সরবরাহ করা যায় কিনা সরকার অনুসন্ধান করিয়া দেখিতেছেন।

Sj. Bibhuti Bhushon Ghose:

আপনি বলেছেন ১৮শ বিঘা, এটা কি স্ট্যাটিসটিকস থেকে হয়েছে। আমি লিখেছিলাম দু' হাজার বিঘা চাষের জমিতে ফসল নষ্ট হয়ে যাচ্ছে, তার উত্তর দিয়েছেন, তিন বৎসর অনাবৃষ্টির জন্য প্রায় ১৮শ বিঘা জমিতে চাষাবাদ ক্ষতিগ্রস্ত হয়। এটা কোথা থেকে পেলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের রিপোর্ট।

Sj. Bibhuti Bhushon Ghose:

"খ"এর প্রশ্নে বলেছেন যে, নির্মাণপূর্বক নিয়মিতভাবে জলসরবরাহ করা যায় কিনা সরকার অনুসন্ধান করে দেখছেন। তিন বছর ধরে চিঠিপত্র দেওয়া হচ্ছে। এটা আগামী ফসলের ভেতর হবে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমাকে অর্থাৎ ইরিগেশন ডিপার্টমেন্টকে আজ পর্যন্ত কোন দরখাস্ত দেন নি।

Sj. Bibhuti Bhushon Ghose:

আমি বলছি গভর্নমেন্টকে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

গভর্নমেন্টকে দিলে কি হবে, ইরিগেশন ডিপার্টমেন্টকে দিতে হবে। প্রথমে এগ্রিকালচার ডিপার্টমেন্টকে দিয়েছিলেন, তাঁরা দিলেন রোড্স ডিপার্টমেন্টকে এবং তারপরে তাঁরা আমার কাছে পাঠিয়েছেন এবং আমি সেটা ইনভেস্টিগেট করতে দিয়েছি।

Sj. Bibhuti Bhushon Ghose:

আপনি ত বললেন আপনি রিপোর্টটি পেয়েছেন কিন্তু আমরা ত তিন বছর আগে গভর্নমেন্টকে দিয়েছি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নভেম্বর, ১৯৫৩তে আমি পেয়েছি।

Sj. Bibhuti Bhushon Ghose:

নির্মাণকার্য্যের কথা যা অনুসন্ধান করছেন সেটা আগামী ফসলের ভেতর হয়ে যাবে বলে কি মনে করছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

অনুসন্ধান করে তাঁরা যদি বলেন তবে সেটা দেখা যাবে।

Sj. Bibhuti Bhushon Ghose:

আমি জিজ্ঞাসা করছি প্রয়োজন আছে, এটা কি এগ্রিকালচারাল রিপোর্টে পেয়েছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা আমি বলতে পারি না।

Sj. Nripendra Gopal Mitra:

এই অনুসন্ধান কবে থেকে আরম্ভ হয়েছে জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

গভর্নমেন্ট অর্ডার দিয়েছেন ১৯এ সেপ্টেম্বর ১৯৫৫ তারিখে।

Sj. Nripendra Gopal Mitra:

এতদিন দেরী হল কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমার কাছে দেন নি। এগ্রিকালচার ডিপার্টমেন্টে দিয়েছিলেন, তাঁরা অনুসন্ধান করে দেখলেন যে এটা তাঁদের নয়, সুতরাং তাঁরা আবার রোডস ডিপার্টমেন্টে দিলেন, তাঁরা অনুসন্ধান করে দেখলেন এটা তাঁদেরও নয়, তখন তাঁরা ইরিগেশনে দেন। তারপর আমার কাছে এসেছে।

Sj. Nripendra Gopal Mitra:

এতে দু' বছর গেছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হ্যাঁ।

Sj. Bibhuti Bhusan Ghosh:

এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে তাদের রিপোর্ট তলব করবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

রিপোর্ট তলব করতে হবে না। আমার নিজের ডিপার্টমেন্ট ইনভেস্টিগেসন করে আমাকে রিপোর্ট দেবে।

Irrigation of lands on either side of the Damodar river below Durgapur Barrage

***16. Sj. Narendra Nath Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, দামোদর পরিকল্পনার ফলে বন্যার জল দুর্গাপুরের নিম্নে না আসায় পুড়সুড়া ও খানাকুল থানার প্রায় সমস্ত অংশ ও আরামবাগ থানার কিছু অংশে ধান্যের চাষ আদৌ হয় নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ অঞ্চলে জলসরবরাহের জন্য সরকার বর্তমানে কি ব্যবস্থা করিতেছেন বা অদূর ভবিষ্যতে করিবেন,

(২) যতদিন পর্যন্ত স্থায়ী জলসরবরাহের ব্যবস্থা না হয়, ততদিন পর্যন্ত deep well pump বা অন্য কোনও পাম্পের সাহায্যে চাষীগণকে জল সরবরাহ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(৩) না থাকিলে, তার কারণ কি; এবং

(গ) দারকেশ্বর পরিকল্পনা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না। উক্ত পরিকল্পনা সম্বন্ধে এখনও তদন্ত চলিতেছে।

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, বর্তমান বৎসরে পুড়সুড়ায় ধান কতটুকু জমিতে হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা কি করে বলব।

Sj. Narendra Nath Ghosh:

আদৌ হয় নি জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমার "না" জবাবটিতে ফসল হয় নি একথা বলছি না, ফসল হানি হয়েছে, কিন্তু সেটা দামোদর পরিকল্পনার কারণে নয়।

Sj. Dasarathi Tah:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, আরামবাগ মহকুমার ঐসব অঞ্চলে দামোদরের বন্যা না হলে আবাদ হ'ত না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

দামোদরের বন্যা এখনও বন্ধ করার ব্যবস্থা ডি-ভি-সি করতে পারে নি।

Sj. Madan Mohon Saha:

"গ"এর উত্তরে বলেছেন, "না, তদন্ত চলছে"। এই তদন্তের কাজ কতদিন আগে থেকে আরম্ভ করা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

প্রায় দু' বছর হবে। ৪।৫।৬ বছর নদীর গতি, প্রকৃতি দেখতে হয়, জল কতখানি তা দেখতে হয়, দেখে পরিকল্পনা হয়।

Sj. Narendra Nath Ghosh:

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা কি আদৌ নেই? যতদিন পরিকল্পনা না করেন, ততদিন সেখানে জল সরবরাহ করার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ডিপ্‌ওয়েল পাম্পের কথা বলেছেন। সেটা এখনও আমাদের রাজ্যে করা হয় নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি বিভাগে এই ডিপ্ টিউবওয়েলের পরিকল্পনা আছে।

Sj. Narendra Nath Ghosh:

ডি-ভি-সির জল যাতে পাওয়া যায় আরামবাগ এবং খানাকুল থানায়, তার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ডি-ভি-সির জল খানিকটা আরামবাগ পাবে, খানাকুল, পড়সড়া পাবে বলে বলতে পারি না। াস্ত দিলে তদন্ত করে দেখব।

quisition of agricultural lands in 24-Parganas for rehabilitation purposes

***17. Sj. Hemanta Kumar Ghosal:** (*a*) Will the Hon'ble Minister-in-rge of the Land and Land Revenue Department be pleased to state if it fact—

(*i*) that agricultural lands are being acquired for rehabilitation purpose in 24-Parganas; and

(*ii*) that proper notices for such acquisitions are not given?

১৯২৫, ২৬, ২৭ সাল পর্যন্ত ধলভূমের ব্যাপারে কোর্ট অফ ওয়ার্ড'স, স্টেট অফ বিহার গভর্নমেন্ট প্রজাদের যাবতীয় খাজনার রসিদ বাংলাভাষায় দেওয়া হয়েছে। যেসমস্ত দলিলপত্র রেজিস্ট্রী করা হ'ত তাও বাংলাভাষায় হ'ত ১৮৬৯ সাল থেকে। অল্পদিন আগেও বিহার সরকার হিন্দি চালানর চেষ্টা করার আগে পর্যন্ত এফ.আই.আর. ইন পুলিস স্টেশনস বাংলায় করা হ'ত। কিছুদিন আগে পর্যন্ত এসেমব্লি ইলেকশনস অর ডিস্ট্রিক্ট বোর্ড ইলেকশনসএ যে ভোটার লিস্ট তৈরি করেছেন তাও বাংলায়। আদালতে মামলা মোকদ্দমা পরিচালনার ব্যাপারেও বাংলাভাষা ব্যবহৃত হয়েছে। ধলভূমে যেসমস্ত স্কুলস আছে সেখানে জোর ক'রে হিন্দী চাপান হয়েছে, অনেক প্রাইমারি স্কুল সরকারী রিসেন্ট সার্কুলার অনুযায়ী কাজ না করায় সরকারী সাহায্য থেকে বঞ্চিত হয়েছে। এবারে কালচারাল এফিনিটির দিক থেকে বলতে চাই। এদিকে বাংলার সঙ্গে ধলভূমের মিল অত্যন্ত প্রত্যক্ষ। ধলভূমের অধিবাসীদের আচার বিচার, রীতি নীতি সেন্ট পার সেন্ট বাংলার অধিবাসীদের সঙ্গে মিলে যায়। তাদের যেসমস্ত খাবার, পোষাক ইত্যাদি তাও বাংলার মতনই, বিহারের সঙ্গে কোন সাদৃশ্য নেই। ধলভূমের শিক্ষিত আদিবাসীদের লিখিত ও কথিত

ভাষা বাংলা। বিবাহবন্ধনের দিক থেকে মানভূমের বাংলাভাষাভাষীদের সাথে তাদের সম্পর্ক অচ্ছেদ্য। তারপর দেখুন, কলকাতা থেকে ধলভূমের দূরত্ব যতটা তার চেয়ে পাটনার সাথে দূরত্ব বেশি। এই ধলভূম এক সময় বাংলার মেদিনীপুর জেলার অংশ ছিল—ধলভূম-পরগণা নামে। এখানকার আদিবাসীদের মাতৃভাষার পরই বাংলা তাদের দ্বিতীয় ভাষা। ধলভূমের বুবারাগোরা, চাকুলিয়া, ঘাটসিলা, পুটকা থানার ১৯৩১ সালের হিসাব অনুযায়ী মোট জনসংখ্যা ছিল ৩০২,১৩৬—এর মধ্যে বাংলাভাষাভাষীর সংখ্যা ছিল ২০৪,৮৫৭ অর্থাৎ ৬৭·৪ পার সেন্ট, উড়িয়াভাষাভাষী ৪৫,৩০২ অর্থাৎ ১৫·০ পার সেন্ট আর হিন্দীভাষাভাষীর সংখ্যা ৯,৭৬১ অর্থাৎ ৩·২ পার সেন্ট। ধলভূমের শিক্ষার্থী ছেলেমেয়েরা অধিকাংশই কলিকাতায় এসে পড়াশুনা ক'রে থাকে। বিহারের ম্যাপ যদি দেখা যায়, সেখানে দেখতে পাওয়া যাবে ধলভূম সেখানে একটা ন্যারো স্ট্রিপ হয়ে আছে যার ডিভলপমেন্ট করার ব্যাপারে বিহারের অসুবিধাও আছে আর সঙ্গে উদাসীনতাও রয়েছে। অথচ পশ্চিমবাংলার মধ্যে এই ধলভূম না থাকাতে পশ্চিমবাংলায় জামবাড়ী, গোপীবল্লভপুর থানার যথেষ্ট ক্ষতি হচ্ছে। এদিকে এমন অবস্থায় সৃষ্টি হয়েছে যে ধলভূমের জনসাধারণ তাদের নিজেদের মতামত প্রকাশ্যভাবে জানাতে সাহস পান না। তারা যখন দিল্লীতে টেলিগ্রাম করবার জন্যে চাকুলিয়ায় যান, তাদের সে টেলিগ্রাম নেওয়া হয় না, তাঁরা ঝাড়গ্রামে এসে টেলিগ্রাম করেন। কিন্তু যখন ফিরে যান তখন তাদের উপর অকথ্য নির্যাতন শুরু হয় এবং শেষে ভয় দেখিয়ে তাদের দিয়ে আবার টেলিগ্রাম করা হয় যে তাঁদের আগের টেলিগ্রাম বাতিল ব'লে ধরা হ'ক—তাঁরা বিহারেই থাকতে চান। এর পরে তারা আবার কোনমতে টেলিগ্রাম ক'রে দিল্লীতে জানান যে, দ্বিতীয় টেলিগ্রাম তাদের ভয়ে পড়ে করতে হয়েছে—তারা সত্যিই পশ্চিম বাংলায় যেতে চান। ধলভূমের যে গ্রাম পঞ্চায়েত আছে তার প্রেসিডেন্টস যারা তাঁরা সকলেই ধলভূমের পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তি চান। তাদের উপর হামলা ক'রে তাদের পঞ্চায়েত পদ থেকে সরান হয়েছে। শুধু তাই নয় ধলভূম ডিস্ট্রিক্ট কংগ্রেস কমিটি যেটা ছিল এবং যাতে অধিকাংশই বাঙ্গালী ছিলেন তাকে ভেঙ্গে দিয়ে একটা এ্যাড হক কমিটি করা হয়েছে। আজ তাই তর্ক-বিতর্কের দিন নয়, ধলভূমবাসীদের জীবনমরণ সমস্যা এখানে এসেছে। তাদের জীবনের সর্বাঙ্গীণ উন্নতির জন্যে আজ তাদের পশ্চিমবাংলার সাথে মিলন ছাড়া গতি নেই।

বিহারের তুলনায় ওয়েস্ট বেঙ্গলএ ডেন্সিটি অব পপুলেশন অনেক বেশি—প্রতি বর্গমাইলে ৮২৭।

তারপর বিহার গভর্নমেন্টের যে বার্ষিক রাজস্ব আদায় হয়, তা ব্যালান্স বাজেট, উদ্বৃত্ত রাজস্ব। গত ১৯৫৩-৫৪ সালে উদ্বৃত্ত হয়েছে সাড়ে দশ কোটি টাকা; আর এ বছর হয়েছে সাড়ে আট কোটি টাকা। কিন্তু বাংলায় হয়েছে ডেফিসিট বাজেট। অথচ তাঁরা বলছেন—ধলভূম এলাকা চলে গেলে তাঁদের ইকনমি ডিস্টার্বড হবে। এটা অর্থহীন। কাজেই আমি আশা করি অন্ততঃ ধলভূম—
will be given to West Bengal.

[7-5—7-15 p.m.].

Sj Suhrid Kumar Mullick Chowdhury:
মাননীয় স্পীকার, স্যার, এস আর সির যে রিপোর্ট এটা পড়বার পর মনে হ'ল যে ভারতকে বহুখণ্ডিত করতে বৃটিশ সাম্রাজ্যবাদ যে অপচেষ্টা করেছিল, এস, আর, সি, রিপোর্টের মাধ্যমে আজকে ভারতের জাতীয়তাকে ধ্বংস করবার জন্য সেই অপচেষ্টা চালান হয়েছে; এর মধ্যে আমরা নীতির কোন বালাই দেখতে পাচ্ছি না। এখানে দেখতে পাওয়া যাচ্ছে কোন কোন ক্ষেত্রে তাঁরা ব্যবস্থা করেছেন ভাষাগত, কৃষ্টিগত দিকে তাকিয়ে, তার উপর তাঁরা সীমারেখা অঙ্কন করেছেন; কিন্তু এমন কোনও কোনও রাজ্য তাঁরা আবিষ্কার করেছেন যেখানে দেখতে পাওয়া যায় যে, সেই ভাষাগত দিক, কৃষ্টিগত দিক দেখা হয় নি। এখানে তাঁরা বলছেন নিরাপত্তার জন্য আমাদের প্রয়োজন হয়েছে, এই ধরনের বাউন্ডারী করা। আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি বাংলাকে ধ্বংস করবার জন্য যেভাবে বৃটিশ সাম্রাজ্যবাদ সচেষ্টিত হয়েছিল ও বহুবার বাংলাকে খণ্ডিত করবার জন্য অপচেষ্টা হয়েছিল, আজ সেই বাংলাকে ধ্বংস করবার জন্য এই এস, আর, সি আরও অপচেষ্টা করেছেন। তার জন্য দেখতে পাচ্ছি, যেসমস্ত বাংলা ভাষাভাষী

জায়গা বিহারের চারিপাশে রয়েছে এবং যেসমস্ত বাংলা ভাষাভাষী অঞ্চল যা আসামে সংলগ্ন রয়েছে, সেই সেই অঞ্চলের বাংলা ভাষাভাষী জনসাধারণের প্রতি এই স্টেট রিঅরগ্যানিজেশন কমিশন অত্যন্ত অবিচার করেছেন। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে, বাংলার এই সামগ্রিক দুরবস্থার দিনে আমাদের এই বাংলাদেশে লেজিসলেটিভ এসেম্বলির মধ্যে আমরা সকলে সমবেত হয়েও আমাদের সামনে একটা দ্বিধাগ্রস্ত ভাব দেখা দিয়েছে যে কোনটা করা উচিত আর কোনটা করা উচিত নয়। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ভারতবর্ষের জাতীয় কংগ্রেস কর্তৃক বিঘোষিত যে নীতি ১৯২০ সাল থেকে চালিয়ে আসা হচ্ছিল, যে নীতির কথা উচ্চস্বরে প্রকাশ করে এই জাতীয় কংগ্রেস সমস্ত জগৎবাসীর কাছে জানিয়েছিল যে, ভাষাগত, কৃষ্টিগত ভিত্তিতে তাঁরা দেশের সীমারেখা অঙ্কন করবেন। তাঁদের ম্যানিফেস্টোর মাধ্যমে এই কথা প্রচার করেছিলেন, সারা জগৎকে জানিয়েছিলেন: আজ সেই নীতি কোথায় ধূলিসাৎ হয়ে গেল? কংগ্রেসের আপোষকামী বৃটিশ সাম্রাজ্যবাদ ঘেঁসা নেতৃবর্গের হাতে যখন কংগ্রেসের নেতৃত্ব এল তখনই দেখতে পাচ্ছি কংগ্রেসের বহু বিঘোষিত নীতি বিসর্জন দেওয়া হয়েছে। যতদিন কংগ্রেসের মধ্যে লালা লাজপৎ রায়, নেতাজী সুভাষচন্দ্র প্রভৃতি মনীষীদের প্রভাব ছিল ততদিন কংগ্রেসের নীতি ছিল ভাষা ও সংস্কৃতিভিত্তিক। কিন্তু আজ সেই মনীষীদের অনুসৃত নীতিকে পরিবর্তন করার দুঃসাহস আজিকার কংগ্রেস নেতৃবর্গের হচ্ছে কার ইংগিতে? একথা জনসাধারণ জানতে চান। আজ যখন দেখতে পাচ্ছি যে, এস, আর, সিএর রিপোর্ট পার্লামেন্টে উপস্থাপিত করা হচ্ছে, তখন তার সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি যে, বিহারের সংলগ্ন অঞ্চলে কিষাণগঞ্জে ও আসামের সংলগ্ন অঞ্চল গোয়ালপাড়ার মানুষের উপর অকথ্য নির্যাতন চলেছে। একদল প্রতিক্রিয়াশীল অর্থপুষ্ট গুণ্ডার দলের দ্বারা কেন এইরকম অত্যাচার চলেছে? তার পিছনে রয়েছে একটিমাত্র দল সে হচ্ছে আজিকার কংগ্রেস নেতৃবর্গ। ইংরাজ সরকার আমাদের দেশে যে বিষ ঢুকিয়ে গিয়েছিল, যে বীজ আমাদের দেশের জনসাধারণের মধ্যে ঢুকিয়ে গিয়েছিল তা হচ্ছে প্রাদেশিকতা, তা হচ্ছে ধর্মান্ধতা; এবং এই নীতির প্রথম যে আউটকাম হয়েছে, তা হ'ল ঐ পাকিস্থানের মধ্য দিয়ে। আর একটা সৃষ্টি করতে তারা সচেষ্ট ছিল, যার প্রকাশ আমরা দেখতে পাচ্ছি এই এস, আর, সি, রিপোর্টের মধ্য দিয়ে। সেইজন্য আজকের দিনে আমাদের দেশে যাঁরা চিন্তাশীল মানুষ, তাঁদের বিশেষ করে ভাবতে হবে আমাদের পথ কি? কেমন করে আমাদের এগিয়ে চলতে হবে; এবং তারজন্য প্রতিটি পদক্ষেপ এমনভাবে নিতে হবে যে কৃষ্টির সাধনাকে নিয়ে সমস্ত বাংলা সমস্ত ভারতবর্ষকে আলোকবর্ত্তিকা দেখিয়েছিল, সেই কৃষ্টি, সেই সাধনা আজ যেন চক্রান্তকারীদের অপচেষ্টার ফলে বিলুণ্ঠিত হয়ে না যায়। তার জন্য আজকে প্রয়োজন হয়েছে খুব সাবধানে, ধীরস্থিরভাবে চিন্তা করে, সমস্ত অনৈক্যকে বিসর্জন দিয়ে আমাদের দেশের জাতীয় ঐতিহ্যকে বজায় রাখবার জন্য সমবেতভাবে সচেষ্টিত হওয়া। এই এ্যাসেম্বলির ভিতর বিভিন্ন যে দল আছে, সমস্ত দল মিলিতভাবে যদি এখানে একটা প্রস্তাব করতে পারতেন, তাহলে তারচেয়ে আর সুখের বিষয় কিছু হতে পারত না। কিন্তু আমাদের দুর্ভাগ্যের কথা, এখানে দেখতে পাচ্ছি যে, সেই চেষ্টা কিছুতেই সম্ভবপর হচ্ছে না। আমাদের সামনে পরিষ্কারভাবে একটিমাত্র নীতি বিঘোষিত হয়েছে। সেই নীতি হ'ল এই দেশের বিপ্লবী বাংলার যে নীতি, সেই নীতি হচ্ছে ভাষাভিত্তিক প্রাদেশিক সীমারেখা অঙ্কন করতে হবে। সেই নীতি হচ্ছে কৃষ্টিগতভাবে প্রাদেশিক সীমারেখা অঙ্কন করতে হবে; জনগণের ইচ্ছানুযায়ী প্রাদেশিক সীমারেখা অঙ্কন করতে হবে, এই নীতি পরিষ্কারভাবে আমাদের সামনে রয়েছে। দেশের শাসন যারা চালিয়ে থাকে, রাজদণ্ড যাঁদের হাতে—ইংরাজ আমল থেকে ক্ষমতা হস্তান্তর কংগ্রেসের হাতে হওয়া সত্ত্বেও দেখছি শাসনকার্য্য পরিচালনা করবার জন্য, তাঁরা এই বাংলাকে নানাভাবে খণ্ডিত করেছেন; নিজেদের সুযোগ-সুবিধার জন্য সারা ভারতবর্ষকে নিজেদের ইচ্ছামত রূপায়িত করেছেন। ভৌগোলিক যে সংজ্ঞা আমাদের সামনে দেওয়া হয়েছে তার পিছনে রয়েছে ইংরেজ অনুসৃত শাসনকার্যের ইংরেজ অনুসৃত সুযোগ এবং সুবিধে। সেইদিকে তাকিয়ে, আমরা আজও দেখতে পাচ্ছি সেই নীতি, এই এস, আর, সি, রিপোর্টের মধ্য দিয়ে সেই নীতিকে আজ পুরোভাগে রাখা হয়েছে। কিন্তু, এখানে আমাদের প্রশ্ন হচ্ছে যে, সংস্কৃতিগত, কৃষ্টিগত, ভাষাগত যে নীতির উপর ভিত্তি করে প্রাদেশিক সীমারেখা আঁকবার যে কথা আমাদের দেশের বিপ্লবী মনীষীরা বলেছেন, সারা ভারতবর্ষের কংগ্রেস নেতৃবর্গরা বলেছেন, আজ যাঁরা রাজ্য পরিচালনা করছেন এই কংগ্রেস সরকার, তাঁরা সেই কথা ভুলে যাচ্ছেন কেন? এইটাই হচ্ছে আমাদের কাছে মস্ত বড় প্রশ্ন; এবং এটা

আমাদের কাছে একটা রহস্য বলে মনে হয়। যেখানে নিপীড়ন, তার পিছনে জনগণের সমর্থন কোথায়? সেখানে তো শুধু ক্ষমতায় আসীন কংগ্রেস নেতৃবর্গের চক্রান্ত। এখানে দেখতে পাওয়া যাচ্ছে, যে সময় পাকিস্তান সৃষ্টি হয়েছিল ইংরেজ গভর্নমেন্টের কারসাজিতে দেশকে পার্টিশন করে দেওয়ার ফলে, ঠিক সেই সময় সরকারের যেসমস্ত কর্মচারী ছিল, তারা কংগ্রেস ও মুসলিম লীগের সঙ্গে মিলিত হয়ে ষড়যন্ত্র করে এই অপচেষ্টা করেছিল। আজকের দিনেও দেখতে পাচ্ছি গোয়ালপাড়া ও কিষাণগঞ্জে ঠিক একই ধরনের ষড়যন্ত্র চলেছে কংগ্রেস ও আমলাতন্ত্রের সহায়তায়।

[7-15—7-25 p.m.]

কংগ্রেসের যদি কোনও সদিচ্ছাই থাকবে তবে কংগ্রেসের মধ্যে যে কেন্দ্রীয় শক্তি রয়েছে, যে কেন্দ্রীয় নেতৃত্ব রয়েছে, যে কেন্দ্রীয় সরকার রয়েছে তা তাকে রোধ করতে পারছে না কেন? এইটাই আমাদের কাছে সবচেয়ে বড় প্রশ্ন। তা হ'লে আমরা কি মনে করব যে, যে কেন্দ্রীয় সরকার আজ কংগ্রেসের দ্বারা পরিচালিত, সেই কেন্দ্রীয় সরকার চান যে, দেশের ভিতরে এই এস-আর-সির ব্যাপার নিয়ে সর্বত্র হানাহানি হউক, সর্বত্র ছুরি মারামারি হউক, লাঠালাঠি হউক, আর এই বিভেদের মধ্য দিয়ে যেভাবে পাকিস্তান হয়েছে, পার্টিশন হয়েছে, সেই অবস্থা দেশের মধ্যে হউক? প্রাদেশিকতার ভূত দিয়ে আমাদের দেশের মধ্যে আবার অনৈক্য, আবার বিভেদের বীজ উপ্ত ক'রে এখানে যারা বর্তমানে শাসন চালাচ্ছেন সেই শাসকেরা আবার অম্লান-বদনে শাসন ক'রে যাবেন? এই কি তাঁদের লক্ষ্য? এই লক্ষ্য যদি না থাকে তাহ'লে কেন সেন্ট্রালে যে শক্তি রয়েছে, কেন্দ্রীয় যে সরকার রয়েছে, সেই সরকার কেন সেই কিষেণগঞ্জে, সেই গোয়ালপাড়ায় যেসমস্ত অনাচার চলেছে তাকে রোধ করতে পারছেন না? আমি জানি দেশের জনসাধারণ এই ধরণের সীমারেখা সম্পর্কে সম্পূর্ণ উদাসীন। আমি জানি রাজনৈতিক চক্রান্তকারী কংগ্রেস দল এই ধরণের সমস্ত প্রচেষ্টা চালিয়ে চলেছে এবং তাঁদের এই প্রচেষ্টার ফলে আজ আমাদের দেশ বিভক্ত হয়ে যাচ্ছে, আমাদের জাতি নানাভাবে খণ্ডিত হয়ে যাচ্ছে আমাদের মধ্যে প্রাদেশিকতার বীজ উপ্ত ক'রে দিয়ে আমরা যে বিরাট দেশ গড়ে তুলতে চলেছি সেই দেশের মধ্যে বিভেদ সৃষ্টি হচ্ছে। আজ আমাদের হাতের কাছে যে সোভিয়েৎ রাষ্ট্রতন্ত্র রয়েছে, যে বিপ্লবী মহাচীন সমাজতান্ত্রিক রাষ্ট্রতন্ত্র রয়েছে তাদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ ব্যবহার ক'রে আমাদের দেশকে গ'ড়ে তোলবার জন্য যে প্রচেষ্টা দেশের নিপীড়িত জনসাধারণ একান্ত-ভাবে চাইছে এই কংগ্রেসদলের ভিতরে একদল কুচক্রী তাকে রোধ করবার চেষ্টা করছে, তাকে বানচাল করবার চেষ্টা করছে এবং শয়তানী ষড়যন্ত্র ক'রে এইভাবে আমাদের দেশকে বহুধা-খণ্ডিত করছে। সুতরাং এইসব দিকে তাকিয়ে আমরা মনে করি যে, আমাদের যে সীমারেখা অঙ্কন করতে হবে, সেই সীমারেখা অঙ্কন সম্পর্কে আমাদের স্মরণ্য নেতা নেতাজী সুভাষ-চন্দ্র তিনি ফরওয়ার্ড ব্লক সংগঠনের সময় যে কথা বলেছিলেন যে, আমাদের কৃষ্টিগত, ভাষাগত ভিত্তির উপর দেশকে সংগঠিত করতে হবে, সেই কথা স্মরণ করতে হবে। তিনি আমাদের বলেছিলেন যে, সম্পূর্ণ সমাজতান্ত্রিক আদর্শে রাষ্ট্র গ'ড়ে তুলতে হবে; তিনি বলেছিলেন, আমাদের দেশে সকলকে সমান অধিকার দিতে হবে; তিনি বলেছিলেন, আমাদের দেশে যেখানে যত মাইনরিটিজ আছে তাদের সুযোগ ও সুবিধা দিতে হবে; তিনি বলেছিলেন যে, এদেশে যারা অনগ্রসর রয়েছে, তাদের সুযোগ এবং সুবিধা দিয়ে তাদের এগিয়ে নিয়ে যেতে হবে। তারই সমর্থনে আমরা দেখতে পাই সোভিয়েট ইউনিয়নে বা মহাচীনের বরেণ্য নেতা মাও-সে-তুংএর নেতৃত্বে সেখানে এইভাবে অনগ্রসর যেসব জাতি রয়েছে তাদের অটোনমি দিয়ে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। আমরা দেখতে পাই সেখানে সীমারেখা যা অঙ্কন করা হয়েছে তার পিছনে রয়েছে জাতীয় এবং কৃষ্টিগত রক্ষা ব্যবস্থা এবং সেখানকার আঞ্চলিক অধিবাসীগণের ইচ্ছা তাতে প্রতিফলিত হয়েছে। যদি সেখানে তা সম্ভবপর হয়, তাহলে ভারতবর্ষের পক্ষে এমন কি অবস্থার সৃষ্টি হ'ল, এমন কি নিরাপত্তা বিঘ্নিত হ'ল যার জন্য আমাদের সামনে সংশয়সঙ্কুল দ্বিধাগ্রস্ত মন নিয়ে আমাদের দেশের নেতারা বলছেন এস-আর-সি বর্জন কর নতুবা আমাদের পক্ষে আর গত্যন্তর নাই, বা কেউ বলছেন এই কমিশনের ব্যাপার নিয়ে যদি লড়াই বাধে তা হ'লে তাকে রোধ করতে আমাদের চেষ্টা করতে হবে, তার জন্য ভীতির সঞ্চার করতে হবে' অথচ আমাদের দেশে বিভেদের সৃষ্টির জন্য তাঁরাই এই জঘন্য চক্রান্ত করছেন। এসবগুলো কি? আমাদের কাছে এ সমস্ত একটা রহস্য বলেই মনে হয়।

এই সমস্ত হচ্ছে একটা শয়তানী ষড়যন্ত্রের আভাস যার মধ্য দিয়ে আমরা দেখতে পাই আমাদের দেশকে সাম্রাজ্যবাদের কুক্ষিগত রাখবার জন্যেই একদল কুচক্রী চেষ্টা করছে। তার জন্য আমি বলব, আমাদের সামনে যে বিপ্লবী ঐতিহ্য দিয়ে গেছেন নেতাজী সুভাষচন্দ্র এবং এদেশের যেসমস্ত মনীষী ক্ষমতা হস্তান্তরের পূর্বে তাঁরা যখন কংগ্রেসের মধ্যে ছিলেন সেই সময় তাঁরা যে নীতি বিঘোষিত করেছিলেন যে, ভাষাভিত্তিতে এবং কৃষ্টিগত ভিত্তিতে তাঁরা দেশের সীমারেখা অঙ্কন করবেন সেই পরিষ্কার সাম্যের দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা বলতে চাই যে, আমাদের পশ্চিমবাংলার সংলগ্ন বিহারের মধ্যে যেসমস্ত বাংলা ভাষাভাষী অঞ্চল আছে গ্রাম-কেন্দ্রিকভাবে তা আমাদের একান্ত প্রয়োজনীয়। সেইজন্য আমরা বলি চাস থানা সহ পুরুলিয়া আমাদের প্রাপ্য। সেইজন্য আমরা অন্যান্য যেসমস্ত সংলগ্ন বাংলাভাষাভাষী অঞ্চল রয়েছে ঐ বিহারের মধ্যে তা আমরা চাই। সেই হিসাবে আমি আরও বলি যে, আমাদের সন্নিহিত আসামের গোয়ালপাড়া অঞ্চল যেটা রয়েছে সেই অঞ্চলের জনগণ যেভাবে চাইবে, সেইভাবে গণভোট নিয়ে সেই অঞ্চলকে সেই রাষ্ট্রের সঙ্গে যুক্ত করতে হবে। সেখানে হয় ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট এবং আসাম—এই দুই ষ্টেটের সম্মিলিত কমিশন, অথবা সেন্ট্রাল গভর্নমেন্টের নিয়োজিত কোন কমিশনের উপর নির্ভর ক'রে গণভোট দিতে হবে। তা ছাড়া অন্যান্য যেসমস্ত বাংলা ভাষাভাষী অঞ্চল আমাদের এই অঞ্চলের সন্নিহিত রয়েছে তাদেরও আমাদের মধ্যে পেতে হবে। তার পিছনে যুক্তি হচ্ছে এই যে, বাংলাদেশ সারা ভারতবর্ষের মধ্যে যে সংস্কৃতির প্রচার করেছে, প্রসার করেছে, সেকথা কোথাও বাঙালী ঘোষণা করে না বটে, কিন্তু সেদিন যে মাননীয় অতিথি এসেছিলেন ক্রুশ্চেভ—তিনিই বলেছিলেন বাঙলার সেই অতীত ঐতিহ্যের কথা। তাই বলব যে, তাকে ধ্বংস করতে যদি কোন প্রচেষ্টা কংগ্রেস সরকারের দিক থেকেই হউক বা পুঁজিপতিদের দিক থেকেই হউক, বা বিদেশী শক্তির কাছ থেকেই হউক তাকে রুখবার শক্তি বাংলাব যুবকের আছে। আজকের দিনে দ্বিধাগ্রস্ত এই যে দেশ তাকে আলো দেখাবার শক্তি বাংলাব তরুণ, বাংলার বিপ্লবী শক্তির আছে। কুচক্রীদের শয়তানী ষড়যন্ত্র ব্যর্থ করতে বর্তমান কংগ্রেস সরকার অপারগ ব'লে ঘোষণা ক'রে দায়িত্ব এড়িয়ে যেতে পারবেন না। সোভিয়েট ইউনিয়ন ও জন-গণতান্ত্রিক চীনের সহযোগিতায় শান্তিকামী ভারতের অগণিত জনগণের আশা-আকাঙ্ক্ষাকে রূপায়িত করতে কংগ্রেস সরকার অক্ষম হলেও বিপ্লবী তরুণ বাংলা তার দায়িত্ব নেবে। এজন্যে যে ত্যাগ, যে আত্মদান প্রয়োজন বাংলার তরুণ শক্তি তা চিরকাল করে এসেছে, ভবিষ্যতেও তা করবে। তারা ভারতে ভাষাভিত্তিক, সংস্কৃতিভিত্তিক ও জনগণ অভিমতানুযায়ী রাজ্য গঠন ক'রে বর্তমান কংগ্রেস নেতৃবর্গের দেশবিভেদের চক্রান্ত, বাংলার ঐতিহ্যকে ধ্বংসের অপচেষ্টা ব্যর্থ করবেই করবে।

Dr. Atindra Nath Bose: Sir, I wholeheartedly endorse the demands set forth on behalf of West Bengal by Sj. Sudhir Chandra Ray Chaudhuri from this section of the House. It is sad to point out at the very outset that the States Reorganisation Commission's report does not follow any principle whatsoever. The language principle which was a long-standing pledge of the Indian National Congress was diluted since the attainment of national independence. Sir, I do not want to refer back to these things, but I must refer to the report of the Nehru Committee—the committee headed by late Shri Motilal Nehru—which reported in 1928 as follows: "If a province has to educate itself and it does its daily work through the medium of its own language, it must necessarily be a linguistic area. If it happens to be a polyglot area, difficulties will continually arise and the media of instruction and work will be two or even more languages. Hence it becomes most desirable for provinces to be regrouped on a linguistic basis. Language, as a rule, corresponds with the special variety of culture, tradition and literature. In a linguistic area these factors will help in the general progress of the provice."

[7-25—7-35 p.m.]

Sir, this was not a mere sentimental outburst nor was it an assurance given at the heat of the moment. It was a well-thought-out conclusion reached by learned jurists and sober statesmen. But, Sir, even after that

as late as before the elections of 1946 the All-India Congress Committee in its menifesto gives the solemn pledge that "it has stood for the freedom of each group and territorial area within the nation to develop its own life and culture within the larger framework, and it has stated that for this purpose such territorial area of a province should be constituted as far as possible on a linguistic and cultural basis." But, Sir, the tone changed since the attainment of independence. The Dar Commission in its report, the J.V.P. report and last of all this States Reorganisation Commission in its report gave a totally different outlook.

Sir, what are these other principles which came to dilute the linguistic principle? These other principles are enumerated as unity and security of India and administrative convenience. Sir, it passes our comprehension how the linguistic consideration for reorganisation is opposed to the idea of unity and security. How is it opposed to administrative convenience? Do we want unity in uniformity? Do we want to level out all diversities of culture? Or do we want unity in diversity according to the traditions of India? Sir, we have had a constitution for our country. We have accepted a constitution in which the States are the pillars of this structure, we have accepted that our State will be a multilingual federal State. Each State unit of this Federation represents the history of a race, represents the ideals and aspirations of a race with a rich and diversified language. It is sad to point out the Commission has totally missed this fundamental point.

Sir, what is the administrative convenience which has been set forth as the plea to throw out the linguistic principle? Was it not the same plea which was put forth by Lord Curzon when he partitioned Bengal? Was it not Lord Curzon's plea that Bengal being a huge province could not be administered as it was and so it ought to be partitioned into two parts? Sir, in every country administration has to adjust itself to the people's needs. It is not people's needs which adjust themselves to the administration. The administration is for the people. The people are not for the administration. Is it not administrative necessity that the people should be governed in their own language? Is it not administrative necessity that the people should know the language which is the language of the State? Why is Hindi being made the national language? It is to bring about unity and solidarity of India, so that this language will be intelligible to the people who participate in the Government. Hindi language is admittedly used as a unitary factor of the Federation. What are the units of this Federation? The States. What is the unitary and consolidating factor of these units? In the Federal structure, it is the linguistic bond of Hindi. If it is so, the units which hold together the solidarity of the Federal structure should have their own linguistic bond. The whole Federal structure will go to pieces, if the units are not solid pieces. Sir, had it been otherwise, why did not our national leaders draft a unitary constitution for India, if they did not want that the State should be framed on linguistic basis alone? Why did not they give a go-by to the Federal principle and adopt a unitary constitution for India?

Sir, much has been said about security. Reference has already been made by Sj. Sudhir Chandra Ray Chaudhuri to page 33 of the report where it is stated—I shall not read out the whole paragraph; I shall repeat only two sentences—"This means that normally it would be safer to have on our borders relatively larger and resourceful States rather than small and less resilient units." Sir, West Bengal is a frontier State, and the framers of the report have conveniently forgotten that. Further, they go on to say: "It seems clear to us that, when a border area is not under the direct control of the Centre, small units and multiplicity of jurisdictions would be an obvious handicap from the point of view of national security." Yet they have

done exactly this thing in the case of West Bengal. It is strange that this overriding consideration of national security was given a go-by in the case of West Bengal. If we go into the state of things in the eastern Indo-Pakistan frontier it will be quite evident how multiplicity of jurisdictions has been introduced in this sector. The Assam railway link in this area is not only a vital artery of communication for West Bengal. It is also the main line of supply along the entire eastern frontier of India. It is a line stretching over 450 miles, mostly single track, without any supplementary highway capable of bearing the heavy traffic. At present this railway has to pass through three changes in State jurisdiction, from West Bengal to Bihar, from Bihar to West Bengal and then again to Assam. The Commission has not sought to rectify this multiplicity of jurisdictions in a vital strategic area. Of course at the outbreak of war control will be taken over by the Defence Department of the Centre. But preparations for defence cannot wait for outbreak of war; it must go on in times of peace. Under the boundary arrangement as recommended by the Commission, a train from Calcutta will enter the jurisdiction of Bihar at Pakur, its cargo will be unloaded and subject to checking at the crossing of the Ganges and then it will pass through Bihar territory till it reaches West Bengal again. A highway constructed along this area will be subjected to similar and more continuous interruption. It is a vital necessity of Defence logistics that the total area covered by this railway should be under one administration, should have its orders from one headquarter The Commission suggested that Farakka barrage and a new road and rail link through Malda and West Dinajpur will solve this problem. This will not. As the region is very low and is subject to annual inundation, communication will not be weather-proof. This slender road will not solve West Bengal's corridor problem, nor will it meet the demands of Defence in depth The Commission in its anxiety for Bihar's difficulties observed that even the Mokameh bridge will not solve Bihar's traffic congestion. Farakka will have to bear a far heavier traffic radiating from Calcutta, North Bengal, North Bihar and Assam. Thus it is very clear that the Commission ignored their own principle—the principle enunciated by themselves and swallowed its own words when they came to deal with the question of West Bengal.

[7-35—7-45 p.m.]

There are further clear evidences that the Commission acted with prejudiced mind against West Bengal In paragraph 639 they say "on a statement reported to have been issued by some prominent leaders of Bihar in 1912 conceding West Bengal's claim to the territory east of the Mahananda, the whole of Manbhum and the Dhalbhum portion of the Singhbhum district The last-mentioned statement has been challenged and counter-arguments drawn from history". The Commission have pretended to hold the scales even between the two controversial viewpoints! Are they not aware of the resolution moved by Sir Tej Bahadur Sapru and supported by Sj. Parameswar Lal in the session of the Indian National Congress assuring that Bengal's lost territories should be restituted? Then again in paragraph 668 "Goalpara which is claimed to be Bengali-speaking we do not have enough evidence on the basis of which mother-tongue data of 1951 can be disregarded." "It is true that in the latest Census figure of 1951 as compared to figures of 1931 there are very striking variations which cannot be satisfactorily explained." Sir, we cannot also satisfactorily explain the consistencies between these two sentences. Then last of all the climax comes in page 177 when they clearly admit that geographical compactness is necessary, that for administrative purpose a corridor is necessary to connect the northern part of Bengal. That principle is accepted. And thereafter

when they make the recommendation, what do they say? "The portion of Kishenganj which is to the east of river Mahananda, a portion of Gopalpur revenue thana contiguous to the territory mentioned above and extending down to the national highway in this thana should be transferred to West Bengal." How these two propositions connect the two parts of West Bengal? How does this make a corridor? How this shocking error happened is very clear from the statement. "We do not consider it necessary to transfer any area which may not be absolutely essential in order to achieve the object in view." It is absolutely essential perhaps for them towards curtailing and cutting down the legitimate demands of West Bengal.

But, Sir, the whole blame does not lie upon them. It is Dr. Roy and secondly we ourselves who are partially responsible for this dilution of the linguistic demand. In a resolution of this House passed on 7th May, 1953, at the instance of Dr. Roy, in spite of protests and objections from this side of the House, the linguistic demand was diluted and the official resolution was passed in a hurry to save the life of Sj. Baidyanath Bhowmic who was then on hunger-strike on the linguistic issue. In this resolution this very House at the instance of the Chief Minister diluted the linguistic demand and introduced the problem of administration and the problem of rehabilitation of refugees. So that was the thin end of the wedge. That is how we destroyed and weakened our own ground.

This note which was circulated to us yesterday reveals the half-hearted and halting approach towards the problem. About Goalpara our Chief Minister says that there is difficulty of administration. I was astounded to find in today's paper that he said in the Council that he doubts whether the people of Goalpara are willing to come to West Bengal at all. Sir, facts are sometimes stranger than fiction. People would not have believed that Dr. Roy had dared to utter such untruth if he had not said these things in the Council. Then why did he demand Goalpara earlier and why did he let them down? Why did he provoke the persecution of the innocent minority of Goalpara by giving them false assurance? Goalpara is contiguous to West Bengal and it is not a deficit district like Cooch Behar, but is a surplus district. There is good communication between Goalpara and West Bengal. Therefore, it passes our comprehension as to how Goalpara may be an administrative burden to the State of West Bengal. Then he left out Jamshedpur while he demanded Dhalbhum. He doubted whether Jamshedpur is really Bengali-speaking area or not. Here is a reference about deeds—agricultural loan agreements advanced to the tiller and registered in the sub-registry office at Jamshedpur. During 1952 out of the total of 4,500 deeds registered about 4,000 were in Bengali and 500 in English and none in Hindi. In 1953, out of 5,000 deeds registered about 4,500 in Bengali, only about 15 in Hindi and 485 in English. The figure for next year—total deeds registered 4,500, 4,000 in Bengali, Hindi 150 and English 350. In 1955 up to October total deeds registered 4,000, Bengali 3,200, Hindi 500, English 300. The town of Dhanbad has been left out on the same ground. Sir, we need not be astonished if tomorrow a claim is put forward that Calcutta should be a separate State. Because, as you know, Sir, West Bengal has been too liberal in receiving people from other States, particularly in this cosmopolitan city. Some day Calcutta might be claimed as an Independent State where the Bengali-speaking people may be a minority because it does not matter whether the migrants are temporary and floating. Moreover a precedent is going to be created by making Bombay a separate State. So the day may not be far off when Calcutta, Bombay, Madras, Delhi, all these premier cities of India will be city States—semi-autonomous States within the Union of India.

Sir, this abandonment of Goalpara, Jamshedpur, Dhanbad, etc., will only give a handle to further demands upon the territories of West Bengal. Already cries have been raised for Malda, Asansol, and parts of Midnapore and the day will not be far off when the entire territory of West Bengal will be claimed by the adjacent States. Sir, Dr. Roy knows the claim is already there and this renouncement, this abrogation of the demand over Jamshedpur and Dhanbad will strengthen that demand and will bring the doom upon West Bengal. Dr. Roy was quite aware that his views were not shared by his party and that was the only reason why he did not bring forward a resolution in this House. Sir, the proceedings of this House will go to Parliament, will go to Delhi, without any views of the Government. It is strange that the House is discussing such an urgent matter for five days without any resolution from the Government side. If any one cares to read through the pages—though I do not think any one will have the patience of going through 500 pages—he will find large measure of unanimity. The Parliament also will not have patience to run through 500 pages and they will dismiss it summarily as a mere babel of tongues and nothing else.

Sir, the question has been raised also about the option of the people. I wonder how does the question of popular option come in after the linguistic issue has been clearly decided. I can understand any controversy raised about linguistic majority or minority. I can understand any controversy about the accuracy of the 1951 Census or otherwise. Let there be a new survey, a new enumeration to get the correct figure about the languages in border areas. That is understandable. But what is option? Who will ascertain the option? We have sufficient experience of the fate of Sylhet which was literally thrown into the clutches of Pakistan because Assam opted that Sylhet should not be in Assam. Why? Because Sylhet is a Bengali-speaking majority district! We have seen how option is being forged and concocted in Kishenganj. We had seen a greater instance in the past, how Hitler got the option of Austria to join Germany. Do our friends here welcome such a kind of option? It is the whip and the rod of the ruling party which will decide option in such cases.

[7-45—7-54 p.m.]

Much has been made of unity and security. Who does not want the unity and security of our motherland whose independence we have earned at such high cost? But do you expect to have unity and security with a disaffected and humiliated minority? Has it ever been possible anywhere? Pakistan is making the same plea for the persecution of minorities. In the name of unity and security of Pakistan men in power there are running roughshod over the rights and sentiments, over the dignity and honour of the minorities. Do our rulers—do the leaders of the Congress—want the same type of unity and security for India? All over the world the protection of minorities has become a holy and accepted principle. It has become a subject of numerous multi-national treaties. It has been accepted as a basic principle of international law everywhere except in Free India. In Free India there is no protection of linguistic minorities. Today the demand for linguistic States would not have been so acute, would not have been so determined unless there had been ruthless persecution and victimisation of minorities. Had there been an iota of promise of safety for them the demand for linguistic States today would not have assumed this enormous proportion. Everywhere a systematic and ruthless attempt is going on to de-lingualise the minorities, to Hindiise them. To sing folk songs known as Tushu—the popular songs of Manbhum—has been banned. Bengali schools have been totally stopped. The M.L.A.s, the legislators of Manbhum, are not allowed to address the Bihar Legislative Assembly in

Bengali by their Speaker. Compare the tradition of this House. We all patiently listen and welcome the speeches delivered in Hindi by our friends who do not speak Bengali, but it is otherwise in Bihar. There Bengalees residing for generations are denied civil liberties, denied the rights to enter into the administrative service. They are denied the scholarships which are available to the rest. They are denied protection of property and they are treated as worse than aliens, foreigners in a country. In the year 1947 Babu Rajendra Prasad rendered a stern rebuke to the Hindi Sahitya Sammilan for not carrying on the process of Hindiising the Adibasis of Dhalbhum. He frankly admitted that the people of Dhalbhum—not a single one of them—understood a word of Hindi. He lamented that and he said that it was a shame on the Hindi Sahitya Sammilan not to have imposed Hindi upon them. This subtle hint was understood and the consequence was the Census of 1951 which showed all of them as Hindi-speaking, while not a single one of them knew Hindi. And this was done by our revered President Babu Rajendra Prasad.

There is an ominous resemblance in the attitude of the ruling party with the practice which prevailed in the Czarist Russia in the early decades of this century. There was a systematic attempt at Russification of the subject people who used different languages by the imperial power. The consequence was the revolution in Russia. More than anything else, more than economic disparity, it was the de-culturisation, the de-lingualisation, that brought the nemesis upon the power of the Czar. We do not want that the same fate should come over our rulers. While we want that our rulers should go, we want that our country must survive, we do not want that with our rulers our country should go to dogs.

After so much speech had been made in this House and demands were voiced almost in a chorus with negligible differences, I would not have risen like this to repeat old things, to add my voice to the chorous unless I saw before my eyes the impending disaster of Bengal. If we go through the history of Bengal during this century, we shudder to think what is awaiting Bengal. Dr. Roy has himself admitted that Bengal is perpetually losing her territory. The Commission's Report has admitted that Bengal is perpetually losing her territory. Where will this process end? It seems that it is our crime that we are trying to survive; it is our crime that we are not prepared to die. So whatever demands we make just for bare living, just to give some shelter to the refugees from East Bengal, just to give some morsel of bread to our brethren or just to give them the right to educate their children in their own language, we are branded as guilty of provincialism, we are branded as narrow-minded. This is the time that we take the warning. This is the time that we get prepared to unite ourselves in a common national demand. I shall call this a national demand, for language is the first corner of national unity. If we love India we also love West Bengal and not a whit less. And we believe that India will live if West Bengal lives. We believe that West Bengal must have its maximum to contribute to national welfare, and that is why West Bengal must live and therefore West Bengal must in one voice shout for its legitimate national demand.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow There will be no questions tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-54 p.m. till 3 p.m. on Thursday, the 8th December, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 8th December, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 192 Members.

Government Resolution on the Report of the States Reorganisation Commission.

[3—3-10 p.m.]

Mr. Speaker: There are no questions today. But before we begin today's business I ought to tell you that the House will be sitting today for five hours, and if members will kindly restrict their speeches to fifteen minutes, it will help a good number of speakers to speak, and I hope it may be possible to finish the debate today.

Sj. Jyoti Basu: Today?

Mr. Speaker: Let us see. Let the members also make an attempt to speed up progress.

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকারমহাশয়, গভীর দুঃখ ও মনোবেদনার সঙ্গে স্টেটস রিঅরগানাইজেশন কমিশনএর রিপোর্ট আলোচনা করতে হচ্ছে। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে যে দুটো জাতির দান সর্বাধিক সেই বাঙ্গালী এবং মহারাষ্ট্রের প্রতি ইংরাজ যে ব্যবহার ক'রে গিয়েছেন, তার সংহতিকে নষ্ট করবার জন্য বহুধাবিভক্ত করা হয়েছে। আমরা আশা করেছিলাম দেশ স্বাধীন হবার পর তার প্রতি কিছু সুবিচার হবে এবং প্রতিকার হবে। কিন্তু অত্যন্ত পরিতাপের ও দুঃখের কথা যে, দেশ স্বাধীন হবার পরে যারা বর্তমান রাষ্ট্রনায়ক তারা বিঘোষিত করেছিল পুনঃপুনঃ যে ভারতবর্ষের প্রদেশ পুনর্গঠিত হবে ভাষা এবং সংহতির ভিত্তিতে; এবং সেই উদ্দেশ্য নিয়েই কমিশন গঠিত হয়েছিল। কিন্তু তার রিপোর্টএর দ্বারা আমি বাঙ্গালী হিসাবে অত্যন্ত মর্মাহত হয়েছি। তার চেয়েও দুঃখের কথা পশ্চিমবঙ্গ-সরকার বাংলার দাবী সম্বন্ধে যে চরম উদাসীনতা প্রদর্শন করেছেন এবং যার ফলে বাংলা এবং বাঙ্গালী জাতির প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন; এবং তা ভবিষ্যৎ বংশধররা কখনও ক্ষমা করবে না। খুব দুঃখের কথা, কমিশনএর রিপোর্টএ তাদের অসঙ্গতি ও অসামঞ্জস্যবিহীন তথ্য ও যুক্তির দ্বারা বাংলার দাবীকে বিক্ষিপ্ত করবার জন্য চেষ্টা করেছেন এবং তার সমর্থনে কোন যুক্তি খুঁজে পাওয়া যায় না। রিপোর্টএর এক অংশে আমরা দেখছি, মানভূমের দুই-তৃতীয়াংশ বঙ্গভাষাভাষী এবং সেই কারণে সমগ্র মানভূম বাংলাদেশের অন্তর্ভুক্ত হওয়া উচিত ছিল। কিন্তু কোন অজ্ঞাত কারণে ধানবাদ বাদে, মানভূমের একটা থানা বাদে, মানভূমকে কমিশন পশ্চিম বাংলার অন্তর্ভুক্তির সুপারিশ করেছেন। এই মানভূম সদর অংশের দ্বারা বাংলার কিছুই উপকার হবে না, it is a more liability than an asset. যাঁরা মানভূমের সদরে গিয়েছেন তাঁরা দেখতে পাবেন সে স্থান অত্যন্ত অনুর্বর, প্রস্তর ও কঙ্করময়; সেটা একটা ডেফিসিট এরিয়া। বছরের ন' মাস সেখানে অভাব লেগে থাকে। আর কুষ্ঠরোগীর সংখ্যাও সর্বাধিক। সেইটুকু বাংলার ভাগ্যে জুটেছে।

আর কিষাণগঞ্জের যে অংশটুকু জুটেছে সেও এক অদ্ভুত। এতে কখনই বাংলা সন্তুষ্ট হতে পারে না। আজকে বাংলা পুনর্গঠনের প্রশ্ন, এটা কোন দলের বা মতের প্রশ্ন নয়। এটা

বাঙ্গালীর জীবনমরণের প্রশ্ন। এই প্রশ্নে দলমতনির্বিশেষে সকল বাঙ্গালীর ঐক্যবদ্ধ হবার প্রয়োজন আছে। দুঃখের কথা, যখন দেখতে পাই দেশের চেয়েও দল বড় এবং দলের চেয়ে নেতা বড়; এবং এই নেতাকে পশ্চিমবঙ্গ-সরকার ও কংগ্রেস কর্তৃপক্ষ অবলম্বন করেছেন তখন নিরাশ হয়ে পড়েছি। তাই বাংলাকে বাঁচাবার জন্য, সর্বধাবিভক্ত বাংলার যে নাভিশ্বাস হচ্ছে তার দাবীকে আদায় করবার জন্য আমাদের সঙ্ঘবদ্ধ হবার প্রয়োজন রয়েছে। তাই বাংলার দাবী হচ্ছে সমগ্র মানভূম জেলা। এর মধ্যে থেকে ধানবাদ বাদ দেবার কোন যুক্তি নাই। সমগ্র মানভূমকে আজ বাংলাকে পেতে হবে, সমস্ত ধলভূম ও জামসেদপুরকেও পেতে হবে—এই হচ্ছে বাংলার দাবী। সাঁওতাল পরগণার সমগ্র অঞ্চল, বিশেষ ক'রে রাজমহল, পাকুড় প্রভৃতি বাংলা-দেশে অন্তর্ভুক্ত হবার প্রয়োজন রয়েছে। তারপর পূর্ণিয়ার সমগ্র মহকুমা, আসামের গোয়ালপাড়া, কাছাড়, ত্রিপুরা এবং আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ প্রভৃতি সমস্তগুলি পশ্চিম-বঙ্গের সীমানার মধ্যে আসা উচিত।

তা ছাড়া অন্যান্য বঙ্গভাষাভাষী অঞ্চল বাদ দেবার জন্য কমিশন যে যুক্তি ও তথ্য দেখিয়েছেন সে সম্বন্ধে বহু বক্তা বিস্তারিতভাবে পুনঃপুনঃ নজীর দ্বারা বিশ্লেষণ ক'রে বলেছেন কমিশনএর যুক্তি কত ভুয়ো। আমি আর তার পুনরুক্তি করবো না।

দক্ষিণ ভারতের বেলায় তাঁরা ভাষাকে একটা প্রধান বিষয় জ্ঞান করেছেন। সেই হিসেবে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য গঠন করবার জন্য কমিশন সুপারিশ করেছেন। আমরা দেখতে পাচ্ছি কমিশন তাঁদের নিজেদের রিপোর্টএর ৮২ পৃষ্ঠায় ২৯৫ অণুচ্ছেদে তাঁরা যে যুক্তি দ্বারা ত্রিবাঙ্কুর-কোচিনের তামিল-ভাষাভাষী অঞ্চল মাদ্রাজের অন্তর্ভুক্তির সুপারিশ করলেন ফ্লোটিং পপুলেশন থাকা সত্ত্বেও ঠিক সেই যুক্তিতে ধানবাদকে বাংলার মধ্যে আনা উচিত ছিল।

আমার বাড়ি মানভূম জেলার সংলগ্ন। সবাই জানে আজও কোন বৈবাহিক সম্বন্ধ স্থাপন করতে গেলে তারা ভাগলপুর, মুঙ্গের বা অন্য কোথাও যায় না, তাদের যা কিছু সম্পর্ক সর্ব দিক থেকে এই বাংলার সঙ্গে, বাংলার মধ্যে। কাজেই চাস থানা বাদ দেবার কি কারণ? আমার মনে হয়, সেখানে সিন্ধ্রী পড়েছে ব'লে। তা ছাড়াও কমিশন বাংলার অন্যান্য ন্যায়সঙ্গত দাবী অস্বীকার করলেন ধানবাদ বাদ দেবার জন্য। কমিশন বললেন, পশ্চিমবঙ্গ-সরকারের কোন যুক্তি এ সম্বন্ধে গ্রহণ করবেন না। সুতরাং ধানবাদ দেওয়া যেতে পারে না। যেন পশ্চিমবঙ্গ-সরকারের অন্য সমস্ত দাবী কমিশন স্বীকার করেছেন। এক কথায় বলতে গেলে বলতে হয় —খলের ছলের অভাব হয় না। এখানেও ঠিক তাই হয়েছে।

ধলভূম সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। ধলভূমের লোক বাংলায় আসবার জন্য সবাই ব্যস্ত। তাঁরা এক বাক্যে বলেছেন, আমরা পশ্চিম বাংলার মধ্যে সংযুক্ত হতে চাই। সেখানে শতকরা ৯৫ ভাগ দলিল বাংলা ভাষায় লিখিত হয়। কাজেই আমরা চাই, জামসেদপুর সহর সহ সমগ্র ধলভূম। এটা বিহার কিছুতেই পেতে পারে না। শিল্প হ'লেই সেখানে বাইরের লোক আসবে। সেই অজুহাতে তাকে বাদ দেওয়া যায় না।

সাঁওতাল পরগণায়, আপনারা জানেন, ১৯২৫-২৬ খ্রীস্টাব্দে সেটলমেন্টএর সময় যে ম্যাপ তৈরি হয়েছে সেখানে হিন্দী ভাষায় কিছু লেখা হয় নাই, সবই হয়েছে বাংলা ভাষায়—রাজমহল, পাকুড়, জামতারা ইত্যাদি। ১৯২৫-২৬ সালে যেসব দলিল তৈরি হয়েছিল তা সমস্তই দেখা যায় বাংলাভাষায় লেখা হয়েছে। কাজেই সেই বাংলাভাষাভাষী অঞ্চল যেটা, সেটা বাংলা থেকে বাদ দেবার কোন কারণ বা কোন যুক্তি থাকতে পারে না।

[3-10—3-20 p.m.]

আর একটা কারণ যা তারা বলবার জন্য উদ্যত হয়েছেন সেটা হচ্ছে এই যে, বিহারের নাকি ক্ষতি হবে। বিহারের ক্ষতি হওয়ার কোন প্রশ্ন নয়, বাংলাকে বাঁচাতে হবে। তার বাঁচার ন্যায্য দাবী আদায় করতে গেলে যদি কোন প্রদেশের ক্ষতি হয় তাহ'লে সে ক্ষতিপূরণের ব্যবস্থা ভারত-সরকারকে করতে হবে। সে সম্বন্ধেও যুক্তি রয়েছে। কারণ, এটা আমার কথা নয়; দুই বৎসর পূর্বে কংগ্রেস পক্ষ থেকে হাজারীবাগ কন্সটিটিউয়েন্সি থেকে নির্বাচিত পার্লামেন্টএর

মেম্বার বাবু রামনারায়ণ সিংহ ঘোষণা করেছিলেন যে, বাংলার ন্যায্য প্রাপ্য বাংলাকে ফিরিয়ে দেওয়া হোক। তাতে বিহারের যদি কিছু ক্ষতি হয় তাহ'লে উত্তর প্রদেশের কয়েকটি সংলগ্ন জেলা, যা প্রকৃত হিন্দীভাষাভাষী, তাকে বিহারের সঙ্গে সংযুক্ত করা হোক। একথার সেদিন প্রতিবাদ শুনতে পাই নি। সুতরাং বিহারের চিন্তাশীল ব্যক্তি একথা পার্লামেন্টএ ঘোষণা করেছিলেন, কিন্তু দুর্ভাগ্যের কথা কমিশন সেদিকে যায় নি। এর একমাত্র কারণ কস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টম্, প্রীণিতে প্রীণিতং জগৎ। উত্তর ভারত সমগ্র ভারতের চিরকাল মালিক হয়ে থাকবে এবং যারা আজকে ভারতের কর্ণধার প্রধানমন্ত্রী থেকে আরম্ভ ক'রে স্বরাষ্ট্রমন্ত্রী পর্যন্ত—তাঁদের সবাইকে তুষ্ট করবার জন্য বাংলার দাবীকে পদদলিত ও উপেক্ষিত করা হয়েছে। সুতরাং বাংলাকে তার যোগ্য উত্তর দিতে হবে। তাঁরা হাওয়া তুলেছেন যে, গোয়ালপাড়া আসতে পারে না এবং আরও দুঃখের কথা যে, আমাদের অসমর্থ সরকার প্রকাশ করলেন যে, এখান থেকে গোয়ালপাড়ার শাসনব্যবস্থা চলতে পারে না। গোয়ালপাড়া শুধু ভাষা এবং সংস্কৃতির দিক দিয়ে বাংলাদেশের অবিচ্ছেদ্য অংশ তা নয়, তদন্তের প্রাক্কালে তাদের প্রতি যে অত্যাচার করা হয়েছে, অবমাননা করা হয়েছে, যে গুরুতর ক্ষতিসাধন করা হয়েছে এবং সম্পত্তি নষ্ট করা হয়েছে, সেইটাই হচ্ছে যথেষ্ট প্রমাণ যে, আসাম রাজ্যের মধ্যে গোয়ালপাড়া থাকলে তাদের সম্পত্তি, তাদের জীবন, তাদের শিক্ষাদীক্ষা নিরাপদ থাকা সম্ভব নয়। অন্য কারণ বাদ দিয়েও শুধু নিরাপত্তার জন্যই সমগ্র গোয়ালপাড়াকে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করা উচিত ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমাদের মুখ্যমন্ত্রী দাদাভায়ের সম্পর্ক স্থাপন করলেন; তিনি সেখানে যাবেন, তাঁরা এখানে আসবেন। কিন্তু আসামের প্রতি অহেতুক এই অনুকম্পার কারণ কি তা আমরা খুঁজে উঠতে পাচ্ছি না। অত্যন্ত বেদনা হচ্ছে যে, বাংলাদেশের মুখ্যমন্ত্রী তিনি বাংলাদেশের শুধু মুখ্যমন্ত্রী কি না? নতুবা তিনি বাংলাদেশের বিপক্ষে বিহার ও আসামের পক্ষে এ্যাডভোকেট নিযুক্ত হয়েছেন তাদের কেস সাপোর্ট করবার জন্য। এতে আমরা অত্যন্ত মর্মাহত হয়েছি। স্যার, আপনি বোধ হয় জানেন যে, আন্দামান ও নিকোবর বহুকাল থেকে বাংলাদেশ থেকে শাসিত হয়েছে। কলকাতার হাইকোর্টই তার বিচার করতেন। আন্দামান এবং নিকোবর দ্বীপপুঞ্জে পূর্ববঙ্গ থেকে আগত বহু রেফিউজিদের বসবাসের ব্যবস্থা করা হয়েছে। সেই আন্দামান এবং নিকোবর যদি পশ্চিম বাংলার অন্তর্ভুক্ত হয় তাহ'লে বাঙ্গালীর সংস্পর্শে এসে, বাংলা গভর্নমেন্টএর সংস্পর্শে এসে, তাদের সুযোগসুবিধা এবং বসবাসের একটা স্থায়ী ব্যবস্থা হবে। কিন্তু সেন্ট্রালি এ্যাডমিনিস্টার্ড হ'লে সেটা সম্ভবপর নয়। তার কারণ আমরা বহু জায়গায় প্রত্যক্ষ করছি যে, রেফিউজিদের নিয়ে যাবার সময় যে অবস্থা হয়, তাদের থাবার যে কষ্ট হয় এবং পরবর্তীকালে কি অবস্থাতে তাদের আবার বাংলাদেশে ফিরে আসতে হয়, সেদিক থেকে পশ্চিমবঙ্গ-সরকারের দায়িত্ব খুব কঠিন এবং তাদের দাবীকে আরও দৃঢ়তর করতে হবে এবং তাদের দুর্বল চিত্তকে পরিহার করা ছাড়া আর কোন উপায় নাই। উত্তর প্রদেশ সম্বন্ধে পানিক্কর যা বলেছেন সেটা সর্বজনবিদিত। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, উত্তর প্রদেশ সম্বন্ধে দুর্বলতাটা থাকা একটা স্বাভাবিক অবস্থায় দাঁড়িয়েছে। আজ পশ্চিম বাংলার দাবীকে বিভিন্নভাবে উপেক্ষা করার জন্য আমরা দেখছি যে, যিনি এই কমিশনএর চেয়ারম্যান ছিলেন, তিনি বহুকাল যাবৎ বিহার গভর্নমেন্টএর সঙ্গে ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন। এই অজুহাতে তিনি কোন অংশগ্রহণ না করলেও, প্রত্যক্ষভাবে না হ'লেও পরোক্ষভাবে, অন্যান্য সভ্যদের উপর যে প্রভাব বিস্তার করেছেন যে বিষয়ে কোন সন্দেহ নাই। এবং এই প্রভাব বিস্তারের জন্যই পশ্চিম বাংলার প্রতি এই কমিশনএর রিপোর্ট অবহেলিত। এটা বিশ্বাস না ক'রে আমাদের কোন উপায় নাই। অনেকে বলেছেন, এই বিষয়ে প্লেবিসাইট বা জনমতের প্রয়োজন আছে। কিন্তু তার কোন প্রয়োজন এখানে হয় নি। কারণ যা ডাইরেকটিভ এবং যা বিধান হয়েছে, তাতে কোন জায়গায় আমরা দেখতে পাই নি যে আমরা দাবী করেছি সেখানের জনসাধারণ পশ্চিম বাংলার সঙ্গে আসতে রাজি নয়। এরকম কোন প্রতিবাদও আমরা পাই নি। বিভিন্ন প্রদেশের সরকার এবং কংগ্রেসের কর্তৃপক্ষ প্রাদেশিকতার দাবী তুলে, সাম্প্রদায়িকতার ধুয়া তুলে, বিভিন্ন হুজুর ভয় দেখিয়ে উত্তর ভারতের সীমাকে সীমাবদ্ধ রাখবার জন্য অত্যন্ত চেষ্টা আমরা দেখতে পাই। কিন্তু পশ্চিমবঙ্গ-সরকারের এ বিষয়ে যা করণীয়, তা আমরা কিছুই এখানে দেখতে পাচ্ছি না। এর বিরুদ্ধে কি এ্যাকশন নেওয়া হয়েছে? বিহার গভর্নমেন্টএর সংশ্লিষ্ট মন্ত্রী

যে সাম্প্রদায়িকতার ধুয়া তুললেন এবং বিভিন্নভাবে যে সমস্ত আলোচনা করলেন সেটা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বা স্বাধীন রাজ্যের পক্ষে গৌরবের কথা নয়। এটা একটা অদ্ভুত ব্যাপার প্রমাণিত হচ্ছে, কিন্তু পশ্চিম বাংলায় যেখানে ৫৫ লক্ষ মুসলমান নিরাপদে থাকতে পারে সেখানে কয়জন লোক আসতে পারে না? কংগ্রেসের নেতৃবৃন্দ তাদের বাধ্য করেছে এইরকম কথা বলবার জন্য। তাই সেদিন বন্ধুবর লুৎফল হক সাহেব যেকথা বললেন তার সঙ্গে আমি একমত। এটা কংগ্রেসের দলের মধ্য দিয়ে প্রচার করবার চেষ্টা চলেছে যে, প্রাদেশিকতার ঊর্ধ্বে থাকতে হবে কিন্তু প্রাদেশিকতার বীজ কে বপন করেছে? বহুরকম প্রোভোকেশন থাকা সত্ত্বেও বাংলা এবং বাঙ্গালীরা ধীর, শান্ত; কিন্তু এরও একটা সীমা আছে। কিন্তু ভারত-সরকার একথা মনে রাখেন যেন, বাংলার লোক অত্যন্ত নিরীহ, তারা দাবী আদায়ে চিরকাল পশ্চাদপদ থাকবে সেকথা ভাবলে অত্যন্ত ভুল হবে। মহারাষ্ট্রের কথা ভাবলে এবং তার দিকে চেয়ে দেখলে ভারত-সরকারের চক্ষু উন্মীলিত হওয়া উচিত। আমি এই প্রসঙ্গে আর বেশি কথা বলবো না, তার কারণ সমস্ত বিষয়ে বিশেষভাবে আলোচিত হয়েছে। ভালভাবে যুক্তির দ্বারা বলা হয়েছে যে, ঐ সমস্ত বাংলাভাষাভাষী অঞ্চল বাংলার অন্তর্ভুক্ত হওয়া উচিত। কিন্তু এই দাবী আদায় করতে হবে কন্সটিটিউশনাল ওয়ে-তে। ভারত-সরকার আমাদের দাবী যদি স্বীকার না করেন তাহ'লে বাংলার বাঙ্গালী আত্মহত্যার জন্য প্রস্তুত থাকবে না। আজ জনসাধারণের মধ্যে দাবী উঠেছে যে, এই দাবী আদায় করবার জন্য বিধানসভা এবং বিধানপরিষদের মন্ত্রীমণ্ডলী এবং এখানকার সদস্যগণ পদত্যাগ করুক। আমি তাদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে এই কথা বলতে চাই যে, বাংলার মুখ্যমন্ত্রী বাংলার দাবী আদায় করবার জন্য যে শৈথিল্য ও উদাসীনতা দেখিয়েছেন তার জন্য তিনি পদত্যাগ করুন। বাংলার দাবী আদায় করবার জন্য তিনি ভারত-সরকারের সঙ্গে বোঝাপড়া করুন। এবং তার অনুসরণ ক'রে আমরা প্রত্যেকে প্রস্তুত আছি পদত্যাগ করবার জন্য এবং যেভাবে মহারাষ্ট্রের নেতৃবৃন্দ ধর্মমতনির্বিশেষে ঐক্যবদ্ধ হয়ে তারা জানিয়েছে এবং তার জন্য সেখানের কংগ্রেসের নেতৃবৃন্দ ভারত গভর্নমেন্টকে বাধ্য করেছে, বাংলাকে ঠিক সেই পথে অগ্রসর হতে হবে। তা যদি না হয় তাহ'লে চিরকালের জন্য এই কথাই লিখিত থাকবে এবং ভবিষ্যৎ বংশধর কোন দিনই ক্ষমা করবে না যে, বাংলার শাসনব্যবস্থার ফলে বাংলার সর্বনাশ হয়েছে। আমরা এই কথা বিশ্বাস করি এবং পুনঃপুনঃ বলি যে রাজনীতির ঊর্ধ্বে থেকে বাংলা এবং বাঙ্গালীর প্রতি যে অবিচার চলেছে এই অবিচারের একমাত্র কন্সটিটিউশনাল উপায় হবে পদত্যাগ করা এবং গভর্নমেন্টএর কাছ থেকে আদায় করা। তা যদি না হয় তাহ'লে পরে যে আন্দোলন গ'ড়ে উঠবে এ্যাসেম্বলির বাইরে সমগ্র দেশ সমগ্র বাংলাব্যাপী তা অতি ভীষণ। বাংলার জনসাধারণ এখন চিন্তা করছে, তারা লক্ষ্য করছে তারা কোন্ পথে যায়। যদি বৈধভাবে সম্ভব না হয় তাহ'লে তখন এমন একটা গণচেতনার উদ্ভব হবে যার ফলে এমন একটা প্রতিকূল অবস্থা দেখা দেবে যার পরিণাম হয়ত সব সময় শুভ হবে না। আমরা কেউই চাই না যে, প্রাদেশিকতা বর্ধিত হোক এবং বাংলার সীমা বৃদ্ধি করবার জন্য একটা অহেতুক গোলমালের সৃষ্টি হোক, কিন্তু বাধ্য হয়ে যদি এটা করতে হয় তবে সেদিন কিন্তু ভারত-সরকার এবং তথা পশ্চিমবঙ্গ সরকারই দায়ী হবেন জনসাধারণ হবে না। তাই আমার পুনঃপুনঃ অনুরোধ, যিনি বাংলার মুখ্যমন্ত্রী, যার উপর বাঙ্গালী যথেষ্ট আস্থা স্থাপন ক'রে থাকতো, কিন্তু গত ৬ তারিখে কাউন্সিলএ তাঁর যে উক্তি—গোয়ালপাড়া আমরা চাই না, জামসেদপুর আমরা চাই না ইত্যাদির মধ্য দিয়ে যে মনোভাব ব্যক্ত হয়েছে এতে বাঙ্গালী হিসাবে আমরা অত্যন্ত ব্যথিত হয়েছি। তিনি হয়ত জানেন না সেইজন্য সাধারণ বাঙ্গালীর সঙ্গে আলোচনা করলে দেখতে পাবেন যে, তারা তাঁর বিবৃতি পড়ে অত্যন্ত দুঃখিত হয়েছেন—এই আমার শেষ অনুরোধ যে, বাংলাকে বাঁচাতে হবে এবং তার ন্যায্য দাবী আদায় করতে হবে। এই করার জন্য যা করণীয়, যা করা সম্ভব এবং যা অসম্ভব তা করার জন্য আমরা দলমতনির্বিশেষে প্রত্যেকটি বাংলার সন্তানকে আমরা অনুরোধ করি এবং এ না করলে ভবিষ্যতে যে আমাদের সর্বনাশ হবে তা সকলেই জানেন। অতএব এই বিষয়ে কোনক্রমে কালক্ষেপ করার দুর্বলতার ও দ্বিধাচিত্ততার কোন কারণ থাকতে পারে না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

Sj. Narendra Nath Sen: Mr. Speaker, Sir, the recommendations of the States Reorganisation Commission with regard to West Bengal

have given us a shocking surprise; for, we find that while the Commission laid sufficient stress on the principle of linguistic States and has followed the same in the case of the South Indian States, it has given a go-by to it when dealing with the claims of West Bengal. Sir, it appears that Bengal, which contributed so much and even voluntarily vivisected herself for the country's emancipation, is destined to suffer and to be deprived of her rightful dues. Sir, we have heard the history of the territorial jurisdiction of Bengal which at one time extended to the whole of North India. We have also heard how unfortunate Bengal gradually lost her territory for imperialistic necessity till she reached her present small dimension. We also know that with a view to curb the revolutionary movement that was growing up in Bengal and to check its spread in other areas, the British Government, in 1912, took off from Bengal a large portion of the Bengali-speaking areas and also Bihar, till then a part of Bengal, and formed the separate province of Bihar and Orissa. Since then there have been continued demands for the restoration of these Bengali-speaking areas to Bengal. Even responsible leaders like Tej Bahadur Sapru, Sachidananda Sinha, Deep Narayan Singh, Md Fakruddin and others in their public utterances supported this claim of Bengal. The Indian National Congress also, at a meeting in 1911 after the annulment of Bengal Partition, passed a resolution requesting the Government to place all the Bengali-speaking districts under one and the same administration. Since then, formation of linguistic States has been the accepted policy of the Congress.

দিকেই ঝোঁক দেওয়া হয়েছে, অর্থনৈতিক দৃঢ় ভিত্তি তাঁদের চাই। যেহেতু চাস থানায় অনেক খনিজ সম্পদ রয়েছে, তাই চাস থানার সমস্ত অধিবাসীই বাংগলাভাষাভাষী হওয়া সত্ত্বেও বিহারের আর্থিক সংগতির দোহাই দিয়ে তাহাকে পশ্চিমবাংলায় দেওয়া হয় নাই। যদি বলা হয় যে, জামসেদপুর চাই, তখন বলা হয় যে, সেখানে নানা জায়গার লোক এসেছে, কাজেই সেটা নিলে বিহারের অর্থনৈতিক দুর্দশা চরমে উঠবে। কিন্তু আমি বলি, আমাদের পাট, আমাদের কয়লা কি সেন্ট্রাল গভর্নমেন্ট কন্ট্রোল করেন না? তা ছাড়া সিন্ধ্রী, চিত্তরঞ্জন প্রভৃতি বড় বড় শিল্প কেন্দ্রীয় সরকারের অধীনে থাকুক এবং টাটা প্রভৃতি ও বিবিধ খনি জাতীয়করণ করা হ'ক এ আমরা চাই। আমরা বলি, যেখানে বড় বড় শিল্প প্রতিষ্ঠান হয়েছে বা হবে সেখানে সেন্ট্রাল গভর্নমেন্ট তার সংগে সংযোগ রাখবেন, তাতে আমাদের সম্পর্ক নাই। আমাদের দুর্গাপুরে ইস্পাতের কারখানা হচ্ছে। সেখানে বহিরাগত এখনও কিছু নাই, কিন্তু সেখানে কাজ আরম্ভ যখন হবে সমগ্র দেশের কুলি-মজুর থেকে আরম্ভ করে সর্বশ্রেণীর লোক তখন সেখানে আসবে, তখন সেই যুক্তিতে হয়ত একদিন বলা হবে যে, দুর্গাপুর তোমাদের থাকবে না। আমরা বলতে চাই, যেগুলি সেন্ট্রাল গভর্নমেন্টের অধীনে রাখবার তা রাখা হ'ক, সে বিহারেই হোক, বাংলায় হ'ক, উড়িষ্যায় হ'ক বা যেখানেই হ'ক। আর একটা কথা বাংলা-বিহার আলাদা রাষ্ট্র নয়। কোন রাষ্ট্রের ঘাটতি পড়লে কেন্দ্রীয় সরকার রয়েছেন, তাঁরা সেই ঘাটতি পূরণ করবেন। আজ বিহারের সংগে ঝগড়া হচ্ছে, তারা আমাদের মিরজাফরের জাত বলছে। তার জবাব দিতাম কিন্তু তার জবাব নরেন বাবু দিয়ে গেছেন। কিন্তু আমি বলতে চাই, সেখানকার ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ, তিনি কলির শ্রীকৃষ্ণ হতে পারেন কিন্তু বিহারের যখন জন্ম হয় নি ১২০ বছর আগে তখন কি করে ঐসব জায়গা বিহারে থাকতে পারে? আমাদের দেশে ঘোড়ার ডাক্তার নামে এক-প্রকার ডাক্তারের কথা শুনি, তাকে চোখে দেখি নাই, আমরা জানি না, তিনি কোন শ্রেণীর ডাক্তার। আজ সেই শ্রীকৃষ্ণ সিংহ কংগ্রেসী প্রধানমন্ত্রী হয়ে যদি এই রকম অবাস্তব এবং অসত্য জিনিস লোকের সামনে ধরতে পারেন, কংগ্রেস হাইকম্যান্ডের সেটা বিচার করা উচিত। বিহারের যে সভ্যতা তার সংগে আমরা বাংলার সভ্যতার তুলনা করতে চাই না। বঙ্কিমচন্দ্র রবীন্দ্রনাথের দেশে আমাদের জন্ম, স্বাধীন ভারতের দুটি জাতীয় সংগীতেরই স্রষ্টা আমাদের এই বাংলাদেশেরই। আমরা বিহারের ভৈঁষা সভ্যতার সংগে লড়াই করব না। [হাস্য] আমরা বিহারের ভায়েদের সংগে লড়াই করতে চাই না, আমরা লড়াই করব জওহরলালের সংগে, কেন্দ্রীয় সরকারের সংগে। তিনি সর্বঘটের কাঁঠালি কলা হয়ে বসে আছেন। তাঁর ৫৪টা জেলাবিশিষ্ট উত্তরপ্রদেশ, কিন্তু তার পান থেকে চুন খসবে না। জওহরলালই ত অগ্রসর হয়ে বলতে পারতেন বিহারের হিন্দী ভাষাভাষী ভায়েদের তোমরা আমাদের পূর্বদিকে ৩টে বা ৪টে জেলা নিয়ে নাও, বাংলাকে ত বাঁচাতে হবে। তিনি যদি স্বার্থশূন্য হয়ে দৃঢ়ভাবে একথা বলে এগিয়ে আসতে পারতেন, তবে আমার দৃঢ় বিশ্বাস, বিহার সে জায়গায় হয়ত আপত্তি করতে পারত না। সেইজন্য আমি দৃঢ়ভাবে এই দাবী জানাই যে, তিনি চুপ ক'রে বসে থাকবেন, আর কমিশনকে লেলিয়ে দেবেন—তাতে হবে না। তিনি আমাদের বলবেন, তোমাদের অভিমত পাঠিয়ে দাও—তা বললে হবে না। এধারে তিনি বিশ্বে পঞ্চশীল করছেন, আমাদের দেশে একটা কথা আছে "ঘর জ্বালানে—পর ভোলানে", আমাদের দেশে অভাব-অভিযোগ যা আছে সেদিকে কিছু করবেন না, এখানকার সমস্যার সমাধান করবেন না, অন্যদিকে পঞ্চশীল করছেন। এই শীলের শিলাবৃষ্টি পশ্চিমবঙ্গের প্রতিও একটু হ'ক, এইটুকু দাবী করছি। অন্যদিকে আতঙ্কিত হচ্ছি বৈবাহিকের মাথা নাড়ায়। তিনি হচ্ছেন জাতীয় বৈবাহিক রাজা গোপাল আচারিয়া। তিনি বলেছেন এখন বেড়ালছানা বার করো না, চুপ করে থাক ১৫ বছর পর্যন্ত। কিন্তু আমরা তা চাই না, আমরা চাই এখনই এ সমস্যার সমাধান হ'ক, পরিষ্কার লিংগুইসটিক বেসিসএর উপর। আমরা তো দেখেছি রাজাজী অস্ত্রোপচারে খুব দক্ষ ও উৎসাহী। ভারত ভাগ করায় তাঁর উৎসাহ তো আমরা জানি। তাই এখানের অস্ত্রোপচারে তাঁর এই উদার ভাব কেন? এর আগে বিধানসভায় ডাঃ রায় বলেছিলেন ঐ লিংগুইসটিক বেসিসএর প্রস্তাবটা তুলে নাও, পূর্ব বাংলা থেকে যেসব উদ্বাস্তু এসেছে তাদের পুনর্বাসনের কথা নিয়ে সেই যুক্তি নিয়ে আমি বলব—তোমরা সকলে যদি আমাকে একমত হয়ে শক্তিশালী কর এই জিনিসটায় যে, এইটেই পশ্চিম-বঙ্গের দাবী, তাহলে আমি এইটে নিয়ে যাব এবং বোঝাতে চেষ্টা করব। আমরা তখন ভেবে-ছিলাম যে, এই জিনিসটে হলে তিনি বুঝিয়ে আনতে পারবেন। কিন্তু এই আশঙ্কা প্রকাশ

করেছিলাম যে, লিঙ্গুইসটিক কেন বলব না? ১৯৫৩ সালে এ বিষয়ে যে বক্তৃতা করেছিলাম তাতে বলেছি সেই লিঙ্গুইসটিকএর উপর জোর না দেওয়ার ফলে বাংলার উপর আজ এই সর্বনাশ হতে চলেছে। সেইজন্য এখন বলতে চাই লিঙ্গুইসটিক বেসিসএর কথা কংগ্রেসই ঘোষণা করেছিলেন, লিঙ্গুইসটিক বেসিস বিহারের তৎকালীন সর্বজনমান্য নেতারা স্বীকার করেছেন এবং বার বার করে কংগ্রেস অধিবেশনে এবং মহাত্মা গান্ধীর সম্মুখে তৎকালীন কংগ্রেস ওয়ার্কিং কমিটি যে কথা সমর্থন করেছিলেন আজ সেই জিনিসটা যদি বানচাল করা হয়, বাংলা খণ্ডিত হলেও সেটা কখনও ক্ষমা করবে না, সহ্য করবে না। এবং সমস্ত প্রদেশ জুড়ে এমন বিপ্লবের আগুন ছুটে যাবে যাতে ইংরেজ ত কি সত্যিকারের ইংরেজের অনুকরণে কোন সাম্রাজ্যবাদীর কোন সয়তানি মতলব থাকে তা পুড়ে ছাই হয়ে যাবে। অবশ্য এ জিনিস আমরা চাই না। সেইজন্য আমরা মানে মানে বলতে চাই, পশ্চিমবঙ্গের দাবী যে আমাদের পশ্চিমবাংলার সংলগ্ন যত বঙ্গভাষাভাষী অঞ্চল তা আমাদের দিতে হবে। এক জায়গায় বলা হয়েছে, গোয়ালপাড়ার ব্যাপার নিয়ে যে দ্বিভাষী রাজ্য করা হ'ক কমিশনারের শাসনে এনে। আমি জিজ্ঞাসা করি, কোন্ কমিশনার? সেন্ট্রালের না আসাম গভর্নমেন্টের কমিশনার? আমরা সে ধোঁকা শুনতে চাই না। আমরা পরিষ্কারভাবে এই কথা বলতে চাই যে, কোচবিহারের সঙ্গে সংশ্লিষ্ট গোয়ালপাড়া, তাকে নিশ্চয়ই পশ্চিমবাংলায় দিতে হবে। আর ত্রিপুরার কথা, সেখানকার লোকের সমবেত দাবী, তারা যতদূরেই থাক তাদের সেটা পুরাপুরি বঙ্গভাষাভাষী অঞ্চল, তারা যদি স্বেচ্ছায় সেই আসামে যে আসাম বাঙাল খেদার জন্য প্রসিদ্ধ, যার অনেক বিবরণ এখানকার বহু মাননীয় সদস্যরা দিয়ে গেছেন তার পুনরুল্লেখের প্রয়োজন নাই, যার জন্য তারা অত্যন্ত ভীত সন্ত্রস্ত, তাদের আসামে থাকতে হবে বলে তাদের যদি না নেওয়া হয় সংশ্লিষ্ট নয় বলে, তাহ'লে গুরুতর অন্যায় করা হবে। পাকিস্তান সরকার যদি করাচী থেকে পূর্ব বাংলা তারা শাসন করতে পারে অন্য রাষ্ট্রের উপর দিয়ে, তাহ'লে ত্রিপুরাকে আমাদের যে সমস্ত রাজ্য ভারতীয় ইউনিয়নের মধ্যে আছে তার মধ্য দিয়ে কেন ম্যানেজ করতে পারব না? ম্যানেজ করার কথা উঠেছে বলেই একথা বললাম।

তারপর আন্দামান ও নিকোবরের কথা উঠেছে। সে সম্বন্ধে পূর্ববর্তী বক্তারা যে যুক্তি দিয়েছেন সেসব আপনারা শুনেছেন, উদ্বাস্তু পুনর্বাসনের বেলায় তাদের বলা হচ্ছে তোমরা সেখানে যাও, সে স্বর্গতুল্য, কিন্তু তাকে স্বর্গতুল্য বাঙালীরাই ত যেয়ে গড়ে তুলেছে। সে জায়গা পশ্চিমবঙ্গের মধ্যে আনবার জন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি।

আর একটা কথা, অন্য যেসব অত্যাচারের কথা তা বহু জায়গায় বলা হয়েছে। এখন এই-মাত্র টেলিগ্রাম এল, ঘাটশিলায় উদ্বাস্তু পুনর্বাসনের কথা বলা হয়। সেখানে তারা বলেছে—লিঙ্গুইসটিকএর কথা যদি বল বিপদ হবে। বিহারীরা বলবে তোমরা আমাদের এখানে থাক, প্রজা হয়ে থাক, কেউ কিছু বলবে না। কিন্তু যদি লিঙ্গুইসটিকএর কথা বল, এমন গুঁতো দেব যে, মুখ ফুটে বলা চলবে না। আমরা সেদিন কয়েকটি ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলাম, তাঁরা মানভূম, সিংভূম অঞ্চলের ভূতপূর্ব এম, এল এ। বিহারীদের গুঁতোর ফলে এখনও পর্যন্ত তাঁদের গায়ের ব্যথা শুকায় নাই। অহিংস সভ্যতার যে নমুনাস্বরূপ তাদের উপর যে লাঠি-পেটা চলেছিল তার ব্যথা এখনও মরে নি।

এই যে টেলিগ্রাম ঘাটশিলা থেকে এসেছে বাঙালী উদ্বাস্তু পুনর্বাসনের জন্য, সেখানে সেখানকার রাজা ভালো ব্যবস্থা করেছিলেন উদ্বাস্তু পুনর্বাসনের জন্য চমৎকার জায়গার ব্যবস্থা করেছিলেন। কিন্তু গভর্নমেন্ট সে জায়গায় রাজার যে জমি দিয়েছিলেন সেই জমি হঠাৎ বনবিভাগকে দিয়েছেন। অথচ তার কোন প্রয়োজন ছিল না। হঠাৎ একটা পরিষ্কার জায়গা পেয়ে বনসৃজনের ব্যবস্থা হল। এবং বহু বাঙ্গালী বহু অর্থ ব্যয় করে বনবাসের ব্যবস্থা করতে গিয়ে সর্বস্ব হারাতে বাধ্য হয়েছে, শুধু তাই নয়, আমার কাছে রিপোর্ট আছে—পশ্চিমবঙ্গ বিধান পরিষদের চেয়ারম্যান ডাঃ সুনীতিকুমার চ্যাটার্জিকে সেখান থেকে উৎখাত করার চেষ্টা ও ষড়যন্ত্র চলছে।

সেজন্য এই পরিপ্রেক্ষিতে সমস্ত জিনিসটা ভেবে এবং চিন্তে আমরা কারও উপর জোর করে কিছু চাপাতে চাই না, কাউকে শোষণ করতে চাই না কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলব

যে, আমরাও শোষিত হতে চাই না। কেউ আমাদের উপর জোর জবরদস্তি করবে, এটাও আমরা চাই না। আমরা চাই ভাষার ভিত্তিতে রাষ্ট্রকে পুনর্গঠিত করতে। পার্শ্ববর্তী বিহার এবং উড়িষ্যায় যদি সর্ববিধ উন্নয়ন হয় তাতে আমরা কোন আপত্তি করি না। কিন্তু পশ্চিম-বাংলারও যাতে কোনদিক দিয়ে কোন অসুবিধা হয় এটা আমরা কখনও চাইব না। কাজেই পরিষ্কারভাবে আমরা এই দাবী পেশ করি এবং সমস্ত হাউসের পক্ষ থেকে আমরা এই কমিশনের রিপোর্টের তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং এটাকে নাকচ করছি এবং বলছি নূতন করে এটা রচিত হ'ক ও শ্রীজওহরলাল নেহরু সেই রিপোর্ট রচনা করে সেটা প্রকাশ করুন, এই আমাদের দাবী।

[6-5 – 6-15 p.m.]

Sj. Pijush Kanti Mukherji:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এস,আর,সি, রিপোর্ট পড়লে এই কথাই মনে হয় যে কোন যুক্তি দিয়ে সিদ্ধান্ত স্থির করা হয় নি। সিদ্ধান্ত যেন আগেই তৈরি হয়েছিল এবং সেটার সমর্থনে খানিকটা যুক্তির অবতারণা করা হয়েছে। এস,আর,সি, রিপোর্টএ বিশেষভাবে পশ্চিম-বঙ্গের বিষয় অনুধাবন করলে এটাই স্পষ্টই প্রতীয়মান হয়। তা না হলে দক্ষিণ ভারতের পক্ষে যে যুক্তি এবং নীতি গ্রহণীয় বলে মনে হয়েছে, সেটা এক্ষেত্রে হয় নি কেন? পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চল নিয়েই আমি আলোচনা করছি।

গোয়ালপাড়ার কথা আমি বলি। এসম্বন্ধে প্রথমেই কমিশন বলেছেন ১৯৫১ সালের সেন্সাসের সঙ্গে ১৯৩১ সালের যে সেন্সাস তার যে পার্থক্য তার কোন সন্তোষজনক কৈফিয়ৎ তাঁরা পান নি এবং তার চেষ্টাও করেন নি। কিন্তু এই ১৯৫১ সালের সেন্সাসের উপর নির্ভর করে তাঁরা এমন কিছুও পান নি যার দ্বারা এমন কথা বলা যায় যে ওখানকার মেজরিটি বাংলাভাষায় কথা বলে না। আশ্চর্যের বিষয় যে সমস্ত দায়িত্বশীল ব্যক্তি নিয়ে এই কমিশন গঠিত, তাদের কাছ থেকে এই সমস্ত উক্তি খুবই দুঃখের বিষয় এবং ক্ষোভের বিষয়। ১৯৩১ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত যদি সেন্সাসের হিসাব নিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে সমস্ত গোয়ালপাড়ায় শতকরা ৫৪ জন বাঙ্গালী এবং ধুবড়ী মহকুমায় শতকরা ৫৯ জন বাঙ্গালী। বাঙ্গালীর সেখানে দুটো ভাগ -মুসলমান এবং হিন্দু। এই মুসলমানদের প্রায় সমস্তই রংপুর এবং ময়মনসিং থেকে আগত এবং যে হিন্দু সম্প্রদায় আছে, তারা সাধারণতঃ রাজবংশী। হিন্দু বাঙ্গালী রাজবংশী কমিউনিটির লোকেরা উত্তর বাংলার জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, পুর্ণিয়ার খানিকটা অংশে ছড়িয়ে আছে এবং পাকিস্তানের খানিকটা অংশেও ছড়িয়ে আছে। এরা একই বংশোদভূত লোক। তাদের বাংলা থেকে বিচ্ছিন্ন করবার কি কারণ থাকতে পারে বুঝি না। এই গোয়ালপাড়ার বাঙ্গালীরা যে ভাষায় কথা বলে অন্ততঃ ১০ জন সদস্য আমাদের এই বিধানসভায় সেই ভাষায় কথা বলেন। তা ছাড়াও আমাদের বাংলাভাষায় [illegible] বলে, নেপাল থেকে যখন তারা মেচি নদী পার হয়ে আসে তখন তাদের বলা হয় মেক। এই মেক সম্প্রদায়ের কোন কথ্যভাষা ছাড়া বাংলায় যারা আছে তাদের লিখ্য ভাষা বাংলা। গোয়ালপাড়া জেলার মেক অধিবাসীরা সম্পূর্ণ বাংলা ভাষায় লেখে এবং বাঙ্গলাই তাদের দ্বিতীয় মাতৃভাষা। তাই বাঙ্গালীদের সঙ্গে এই মেক জাতি যোগ করলে পরে অত্যধিক পরিমাণ বাংলাভাষাভাষী পাওয়া যায়। সুতরাং একে বাংলার অন্তর্ভুক্ত না করবার কোন কারণ থাকতে পারে না। যদি যোগাযোগ এবং শাসনতান্ত্রিক ব্যবস্থার কথা বলতে হয় তাহলে বলবো যে যোগাযোগের দিক দিয়ে একটি বড় ট্রাঙ্ক রোড কুচবিহার হয়ে আসামের মধ্যে চলে গেছে এবং জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ার মহকুমা অবধি দুটি মোটরেবল রোড গোয়ালপাড়ার মধ্য দিয়ে চলে গেছে। এ ছাড়াও আসাম লিঙ্ক রেলপথ দ্বারাও সংযুক্ত। শুধু তাই নয়, কুচবিহার এবং জলপাইগুড়ি জেলার ডাঙ্গা, নিউল্যান্ড, হাঁসিরা, এয়ার ফিল্ড সেককন, ১১ মিনিট থেকে ১৫ মিনিটের রাস্তা এই ধুবড়ী। সুতরাং যোগাযোগ প্রভৃতির দিক দিয়ে ন্যায়সঙ্গতভাবে এটা পশ্চিমবঙ্গেরই অন্তর্ভুক্ত হওয়া উচিত। শাসনগত সুবিধাও যথেষ্ট পরিমাণে আছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন মাল এবং সমস্ত নিত্য প্রয়োজনীয় দ্রব্য যে পথে চলাচল হয় সেটা আসাম রেল লিঙ্ক পথ নয়। আসাম রেলে অনেক সময় মাল যাতায়াত বন্ধ

থাকে যার ফলে ধুবড়িই একমাত্র স্থান যাতে করে নদীপথে মালপত্র আনতে হয়। আমাদের এলাকার সমস্ত পরিমাণ চা এবং পাট ধুবড়ি দিয়েই যাতায়াত করে যার জন্য অনর্থক ট্যাক্স দিতে হয় আসামকে। আমাদের নিত্যপ্রয়োজনীয় জিনিষ যা কলিকাতা থেকে যায় তা ঐ জায়গা মারফত আসে। মোট যে পরিমাণ জিনিষ আমাদের এখান থেকে যায় অর্থাৎ ৪০ হাজার ব্রডগেজ ওয়াগানে যে পরিমাণ মাল যায় সেই পরিমাণ মালই ঐ রাস্তা দিয়ে চালু হয়, অর্থাৎ মোট মালের শতকরা ৮০ ভাগ একমাত্র ধুবড়ী দিয়ে যায়। সরবরাহ পথ হিসাবে ধুবড়ী এবং নদীপথ আমাদের অপরিহার্য। শুধু যোগাযোগ, শাসনতান্ত্রিক এবং ভাষাগত দিক দিয়েও নয়, অন্যান্য দিক দিয়েও বাংলার সঙ্গে এদের যোগাযোগ অতি গভীর। সামান্য কয়েকটা বছর ছাড়া বরাবরই বাংলা এদের সঙ্গে সংযুক্ত। কিছুদিন পূর্বেও এই কুচবিহারের রাজবংশ গোয়ালপাড়ার উপর রাজত্ব করে এসেছেন। এইসব কারণ থাকা সত্বেও কমিশন যে কি করে এই রিপোর্ট দিলেন, তা বুঝা দুঃসাধ্য। অর্থাৎ সিদ্ধান্তে তাঁরা আগেই পৌঁচেছিলেন, কেবল যুক্তি দিয়ে খানিকটা দেখাবার জন্য একটা প্যারাগ্রাফএর মধ্যে তাঁরা শেষ করে দেবার চেষ্টা করেছেন কিন্তু যেখানে নিতান্তই না দিলে নয়, সেখানে নানা যুক্তির অবতারণা করে সামান্য একটু অংশ দিয়েছেন পূর্ণিয়ার। তাও যদি ঠিকমত দিতেন, তাহলে যোগাযোগ সম্পূর্ণ হোত কিন্তু তাঁরা তা করেন নি। তা না করে সেটি বঞ্চিত করেছেন। পূর্ণিয়া জেলার অধিকাংশ লোকের বাংলাই মাতৃ-ভাষা। উত্তরবঙ্গে কুচবিহার, জলপাইগুড়ি, গোয়ালপাড়া, এবং পশ্চিম দিনাজপুরে যে সমস্ত লোক বাস করে তারই একটা অংশ পূর্ণিয়া জেলায় বাস করে। কিন্তু একথা বলা হয়েছে যে তারাও যে ভাষায় কথা বলে যদিও সেটা উত্তরবঙ্গীয় ভাষা কিন্তু তারা অন্য ভাষায় লেখে। কিন্তু সেটাই একমাত্র কারণ হতে পারে না। কারণ ইতিহাসের দিক দিয়ে যদি আমরা দেখি তাহলে দেখবো যে পূর্ণিয়া বাংলার সঙ্গে সংযুক্ত ছিল এবং তা ছাড়া যোগাযোগের কথা যদি বলা যায়, তাহলে ফরাক্কা ব্যারেজ করে হবে এবং রেলওয়ে লাইন করে তৈরি হবে তার উপর নির্ভর করে এবং তার জন্য অপেক্ষা করে থাকলে আমাদের চলবে না। আমাদের যোগাযোগ ব্যবস্থা এখনই বিপর্যস্ত এবং তা এখনই স্থাপনের প্রয়োজন। সেজন্য কেবলমাত্র ঐটুকু আমাদের প্রয়োজন নয়, সমস্ত জেলাটাই আমাদের প্রয়োজন। এবং কাটিহারটাও তার সঙ্গে আমাদের দরকার। শুধু তাই নয়, সাঁওতাল পরগণার যে অংশে সাঁওতালদের বাস সেই এলাকাটাও আমাদের প্রয়োজন। শুধু প্রয়োজনই নয়, অনেক বক্তাই বলে গেছেন যে সেখানকার সাঁওতালদের দ্বিতীয় মাতৃভাষা বাংলা। শুধু তাই নয়, সাঁওতাল পরগণাকে যদি বাংলার মধ্যে আনা যায় তাহলে অধিকাংশ ভারতের সাঁওতালই এক এলাকার মধ্যে এসে যায় এবং তার ফলে কৃষ্টিগত-ভাবে তাদের উন্নতি করবার সম্ভাবনা সমধিক। সুতরাং সাঁওতাল পরগণা কেবলমাত্র বাংলার স্বার্থের জন্য নয়, সাঁওতাল সম্প্রদায়ের বিশেষ কল্যাণের দিকে লক্ষ্য রেখে এই এলাকা বাংলার মধ্যে আসা প্রয়োজন।

[6-15—6-25 p.m.]

এ ছাড়া ধলভূমের যে এলেকা সে সম্পর্কে বলা হয়েছে যে সেখানে বাংলাভাষাভাষীর সংখ্যাধিক্য সুতরাং সেটা বাংলায় না আসার কোন কারণ নাই। যে কমিশন এত দায়িত্বসম্পন্ন ও মর্যাদাসম্পন্ন ব্যক্তি দ্বারা গঠিত তাদের কাছ থেকে এরকম একটা রিপোর্ট বেরোবে তা বাঙ্গালী আশা করতে পারে নি। বিশেষ করে এ বিষয়ে আমি বলতে চাইছি যে, কমিশনের যে চেয়ারম্যান ফজল আলি তিনি বিহারের অধিবাসী বলে বাংলা ও বিহার সম্বন্ধে বিশেষ কিছু বলতে চান নি কিন্তু আমি জানতে চাই তিনি বিচারপতি থাকাকালীন বিহারী ও বাঙ্গালী সম্পর্কে যে সমস্ত মামলা হয়েছে তাতেও তিনি সে পন্থা অবলম্বন করেছেন কিনা? সুতরাং আমি একথাই বলবো তার যে আচরণ বা কাজ তার এই স্টেটমেন্টএর ফলে তার মর্যাদা খানিকটা ক্ষুন্নই হবে। আজ এখন যে উচ্চক্ষমতাসম্পন্ন কমিশন রয়েছে যাতে ভারতের বিশিষ্ট নেতাদের হাতে রাজ্য পুন-র্গঠনের ভার দেওয়া হয়েছে তাতে আশা করি এবং দেশের জনতাও আশা করে যে বিচারে তারা সর্বরকম নিরপেক্ষতা দেখাবেন এবং আমরা বিশ্বাস করি যে সম্পূর্ণভাবে কোন রাজ্য বা প্রদেশের প্রতি কোন পক্ষপাতিত্ব না করে নিজেদের মতামত দেবেন। এবং সেই নিরপেক্ষ বিচারের ফলে বাংলাভাষাভাষী যেসব অঞ্চল আছে সেই সমস্ত অঞ্চল বাংলাকে ফিরিয়ে দেবার পন্থা অবলম্বন করবেন।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্য পুনর্গঠন কমিশনের সিদ্ধান্তের উপর আমরা এই কয়দিন ধরে এখানে আলোচনা করছি। আলোচনার মধ্য দিয়ে এটা পরিষ্কার হয়ে গিয়েছে যে বাংলার বিধানসভার এবং বাংলার প্রত্যেকটি মানুষ, কেহই বাংলা সম্বন্ধে যে সিদ্ধান্ত কমিশন করেছে সেটা গ্রহণ করতে পারছেন না। এই কমিশন বহু ক্ষেত্রে সঠিক সিদ্ধান্তে উপনীত হয়েছেন বটে কিন্তু কেন জানি না বিহারের, আসামের, উড়িষ্যার, বাংলার ব্যাপারে এমন সিদ্ধান্ত গ্রহণ করলেন? আমার অনেক বন্ধু অনেক কথা বলেছেন, আমি শুধু একথাই বলব যে, তাঁরা এদিক রাখি কি ওদিক রাখি এই ভাবতে ভাবতে একটা জোড়াতালি দিয়েছেন। কিজন্য এই কমিশনের প্রয়োজন হল? শুধু ভারতবর্ষকে পুনর্গঠন করবার জন্য। ভারত কোনদিন মহাভারত ছিল না। অনেকবার চেষ্টা হয়েছে ভারতকে মহাভারতের রূপ দেবার, কিন্তু পথ ভুল হওয়ায় প্রত্যেকবার ব্যর্থ হয়েছেন।

আমি বলব ভারতবর্ষের মধ্যে একতা আনবার ইচ্ছা থাকলেও ভারতবর্ষকে এক করবার ইচ্ছা থাকলেও তা হয় নি। ইংরাজরা এই ভারতবর্ষকে শেকলে বেঁধে দেখাতে চেয়েছিল যে, ভারতবর্ষ এক এবং আমরা ভারতবর্ষের সম্রাট। কিন্তু সত্যই সেই ভারতবর্ষ ঐক্যবদ্ধ শক্তিশালী ভারতবর্ষ ছিল না। ভারতবর্ষে প্রথমে এক হবার ইচ্ছার আভাস দেখতে পাওয়া যায় স্বাধীনতা আন্দোলনের সময় ইংরাজকে এই দেশ থেকে তাড়াবার সময় ভারতবর্ষের উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিমে প্রত্যেক ভারতবাসী একসঙ্গে ভাই ভাই হয়ে দাঁড়াবার চেষ্টা করেছে। সেদিন তারা ভেবেছিল, "ভারত হামারা দেশ হ্যায়"। এই সুর হ'ল ভারতবর্ষের মিলবার ইচ্ছা, মহাভারত সৃষ্টি করবার ইচ্ছা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ভারতবর্ষ বিদেশী শাসন থেকে মুক্ত হয়েছে, আজ ভারতকে নূতন রূপে আমরা দেখতে পাচ্ছি। আজকের এই আলোচনা শুধু বাংলা কতটুকু জমি পাবে, আসাম থেকে বিহার থেকে কতটুকু জমি পাবে এটা নয়। আজকে আলোচনা হচ্ছে সারা ভারতবর্ষকে কিভাবে গড়তে হবে, সে কিরকম ভারতবর্ষ। সেই ভারতবর্ষ হবে আমাদের ভারতবর্ষ। এই ভারতবর্ষে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠা করে একটা ভারতবর্ষ গড়ে তোলবার জন্য আজকে প্রয়োজন ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করা। ভাষা, মার দুধ যেমন মিষ্টি, মার দুধ যেমন শিশুকে শক্তি এনে দেয়, ভাষাও তেমনি মানুষকে মানুষ করে তোলবার প্রথম সহায়ক ও সহযোগিতা করে। আজকে আমরা সেইজনাই চাই। অর্থনৈতিক কারণ নয়, প্রশাসক কারণ নয়, শুধু একমাত্র ভাষার উপর ভিত্তি করে প্রদেশ গঠন করা, তার মধ্যে দিয়ে প্রত্যেক মানুষ নিজেকে গড়ে তুলতে পারবে। একটা মানুষ গড়ে তোলার সঙ্গে সঙ্গে একটা প্রদেশ গড়ে তুলতে হবে। সেইজন্য আমরা সঙ্গে সঙ্গে এই কথাও বলছি গ্রামগুলিকে এককরূপে গ্রহণ করা প্রয়োজন। গ্রামগুলিকে এককরূপে গ্রহণ করার প্রয়োজন এইজন্য আগামী দিনে আমরা যেভাবে দেশ গড়তে যাব সেই গ্রাম ও গ্রাম পঞ্চায়েৎ হবে তার মূল শক্তি। সেই এক ভাষাভাষী গ্রামগুলির মিলনের মধ্যে দিয়ে জেলা ও প্রদেশ গড়ে উঠবে এবং সেই এক ভাষাভাষী প্রদেশের, সমাজতন্ত্র ও সমাজব্যবস্থার মিলনের মধ্যে দিয়ে সারা ভারত নূতন রূপ নেবে। এই যে মহাভারতের রূপ আমাদের সামনে রয়েছে তাকে সফল করবার জনাই আমাদের দাবী। বাংলার এলাকার সংলগ্ন বাংলা ভাষাভাষী এলাকা, বিহার ও আসামের বাংলা ভাষাভাষী এলাকা এইজন্য আমাদের দাবী।

[6-25—6-35 p.m.]

যিনি আমাদের প্রধানমন্ত্রী তিনি বলতে গেলে সারা বাংলার কর্তা। তিনি ভুল পথে তাঁর দাবী উপস্থিত করে এসেছেন। ভাষার জন্যে নয়। কিন্তু তিনি চেয়েছেন শাসনের সুবিধার জন্য, বাস্তুহারাদের জমির অভাবের জন্য আর অর্থনৈতিক কারণে। আজকে শাসনের সুবিধার জন্য দেশকে ভাগ করা, জোড়া দেবার কথা যাঁরা বলেন, তাঁদের বলব শাসনের নামে, এই বাংলার বুকে ইংরাজ অনেক অত্যাচার করে গেছে। আজকে সারা ভারতবর্ষের প্রয়োজন হচ্ছে বাঙালীদের শোষণমুক্ত করবার জন্য, ভারতবাসীকে শোষণমুক্ত করবার জন্য যেভাবে দেশ গড়া উচিত সেইভাবে দেশ গড়ে তোলা। শাসনের জন্য নয়, অর্থনৈতিক কারণে নয়। আজকের অর্থনৈতিক

রূপ যেভাবে আছে বেশীদিন সে রূপ থাকবে না। খুব শীঘ্রই এর রূপ পরিবর্তন হবে। সেইজন্যে এই দুটি কারণ নিয়ে যারা দাবী করে এসেছেন তাঁরা ভুল করেছেন। আমরা সেজন্যে ভাষাকে, সংস্কৃতিকে এবং সংলগ্ন এলাকাকে বেশী গুরুত্ব দিয়েছি। গ্রামগুলিকে একক করে ধরলে আমি মনে করি খুব ভাল হবে। আমাদের দাবী এই এলাকার সংলগ্ন অন্য প্রদেশের সমস্ত জেলার উপর কেউ বা মহকুমার উপর করার কথা বলেছেন। আমি ভেবে দেখেছি হয়ত এমন একটা জেলা আছে যেখানে শতকরা ৬০ ভাগ বাঙালী আর ৪০ ভাগ বিহারী থাকেন। সেখানে বাংলার সীমানার দিকে যাঁরা আছেন তাঁরা বঙ্গভাষাভাষী এবং বিহার সীমানার দিকে যাঁরা আছেন তাঁরা হিন্দুস্থানী ভাষাভাষী। এইভাবে সমস্ত জেলা মহকুমা ধরে যদি আমরা সকলকে বাংলায় আনবার দাবী করি তাহলে আমরা বহু হিন্দী ভাষাভাষীকে আমাদের মধ্যে আনবার দাবী করছি। আমরা চাই না যে, বিহারের মানুষকে আমাদের ভিতর নিয়ে আসি, যাঁরা হিন্দী ভাষাভাষী বিহারী আছেন তাঁরা বিহারের উন্নতির জন্য স্বাভাবিকভাবে তাঁদের এলাকায় থাকতে চান। আমরা তাই প্রাণের কথা বলি। আর একটি কথা হচ্ছে এই যে, বাংলা এলাকার মধ্যে যাঁরা আসবেন গ্রামকে একক করে ধরে নিলেও বহু হিন্দুস্থানী আমাদের মধ্যে এসে পড়বেন। সেজন্যে আজ আমাদের করা উচিত, এটা ঘোষণা বলা উচিত এই বাংলার মধ্যে যাঁরা বিহারী আছেন, যাঁরা সাঁওতালী আসবেন, যাঁরা বঙ্গ ভাষাভাষী নন, এমন যাঁরা রয়েছেন বা আসবেন তাঁদের সকলের সুবিধার জন্য, তাঁদের ভাষা সংস্কৃতি রক্ষার জন্য, তাঁদের জীবনযাত্রার মান উন্নত করবার জন্য বিশেষ কিছু ব্যবস্থা করা হবে। আর একটি কথা বলব। আমরা কখনও বলি না দার্জিলিং বাংলার বাইরে। দার্জিলিং বাংলার ভিতরে এবং সেখানে পাহাড়ী ভাইয়েরা বাঙালী, কিন্তু তাঁরা বাংলায় কথা বলেন না। নিজের ভাষাতেই তাঁদের শিক্ষার ব্যবস্থা করা হোক, তাঁদের নিজেদের আচারবিচার, ভাষা-সংস্কৃতি রক্ষা করা প্রয়োজন, তাঁদের উন্নতির জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন, তাঁদের উন্নতির জন্য বিশেষ সুবিধা দেওয়ার প্রয়োজন। উক্ত যেসব এলাকার কথা বলা হয়েছে আসামের মধ্যে গোয়ালপাড়ার কথা, সাওতাল পরগনা, ধানবাদ, সিংভূম, ধলভূম এই সব এলাকার বাংলাভাষাভাষী এলাকা বাংলার মধ্যে নিয়ে আসা উচিত, না যদি আনতে পারি তাহলে শুধু আমাদের ক্ষতি হবে তা নয়, এই এলাকার মধ্যে যারা রয়েছেন বঙ্গভাষভাষী তাঁদেরও অত্যন্ত ক্ষতি হবে। এদিক থেকে আমাদের আন্দোলন জোরদার করতে হবে। আমাদের দাবীকে মিটাবার জন্য বাংলার সকল মতের লোককে একসঙ্গে, এক ভাষায়, এক কথায় দাঁড়াতে হবে। যিনি যে দলের হোন আশা করব এই আলোচনার পর তাঁরা মিলিত হবেন এবং মিলিত হয়ে বাংলার বাংলা কথায় এক ভাষায়, তাঁদের দাবী ভারত সরকারের কাছে জানাবেন। এই চেষ্টা করা আমাদের একান্ত কর্তব্য বলে মনে করি। আন্দোলন করতে হবে, আন্দোলন বাইরে আছে। সেই আন্দোলনের মধ্যে যেন শৃঙ্খলা থাকে। সেই শৃঙ্খলা সর্বতোভাবে বজায় রেখে আজ আমাদের একমত হয়ে একটি দাবী ভারত সরকারের কাছে পাঠান উচিত বলে আমি মনে করি। আমি মনে করি অন্য ভাষাভাষী এলাকায় বিহার, আসাম এবং অন্যান্য সংলগ্ন এলাকায় যে সমস্ত বাঙালী আছে সকলে বাংলায় আসুক। এই কথা বলে আমি সকলের সঙ্গে একমত হয়ে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Keshab Chandra Mitra: Hon'ble Mr. Speaker, Sir, I have heard many of my learned brother M.L.As' advancing arguments based on equity and cogent reasons against the Report of the States Reorganisation Commission. Like my predecessors, I would also emphasise that the report is disheartening to the people of West Bengal, because of the step-motherly treatment meted out to them. The report far from soothing the agonising effect caused by the partition of Bengal by the Radclift Award, has created an atmosphere of distrust, troubles and unrest in the minds of the people of West Bengal including the unlucky and wretched displaced persons from East Bengal migrating into West Bengal. Hon'ble Mr. Speaker, Sir, I am afraid that the present psychology of the people of West Bengal including the displaced persons is such that troubles may flare up at any moment creating havoc and bringing in utter ruin and distress among them.

Hon'ble Mr. Speaker, Sir, I would like to state that the recent announcement regarding the appointment of a High Power Committee to give an award on the report of the States Reorganisation Commission is only a mockery as by no stretch of imagination it can be presumed that the said Committee will do anything better than the States Reorganisation Commission. Utmost that the High Power Committee can do, will be to follow the steps of the States Reorganisation Commission Report. I would therefore like to draw the pointed attention of our beloved Prime Minister, Shri Jawaharlal Nehru, to the present circumstances prevailing in the State of West Bengal with regard to the misfortunes of the displaced persons and to the cogent arguments advanced by the press of West Bengal and other States of India and by the members of the West Bengal Legislature and to take upon himself the entire responsibility of the organisation of the different States of India, to which we must subscribe our wholehearted consent.

[6-35—6-45 p.m.]

Hon'ble Speaker, Sir, we note with utmost regret that the reputed personality like Shri Fazl Ali, Chairman of the States Reorganisation Commission, refrained from taking part in the deliberations relating to the question of Bengal-Bihar border readjustments because of his long and close relations with Bihar, which he should not have done, rather he should have resigned from the said committee before making such commitment in paragraph 676 of the States Reorganisation Commission Report If the President of the States Reorganisation Commission could not rise above the level of an ordinary man, I should say it is a regret that I am afraid in the aforesaid circumstances and in the considered judgment (paragraph 676) of Shri Fazl Ali, the custodian of equity, justice and good conscience throughout his life, no Indian could act as a judge in the States Reorganisation Commission.

Hon'ble Speaker, Sir, I will finish with a few words more. The States Reorganisation Commission has reported that West Bengal will have to give an undertaking to the people of Kishengunj if that area has to be ceded to West Bengal but queer and strange it is that no such undertaking was proposed to be demanded from Assam, when the Bengali-speaking area of Tripura was proposed to be made over to Assam though it was well known to the members of the States Reorganisation Commission that in Goalpara many atrocities were perpetrated, the victims being the Bengalis. The person in power in Bihar and Assam including members of the Congress Working Committee belonging to Bihar and Assam have been throwing gallons of venom and inciting hatred against the Bengalis and their legitimate claims on the areas of Bihar and Assam, as if West Bengal is not a part of India and as such there appears to be no sisterly relations between the different States of India. The members of the States Reorganisation Commission as it is evident from the report, were possessed with hesitation and hopelessly failed in their duty to cut out slices from the States of Uttar Pradesh and Bihar as if that would tantamount to the physical injury to the Prime Minister and the President and the final result was that the legitimate demands of West Bengal were neglected and thrown out. Hon'ble Speaker Sir, our West Bengal is distressed with the large influx of displaced persons from East Bengal and yet the Commission did not care to show the slightest sympathy for the unfortunate refugees. Mr. Speaker, Sir, with few words more I would finish my say and that is: Are not the 40 lakhs of the displaced persons entitled to be counted amongst the 36 crores of Indians? In all fairness these displaced persons should not be allowed to live like the nomads, just like the Jews of Europe. Should the displaced persons including

young girls and children coming from the ever-green Gangetic plains of Bengal and the granaries of India (East Bengal) go in search of food and shelter to the deserts of Kota and die there in millions to lighten the burden of the Indian Exchequer and ultimately get their places in the pages of Indian History to be lamented upon by the posterity? Is this the considered judgment of the 36 crores of Indians?

My request, therefore, to my friends in this House and to the people of West Bengal including my unfortunate brothers and sisters displaced from East Bengal would be not to rely on any such whitewashing committees but to depend on our own strength and capacity with a firm determination and honesty of purpose to extend our legitimate borders by all possible means.

With these words I take my seat.

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, স্টেটস রিঅর্গানাইজেশন কমিশনএর রিপোর্টের কথা বলতে গেলে, প্রথমে মনে পড়ে যে এটা হাই পাওয়ার কমিশন নিযুক্ত হয়েছিল কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। কিন্তু এদের মিশন ছিল খুবই হাই, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ আমরা দেখতে পাই, যখন এ'দের রিপোর্ট প্রকাশ করলেন, তখন প্রত্যেকটি দিকে দিকে দেখা গেল তাদের একটা মিশন তাঁরা ফুলফিল করেছেন যে স্টেটস রিঅর্গানাইজেশন কমিশন হ'ক বা না হ'ক,

they let loose hooliganism, communalism and provincialism.

এর প্রত্যক্ষ প্রমাণস্বরূপ আমি বলতে চাই যে ভারতবর্ষের বম্বে রাজ্যে, বিন্ধ্য প্রদেশে, সেন্ট্রাল প্রদেশে, পাঞ্জাবে, বাংলায়, আসামে এবং বিহারে এর প্রত্যক্ষ রিএ্যাকশন এখনি শুরু হয়ে গিয়েছে। আমি আশ্চর্য হয়ে যাই, এই ভেবে যে, যারা হাই পাওয়ার কমিশন নিযুক্ত হলেন তাঁরা তাঁদের সুচিন্তিত অভিমত দ্বারা কি সুফল এবং রাজ্য গঠনের যে ভিত্তি ধ'রে নিয়ে, তাঁরা যে আলোচনা করেছেন তার মধ্য দিয়ে তাঁরা কি উদ্দেশ্য সাধন করতে চেয়েছেন সেটা অন্ততঃ আমরা বাঙ্গালীরা ভেবে পাই না।

প্রথম কথা এই, বাংলা ও বাঙ্গালীর প্রশ্ন বিচার করতে গিয়ে কমিশন অত্যন্ত অন্যায় করেছেন এবং সেই দিক থেকে যদি আমরা বিচার করে দেখি তাহ'লে দেখতে পাব তাঁরা বিহারের জন্য যে পরিমাণ ওকালতি করেছেন, আসামের জন্য যতটা ওকালতি করেছেন, তার তুলনায় পশ্চিম বাংলার জন্য ততটা সুবিচার আদৌ করেন নাই। ১৯৫১-৫২ সালে আমাদের কেন্দ্রীয় সংসদে রাজ্য পুনর্গঠন সংক্রান্ত আলোচনাকালে ভারতের মহামান্য নেতা ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি ঐসমস্ত দিক আলোচনা ক'রে অকাট্য যুক্তি দিয়ে বাংলা এবং বাঙ্গালীর দাবী প্রতিষ্ঠিত করেছিলেন। সেই কথা বোধ হয় কেউ বিস্মৃত হন নাই।

[6-45—6-55 p.m.]

আমি আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, এই হাউসের সমস্ত সদস্য বহু তথ্য ও প্রমাণের দ্বারা তাঁরা প্রমাণিত করেছেন যে, কমিশন বহু জায়গায় স্ববিরোধী উক্তির দ্বারা নিজেদের উদ্দেশ্য ব্যর্থ করেছেন ব'লে আমি মনে করি। এবং এটা বাংলা ও বাঙ্গালীর পক্ষে অত্যন্ত নৈরাশ্যজনক সে কথা না বললেও সকলে বোধ হয় বুঝতে পেরে থাকবেন। এমন কি ডাঃ মুখার্জি যখন কেন্দ্রীয় সংসদে বাংলার দাবী প্রতিষ্ঠিত করলেন, তখন বাংলার কংগ্রেসী সদস্যরা ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের যে প্রস্তাব ছিল, তার বিরুদ্ধে ভোট দিয়েছিলেন। এটাও বোধ হয় মাননীয় সদস্যরা বিস্মৃত হন নাই। কিন্তু সেদিনের প্রায়শ্চিত্ত আজ তাঁদের করতে হবে। অত্যন্ত দুঃখের কথা যে, বাংলার বাঙ্গালীরা প্রকৃত নেতৃত্বের অভাবে জাতির যা সমস্যা তা শীঘ্র সমাধানে অগ্রণী হতে পারছে না। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী,—হয়ত, রূঢ় ভাষা হয়ে যাবে,—আমি বলব তাঁর উদারতায় কংগ্রেসের যে এপিজমেন্ট পলিসি, এবং ক্লৈব্য নীতি তার ছায়াতলে প'ড়ে বাংলার এবং বাঙ্গালীর শুধু সর্বনাশই করেছেন। এবং সেই সঙ্গে এ কথাও বলব

14

যে, প্রদেশ কংগ্রেসের যিনি সভাপতি তিনিও মানভূমের বাঙ্গালী ও গোয়ালপাড়ার বাঙ্গালীদের সর্বনাশ করেছেন। এ নিয়ে অনেক কথার আলোচনা হয়েছে, কিন্তু একটা কথা আমি সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই—ধলভূমের কথা অনেক সদস্য আলোচনা করেছেন, ভাষার দিক দিয়ে তারা বাংলারই অধিবাসী ছিল, এবং তারা আবার বাংলার সঙ্গেই যুক্ত হবার জন্য উৎসুক। এবং সেজন্য সংগ্রাম করতেও পশ্চাৎপদ নয়। কিন্তু সেখানকার কংগ্রেস কর্মীরা যখন বাংলার দাবী সমর্থনে আন্দোলন করতে প্রকৃতই প্রস্তুত আছে ব'লে স্বীকার করেছিল এবং তখন বাংলার কংগ্রেস সভাপতির নিকট এই সাহায্য চেয়েছিল যে বাংলাদেশের সংবাদপত্রগুলি যেন তাদের সাহায্য করে। কিন্তু বাংলাদেশের কংগ্রেস সভাপতি তা করেন নাই। এস.আর.সি.র কমিশনারদের নিকট যখন তারা সাক্ষী দেবার জন্য প্রস্তুত হয়েছিল সেই সময় এখানকার কংগ্রেস সভাপতি সেখানে গিয়ে হাজির হন, তাঁকে অভ্যর্থনা দিতে ও অভিনন্দন করতে তাদের সাক্ষ্য গ্রহণের নির্ধারিত যে সময় ছিল তা উত্তীর্ণ হয়ে গেল। তখন তিনি উপদেশ দিয়ে এলেন এখানে কোন সাক্ষী না দিয়ে দিল্লী চল এবং মৌলানা আজাদ প্রভৃতি নেতাদের কাছে বক্তব্য পেশ কর—তাতেই সুবিচার পাবে। আশ্চর্যের বিষয় এই যে, হাতের কাছে যে কমিশনাররা ছিলেন তাদের কাছে না গিয়ে দিল্লী যেতে তাদের তিনি উপদেশ দিলেন এটা অত্যন্ত দুঃখের বিষয় যে সেখানকার কংগ্রেস কর্মীরা প্রতারিত হয়েছেন বাংলাদেশের কংগ্রেস সভাপতির দ্বারা।

মিঃ স্পীকার, স্যার, তারপর বিহারে যখন বাঙ্গালীদের উপর, বিশেষ ক'রে মানভূমের বাঙ্গালীদের উপর নির্যাতন চলে তখন ডাঃ রায় গেলেন রাঁচীতে; সেখান থেকে ফিরে এসে তিনি বললেন—সেখানে বাঙ্গালী-বিহারী সমস্যা বলতে আর কিছু নাই, সব কিছু মিটে গেছে। যখন কংগ্রেস সরকার "হিন্দী রুশী ভাই ভাই" করছেন তখন ঘরের মধ্যে ভাইয়ে ভাইয়ে তুমুল কাণ্ড আরম্ভ হয়েছে। বাঙ্গালীর স্বভাবসিদ্ধ উদারতা ও কৃষ্টি রয়েছে, সে কোন রকম গুণ্ডামী করে নি, কিন্তু বিহার সরকার যেভাবে বাঙ্গালীদের উপর অত্যাচার করছেন তার বিচার কেন্দ্রীয় সরকার করছেন না। অথচ তাঁরা বলেন "হিন্দী রুশী ভাই ভাই" কিন্তু বিহারে বাঙ্গালী ভাইয়েরা যখন উচ্ছন্নে যায় সেটা সম্বন্ধে জওহরলালের কাছে যখন বলা হয় তখন তিনি বলেন—এটা হচ্ছে বাঙ্গালীর ও বিহারীর সমস্যা, আমার এতে কিছু করবার নাই। ঠিক সেই অবস্থা ঘটেছে আসামের গোয়ালপাড়ায়, সেখানকার সম্বন্ধে এস.আর.সি. আলোচনা করেছেন ঐতিহাসিক ভিত্তিতে, গোয়ালপাড়া সম্বন্ধে কমিশন বলেছেন এই স্থান বহুবার হস্তান্তর হয়েছে, কখনো বাংলায় কখনো আসামে। ইংরেজ সরকারের প্রসাদে যে অবস্থার সৃষ্টি হয়েছিল সেটার জন্য কি বাঙ্গালী দায়ী? আর একটা কথা আমি এখানে বলছি, ধলভূম এবং গোয়ালপাড়া এই দুটি জায়গা সব সময়ই দুই প্রদেশের সীমান্তবর্তী স্থান হওয়ায় যে বহু বার হাত বদল হয়েছে সেটা ঐতিহাসিক বিবরণ থেকে তাঁরা জানেন ব'লেই বুঝেছিলাম, কিন্তু তবু তাঁরা বলেছেন এ দুটি বাংলাকে দেওয়া যায় না। পূর্ণিয়া জেলার ভিতর দিয়ে একটা করিডর দেবার ব্যবস্থা হয়েছে। কি রকম স্ববিরোধী যুক্তি তা বলছি। কিন্তু গোয়ালপাড়া ও ত্রিপুরা ও কাছাড় জেলার মধ্য দিয়ে সংলগ্নতা নাই ব'লে এবং আশ্চর্যের কথা যে বাংলার প্রধানমন্ত্রী দাবী করেন নি ব'লে বাংলাকে দিতে রাজী হন নি; অর্থাৎ তাঁরা বলতে চেয়েছেন যে বাংলা গভর্নমেন্ট বা বাংলা কংগ্রেস যেহেতু চায় নি অতএব এ দেওয়া যায় না। যেন বাংলা সরকার যা চেয়েছেন তাই তাঁরা দিয়েছেন। তাঁরা বলতে চেয়েছেন যেহেতু তারা চায় নি তাই পাবে না। যদি উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণবঙ্গের সংলগ্নতা নাই ব'লে অতি কৃপাপরায়ণ হয়ে সামান্য একটুখানি করিডর দেবার ব্যবস্থা ক'রে থাকেন তাহ'লে গোয়ালপাড়া ও ত্রিপুরার ভিতর লুসাই হিল ও গারো হিলের ভিতর দিয়ে বাংলার সঙ্গে সংলগ্নতা রক্ষার ব্যবস্থা করা হ'ল না? এবং গারো হিল ও লুসাই হিল এ দুটোই বাংলা প্রদেশের অন্তর্গত ছিল এটা ঐতিহাসিক সত্য। আজকেও তাদের যে ভাষা—তাদের দ্বিতীয় ভাষা বাংলা, আসামী তাদের ভাষা নয়। কাজেই তারা আজ যদি আসামের সঙ্গে যায় তাহ'লে তাদের আসামী ভাষা শিখতে হবে এবং বাংলার সঙ্গে থাকলে বাংলা ভাষা শিখতে হবে। সে ত একই কথা। কিন্তু ওখানে একটা ব্যবস্থা করেছেন অথচ এখানে করলেন না।

তৃতীয় কথা বলা হয়েছে যে, জামসেদপুর এবং মানভূমের ভিতর চাস থানা এবং ধানবাদ সম্বন্ধে বলা হয়েছে যে এগুলো গেলে বিহারের অর্থনীতি বিপর্যস্ত হবে। অদ্ভুত কথা! বাংলা আজ যে ম'রে যাচ্ছে তার অর্থনীতি নিয়ে! তা সত্ত্বেও বিচার হ'ল যে বিহারের অর্থনীতি

বিপর্যস্ত হবে। আমি বলব বিহারের কোন দিন স্বাধীন অর্থনীতি ছিল না। তাদের চিরকাল কলিকাতা এবং দিল্লীর উপর নির্ভর করতে হয়েছে। তাদের যা কিছু বাণিজ্য ও যাতায়াতের ব্যবস্থা সমস্তই নির্ভর করে এই কলিকাতার লাইনে। আজ অর্থনীতির দিক দিয়ে যদি তাদের উন্নত করতে হয় তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ও বিহার সরকারের। তারজন্য বাংলার প্রতি অবিচার কেন হবে? আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় আমাদের বাংলার আইনসভায় চিরকালই শুনিয়ে এসেছেন যে বাংলার অর্থনীতির সর্বনাশ হয়ে যাচ্ছে, কেন্দ্রীয় সরকার সুবিচার করছেন না। এটা সত্য কথা। অন্যান্য প্রদেশে কৃষিজাত দ্রব্যের উপর তাদের রাজ্যসরকারের যে অধিকার আছে বাংলার বেলা সম্পূর্ণভাবে সেটা অস্বীকার করা হয়েছে, এবং অত্যন্ত অন্যায় ও অবিচার যে করা হয়েছে সে সম্বন্ধে এস,আর,সি, রিপোর্টে উল্লেখ করা হয় নি। আজ বাঙ্গালী এবং বাংলাদেশের পক্ষ থেকে কোনদিনই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে—কংগ্রেস সরকার সেখানে প্রতিষ্ঠিত—এবং কংগ্রেসের তরফ থেকেও কোনদিন বাংলার প্রতি সুবিচার করা হয় নি। তার পরিণাম হয়েছে পূর্ব পাকিস্তানে ⅔ অংশ চ'লে গেছে। আর আজ যখন বাংলা দাবী করছে তার নিজস্ব জিনিসটুকু যেটুকু সব সময়েই বাংলাদেশের ছিল—বিহারের কোন অংশ ত দাবী করছে না বা আসামের কোন অংশও দাবী করছে না যে আমাকে দাও—তখন কেন তা শোনা হবে না? আজ এই হাউসের সমস্ত সদস্যের মিলিত দাবী মানভূম সমগ্র জেলা, ধলভূম জামসেদপুর সহ, সাঁওতাল-পরগণার পূর্বাংশ এবং কিষাণগঞ্জ মহকুমা এবং গোয়ালপাড়া, কাছাড় এবং ত্রিপুরা। তার সঙ্গে আন্দামান এবং নিকোবর এই দুটো দ্বীপও দাবী করছে। এরমধ্যে পরের জায়গা নেবার কথা ওঠে না।

[6-55—7-5 p.m.]

আশ্চর্যের ব্যাপার! আজ বিহার গভর্নমেন্ট বা আসাম গভর্নমেন্টএর কাছে আমাদের যে জিনিসটুকু গচ্ছিত ছিল তাই আমরা ফিরে চাচ্ছি। ভ্রাতৃবিরোধের সঙ্গে বাঙ্গালীর কোন সংস্পর্শ নেই। বাঙ্গালী কোন জাতি বা সংলগ্ন কোন রাজ্যের সঙ্গে ঝগড়া করতে চায় না। সে চায় তার ন্যায্য প্রাপ্যটুকু নিজস্ব যেটুকু তার ছিল সেইটুকু পাবার দাবী সে আজকে করছে। আজ বড়ই দুঃখের কথা যে, বাংলার বহু সমস্যা আছে। বাংলার আশা ছিল একদিন সেই সমস্ত সমস্যার সমাধান হবে স্বাধীনতা পেলে পর, কিন্তু স্বাধীনতা পাবার পর বাংলার উপর কি কংগ্রেস, কি কেন্দ্রীয় সরকার, সর্বদাই অত্যাচার, অবিচার, অন্যায় জবরদস্তী চালিয়ে যাচ্ছে। এস,আর,সি, রিপোর্টএর মধ্যেও আমরা সে জিনিস দেখতে পাই। সেজন্য আমি বলছি এস,আর,সি, রিপোর্ট হাই পাওয়ার কমিশন কর্তৃক রচিত এটা সত্য যে এর হাই মিশন হচ্ছে বাংলাকে হৃতসর্বস্ব ক'রে এবং সম্পূর্ণভাবে বিকলাঙ্গ ক'রে ম্যাপ থেকে মুছে ফেলা। সেইজন্য এস,আর,সি,র বিরুদ্ধে আমাদের অভিযোগ—ভাষাভিত্তিক তথ্যের দিক দিয়ে, ভৌগোলিক সংশ্লিষ্টতার দিক দিয়ে, নৈসর্গিক, প্রাকৃতিক সীমারেখার দিক দিয়ে, অর্থনৈতিক সংস্থানের দিক দিয়ে, প্রশাসনিক ব্যবস্থার দিক দিয়ে, সাংস্কৃতিক সাদৃশ্যের দিক দিয়ে, সামাজিক আদান-প্রদান, বৈষয়িক বিধিব্যবস্থা এবং নিরাপত্তা বিধানের দিক দিয়ে—এই সকল দিক দিয়ে আমরা বলবো যে, এস,আর,সি, রিপোর্টএ তারা সম্পূর্ণভাবে বাংলার উপর অন্যায় অবিচার করেছে। আমাদের যে দাবী সেটা অত্যন্ত ন্যায়সঙ্গত দাবী, তার বিরুদ্ধে নূতন ক'রে বলবার কিছু দেখছি না। কয়েকদিন পূর্বে নিউ বেঙ্গল এ্যাসোসিয়েশন ১৯৪৮ সালে বিহারের দশ হাজার বর্গমাইল চেয়েছিল, নলিনীরঞ্জন সরকারের স্মারকলিপিতে ষোল হাজার বর্গমাইল চাওয়া হয়েছিল, ওয়েস্ট বেঙ্গল এ্যাসেম্বলি ১৯৫২-৫৩ সালে সেই একই দাবী উত্থাপন করেছিল, কিন্তু ওয়েস্ট বেঙ্গল প্রভিন্সিয়াল কংগ্রেস কমিটি তাঁরা চেয়েছিলেন ১৩ হাজার ৯৫০ বর্গমাইল এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কমিশন দাবী করেছিল প্রায় বার হাজার, কিন্তু এস,আর,সি, করলেন কি—সমস্ত আলোচনা ক'রে শেষ পর্যন্ত বললেন যে, স্টেট গভর্নমেন্ট যা চেয়েছে তার এক-তৃতীয়াংশ বা প্রভিন্সিয়াল কংগ্রেস কমিটি যা চেয়েছে তার এক-চতুর্থাংশ। এটা কি ভিক্ষা, কোন্ যুক্তিতে তাঁরা একথা বলেন? আইনের দিক দিয়ে, যুক্তিতর্কের দিক দিয়ে, ঐতিহাসিকতার দিক দিয়ে, ভাষা ও পরিসংখ্যান তথ্যের দিক দিয়ে, সমস্ত দিক দিয়ে কোন্ যুক্তি দিয়ে তাঁরা একথা বলেন যে, ভিক্ষার স্বরূপ এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ দেওয়া হবে। কংগ্রেস থেকে একথা বরাবর বলা হয় যে, বাঙ্গালী ভিক্ষা করছে, বাঙ্গালী কাঁদছে, কিন্তু বাঙ্গালী কাঁদে না।

বাঙ্গালী দেখছে তার উপর অবিচার হচ্ছে কিন্তু কংগ্রেসী সরকার আজ অন্যায় ও অবিচারের জ্ঞান পর্যন্ত হারিয়ে ফেলেছে। আমি একথা বলবো সমস্ত কংগ্রেসের বিরুদ্ধে এবং কংগ্রেস পরিচালিত সরকারের বিরুদ্ধে আমাদের অভিযোগ, তারা সমস্ত অন্যায়কে সমর্থন ক'রে চলেছে। এর প্রায়শ্চিত্ত তাদের একদিন করতে হবে। আজ আমি অত্যন্ত আনন্দিত যে, হাউসএর সমস্ত সদস্য—কি কংগ্রেস, কি বিরোধীদল—তারা সমষ্টিগতভাবে একই দাবী জানিয়েছে। আজ আমি মাননীয় সদস্যদের কাছে এই এ্যাপীল করবো তাদের নিজের নিজের দলের আদর্শ এবং পন্থা হয়ত বিভিন্ন হতে পারে কিন্তু বাঙ্গালী হিসাবে, বাংলার দাবী হিসাবে তারা সমষ্টিগতভাবে আজ যে দাবী তুলতে পেরেছেন. সেই দাবী যদি গ্রাহ্য না হয় তাহ'লে পর আমরা একযোগে সমস্ত সদস্য মিলে বাংলার জনগণের কাছে বলবো যে, আজ কেন্দ্রীয় সরকার বাংলাকে এইভাবে প্রতারিত করতে চায় এবং তার প্রতিকারের ব্যবস্থা বাংলার জনগণ তাদের নিজের হাতে করবে। আজ বাংলার প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন ডাক্তার রায় এবং এই বাংলার প্রদেশ কংগ্রেসের সভাপতি। বাংলার প্রতি যদি কোন দরদ তাঁদের থাকতো তাহ'লে তাঁরা এইভাবে বিশ্বাসঘাতকতা করতে পারতেন না। আজ ধলভূমে বাঙ্গালী এখন মার খেয়ে মরে, লোকসভার কর্মীরা মার খেয়ে মরে, সেখানকার বিধানসভার সদস্য এবং কেন্দ্রীয় পার্লামেন্টএর সদস্যরা যখন অপমানিত হয় তখন আশ্চর্য হয়ে যাই, ভাবি যে বাংলার কংগ্রেস সভাপতির এবং প্রধানমন্ত্রীর তার জন্য এতটুকুও মর্মবেদনা প্রকাশ পায় না। তাই আমি এই কমিশনএর রিপোর্টএর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করি। আমরা আজ বাংলার জনগণের কাছে এই কথা প্রকাশ করতে চাই যে, এই বাংলার কংগ্রেস সভাপতি এবং বাংলার প্রাধনমন্ত্রী কিভাবে বাঙ্গালীর আশাআকাঙ্ক্ষাকে রুদ্ধ ক'রে দাঁড়িয়েছেন। বাংলার প্রতি কিভাবে তাঁরা অন্যায় করেছেন একথা আমি সমস্ত বাংলার কাছে তুলে ধরতে চাই। আর কংগ্রেস কর্মিগণও তাদের দ্বারা প্রতারিত হয়েছে। সব সময়েই তাদের ভাঁওতা দেওয়া হয়েছে—তোমরা অপেক্ষা কর, কংগ্রেস হাই কম্যান্ড তোমাদের উপর সুবিচার করবে এটা সম্পূর্ণ ধাপ্পাবাজী। তাই আমি বলবো, যে যে মতেরই সমর্থক হন না কেন, বাংলার এই দাবী যদি প্রতিষ্ঠিত না হয় তবে ঠিক মহারাষ্ট্রের মত আমরাও সমস্ত একযোগে এই আইনসভা পরিত্যাগ ক'রে বেরিয়ে যাবো এবং আমরা দেখিয়ে দিতে চাইব যে, বাংলা আজকে নেতৃহীন হ'লেও বাংলার ন্যায্য দাবী আদায় করবার ক্ষমতা বাঙ্গালীর আছে। বাঙ্গালী বাঁচুক, তাহ'লেই ভারতবর্ষ বাঁচবে। ভারতবর্ষের ক্ষতি ক'রে বাংলা নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় না কিন্তু বাংলা আত্মপ্রতিষ্ঠিত হতে চায় শুধু বাংলার জন্য নয়, সমগ্র ভারতবর্ষের জন্য। আজ এস,আর,সি, রিপোর্ট জাতীয় নিরাপত্তার হত্যাই হয়ে দাঁড়িয়েছে ব'লে আমার ধারণা এবং সেইজন্যই আজ সমস্ত দেশ, সমস্ত ভারতবর্ষ জুড়ে এত বিক্ষোভ। এই ব'লে আমি এস,আর, কমিশনএর রিপোর্টএর তীব্র বিরোধিতা করছি এবং আমি আশা করি বাংলা জয়যুক্ত হবে।

Janab Golam Hamidur Rahaman: Mr. Speaker, Sir, we have been summoned in this session for the purpose of giving expression to our views on the States Reorganisation Commission's Report, and in giving my views, I will try to be very brief, specially when enough has been said regarding our demands for the territories of Bihar and Assam by my friends on both sides of this House. Our struggle for independence from the foreign yoke was started more than six years back by the Indian National Congress; and Bengal of all the Provinces in India took a leading part in the movement. So her sufferings and tribulations knew no bounds. The then foreign Government (Britishers) did all it could to suppress this natural craving of the Indian minds. Among other things Bengal which led this movement was sought to be partitioned in order to create communal problems to suit the purpose of the Imperialist Government. Out of greater Bengal present Bihar was created in the year 1912 as Lord Curzon's effort to partition Bengal on communal basis failed in the year 1905. It is a settled fact and nobody will deny that districts of Manbhum, Dhalbhum, Purnea and Santhal Parganas for which we placed our demands before the Commission were part and parcel of greater Bengal. Of this only a slice of Manbhum district, viz., Purulia excepting Chas thana

and a portion of Kishanganj in the district of Purnea including the Revenue thana of Gopalpur have been recommended for cession into Bengal. The terms of references to the Commission were not complied with by the States Reorganisation Commission especially in respect of the claims of West Bengal, and it is why we feel that justice has been denied to us. The portion of Kishenganj area recommended by the Commission does not help us to get a geographical contiguity with the district of North Bengal as some land to the east of Mahananda near Thakurganj falls in Pakistan. Therefore the recommendation is no solution for the existing grievances regarding communication and administrative difficulties.

Without including the Katihar subdivision of Purnea and some portions of Santhal Parganas as detailed hereinafter the rail link between the two parts of West Bengal cannot be usefully established.

[7-5—7-15 p.m.]

The present States Reorganisation Commission recommendations have on the contrary created fresh problems for West Bengal and the principle accepted by the States Reorganisation Commission *vis-a-vis* the link between the two parts can be implemented only on certain contingent development. It is still a matter of dispute whether at all we can have the Farakka barrage (and not a railway bridge) in view of the international aspect of the matter. Even if we accepted for the sake of argument that the Farakka barrage will be completed within a reasonable time, it has perhaps not been appreciated that such completion does not necessarily ensure a railway link between the two parts of West Bengal. Our contention is that the possibility of fresh railway link as implied in the States Reorganisation Commission recommendation requires to be examined here closely before we can come to the conclusion that the problem of link between the two parts can be solved.

The national highway may be of some advantage after further expenditure on construction of a number of bridges on the Ganges and the Mahananda. But the national highway can in no way solve the purpose of rail link whether on considerations of trade and commerce, military movement, etc. Even if the areas recently demanded by the W.B P.C.C. be conceded the corridor problem would still remain to be solved. No rail link is possible directly from Malda to Barsoi due to the fact that the entire area is subject to annual inundation.

On the other hand, the existing railway link between the two parts of West Bengal *via* Santal Parganas and Katihar subdivision of Purnea is of great importance to West Bengal and can give an immediate and direct link West Bengal's border coincides with that of Bihar at Pakur and the existing line runs upto Sakrigali Ghat. Across the Ganges again the line runs from Manihari Ghat to Katihar and from thence to Barsoi. This area lying about 12 miles away from Rajmahal coal fieds is predominated by Bengali-speaking people. From West Bengal's administrative point of view, this link will be very useful while causing no economic loss to Bihar.

This existing railway line covers portions of Manihari police-station, portions of Katihar police-station lying to the east of the line, and portions of Katwa police-station and whole of Ajimganj police-station.

Under the present arrangement, that is, if the existing rail link be not conceded and even after the completion of Farakka barrage, the railway will leave West Bengal near Rajganj, continue in Bihar upto Dalkhala and then again enter Bihar for three stations, Thakurganj, Galgalia, etc., and then again into West Bengal near Siliguri.

Above all what strikes me most is the condition imposed by the States Reorganisation Commission for the safeguard of the Muslim population of the Kishenganj area. It is still more surprising that the Bihar Assembly adopted a resolution opposing the States Reorganisation Commission recommendation by saying that since the culture and social habit of Kishenganj Muslims are not one and the same with those of Muslims of West Bengal, they will not yield an inch of the land without plebiscite. We raise our voice of protest against this sort of remark and say emphatically that the resolution itself is vitiated by communal feeling so decried by the well-wishers of our country.

We Muslims of West Bengal have identical culture so far our religion is concerned with all the Muslims of the world.

I belong to Raiganj, a place contiguous to Kishenganj area, and I claim to know Kishenganj people more than anybody else. I have connection with some of the distinguished families of Kishenganj. Not only mine but several other relations of mine in West Bengal have matrimonial connections both ways with Kishenganj Muslims. Besides, Sir, I feel that the shedding of tears of Bihar Government for the Muslims of Kishenganj is purely hypocritical. Their argument that the Muslims of Kishenganj will not get fair deal in West Bengal is a distinct aspersion on our Government and we as Muslims of West Bengal do challenge it most emphatically. The Indian Constitution has guaranteed us equal rights and we are proud to enjoy them equally with all our brothers of the other community.

We are still in an infant stage and our independence and our march towards progress has been unique. All evil forces disrupting the solidarity, we have attained, need be curved by a strong hand.

We have our leaders often raising the question of Indian solidarity just to shelve the question of Bengal's life and death. Is not the present injustice to Bengal reducing the solidarity of India to a myth? If India as a whole cannot spare just a breathing space for the dying Bengalees, who showed the way as to how to die for India, if they cannot rise above consideration of petty provincialism in times of the distress of a friend in need and a friend indeed, how does it lie in their mouth to talk of Indian solidarity? It is now the turn of West Bengal to think and feel for Bengal and to give Bengal her due. It will be a calamity of the first magnitude if the Indian leadership weakens and errs at a time when it is imperative on them to be just and strong and to take correct decisions. Bengal's necessity for land is greater than anybody else's. Her claims are just and equitable.

Sj. Narbahadur Gurung: Mr. Speaker, Sir, having come to this House from a place which bears a totally different historical background, I will be singing song in a totally different tune which perhaps will sound foreign to my friends here in this Assembly. Darjeeling has become a popular name not only to the people of West Bengal, but to people of all over India. It is so loved and caressed not only by people of diverse nationalities of Indian character but also by the people of foreign countries. Some say it is the "land of flowers"—some call her the land of snows—others say the homeland of Tenzing Norkay, the Mount Everest hero, and some one has called it "Cinderella of Bengal". People from the plains go to Darjeeling in search of Cinderella, while the poor Cinderella goes out in the wilderness in search of her Godfather.

Sir, looking back to the history of Darjeeling district we find that the area west of river Teesta belonged to Sikkim State and areas to the east of

river Teesta, viz., Kalimpong subdivision together with western Dooars belonged to Bhutan. The areas west of river Teesta was taken as grant by the British from the Maharaja of Sikkim for Sanatorium purpose. Later in 1855 Kalimpong and western Dooars were ceded to the British territories. Historically, therefore, Darjeeling neither belonged to Bengal nor to Bihar although for administrative purposes it was placed both under Rajshahi Division and Bhagalpur Divison of Bengal and Bihar.

The people of Darjeeling are linguistically, culturally and ethnologically different from the people of the plains of Bengal and Bihar. This is a fact which nobody within and without this Assembly would deny. It was on this ground we demanded this area to be administered by the Central Government. If you look back to our memorandum submitted to the Prime Minister of India and later to the States Reorganisation Commission, you will find that we laid more stress on our demand to have the district of Darjeeling to be directly administered by the Centre over the other two alternative demands which lost their grounds by the time the States Reorganisation Commission was appointed.

Sir, if any one had cared to diagnose the reasons why the people of Darjeeling wanted to break away from West Bengal and applied the proper and right method, perhaps the solution could have been found out long before the States Reorganisation Commission's visit to Darjeeling. But it was unfortunate that the Government of West Bengal and the Congress leaders, instead of trying to cure the disease, however small be it, tried to hide it. To quote an instance—when the States Reorganisation Commission visited Darjeeling the West Bengal Provincial Congress Committee in their supplementary memorandum submitted that the Nepali-speaking population was 20 per cent., Bengali-speaking 14.3 per cent and Hindi-speaking 6.8 per cent. The Lepchas and Bhutias being 4 per cent. only, the total comes to 45.1 per cent. It is not understood who constituted the rest of the population, viz., 54.9 per cent. I hope they are not Chinese. This is the way how the Congress tried to distort facts.

The grievances are there. The Government know the grievances of the people. Yet there is something lacking which prevents the two to come together and break the knot. I fully realise the difficulties and the injuries done to West Bengal by the partition and as a result of that the refugee problem.

[7-15—7-25 p.m.]

West Bengal needs more land with its density of population and I fully support the claims of West Bengal for more territories on the economic and administrative grounds, forgetting the linguistic aspect.

But at the same time, Sir, I should like to lay stress in strong terms before this Government the general grievances of the people of Darjeeling and strongly press for the implementation of States Reorganisation Commission's recommendations to the district of Darjeeling taking as a minority linguistic group. For instance, most of the grievances of the hill people are based on grounds of discriminatory treatment by the local authorities, such as the Deputy Commissioner, Superintendent of Police and other officials of All-India Services, who belong to the majority group. If this is done away with as suggested by the States Reorganisation Commission on page 231, paragraph 855, by gradually appointing 50 per cent. of them from outside the State, this differential treatment will die out in course of time.

The States Reorganisation Commission has recommended on page 212, paragraph 784—"If seventy per cent. or more of the total population of

a district is constituted by a group, which is a minority in State, the language of the minority group and not the State language, should be the official language in that district".

> "The position of Uttar Pradesh in the Union of India is something which no one interested in the reorganisation of the States of India can legitimately overlook. It contains over 63 million people or over one-sixth of the population of India. It is divided into 51 districts and the average population in each district is over 1 2 million. An army of officials, nearly 2 lakhs 60 thousand is required to administer it. The uniqueness of this position will become apparent when it is remembered that the next largest State in India, Bihar has only a population of 40 million."

Then he says in paragraph 2:

> "I consider it essential for the successful working of a federation that the units should be fairly evenly balanced Too great a disparity is likely to create not only suspicion and resentment but generate forces likely to undermine the federal structure itself and thereby be a danger to the unity of the country "

Sir, one is puzzled when we find that the members of the Commission have, through what influence we do not know,—as if there was a cramping influence upon them—in deciding the case of West Bengal thought of maintaining the status quo of Bihar. They never thought that even if the balance is disturbed a slice out of Uttar Pradesh, which is an unmanageable State in area, population and in administrative districts, could be given. Sir, it has been shown also conclusively that the Uttar Pradesh has not been spending as much the same proportion as West Bengal is spending in spite of its deficit budget. West Bengal has been a truncated Province and West Bengal started with zero in finance when they took up the administration; whereas the other States in India had the advantage of having their own Governments since 1937, yet we find that

their progress is nothing compared to what we have done in West Bengal for the purpose of bettering the standard of life of the people living within this area. Therefore we find that the whole thing, the injustice to West Bengal has resulted from the fact that the States Reorganisation Commission never thought of the question of India as a whole but they have proceeded in isolation. They have followed one principle regarding Southern States, they have proceeded on another principle while they discussed the claims of West Bengal. Sir, I think once the Chief Minister of Uttar Pradesh Sri Sampurnanand said that the State of Ram and Krishna cannot be divided. Well, the implication is the State of Ramkrishna can be divided but not the State of Ram and Krishna. I find that the members of the Commission were obsessed by this. The claim of West Bengal has been put very forcefully and ably by all sides of this House. Today I am not going to reiterate any of those points. What I want to say is having regard to the note of Panikkar, having regard to the differential treatment, I think Pandit Jawaharlal Nehru and Pandit Pant are on their trial. I hope they will acquit themselves well and that they will in the final shape of things remedy this differential treatment and thus maintain their reputation of honesty and integrity. Otherwise it is absolutely certain that people will think that the urge to maintain the status quo of the Hindi-speaking population has vitiated all the deliberations of the Commission and has sowed the seeds of disunity in India. Sir, it is not possible to have unity in spite of the safeguards which, conscious of the weakness that is involved in the recommendations, they have provided. All those safeguards are of no avail. We know in Goalpara and we know in Manbhum how, in spite of there being a Central Government, they have done what they have liked. Nobody has been able to stop them, and providing safeguards will never mean any real improvement of the situation. On the other hand, if people speaking the same language are brought under one administration, the progress is easier, the people can develop themselves, while there would be no question of disunity. Sir, this is not my own opinion. I will point out to you what Mr Panikkar has said: "The existence of this feeling of dominance of Uttar Pradesh in all India matters will hardly be denied by any one. That it will be a danger to our unity, if such feelings are allowed to exist and remedies are not sought and found now will also not be denied." Reading through the lines of the States Reorganisation Commission Report, one cannot but feel that some cramming influence has been at work, that they have not been able to enunciate broad principles which govern all the States, and that the claims of West Bengal on the ground of linguistic affinity have been brushed aside.

There is only one other point which I would like to mention. Sir, is there any stronger case for any State on the ground of security of India than the case of West Bengal?

[3-50—4 p.m.]

West Bengal is a border State with all the perplexities involved in it. That has been stated but mere stating the difficulties of West Bengal is not enough. Evading of responsibility to solve them—to suggest a solution—or even to help West Bengal has been writ large in the report of the States Reorganisation Commission. My time is up and, therefore, I resume.

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৪৭ সালের পর থেকে দেশবিভাগ স্বীকার করে কংগ্রেস ক্ষমতা দখল করবার পর থেকে আজ পর্যন্ত যদি কংগ্রেসের ইতিহাস পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিশ্লেষণ

করা যায় তাহলে আমরা এই সিদ্ধান্তে উপনীত হতে পারি যে, এটা একটা প্রতিশ্রুতি ভঙ্গের ইতিহাস। দেশবিভাগের পর যেসমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এমনকি নির্বাচনের প্রাক্কালে নির্বাচনী ইস্তাহারে যেসমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সমস্ত ক্ষেত্রেই কংগ্রেস তার প্রতিশ্রুতি ভঙ্গ করেছে। আজকে এস. আর. সি.র যে উদ্ভট রিপোর্ট আমাদের কাছে দেওয়া হয়েছে, যে আজগুবি ধরণের যুক্তি তথ্যহীন অবিচার বাংলার উপর করা হয়েছে, আমি সে সম্বন্ধে আপনার মারফতে একটা কথা কেবল কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছে দিতে চাই যে, ১৯০৫ সাল থেকে সুরু করে ১৯১১ সালে শগ্রু, পরমেশ্বর প্রভৃতি কংগ্রেস নেতা, ১৯২৭, ১৯২৮ ১৯৩০, ১৯৩৭ সাল পর্যন্ত যেসমস্ত কমিশন বসানো হয়েছে বা যেসমস্ত প্রস্তাব গৃহীত হয়েছে, তার প্রতিটি ক্ষেত্রে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের স্বীকৃতিকে স্বীকার করে নেওয়া হয়েছে। ১৯৪৫ সালে সেই স্বীকৃতি আবার জনসাধারণের কাছে উল্লিখিত করা হয়েছিল। কিন্তু ঠিক স্বাধীনতা পাবাব পর আমরা দেখছি কি? ১৯৪৫-৪৬ সালে নির্বাচনী ইস্তাহারে কংগ্রেস জনসাধারণের কাছে এই ভাষাব ভিত্তিতে প্রদেশ গঠনের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের অব্যবহিত পর তাঁরা পায়তারা করলেন এবং বললেন যে, প্রদেশ গঠন করতে গেলে পর তার নিরাপত্তার এবং স্টেবিলিটির প্রয়োজন আছে। ভোর কমিশন সেই সুরে সুর মেলালেন। তারপর নেহরু কমিশনও সেই নীতির অনুগামী হলেন। আমি যদি বলি যে, এস. আর. কমিশন নিরপেক্ষ নয়, পূর্ব পরিকল্পিত যে সিদ্ধান্ত তার দ্বারা প্রভাবিত হয়েছে, তাহলে সেটা অত্যুক্তি হবে না। কারণ তারা যেসমস্ত অবৈজ্ঞানিক যুক্তি-তথ্যের উপর আজকে বাংলার উপর, উড়িষ্যার উপর, মহারাষ্ট্রের উপর অবিচার করেছে তাতে করে নিঃসন্দেহে তাঁরা প্রমাণ করে দিয়েছেন তাঁরা নিরপেক্ষ নন, পূর্ব পরিকল্পিত একটা সিদ্ধান্ত ঐ হাই পাওয়ার কমিশনের নামে আজকে দেশবাসীর ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। সবচেয়ে আশ্চর্যের কথা—এত ক্ষমতাসম্পন্ন একটা কমিশন, তার যে চেয়ারম্যান ফজল আলি সাহেব, তাঁর সতীত্বপনা দেখে আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি। এই কমিশনের যিনি চেয়ারম্যান তিনি নিরপেক্ষ নীতি গ্রহণ করতে পারেন নি। পাছে তিনি তাঁর নিজের প্রভাব বিস্তার করেন, এই অজুহাতে তিনি সরে দাঁড়ালেন বিহারের বেলায়। আমি ত এ সম্বন্ধে ওয়াকিবহাল নই যে, কোন হাইপাওয়ার কমিশনের চেয়ারম্যান তিনি নিজের নৈতিক প্রভাবের দ্বারা অপরকে প্রভাবিত করতে পারেন এবং এই কমিশনকে একটা এত ক্ষমতাসম্পন্ন কমিশন বলে গ্রাহ্য করা, এটা আমি যুক্তিযুক্ত মনে করি না। ভারতবর্ষের সংস্কৃতির ঐক্য কেউ অস্বীকার করতে পারে না। কিন্তু সেখানে আমরা দেখেছি কি? এই ঐক্য ও সংহতির নামে যদি কোন প্রদেশ তার প্রভাব বিস্তার করার ফলে তার নিজের ভাষা অপরের উপর জোর করে চাপাবার চেষ্টা করেন, তাহলে আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই সেটা কি ঐক্য এবং সংহতিকে নষ্ট করবার কিম্বা বানচাল করে দেবার কোন হীন প্রয়াস নয়? আমি ১৯৪৭ সালে পাটনার সাহিত্য সম্মেলনের কথা বলি এবং বাবু রাজেন্দ্র প্রসাদের উক্তি যদি আমি এখানে পুনরাবৃত্তি করি যে, আজ এই হিন্দী জনসাধারণ নিচ্ছে না তার জন্য দায়ী কংগ্রেসকর্মীরা এবং অফিসাররা। এই যে তাঁর উক্তি, এই উক্তিতে কি একথা মনে হয় না যে, একটা হিন্দী ভাষাভাষীর উপর জোর করে চাপিয়ে দেবার জন্য দায়ী কারা? সংহতি এবং ঐক্য কে নষ্ট করেছে? রক্ষক যদি ভক্ষক হয় তাব জন্য অপরকে দায়ী করা এটা অপরাধ ছাড়া আর কিছু মনে করি না। আমরা জানি যে, এই ভাষা জোর করে চাপিয়ে দেবার জন্য এবং বাঙ্গালীকে বিহার থেকে উৎখাত করার জন্য যে হীন প্রচেষ্টা করা হয়েছে, সেটা কারা করেছে। ভাড়াটিয়া লোক দিয়ে, ভাড়াটিয়া গুণ্ডা দিয়ে যেভাবে নির্বিচারে সমস্ত মানুষের উপর অত্যাচার করা হয়েছে তার অনেক ঘটনা আমার কাছে আছে, এবং সমস্ত মানুষের কাছে আছে। সংবাদপত্রে দিনের পর দিন, পাতায় পাতায় সেই সমস্ত ঘটনা প্রকাশ করা হয়েছে। আমি একটা ছোট্ট ঘটনার কথা উল্লেখ করি। আজকে যে ধলভূমের কথা বলা হচ্ছে আমি জানি ঘাটশিলায় শতকরা ৯৫ জন মানুষ বাঙ্গালী, বাংলাভাষাই তাদের একমাত্র ভাষা, বাংলার সংস্কৃতিই তাদের একমাত্র সংস্কৃতি, সেই ঘাটশিলাকে বাংলার বুক থেকে ছিনিয়ে নেবার জন্য চেষ্টা হয়েছে। ধলভূম স্টেটের ম্যানেজার বঙ্কিম চক্রবর্তী, যিনি একজন বিশিষ্ট কংগ্রেসকর্মী ছিলেন, সেই ভদ্রলোকের উপর কিভাবে নির্যাতন করা হয়েছে, তা সকলেই জানেন—১৮।১৯টা কেস তাঁর ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। একটা কলোনী তিনি করেছিলেন ঘাটশিলা ওয়েষ্ট ও ইষ্টে, সেখানে আমাদের মাননীয় সুনীতি

চট্টোপাধ্যায় মহাশয়ের বোধহয় একটা বাড়ীটাড়ি আছে—আমি ঠিক জানি না—সেই কলোনিটাকে কেড়ে নেবার জন্য কি হীন প্রচেষ্টা হয়েছে সেটা আমি উল্লেখ করতে চাই না। এইজন্য চাই না উল্লেখ করতে, যদিও বাঙ্গালীর উপর সেখানে নির্যাতন হচ্ছে বাংলা থেকে বাঙ্গালীকে বিচ্ছিন্ন করে দেবার জন্য, কারণ সেখানে আসবে সাম্প্রদায়িকতার কথা, প্রাদেশিকতার কথা। প্রাদেশিকতা কিম্বা সাম্প্রদায়িকতার কথা যদি তুলতে হয় তাহলে আমি একথা বলব যে, কমিশন যদি কিছুর দ্বারা প্রভাবিত হয়ে থাকে, তবে গোয়ালপাড়ার ঘটনার দ্বারা প্রভাবান্বিত হয়েছে এবং বিহারের লাঠির দ্বারা প্রভাবান্বিত হয়েছে। কমিশন ভুলে গিয়েছে বোধহয় যে, বাঙ্গালী বোধহয় লাঠালাঠি করতে জানে না, বাঙ্গালী বোধহয় তার দাবী জোর করে আদায় করতে পারে না। ভারতবর্ষের রাজনীতির ক্ষেত্রে বাঙ্গালীর অবদান সবচেয়ে বেশী, স্বাধীনতা আন্দোলনে তারাই সবচেয়ে বেশী রক্তদান করেছিল, সবার চেয়ে অধিক মূল্য তাদের দিতে হয়েছে। সে তার ন্যায্য দাবী আদায় করবার জন্য আন্দোলন করতে পারে একথা তারা ভুলে গিয়েছে। কিন্তু তারা জানে না, যেহেতু বাংলার জনসাধারণ রাজনীতিক ব্যাপারে সম্পূর্ণ সচেতন, সেইজন্য তারা দেখতে চেয়েছিল যে, নেহরুজী তথা কংগ্রেসের হাই পাওয়ার কমিশন

[At this stage the blue light was lit.]

[4—4-10 p.m.]

আর একটু সময় চাই, স্যার।

Mr. Speaker:
আপনি ত একই কথা বলছেন।

Sj. Bibhuti Bhushon Ghose:
একই কথা বলতে হবে, স্যার।

সেজন্য গায়ের জোরে লাঠির জোরে যদি চেষ্টা করা হত তাহলে বোধহয় বাংলা আরও অনেক কিছু পেত। আজকে আমরা কি দেখি যে চারটি নীতির উপর এস, আর, সি, রিপোর্ট, যে নীতির উপর হাই পাওয়ার কমিশন পুনর্গঠন নির্ধারণ করেছে সেই ৪টি নীতি কি বাংলা এবং বাঙ্গালীর বেলায় প্রযুক্ত হয়েছে? না, তা হয় নি। মধ্যভারত এবং অন্যান্যের বেলায় যে নীতি গ্রহণ করা হয়েছে, বাংলাতে ধলভূম, জামসেদপুর, সাঁওতাল পরগণা, পূর্ণিয়া প্রভৃতি বাংলাভাষাভাষী অঞ্চলকে দেওয়ার বেলায় সে নীতি কেন বাদ দেওয়া হয়েছে? যে মূলনীতিকে অন্যের বেলায় প্রাইওরিটি দেওয়া হল বাংলার বেলায় সেটা উপেক্ষিত হল। আজ যদি ভারতের সিকিউরিটি ধরা যায়, তাহলে কেন্দ্রীয় সরকারের প্রথম দায়িত্ব ছিল বাংলার এই বিভক্ত হওয়ার ফলে বাংলার সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবনে যে বিপর্যয় এসেছে, তা পুনর্গঠনের জন্য বাংলাভাষাভাষী অঞ্চল দিয়ে দেওয়া এবং বাংলার যে ৭০০ মাইল বর্ডার আছে সেই বর্ডারের সংলগ্ন অঞ্চলগুলি বাংলার অন্তর্ভুক্ত করা। আমি ডাঃ রায়কে পরিষ্কার করে জিজ্ঞাসা করতে চাই, আজ বাংলা বিভক্ত হওয়ার ফলে যে রিফিউজী সমস্যা দেখা দিয়েছে, যে রিফিউজীরা যেখানে সেখানে রাস্তাঘাটে পড়ে আছে, যে রিফিউজী-দের বিহারে বা অন্য কোথাও যেখানেই পাঠিয়েছেন তারা ফিরে আসতে বাধ্য হয়েছে, টিকতে পারে নি, সেই রিফিউজিদের পুনর্বাসন যাতে হয়, তার জন্য তাঁর কি উচিত ছিল না, কমিশনের কাছে কিংবা কেন্দ্রীয় সরকারের কাছে জোর করে বলা যে, বাংলাকে জমি দাও, বাংলার সংলগ্ন বাংলাভাষাভাষী অঞ্চল দাও যেখানে এই রিফিউজিদের পুনর্বাসন করানো যায়, যেখানে তারাও অনুভব করতে পারে যে,—আমরাও বাঙ্গালী, আমরাও বাংলাদেশে আছি! নিজের পৈতৃকভিটা হারানোর যে জ্বালা, সে জ্বালাও খানিকটা তাহলে তারা ভুলতে পারত। সেজন্যই বাংলার সীমানা বর্ধিত করা দরকার। অর্থনৈতিক কারণের কথা বলেছেন, কিন্তু বিহারের অর্থনীতির প্রতি তাঁর খুব দরদ হ'ল কিন্তু বাংলার অর্থনৈতিক কাঠামো যে এদিকে একেবারে ভেঙ্গে পড়ছে সেদিকে তাঁর কোন দৃষ্টিই নাই। তাঁরা নিজেরাই বলেছেন যে, বাংলা বিভাগ করে যখন ডাঃ রায় ও তাঁর সরকার শাসনভার গ্রহণ করেন, তখন তাঁর কোষাগার ছিল একেবারে শূন্য, একটা কানাকড়িও ছিল না, সেজন্য তিনি কোটি কোটি টাকা ধার করেছেন। কিন্তু সেই ধার শোধ কি করে হবে সেটা তিনি জানেন না। তিনি তো চলে যাবেন, চলে

তাঁকে একদিন যেতেই হবে তখন তার ভবিষ্যদ্বংশধররা কি করবে? বাংলার সংস্কৃতি, বাংলার সামাজিক ব্যবস্থা, অর্থনৈতিক কাঠামো—সব যে ভেঙ্গে যাবে। তখন কি হবে, তার জবাব তিনি কি দেবেন? তিনি তো বলে দিলেন, জামসেদপুর দরকার নাই, ধলভূম ধানবাদের অংশবিশেষ দরকার নাই,—গোয়ালপাড়া তাঁর দরকার নাই। কারণ কি? কারণ তিনি শাসন করতে পারবেন না। তিনি শাসন করতে পারবেন না, ত কি হয়েছে? তিনি তো কায়েমী বন্দোবস্ত করে বসে নেই? চলে যান! চলে তো যাবেনই কিন্তু সেদিনে ভবিষ্যৎ বংশধরদের কাছে কি জবাব তাঁর থাকবে? তিনি কি রেখে গেলেন? তিনি এক কলঙ্কময় ইতিহাস রেখে গেলেন এই যে, তিনি শাসন করতে পারবেন না বলে বাংলার অধিকার তিনি বিক্রয় করে দিলেন। এই বলে বাংলার জায়গা ছেড়ে দিলেন। বাংলার সীমানা সঙ্কুচিত করছেন, বাংলার অর্থনৈতিক, তার সামাজিক ব্যবস্থা সঙ্কুচিত করে দিচ্ছেন। তিনি শাসন করতে পারবেন না, একথা তিনি বাংলার জনগণের সঙ্গে আলোচনা করে বলেন নি। তিনি মতামত গ্রহণ না করেই পরিষ্কার রিপোর্টএ একথা বলে দিলেন। একথা বলবার তাঁর কোন অধিকার নেই যে, তিনি শাসন করতে পারবেন না। তিনি না পারলে অন্য লোক আসবে এবং পরিচালনা করবে। বাংলার যে পরিমাণ জমি আছে সেই পরিমাণ জমিতে পুনর্বসতি করা যায় না। যেহেতু বাংলার অর্থনীতি ভেঙ্গে গিয়েছে, সংস্কৃতি ভেঙ্গে গিয়েছে, বাংলা যেহেতু স্বাধীনতা সংগ্রামে সবচেয়ে বেশী মূল্য দিয়েছে সেইজন্য কেন্দ্রীয় সরকারের বাংলার প্রতি বিচার করা উচিত ছিল, কিন্তু তা করেন নি। আমরা জানি, কংগ্রেসে প্রধানতঃ যেসমস্ত মানুষ আছেন তাঁরা বাংলাকে বরদাস্ত করতে পারেন না, কারণ বাংলার দেশবন্ধু, বাংলার নেতাজী তাঁদের বশংবদ ছিলেন না, তাঁরা তাঁদের কাছে থাকেন নি। সেইজন্য ইংরাজরা যেমন বাংলাকে মারবার জন্য বারবার আঘাত করেছিল, তেমনি কেন্দ্রীয় সরকার বাংলাকে ভেঙ্গে দেবার জন্য হীন প্রচেষ্টা করছে। বাংলা আজকে একটি কথাও বলে নি, মুখ বুজে আছে। কিন্তু আমি সর্বশেষে জিজ্ঞাসা করি, যাঁরা ওদিকে বক্তৃতা দিলেন তাঁরা যদি সত্যিই অন্তরের সঙ্গে এটা চান তাহলে একটা আন্দোলন সৃষ্টি করুন, যাতে সত্যিই তাঁরা জনমতের দাবী মেনে নেয়। যাঁরা সাদা টুপি মাথায় দিয়ে বসে আছেন, তাঁরা যদি অন্তরের থেকে এটা চান, তাঁদের কথার মধ্যে যদি কোন অসংগতি না থাকে, তাহলে আমি তাদের আবেদন করছি যে, সম্মিলিতভাবে বাংলাকে বাঁচাবার জন্য আজকে বাংলা সমস্ত দিক দিয়ে শেষ হয়ে যাচ্ছে, এই বাংলার সংস্কৃতি, তার অর্থনীতি, তার রাজনীতিকে বাঁচাবার জন্য আসুন আমরা মিলিতভাবে বিরাট আন্দোলন গড়ে তুলি। অতুল্যচন্দ্রের ভয়ভাবনা ছেড়ে দিন, ডাক্তার রায় যে কথা বলেই বিভ্রান্ত করুন না কেন, আমরা সকলে মিলে এই ক্ষেত্রে একটা বিরাট আন্দোলন গড়ে তুলি এবং তাহলে আমরা দেখব এই আন্দোলন গড়ে তুলতে পারলে সরকারকে চাপ দিয়ে আমাদের দাবী আদায় করতে পারব।

[4-10—4-20 p.m.]

Sj. Raipada Das: Mr Speaker, Sir, it is almost a truism to say that those who serve most suffer most. But, by a strange irony of fate, Bengal who has, through years and decades, borne the brunt of the freedom's battle and has allowed herself to be vivisected in the greater and wider interest of the country has not only not received due recognition but appears to have become the scapegoat for all practical purposes. There has been an attempt, sometimes overt and expressed, but very often covert and undetected, but ever persistent, to push Bengal into the background. And yet no man in his senses would deny the historical truth that Bengal has sacrificed most, has contributed most to win for India her independence. She has been for purely imperialistic reasons, cut across and sliced off not once or twice but as many as three times; and as a result, "Here is a Province", in the words of no less a person than Rajaji, "which is now divided into two unconnected parts. Here is a southern part of West Bengal Province and here is Darjeeling in the north, and in between there is no connection. That was the problem. It is not a corridor problem. It is a totally different thing. They want an administrative

improvement in the matter of communication. It is really a question of communications and of bringing about a state of things whereby our general defence position and our administrative position may be improved. This is the real and legitimate aspect in which we should understand the case of Bengal. It is not a Bengal problem. Nor is it a Darjeeling problem. It is an Indian problem. We ought not to lift an administrative problem to the level of a sentimental or an anti-language or an anti-nationality problem." So, that is the truth about Bengal; and it is not a Bengali who has spoken this; neither is he a political upstart of yesterday, but a man of the wisdom and experience of Rajaji.

Even if the linguistic principle be given the go-by—which however the Congress Government cannot consistently do after so many professions made in its favour, Bengal's claim should be conceded purely on administrative grounds. But, as we go through the States Reorganisation Commission Report, we find that the Commission have reorganised all the States in the south clearly on linguistic consideration. But coming to Bengal, they say "Attempts to establish the precise linguistic and cultural affiliations of such areas can never be quite successful and may also be unnecessary since a completely unilingual area cannot always be created". I am constrained to say that in saying this the States Reorganisation Commission have shown scant regard for truth and consistency. The Bengali-speaking areas in Bihar in question are not bilingual in any way. They are predominantly Bengali-speaking areas. If there are any bilingual areas, as conceived by the States Reorganisation Commission, they are situated in further south. The 1951 census, as any impartial man can see, if he cares to refer to the previous census, is a grossly manipulated one for clearly obvious reasons. Even the States Reorganisation Commission have been constrained to say, "It is true that the latest census figures show, as compared to the figures of 1931, very striking variations which cannot be satisfactorily explained". Again, one fails to see why the States Reorganisation Commission cannot extend to Bengal the linguistic principle which they followed in the south. One is almost tempted to say that the States Reorganisation Commission recommendations in regard to Bengal and Bihar were overawed and influenced by the Presidential bogey. Wild agitation, head-breaking demonstration and fabricated figures seemed to have weighed more with the States Reorganisation Commission than administrative efficiency, economic stability, geographical contiguity and linguistic affinity on every one of which the Bengal claim rests.

The Congress Government has long been committed to the linguistic principle. It cannot now go back upon it without being guilty of violation of principle. Besides no division or adjustment of boundaries can reasonably be made with the element of language left out. Mr. Panikkar himself has said, "History would show that no national structure, which had been based on multi-lingual idea, had been able to resist political crisis". In fact, reading between the lines of the States Reorganisation Commission Report, one would find that virtually the whole map of India has been re-drawn on the basis of linguistic principles. Only an exception has been made in the case of Bengal for reasons best known to the States Reorganisation Commission members. The records showing the linguistic position of all the educational, cultural and social institutions of the disputed places, along with the reliable and unchallengeable census figures and the reality of the existing life of the people seem to have been totally ignored by the States Reorganisation Commission. Again, "Tripura's merger in Assam raises a very difficult problem," says Sj. N. C. Chatterjee,

'If you decide not to restore it to Bengal on the ground of absence of link, then surely an adjustment should be made on the Goalpara front. This would make Assam no loser, but Bengal get a little breathing space."

Since the number of Centrally administered areas is going to be reduced under the reorganisation scheme, we should urge that Andamans may be linked up with Bengal. This is essential for the speedy resettlement of the displaced persons from East Bengal. It would not be out of place to reproduce here what the Bihar M P. Shri Hassain Imam said in Parliament on August 23, 1951, in regard to the case of Bengal: "Let us examine the position of Bengal. It was a mighty province with a big population and a long tradition of leadership, and from that it has been reduced to such a position that it does not come in the first five Provinces of India, so far as population is concerned. If the Centre is prepared to compensate Bihar adequately and completely I believe Bihar would not raise any objection to give something to the Province of Bengal who stand in so much need of readjustment of their frontiers and re-equipment of their shattered economy. I believe that it is in the best interests of all concerned that the Centre should behave in a manner, not of a partisan but of an arbitrator."

In the light of all that has been said above, West Bengal's irrefutable claim should comprise the following:—

(1) The whole district of Manbhum including Dhanbad and the Chas thana of the Purulia subdivision;

(2) the Dhalbhum Parganas of Singbhum, including Jamshedpur;

(3) the subdivisions of Pakur, Jamtara, Dumka and Rajmahal in the district of Santal Parganas;

(4) the entire portion of the Purulia district lying on the east of the Mahananda and the Mechi rivers;

(5) the Dhubri subdivision of Goalpara in Assam—of these Nos. (3) and (4) are the most important as providing vital links between the detached and disconnected parts of the State viz., Malda, West Dinajpur, Darjeeling and Calcutta. Unless the wide gaps between them are filled up by the areas claimed, the defence of the State can never be ensured, the question of communication apart.

[4-20—4-30 p.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষমহাশয়, ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের দাবীর জন্য রাজ্য পুনর্গঠন কমিশনএর জন্ম। এই রাজ্য পুনর্গঠন কমিশনএর যে তিনজন সদস্য নির্বাচিত হয়েছিলেন তাঁরা সকলেই প্রধান ও বিজ্ঞ। এবং এদের মধ্যে এমন লোকও ছিলেন যিনি বহু বছর ধ'রে বিচারকের আসনে আসীন ছিলেন। দেশবাসী বিশেষ ক'রে সাম্রাজ্যবাদী বিদেশী শাসক শক্তির শাসনের প্রয়োজনে যে সমস্ত অঞ্চল তাদের মাতৃভূমি থেকে বিচ্ছিন্ন হয়েছিল সেই অঞ্চলের লোকেরা আশা করেছিল যে, এই রাজ্য পুনর্গঠন কমিশনএর সুবিচারের ফলে তারা আবার তাদের মাতৃভূমির সঙ্গে পুনর্মিলনের সুযোগ পাবে। কিন্তু এই কমিশন সকলকে হতাশ করেছেন। এই কমিশন যেভাবে রিপোর্ট দিয়েছেন তা পড়লে মনে হয় ভিন্ন ভিন্ন প্রদেশের বেলায় যেভাবে ভিন্ন ভিন্ন যুক্তির আশ্রয় গ্রহণ করেছেন তা আদৌ বিজ্ঞজনোচিত হয় নাই বা বিচারকের যে প্রভাবমুক্ত ও নিরপেক্ষ মনোভাব নিয়ে বিচার করা উচিত ছিল তা করা হয় নাই। বাংলা-বিহার-উড়িষ্যার দাবীদাওয়ার বিচারকালে মাননীয় ফজল আলী যে দুর্বলতার পরিচয় দিয়েছেন তা তাঁর মত একজন ভূতপূর্ব বিচারকের পক্ষে আদৌ শোভনীয় নয়। বিহার ও উড়িষ্যার সঙ্গে তাঁর বহু দিনের যোগাযোগ। তিনি যদি

নিরপেক্ষ মন নিয়ে বিচার করতেন, তাহ'লে আমি আশা করি, তিনি ঐ অঞ্চলের সত্যিকার উপকার করতে পারতেন এবং তিনি একটি নিরপেক্ষ সিদ্ধান্তে উপনীত হতে পারতেন। তিনি বোধ হয় সেইরকম কোন একটি সিদ্ধান্তে উপনীত হতে বাধ্য হবেন বা বাইরের কোন লোকের ইঙ্গিতমত কার্য করতে অক্ষম হবেন ব'লে কেটে পড়লেন—এটা ঠিক আমি বুঝতে পারছি না। যে কারণে হোক, ফজল আলীর মত একজন ভূতপূর্ব বিচারকের এইরকমভাবে বিচারকের আসন থেকে কেটে পড়া মোটেই শোভনীয় হয় নাই এবং এইরকমভাবে সরে পড়া তাঁর পক্ষে সম্মানের কথাও নয়। বালসুলভ যুক্তির উপর প্রতিষ্ঠিত ন্যায়নীতিবিরুদ্ধ ও পক্ষপাতদুষ্ট। যে যুক্তি কোন এক অঞ্চলকে কোন এক প্রদেশের সহিত মিশ্রণের সুপারিশ করার সময় মিশ্রণের ভিত্তি হিসাবে গৃহীত হইয়াছে সেই একই যুক্তি অন্য এক অঞ্চলের, অন্য এক প্রদেশের সহিত মিশ্রণের প্রশ্নের ভিত্তি হিসাবে গ্রহণ না করা বিজ্ঞতার বা সুবিচারের পরিচয় নহে, এই কথা জোর ক'রে বলা যাইতে পারে। এই কারণেই যদি কমিশনকে পক্ষপাত দোষে দুষ্ট বলিয়া অভিযুক্ত করা হয় তাহ'লে নিশ্চয়ই ইহা অন্যায় হইবে না। কমিশনএর সমস্ত রিপোর্টটা পড়লে একথা পরিষ্কার বুঝা যায় যে, কমিশন তাঁহাদের পূর্বস্থিরীকৃত সিদ্ধান্তকে যুক্তির দ্বারা প্রতিষ্ঠিত করার জন্য যেখানে যে যুক্তির প্রয়োজন হইয়াছে তাহারই আশ্রয় লইয়াছেন। এইরূপ করার কারণ কি? কারণ এই কমিশনএর মেম্বারদের মধ্যে ঘাঁটিলে পাওয়া যাইবে না, পাওয়া যাইবে ইঁহাদের বাইরে কংগ্রেস ও তাহার নেতাদের মধ্যে। সেই কংগ্রেস ও তাহার নেতৃত্বের মধ্যে। সেই কংগ্রেস নেতৃত্বই আজ ইহাদিগকে প্রভাবান্বিত ও বিভ্রান্ত করিয়াছে। কংগ্রেস ও কংগ্রেস নেতৃত্ব, তাহাদের বহু বিঘোষিত আদর্শ ভাষার ভিত্তিতে যে প্রদেশ গঠন করা—তাহা হইতেও আজ বিচ্যুত। কেহই ইহা সততার সহিত সেই আদর্শ মানিয়া চলিতে প্রস্তুত নহেন। ১৯২০ সালে নাগপুর কংগ্রেসে যাঁহারা ভাষাকেই প্রদেশ গঠনের মূল ভিত্তি হিসাবে গ্রহণ করার আদর্শ ঘোষণা করিয়াছিলেন এবং পরে ১৯২৮ সালের সর্বদলীয় সম্মেলনের মোতিলাল নেহরু কমিটি যে আদর্শ দৃঢ়তার সহিত সমর্থন করিয়াছিলেন এবং ১৯৩৭ সালের অক্টোবর মাসে কলিকাতার অধিবেশনে ও ১৯৩৮ সালের জুলাই মাসে কংগ্রেস ওয়ার্কিং কমিটির ওয়ার্ধার অধিবেশনে এবং ১৯৪৫-৪৬ সালের নির্বাচনী ইস্তাহারেও ভাষাভিত্তিক প্রদেশ গঠনের যে আদর্শ স্বীকৃত ও ঘোষিত হইয়াছিল, কংগ্রেসের আজ সে আদর্শ নাই। কংগ্রেস নেতৃত্ব আজ ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের কথা না মানিয়া বলিতেছেন (১) ভৌগোলিক সংলগ্নতা, (২)আর্থিক স্বয়ং-সম্পূর্ণতা, (৩) শাসনকার্যের সুবিধা ও (৪) ভবিষ্যৎ উন্নয়নের ক্ষমতা। ইহা ছাড়াও স্থায়িত্ব, নিরাপত্তা এবং আরও বহু কিছু আছে। এইসবগুলির দিকে নজর রাখার নির্দেশও কমিশনকে দেওয়া হয়েছিল তা তাঁরা দেন নাই। এইসব কারণেই কমিশন বিচারবিভ্রাটে পড়েছেন এ তাঁদের মতলব মত কার্য করবার সুযোগ পেয়েছেন। সেই সন্দেহের চেয়ে আর বেশি কিছু করা যাবে না। মোতিলাল নেহরু কমিটি যে আদর্শ একদিন দৃঢ়ভাবে সমর্থন করেছিলেন জহরলাল নেহরু সরকার ও নেতৃত্ব আজ দৃঢ়ভাবে তা বিসর্জন দিচ্ছেন। নেহরু কমিটি বলেছিলেন "যদি কোন প্রদেশে শিক্ষা বিস্তার করিতে হয় এবং নিজের ভাষায় কাজ চালাইতে হয়, তবে উহা নিশ্চয়ই একটি ভাষাগত এলাকা হইতে হইবে। উহা বহু ভাষাভাষী এলাকা হইলে সব সময় অসুবিধা দেখা দিবে এবং শিক্ষার ও কাজের ভাষা দুই অথবা ততোধিক দাঁড়াইয়া যাইবে। সুতরাং ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনই সর্বাপেক্ষা বাঞ্ছনীয়। সাধারণতঃ ভাষাই সংস্কৃতি, ঐতিহ্য এবং সাহিত্যের বাহন। ভাষাগত প্রদেশে এই সবগুলিই প্রদেশের সাধারণ উন্নতির সহায়ক হইবে।" তবে একথা কমিটি বলিয়াছিলেন স্বাধীনতা পাওয়ার পূর্বে। সুতরাং স্বাধীনতা পাওয়ার পূর্বের কথা স্বাধীনতা পাওয়ার পর মানিয়া চলা পুঁজিবাদী নেতৃত্বের পক্ষে সম্ভব নয়। আর তা আশা করাও দুরাশা। কংগ্রেস যে সমস্ত আদর্শের কথা স্বাধীনতা পাওয়ার পূর্বে ঘোষণা করিয়াছিলেন আজ সেসব ভুলিয়া বসিয়াছেন। এখন একমাত্র আদর্শ হইয়াছে কায়েমী স্বার্থকে বজায় রাখা। আজ প্রদেশে প্রদেশে যেরকম অবস্থার সৃষ্টি হয়েছে এর জন্য সম্পূর্ণ কংগ্রেস নেতৃত্বই দায়ী। আজ কংগ্রেসের নেতৃত্ব ভারতবর্ষের সংহতি নষ্ট করিতে বসিয়াছে। সমগ্র ভারতের শাসন ক্ষমতা আজ কংগ্রেসের হাতে। প্রত্যেক প্রাদেশিক সরকার যদি উদার হতেন, যদি তাঁরা তাঁদের প্রদেশে ভিন্ন ভাষাভাষী সংখ্যালঘুদের স্বার্থ ও উন্নতি আর সকলের সঙ্গে সমান দেখতেন তাহ'লে আজকে দ্বন্দ্বের প্রয়োজন হোত না। কোন এলাকার লোকের ইচ্ছার বিরুদ্ধে জবরদস্তী তাহাকে কোন প্রদেশের মধ্যে থাকিতে বাধ্য করার প্রয়োজন হইত না।

মাতৃভাষাই যদি প্রত্যেক শিশুর শিক্ষা ও উন্নতির সোপান ব'লে স্বীকৃত হয়ে থাকে তাহ'লে কোন এলাকা যদি তার সংলগ্ন মাতৃভাষার প্রদেশের সহিত মিশ্রণের ইচ্ছা প্রকাশ করে, তাহ'লে কোন সরকারেরই তাতে বাধা দেওয়া ন্যায় ও যুক্তিসম্মত নয়। কিন্তু আজ কি দেখছি? সমগ্রভাবে দেশের উন্নতি ও সংহতির পরিবর্তে প্রাদেশিকতাই কংগ্রেস নেতাদের কাছে বড় হয়ে দেখা দিয়েছে। তাই আজ 'জোর যার মুলুক তার' এই নীতিতে বিশ্বাসী হয়ে ঘোষ-সিংহ নেতৃবর্গ রণহুঙ্কার ছাড়ছেন। আজকে একটা এলাকায় আসা যাওয়ার প্রশ্নই বড় নয়; বড় স্বাধীন ভারতে আজ প্রত্যেকটি নাগরিক তার ভাষা, তার সংস্কৃতি বজায় রেখে যাতে বসবাস করতে পারে তার ব্যবস্থা করা। তা করতে হ'লে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন ছাড়া গত্যন্তর নাই। এবং সেক্ষেত্রে যদিও অধিক সংখ্যক লোকের প্রতি সুবিচার করতে হয় তাহ'লে জেলা, মহকুমা, এমন কি থানাও নয়, গ্রামকে ইউনিট ধ'রে বিচার করতে হবে, এবং যে ভাষার যে গ্রাম তাকে সেই ভাষার সংলগ্ন প্রদেশের সহিত মেশবার সুযোগ দিতে হবে। এর পরেও হয়ত সমস্যার সমাধান বাকি থেকে যাবে। এইরূপ উদার মনোভাব নিয়ে যদি আমরা ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করি তবেই হবে সেই প্রদেশের তথা ভারতের মঙ্গল, নতুবা নয়। জোর ক'রে কোন অনিচ্ছুক এলেকাকে কোন প্রদেশে রাখা অযৌক্তিক এবং তা সাম্রাজ্যবাদী মনোভাবেরই পরিচায়ক।

অধ্যক্ষমহোদয়, বিভিন্ন প্রদেশের কংগ্রেস সরকার কিভাবে তাঁদের প্রদেশের ভিন্নভাষাভাষী সংখ্যাল্প সম্প্রদায়ের ভাষা ও সংস্কৃতি লোপ করার চেষ্টা করছেন তার দু'-একটা উদাহরণ দিলেই বাংলাভাষাভাষী অঞ্চলের বাংলার সহিত মিশ্রণের দাবির যৌক্তিকতা বোঝা যাবে। ধলভূমে ভিন্ন ভাষাভাষী লোক থাকলেও কিছুদিন পূর্বে পর্যন্তও সেখানে সকলেই বাংলা ভাষায় লেখাপড়া করতেন, এখনও বেশির ভাগ লোক বাংলা ভাষায় লেখাপড়া করে। বাংলা ভাষায় সরকারী কার্য আগেও হোত, এখনও হচ্ছে। কিন্তু বর্তমানে বহু হিন্দী বিদ্যালয়ের জন্ম হচ্ছে এবং পুরাতন বিদ্যালয়গুলি যাতে হিন্দী ভাষার বিদ্যালয়ে পরিণত হয় বা একেবারে বন্ধ হয়ে যায় তারজন্য কর্তৃপক্ষ নানা প্রকার অসৎ উপায়ও অবলম্বন করতে ছাড়ছেন না। এই অবস্থা চলতে থাকলে কয়েক বছরের মধ্যেই সেখানে হিন্দী ছাড়া আর কোন বিদ্যালয়ই থাকবে না। এইসব কারণে আজ ধলভূমের অধিকাংশ জনতা বিহারে থাকার বিরুদ্ধে এবং বাংলায় মিশ্রণের পক্ষে। সুতরাং তাদের ইচ্ছার বিরুদ্ধে বিহারে তাদের থাকতে বাধ্য করা ন্যায় ও নীতিবিরুদ্ধ। ধলভূমের জনগণের বাংলার সহিত মিশ্রণের দাবী যুক্তিসংগত; বাংলাকেও দৃঢ়তার সঙ্গে সেই দাবী করতে হবে।

তারপর খরসোয়ান ও সেরাইকেল্লা যদিও সেখানে অনেক জাতির বাস আছে বটে কিন্তু যে সময় খরসোয়ানের রাজারা ছিলেন তখন সেখানে উড়িয়া ভাষার প্রচলন ছিল। এখনও উড়িয়া ভাষা সেখানে বজায় আছে। সে ক্ষেত্রে খরসোয়ান ও সেরাইকেল্লার উড়িষ্যায় যাওয়া একান্ত দরকার। মানভূম ও ধলভূম বাংলায় বা সেরাইকেল্লা উড়িষ্যায় দেন নি। সেদিক দিয়ে তাঁদের ঘোরতর অন্যায় হয়েছে, অবিচার হয়েছে; তাঁরা নিরপেক্ষ বিচার করেন নি একথা জোরের সঙ্গে বলা যেতে পারে।

আজকে আদিবাসীদের সম্বন্ধেও কিছু বলবো। আদিবাসীদের শিক্ষার জন্য আশ্রমিক স্কুল স্থাপিত হয়েছে। তার শিক্ষার জন্য আশ্রমিক নিজ নিজ ভাষা ত্যাগ করতে হয়। তাদের ভাষা ও সংস্কৃতি ধ্বংস করবার জন্য আশ্রমিক স্কুল করেছেন। কারণ আশ্রমিক স্কুলে লেখা আছে, যেদিন তারা আশ্রমিক স্কুলে ঢুকবে সেদিন থেকে তারা মাতৃভাষায় একটা শব্দও উচ্চারণ করতে পারবে না। একটি ছোট ছেলেকে আশ্রমিক স্কুলে ঢোকবার দিন থেকে তাকে শিক্ষার ভাষায় কথা বলতে হবে, মাতৃভাষায় কথা বলার উপায় নাই। এই যে প্রচেষ্টা এটা আদিবাসীদের সংস্কৃতি ধ্বংস করার প্রচেষ্টা কি না ভেবে দেখুন। এই যদি হয় তাহ'লে আমরা কংগ্রেস সরকারকে জিজ্ঞাসা করবো তাহ'লে প্রত্যেক প্রদেশেই অন্য ভাষাভাষীর যত লোক আছে তাদের যে মাতৃভাষায় কথা বলা ও শিক্ষালাভের অধিকার রয়েছে ব'লে বলা হয় তাদের সে অধিকার থাকছে কোথায়? যেভাবে আদিবাসীদের ভাষা ও সংস্কৃতি ধ্বংস করবার চেষ্টা হচ্ছে তা থেকে যেন তারা নিবৃত্ত হন। আমি বলতে চাই, কোন প্রদেশেরই এ অধিকার নাই যে যারা সংখ্যালঘু

লোক তাদের জোর ক'রে আটকে রাখতে পারে। এই দিক দিয়ে ধলভূমে যাঁরা নাকি বাংলা ভাষায় লেখাপড়া করেন তাঁদের সেই অধিকারকে স্বীকার ক'রে নিতে হবে এই দাবী আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে করতে হবে।

এখানে আর একটা কথা বলবো। আমাদের সংগে কংগ্রেসী বন্ধুরাও সবাই দাবী করেছেন, যদিও তাঁদের কর্তা তাঁদের সংগে একমত নন, তাঁরা যদি বাস্তবিকই সৎ হয়ে থাকেন, ঠিক হয়ে থাকেন এবং তাঁদের কর্তা যদি তাঁদের বাধ্য না হয়ে থাকেন, তাহ'লে তাঁদের কর্তব্য তাঁকে সরিয়ে দেওয়া। তারপর কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকারের মধ্যে যে ঝগড়া সেটা গ্রামের অবস্থা থেকে আমরা বিচার করতে পারি। আমাদের গ্রামে একজাতির লোক আছে তাদের কাজ হচ্ছে পরস্পরের মধ্যে——

Mr. Speaker: You are not speaking seriously for the last few minutes.

Sj. Dhananjoy Kar:

আমি সিরিয়াসলি বলছি। ওঁদের মধ্যে কোন আন্তরিকতা নাই। যদি আন্তরিকতা থাকত তাহ'লে অবস্থা অন্যরকম হোত। আমি যা বলছিলাম—গ্রামের সেই লোকদের কাজ হচ্ছে পরস্পর দু'টি দলে ঝগড়া লাগিয়ে দেওয়া, তারপর একদল এপক্ষে থাকবে আর একদল অপরপক্ষে যাবে। আজকে তাই এই ভাষাভিত্তির ভিতরেও দেখছি। কতক লোক বলছে আমরা বাঙ্গালীদের পক্ষে থাকব আর কেউ বা বলছে বিহারীরা লড়ছে খুব। আসলে কিন্তু তাদের কোন ভিত্তি নাই। আসল কথা সাম্রাজ্যবাদী নেতা যারা তারাই এইসব করাচ্ছে।

[4-30—4-40 p.m.]

আসলে তাদের মধ্যে কোন দ্বন্দ্ব নেই। তাদের যে মতলব সেই মতলব অনুসারেই তাঁরা চলছেন। দ্বন্দ্ব তাঁদের নেই। সেজন্য আমি আমার সমাজবাদী বন্ধু যাঁরা আছেন তাঁদের হুঁসিয়ার ক'রে বলছি যে এই দ্বন্দ্বটা ভালভাবে তাঁরা যেন বিশ্লেষণ ক'রে দেখেন। যদি আমরা সমাজবাদ প্রতিষ্ঠা করতে পারি, যদি ধনতন্ত্রবাদকে ধ্বংস করতে পারি তাহ'লে একদিন আমরা ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করতে পারবো। যদি কোন অঞ্চলের লোক ভাষার ভিত্তিতে তাদের মাতৃভূমির সংগে জড়িত হতে পারেন তাহ'লেই সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে এবং ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন হবে সেই প্রতিশ্রুতি তাদের দিচ্ছি।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I think I will require about an hour, if not more. But I shall try to be as brief as possible. At the very outset I cannot but remark here, considering the subject which we are discussing, that it would be fit and proper for me and for every one of us to speak in Bengali. But unfortunately, as we are placed today, for lack of time and lack of translators and such other difficulties, we are being compelled to speak in English. That would at least ensure that the speeches will go to M. P.'s—whether anybody will read them is of course another matter.

Mr. Speaker: At least the South Indians will read them.

Sj. Jyoti Basu: Dr. Ranen Sen has placed before the House the views of the Communist Party of India and I shall not go into either the detailed arguments or the detailed claims which he has put forward here, based on the principles which have been enumerated by him. But I shall emphasise a few points which need emphasis as far as I can understand from the debate that has taken place here, and add some more new points. I first of all reiterate the principle on which our Party stands throughout India, not differently in different States of India, that is the principle of language in the formation of States, and language contiguity and wishes of the people where necessary in the readjustment of boundaries between two States. It is according to these principles that we have either demanded generally certain territories or have stated that it has been wrong on the part of the States Reorganisation Commission to recommend the ceding of certain

other territories from Bihar to West Bengal. I may state that we may have in different units of the party in India differed or argued with regard to particular villages, with regard to a particular unit or a particular area. But we have been more or less able to come to an agreement with regard to claims which should be put forward on the basis of justice and on the principles which we have accepted in the Communist Party.

[4-40—4-50 p.m.]

I might also state that the basis on which we are proceeding on this question with regard to the readjustment of boundaries is not the district or even a sub-district but the lowest unit is a village and that is because we want the fullest justice to be done in the readjustment of boundaries. We have found from certain figures which are available—whether you can rely upon them to the fullest extent or not—that generally where border areas are concerned, for instance in between West Bengal and Bihar, that the more close you approach Bengal the people are Bengali-speaking, but it may be the more you approach towards Bihar in those adjacent villages and areas the people speak Hindi. Therefore, we do not want to create new problems by claiming the whole district and whole bigger areas in one State or the other. We thought, on the basis of this discussion and our findings, that it would be best if we stick to the village as a unit to be the principle. Apart from these considerations which I have reiterated we think that other factors which have been stated by the India Government, by the different State Governments in India and by the States Reorganisation Commission all pale into insignificance and should not have been given the importance that they have been given.

We must also remember that in the whole discussions, despite ugly passions that are being roused under the leadership of a section of the Congress as well as other vested interests, we must on no account forget that India is one and indivisible, that when we are discussing the present subject about readjustment of boundaries and the formation of States on the basis of language we are not talking about two different sovereign warring States which are one against the other. Secondly, we assert that the unity and security of India are also of prime importance in discussing this subject but we feel that people and leaders including Pandit Jawaharlal Nehru and the States Reorganisation Commission in their discussions and their recommendations in the States Reorganisation Commission's Report, put the cart before the horse when they suggest that in order to maintain the unity and integrity and security of India we must not lay our claims on the basis of language.

Sir, this reorganisation of the States on the basis of language, this question of suppression of culture—these are such vital matters that if any people anywhere in India are not satisfied with regard to these matters, then it will lead to fissiparous tendencies, it will not lead to the unity and security of India. Therefore, those points which have been stated by many speakers here including Shri J. C. Gupta had surprised me when they say that the India Government must remember or the States Reorganisation Commission must remember that Bengal is a border State. Is it because of that that we claim more territories? No. A border State may be the smallest State in India, but if there is a contented people, contented from every point of view—political, economic, cultural—then we think that assures the security of India more than any other thing. It is not the size, not the hugeness of a State that gives India its security and unity. This fundamental aspect of the matter must be remembered in these discussions which are taking place here.

Sir, I am sorry if in this debate which is taking place I strike a note which may not be liked by some of our friends, but I am afraid that I cannot help it. I must be very frank because it concerns a very vital subject.

First of all, we have seen painfully that the Government of India, despite the fact that 8 years have gone by, have not made any serious study of the question of nationalities, the question of languages and dialects, written or unwritten, which are there in India, despite the fact that many, many years ago and through decades it was the Indian National Congress which roused the consciousness of the people with regard to the formation of States on the basis of language whilst fighting against the British Imperialists. Not only the India Government but, from its example and from its directive, all the different State Governments also which are all Congress Governments have not given any serious thought to this problem. No Commission anywhere had been set up to study the question of language, the question of dialects and we feel that without such directives, without such serious scientific study being undertaken, you cannot, by merely appointing a Commission with the finest members possible, solve this problem which you wish to solve. Therefore, it is not the fault of the States Reorganisation Commission alone which is being attacked in almost every State Assembly where their demands have not been fulfilled. I think the first sin has been committed by the India Government and that must be recognised and it is a very serious blunder or a serious mistake which the India Government has committed. The members from the Congress side in this House have again and again got up and rightly criticised the States Reorganisation Commission, they have rightly pointed out the lacunae in that report, the contradictions, the opportunistic views held by the Commission members. I would agree with them almost in every case where they have pointed out by their analysis about these things which appear in the report But I was also surprised that they did not point out the sin of the Government. If you agree, if you point out the correct things, the India Government might even now think about the steps to be taken because the controversy is not over, will not be over merely by votes in January or February throughout India. If the problem remains, it will remain a live problem until it is solved to the satisfaction of the people. It has already been referred to but it needs repetition. The India Government has come to the conclusion whilst appointing the Commission that "the language and culture of an area have an undoubted importance as they represent a pattern of living which is common in that area. In considering a reorganisation of States, however, there are other important factors which have also to be borne in mind. The first essential consideration is the preservation and strengthening of the unity and security of India. Financial, economic and administrative considerations are almost equally important, not only from the point of view of each State, but for the whole nation." "Equally important"—mark these words. Therefore, why is States Reorganisation Commission being blamed? States Reorganisation Commission is surely inconsistent, but the inconsistency lies in these directives—not because a gentleman there belongs to the south or somebody else belongs to Bihar but because they have been given wrong directives by the India Government. So, in certain places they have taken the linguistic principle. It is also wrong to say that the States Reorganisation Commission has done justice to the entire south. No. It has not done justice—it has not recommended for the formation of Vishal Andhra in the south for which people have laid down their lives even under the Congress regime.

[4-50—5 p.m.]

The Working Committee, it seems, may accept the formation of Vishal Andhra—I do not know but from the Report it appears like that. But it is no use saying that in the South justice has been done everywhere, everybody is satisfied and linguistic principle has been followed and that in the North it has not similarly taken place. No. It would not be correct, it would not be just on our part to say so. Similarly if we take the demands made by the State Government and the Pradesh Congress Committee in West Bengal, we find that they take their stand not mainly on the linguistic principle. The State Government makes out one case, the Pradesh Congress Committee makes out another. Even now after the States Reorganisation Commission recommendations the Pradesh Congress Committee gives up certain claims; the Government holds out certain claims and gives up certain other claims. Why is this inconsistency? The demands which are being placed appear to be opportunistic demands, and yet in these two bodies—the Pradesh Congress Committee and the Government—some of the same people are there, and yet such things take place. It only weakens our case. It does not strengthen our case, and that is exactly what has happened. This has given a good opening for the members of the States Reorganisation Commission, and therefore in the report itself—I would not waste your time by reading it—in paragraphs after paragraphs, if you read the section on West Bengal you will find, that it was on the basis of communication, it was on the basis of river valley projects, on the basis of truncated West Bengal, on the basis of administrative convenience, on the basis of economy that demands have been brought forward. The other basic demand which we are putting and which the Congress has been putting forward for decades, the question of language, has been relegated to the background in the States Reorganisation Commission Report. I repeat that an opening for that, an opportunity for that has been given by the State Government and the Pradesh Congress Committee. Therefore this contradiction, these unjust claims, these opportunistic arguments appear from the Commission's Report, from the State Government's arguments and from the Pradesh Congress Committee's claims which have been put forward. We hold that the sole responsibility for diverting and confusing the issues lies with the Government and the ruling Party, the Congress. I do not think anybody can take exception to this statement because the greatest amount of responsibility lies with the ruling party. What a great advantage this ruling party has. It rules throughout India without any challenge so far in any State. There is no other Government in any State except the Congress Government. Therefore, I shall be permitted to show how the Congress Ruling Party and the Government have failed to discharge their duties towards the people. I again say that even now there is time to make a more serious study even after the votes are taken. Even if justice is not done immediately I would say that even now there is time to undertake very serious study with regard to the question of dialects and languages of different kinds of people inhabiting India, because unless this is done, the fissiparous tendency will remain, disunity will remain. We shall not be a strong nation, we shall be a weak nation at the mercy of outsiders and imperialists.

Now I will give you some examples on this point. I will cite one or two instances. First I shall take the question of West Bengal Government claims. One or two details I shall refer to later, but the general principle on which they stand is this. See how easy is it to cut short the arguments of the West Bengal Government. If you base your claim as has been done by the Government and even now supported by the last speaker of the Congress, Sj. J. C. Gupta you find this. He said that ours is a truncated State and therefore, some land should come to West Bengal from

Bihar. What does he tell Bihar? Get some land from Uttar Pradesh? This kind of advocacy, I think, absolutely smashes the case of West Bengal. I ask Sj. J. C. Gupta. I ask any Congressman sitting there. Supposing our West Bengal today had 63 millions of people as Uttar Pradesh has got, and if any person inside or outside West Bengal suggests—let it be Sardar Panikkar or anybody else—that because it is such a huge Province with such a huge population it should be truncated for ever for administrative purpose, I think blood will flow in the streets of Calcutta, and not a single Bengali would agree to such a thing happening. If you say that Uttar Pradesh historically or accidentally has got a population of 63 millions and the administration is bad. You may compare their administration with our administration and say that our administration is better. Some other people may dispute that fact. The point is: that is not the principle on which you can stand. Therefore, I say this: do not put forward such arguments, while putting forward our claims. Similarly, if you say that it will solve the problem of the refugees or the unemployment problem, I think that also does not stand the test of arguments, because then I shall ask—how can you by getting a certain amount of territory from another State solve your refugee problem? It is strange that not now but right from the start this Assembly and also the Chief Minister brought forward in a non-official resolution these claims about refugee resettlement, and West Bengal Government holds that in the present Bengal you cannot place more refugees, you cannot settle them. They hold that the refugees have to be sent to Hyderabad, to Andaman, to Orissa, to Assam. What will happen to the refugees? If you get certain amount of land from Purulia, will you go and push your 15 lakh refugees in Purulia? In West Bengal, the present West Bengal, you have no place for refugees. That is what we have been told only two months back by the West Bengal Government. But on what figures shall we be told that in Purulia or any other part which is coming to West Bengal there is enough space for pushing any more refugees from West Bengal? If you give that argument I think the people there will get alarmed and they will say: Is our land to be trespassed on. There is another way of solving the problem, and that is the basic thing, details of which I shall not dwell upon here, but it was stated times without number that for dealing with the problem you have to completely alter the economy of West Bengal—industrialise West Bengal, industrialise India and in a scientific manner to undertake agriculture, give lands to the tillers, and so on and so forth.

[5—5-10 p.m.]

That is the only way by which you can solve the problem of unemployment, the problem of refugees and solve your other economic problems. With regard to development Dr. Roy gives us a strange argument He tells the Bihar Government or the Government of India "give us those portions of Bihar which Bihar has not developed up till now so that I can develop and settle people there. But this is a strange argument Why cannot Bihar develop those areas? It is criminal on the part of Congress Governments, both in Bihar and in the Centre, to keep lands lying undeveloped. The Government of India has to undertake development works in other parts of Bihar which lay undeveloped but on that principle you cannot claim a part of another State's territory. If you can only base your claim on linguistic principle then you claim. Otherwise do not give us this argument. It will only create bitterness between two sections of the people in India. Look inside Bengal and see whether by nationalising the British concerns you can help to solve our problems by stopping their profits from leaving India for England. You can employ that profit in order to build up industries in West Bengal. The arguments

এস. আর. সি. রিপোর্টএ বহু স্থানে এই কথা আছে যে, ইকনমিক বিজনসএ অর্থাৎ agricultural and industrial balance ঠিক করে দেওয়া এই সমস্ত কথা আছে। আমি জিজ্ঞাসা করি, ইন্ডাষ্ট্রি যেমন বিহারে মাইন্স্ আছে তা বাংলায় এলেই বা কি লাভ আর বিহারে থাকলেই বা কি লাভ? মাইন্স্ হচ্ছে সেন্ট্রাল সাবজেক্ট। এখানে জমির দিক থেকে হয়ত কিছু রয়্যালটি স্টেট পেতে পারে। আবার কনকারেন্ট সাবজেক্ট হলে সেন্টারএর হবে তাহলে এই সব ইন্ডাষ্ট্রিতে রাষ্ট্রের কি লাভ হবে। কলিকাতা এবং এর আশপাশ সবচেয়ে বেশি ইন্ডাস্ট্রিয়ালাইজড কিন্তু তাতে পশ্চিমবঙ্গ সরকারের কি লাভ হচ্ছে? এই সমস্ত ইন্ডাস্ট্রির যে ইনকাম ট্যাক্স, ইমপোর্ট, এক্সপোর্ট, আয়কর, আমদানী কর, রপ্তানী কর প্রভৃতি সমস্তই কেন্দ্রীয় সরকারের সাবজেক্ট, সুতরাং ইকনমিক রিজনস্ সেটা খাটে না। উত্তরপ্রদেশের একমাত্র কানপুরে একটা ইন্ডাস্ট্রি আছে আর সব এগ্রিকালচারাল প্লেস। তাহ'লে ইকনমিক ব্যালান্স রাখতে হলে তাকে ইন্ডাস্ট্রিয়াল এরিয়া দিতে হবে? এই কমিশনের মতে তাহ'লে সব জায়গায় ইকনমিক ব্যালান্সিংএর জন্য industrial and agricultural balancing রাখতে হবে। তারপর এ্যাডমিনিষ্ট্রেটিভ রিজন্স্এর ব্যাপার, এর জন্য প্রধান দায়ী হচ্ছে কংগ্রেস হাই কম্যান্ড। লিঙ্গুইস্টিক ব্যাপারটার উপর বেশি জোর নেই, জোর আছে এ্যাডমিনিষ্ট্রেটিভএর দিকে, এইজন্যই টাস্ক হচ্ছে যেমন করে হউক বোম্বেকে মহারাষ্ট্রের কক্ষচ্যুত করতে হবে। এবং এর জন্য ছোটনাগপুর এরিয়া হচ্ছে ট্রাইবাল এরিয়া, সেখানে মস্তবড় ইন্ডাষ্ট্রি, খনিজ সম্পত্তি সেখানে তাদের কোন রকমে স্বায়ত্তশাসন দেওয়া চলতে পারে না। সেখানে বলা হচ্ছে, এই সমস্ত ট্রাইবাল এরিয়াতে বহু ভাষা এবং তারা অনুন্নত জাতি। আমার কথা হচ্ছে সেখানে একটা কমন প্লেন আছে। বহু ভাষাভাষী হলেও এই কমন প্লেন থাকাতে তারা ঐক্যবদ্ধ হতে পারে। এবং এই ট্রাইবেল এরিয়াতে মিনারেল ওয়েল্থ থাকার জন্যই তারা সহজেই নিজেদের উন্নতি করতে পারে। এই একই অবস্থা সৌদি আরবিয়া এবং ইরাক প্রভৃতি জায়গায়। সেখানে তেল খনিজে পূর্ণ। আজ যদি তাদের সামান্য একটু রাজনৈতিক পরিবর্তন ঘটে, তাহলে তারা দ্রুত উন্নতি লাভ করবে। সেইজন্য আমি বলছিলাম, আমাদের দেশের মনোপলি ক্যাপিটালিষ্টস যাঁরা তাঁরা কিছুতেই এই সব সহ্য করবেন না, তাঁদের চাপ এবং প্রভাব এত বেশী যে, কেন্দ্রীয় সরকারও তা মেনে নিতে বাধ্য হয়। একটু আগে শ্রদ্ধেয়

জ্যোতিবাবু যা বলে গেলেন তা আমি একটু পরিষ্কার করে বলছি। আমাদের পণ্ডিতজী প্রায় তাঁর বক্তৃতায় সারা ভারতের ঐক্যবন্ধের কথা বলেন, যেখানে যান সেইখানেই বলেন, তোমরা প্রাদেশিকতার উপর জোর দিও না, ভারতের ঐক্যবদ্ধতা গড়ে তোলার চেষ্টা কর। আমি তাঁকে বলি, "পণ্ডিতজী, তুমি তোমার ঘর সামলাও"। আজকে সারা ভারতবর্ষের কংগ্রেসের মধ্যে কিরকম দলাদলি চলেছে। যারা শাসনকার্য চালাচ্ছে তারা নিজেরা একমত হতে পারছে না। তারা নিজেরা কোন একটা সিদ্ধান্তে পৌঁছাতে পারছে না। আজ রুলিং পার্টির যদি ইউনিটি না থাকে, ঐক্য না থাকে, ঝগড়াবিবাদ চলতে থাকে, তাহলে সারা ভারতবর্ষের সাধারণ লেবারদের মধ্যে কি করে ঐক্য থাকতে পারে। এটা অসম্ভব। আমার মনে হয় সেইজন্য সারা ভারতবর্ষে আজ প্রচণ্ড বিক্ষোভ দেখা দিয়েছে। এই যে গেম চলেছে সেটা মহারাষ্ট্রে পরিষ্কার হয়ে ফুটে উঠেছে। সেখানে মহারাষ্ট্রের সমস্ত কংগ্রেসকর্মী যোগ দিয়েছে এবং কংগ্রেস মেম্বাররা রেজিগনেশন দিতে চেয়েছে।

[6-40—6-50 p.m.]

অবশ্য তাঁহাদিগকে ধরে নেওয়া হয় নি যেমন বাংলা দেশের ম্যাজিস্ট্রেট কর্তৃক অনেকগুলি রিফিউজি স্ত্রীলোক যখন উপবাস করে তখন তাদের আত্মহত্যার অভিযোগে ধরে নিয়ে যাওয়া হয়। কিন্তু ঐ মহারাষ্ট্র সভাপতিকে আত্মহত্যার দায়ে ধরে নিয়ে যাওয়া হয় নি। তিনি ফাস্টিং করতে লাগলেন, তারপর দিন কতক বাদে, এটা হবার পর মহারাষ্ট্রে তা বন্ধ হয়ে গেল। তাঁরা কোন সিদ্ধান্তে এলেন না। সিদ্ধান্ত হতো যদি সমস্ত মহারাষ্ট্র মেম্বর এক দিকে যেত; এবং তাহলে তাদের মেজরিটির মত কি হত ভাবুন।

তারপর কিছুদিন পরে দেখতে পাচ্ছি মন্ত্রী চামন প্রভৃতি, তাঁরা আস্তে আস্তে এগুচ্ছেন তাঁরা বলছেন
if we have got to choose between Nehru and Sanjukta Maharastra, we will choose Nehru.
কথাটা খুব সোজা। আমি পাল্টা করে জিজ্ঞাসা করি চামন সাহেবকে,
if we are to choose between Nehru and independent India, we will choose independent India and not Nehru.
সংযুক্ত মহারাষ্ট্রের দাবীও তাই। সেই জায়গায় তাঁরা আস্তে আস্তে যাচ্ছেন, তাঁরা পথ পরিষ্কার করছেন, তাঁরা চাচ্ছেন খানিকটা লোকপ্রিয়তার ভিতর দিয়ে এটা হয়ে থাকুক। কিন্তু শেষ পর্যন্ত যা হবে, হাই কমান্ড-এর কাছ থেকে যা হুকুম আসবে সেইটা সকলকে মেনে নিতে হবে। এটা কি প্রকৃত শ্রেষ্ঠ পথ ভারতবর্ষের ঐক্য নিয়ে আসবার? এই খেলা কি ভাল? এই সমস্ত প্রিন্সিপলস-এর ভিতর না এনে, যেটা আমাদের পার্টি প্রিন্সিপলস এ বলা হয়েছে কংগ্রেস হাই কমান্ড যেন সেই প্রিন্সিপলসটা নেন। যদি সেন্সাসএ এই রকম ভিলেজ ইউনিট না থাকত, তাহলে বাউণ্ডারি নিয়ে, কতটুকু এরিয়া নিয়ে সেখানে ঝগড়া ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে, সেখানে হাই পাওয়ার কমিশন যেতে পারে, এবং এখানে নতুন করে প্লেবিসাইট ও একটা সেন্সাস নেওয়া যেতে পারে। এখানে একটা হাই পাওয়ার কমিশন এসে ঠিক করবেন বাউন্ডারি লাইন, এবং তাতে বেশী সময় লাগে না। তাঁরা যদি চান সবাইকে সন্তুষ্ট রাখতে, কারও মনের ভিতর কোন অভিযোগ না থাকে, এই রকম অন্য প্রদেশের প্রতি, তাদের পাশাপাশি রাষ্ট্রের প্রতি এই রকম অবিচার করা হয়েছে এই অভিযোগ তোলা হয় এটা করা অত্যন্ত সহজ, কষ্টকর নয়। কিন্তু সেখানে যদি, যেমন সেরাইকেল্লা সম্বন্ধে কমিশন বলেছেন "হো" আছে উড়িয়া (ওড়িয়া) আছে। কিন্তু সেখানে বিহারী মেজরিটি কত সে সম্বন্ধে,
benefit of doubt goes to Bihar.
প্রত্যেকটি জায়গায়,
benefit of doubt goes to Bihar.
কোথাও তাঁরা কি দেখিয়েছেন বিহার মেজরিটি? সবজায়গায়ই ট্রাইব্যাল পিপলদের নিয়ে তৈরি হয়েছে। এই যে জিনিষ, এই অভিযোগ দাঁড়িয়ে রয়েছে।

এই অভিযোগ থাকার কারণ আমরা চাই না। ভারতবর্ষের প্রদেশে প্রদেশে এই রকম রেষারেষি অভিযোগ থাকুক এটা আমরা চাই না। তা থামাবার একমাত্র উপায় এখনো আছে

এই রকম একটা হাই পাওয়ার কমিশন করে বাউন্ডারি ঠিক করা ; আমরা যে প্রিন্সিপলএর কথা বলেছি, সেই প্রিন্সিপলএ বাউন্ডারি লাইন স্বীকার করে নেওয়া। এই হচ্ছে ভারতবর্ষে ঐক্য বজায় রাখবার একমাত্র পথ। নইলে তাঁরা যেভাবে করছেন, সেই হাই পাওয়ার কমিশনের দৃষ্টি কত কটু কত ভয়ংকর! সমস্ত ভারতবর্ষের লোককে ঐক্য থেকে দূরে নিয়ে যাবার পথে পন্ডিত নেহরু নিজেই অগ্রণী। তিনি তাঁর দল আগে না সামলে অন্যান্য ব্যাপার নিয়ে এসে এই ভাষা ভিত্তিকের উপর রাষ্ট্র গঠন থেকে দূরে সরে গিয়ে সমস্ত কংগ্রেস পার্টির মধ্যে ডিসিপ্লিন না নিয়ে এসে যে জিনিষ করছেন তাতে ভারতবর্ষের সংহতি সবচেয়ে বেশী ব্যাহত হচ্ছে। আমি বলবো এই রকম ছেলেখেলা রাষ্ট্র গঠন ব্যাপারে চলা উচিত নয়। বিহার থেকে বলা হল নট এন ইঞ্চ। আর বাংলার বেলায় শুধু বাংলার এখান থেকে প্রসিডিংস পাঠিয়ে দিলেই সব হয়ে যাবে। তাতে কি লাভ? এই রিপোর্ট নিয়ে পার্লামেন্টে বিভিন্ন প্রদেশের যে লোক আছেন, তাঁদের ভেতর একটা সংহতি হওয়া সম্ভব নয়, যতক্ষণ না রুলিং পার্টির সকলে একটা জায়গায় গিয়ে না পৌঁছিতে পারে। সেখানে আসা অসম্ভব। কতখানি তাঁরা সুবিধা-বাদী। এর কি কোন বৈজ্ঞানিক ভিত্তি আছে? আমার মনে হয় না এই রকমভাবে আমাদের মত নিয়ে কোন ফল লাভ হবে। তবে এই সমস্ত জিনিষ কন্‌ষ্টিটিউসনে আছে—রাষ্ট্রকে কন্সাল্ট করতে হবে। অতএব এখান থেকে মতামত যাবে। কিন্তু তাঁরা মনে মনে যা ঠিক করে নিয়েছেন, সেটাই হবে। তাঁদের যে প্রিন্সিপল, সেই প্রিন্সিপল-এ যদি হয়, তাহলে অভিযোগের কারণ বর্তমান থাকবে, অসন্তোষের কারণ বর্তমান থাকবে এবং মাইনোরিটি অপ্রেসান বর্তমান থাকবে।

আজ মনে করুন আসামের ভেতরে যে সমস্ত বাঙ্গালী আছে, তাদের যদি মনের ভেতর থাকে আমরা যদি বড়রকমের আন্দোলন করে যাই, তাহলে সেই আন্দোলনের ফলে আমরা সেটেল থিং আনসেটেলড করতে পারবো। সেখানে যদি এই রকম আন্দোলন করা হয়, তাহলে তার প্রতিক্রিয়াও আসবে, একটা সংঘর্ষ আসবে। কিন্তু তারা যেখানে ফার্মলি সেটেলড লাইন সেখানে যদি ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়, তাহলে যে সেখানে মাইনোরিটি আছে, সে সেখানে মাইনরিটি নোটিসফাইড থাকবে, তার প্রতি ন্যায় বিচার হবে। যেমন কাশীতে যে বাঙ্গালীটোলা আছে, সেখানে তারা মাইনরিটি, তারা যদি মনে করে আন্দোলন করে বাংলাদেশে চলে আসবো, তাহলে কাশীতে যে বাঙ্গালী অবাঙ্গালীর ভেতর মৈত্রী আসতে পারতো, সেই মৈত্রী আর আসা সম্ভব হবে না। যদি এটার সম্ভাবনা থাকতো কাশীর বাঙ্গালী টোলা আন্দোলন করলে বাংলাদেশে এসে পড়বে তাহলে একটা সংঘর্ষ হতো। আমরা মনে করি যদি সেই রকম সেটেল্ড লাইন কোথাও থাকে, তাহলে তাদের ভেতর কোন অভিযোগ থাকবে না, অসন্তোষ থাকবে না, হয়ত ব্যক্তিগত ছোটখাট দু একটা অভিযোগ থাকতে পারে, বড় রকমের একটা সমাজের অংশের ভেতর কোন বড় অসন্তোষ থাকবে না। এটা করবার একমাত্র সেকসনএর দায়িত্ব রয়েছে, আজকে যাঁরা শাসন করেছেন
Vast majority Congress Party.
তাঁদের কর্তব্য হচ্ছে নতুনভাবে এক একটা ব্যবস্থা করা। যেখানে এই গভর্ণমেন্ট বা কংগ্রেস ফেইল করেছেন, সেখানে তারা হাই পাওয়ার কমিশনের প্রতি ভ্রান্ত নির্দেশ দিয়ে এই রিপোর্ট তৈরি করিয়েছেন। আজকে যদি সেই রিপোর্ট কারেক্ট করতে হয় তাহলে কংগ্রেসের উচিত হচ্ছে হাই পাওয়ার কমিশন করে—ভাষাভিত্তিকের উপর আজ রাষ্ট্রের সীমারেখা নির্ধারণ করা। আমেদাবাদের ক্যাপিটালিষ্টরা যোগ দেবে বা অমুক অমুক ধনিক বা প্রভাবশালী লোকেরা বা বড় বড় মন্ত্রীরা জোর দেবে বলে আমরা নীতির দিক থেকে বিচ্যুত হয়ে যাব। এটা না করে যদি তারা নীতির উপর প্রতিষ্ঠিত হন তাহলে সারা ভারতবর্ষের মধ্যে আজ যে প্রচণ্ড ঐক্যের ভাব রয়েছে, সমস্ত রাষ্ট্রের ভেতরে সারা ভারতবর্ষের সংহতির যে ইচ্ছা রয়েছে সেই ইচ্ছা তখনই স্থায়ী হবে, কার্যকরী হবে। এবং সঙ্গে সঙ্গে তাদের ইচ্ছা রয়েছে যে ভাষার উপর আমরা প্রতিষ্ঠিত হব। ভাষার উপর হবার ইচ্ছাটা কি একেবারে বাজে কথা? এক একটা ল্যাঙ্গুয়েজ-এর উপর এক একটা রাষ্ট্র যে হতে চাচ্ছে একটা কালচারএর উপর যে হতে চাচ্ছে সেটা কি তুচ্ছ জিনিষ? সেই কথাই আমি প্রথমে বলেছিলাম যে সেটা এত তুচ্ছ হলেও ঐতিহাসিক দিক থেকে সেটা এত তুচ্ছ জিনিষ নয়। এই অল্প সময়ের মধ্যে আমি সমস্ত ভারতবর্ষের কথাটা

সামান্যমাত্র বিশ্লেষণ করে বলেছি। কিন্তু ঐতিহাসিক দিক থেকে দেখতে গেলে পর দেখা যাবে যে বারবার এই জিনিষটাই এসেছে। আজ থেকে নয়, বহুদিন আগে থেকে এটা এসেছে। এমনকি সেই মনুসংহিতার সময় থেকে চলে এসেছে। বলা হয়েছে যে, আর্যাধ্যুষিত ব্রহ্মবর্তম্ শতদ্রুর পার, বিন্ধ্যের পার সর্বত্র থেকেই এসেছে। মানে আর্যখণ্ড, ব্রহ্মাবর্ত, পাঞ্জাব যেখানে হল এ্যারিয়ান অরিজিন সেটা ব্রাত্য এবং সমস্ত বাংলা ব্রাত্য, সমস্ত দক্ষিণ ব্রাত্য এই রকমের ধারণা থেকে যে সাম্রাজ্যবাদ গড়ে ওঠে, সেই সাম্রাজ্যবাদ অনেকদিন পর্যন্ত ভারতবর্ষের বিভিন্ন প্রত্যন্ত প্রদেশকে কুক্ষিগত করবার চেষ্টা করেছিল। কিন্তু বাংলায় কোনদিন তারা পারে নি এবং এখানে স্বাতন্ত্র্য ছিল। এমন কি পাঠান সাম্রাজ্যের সময়, মোগল সাম্রাজ্যের সময় মোগল সাম্রাজ্যের সময় কিছুটা অধীনতা স্বীকার করে, কিন্তু সেই স্বাতন্ত্র্য পাঠান সাম্রাজ্যের সময়ও ছিল। গুজরাট ও দক্ষিণ তার স্বাতন্ত্র্য রেখেছে কিন্তু পাঞ্জাবে সেটা বারে বারে গেছে এবং ঘুরে এসেছে। এই যে জিনিষ এবং এর ভেতর থেকে যদি আমরা ভাষার উপরে না দাঁড়াই তাহলে কি হবে? কেন আমরা ভাষাভিত্তিক চাই? তার কারণ হচ্ছে যে একটা ভাষা, একটা সংস্কৃতির এবং রাষ্ট্রের হাতে যেটুকু ক্ষমতা সেই ক্ষমতা দিয়ে আমরা সেই সংস্কৃতিটাকে অগ্রসর করে নিয়ে যেতে চাই। আমরা পরস্পরের ভেতরে ভাষার দ্বারাই আদান প্রদান করি, ভাষা ছাড়া একটা সমাজ গড়ে উঠে না। আধুনিক সমাজ যে সমাজ জাতি বা গোত্রের উপর নয়। যে সমাজ ন্যাশন্যালিটির উপর এবং সেই ন্যাশন্যালিটির কমন জিনিষ কি? আগেকার যুগের সমাজ ছিল একটা গোত্র বা মন্ত্র বা কোন একটা পোশাক, আচার, ঠিকেদারী প্রভৃতির উপর। কিন্তু মডার্ন সমাজের ভিত্তি হচ্ছে একমাত্র ভাষা। এই ভাষা মানুষকে সংঘবদ্ধ করে, ঐক্যবদ্ধ করে এবং তার ভেতর দিয়ে সেখানকার সমস্ত কিছু চালিত হয়। তার এ্যাডমিনিষ্ট্রেসন, শিক্ষা, কৃষ্টি যদি চলে সেই ভাষার উপরে ভিত্তি করে তাহলে সেখানে তাদের সমস্ত কিছুই পরিপূর্ণতার সুযোগ পায়। সেজন্য ভাষাকেন্দ্রীক রাষ্ট্র এত তুচ্ছ নয় এবং এই ভাষাকেন্দ্রীক রাষ্ট্রের উপরেই ভারতীয় সংহতি পরিপূর্ণতা গ্রহণ করবে। বারবার হাই কমাণ্ড থেকে আমাদের কাছে বলে দেওয়া হচ্ছে, গ্রেট লিডার নেহরুর কাছ থেকে আসছে যে ইণ্ডিয়ান ইউনিটি প্যারামাউণ্ট। আমরা সেটা মনে করি যে ইণ্ডিয়ান ইউনিটি প্যারামাউণ্ট, কিন্তু আপনারাই সেটাকে ধ্বংস করছেন, জিওপারডাইজ করছেন,
for the sake of Indian unity, for the sake of Indian nationality
তাতে আমাদের এখানকার বিভিন্ন যে প্রদেশ, ভাষা, সংস্কৃতির পরিপূর্ণ উদ্ভবের পূর্ণ সুযোগই হচ্ছে পূর্ণ সংহতির একমাত্র কারণ। এ ছাড়া দ্বিতীয় কোন দিকে গেলেই ভারতীয় সংহতিকে আঘাত করা হবে।

[6-50—7 p.m.]

Sj. Ananda Gopal Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়! স্টেটস রিঅর্গানাইজেশন কমিশনের রিপোর্ট সম্বন্ধে আলোচনা করতে উঠে আমি সর্বপ্রথমে বাংলার যে দাবী তাকে সুস্পষ্ট ভাষায় এবং সংক্ষেপে উপস্থাপিত করতে চাই।

প্রথম কথা হ'ল এই বাংলা দাবী করেছে মানভূম জেলা, ধলভূম সাবডিভিশন, পূর্ণিয়ার বাংলাভাষাভাষী অঞ্চল, সাঁওতাল-পরগনার বাংলাভাষাভাষী অঞ্চল, গোয়ালপাড়া জেলা এবং তার সঙ্গে আন্দামান ও নিকোবর এবং ত্রিপুরা। এতদিন পর্যন্ত বারংবার এই দাবীকে উপস্থাপিত করা হয়েছে। ১৯৫১ সালের ২৩শে আগষ্ট তারিখে এই দাবীকে যুক্তিযুক্তভাবে গ্রহণ করবার জন্য শুধু বাংলার দাবী হিসাবে নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মানুষের মনে যে অভিযোগ আছে তাকে পূরণ করবার জন্য রাজ্য পুনর্গঠন কমিশন গঠিত হয়েছিল। রাজ্য পুনর্গঠন কমিশন গঠিত হবার পর বিভিন্ন প্রদেশ যেমন তাদের দাবীর কথা জানিয়েছে, বাংলাও তেমনি ক'রে অত্যন্ত সংযতভাবে, অত্যন্ত সংহতভাবে, তার ভিতর কোন রকম উত্তেজনা না এনে তার দাবীর কথা জানিয়ে এসেছে। রাজ্য পুনর্গঠন কমিশন সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে ঘুরে বিভিন্ন দলের কাছ থেকে তাদের মতামত গ্রহণ করেছেন। কিন্তু অত্যন্ত বেদনার সঙ্গে আজ এই কথা স্বীকার করতে বাধ্য হচ্ছি যে বাংলা যে আশা নিয়ে এই রাজ্য পুনর্গঠন কমিশনের কাছে তাদের দাবী জানিয়েছিল এবং তাদের এ বিশ্বাসও ছিল যে যাঁরা এই রাজ্য পুনর্গঠন

কমিশনের সদস্য তাদের মত বিচক্ষণ ব্যক্তিরা বাংলার দাবীকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার ক'রে যুক্তিযুক্ত ব'লে গ্রহণ করলে বাংলার এই দাবী পূর্ণ হবে। কিন্তু তাঁদের রিপোর্টে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের সম্বন্ধে কি হয়েছে এবং পশ্চিমবঙ্গের সম্বন্ধে কি হয়েছে তা পূর্ববর্তী বক্তারা অনেকে পুঙ্খানুপুঙ্খরূপে এখানে আলোচনা করেছেন। কিন্তু একটা দিক বিশেষভাবে এখানে আলোচিত হয় নি ব'লেই মনে করি। তাঁদের বক্তব্যের মধ্যে অন্য যাই হউক একটা জিনিস স্পষ্ট হয় নি যে, তাঁদের মনের ভিতর কি আছে? মনে হয় তাঁদের মনের ভিতর যা আছে তা লিখিত বক্তব্যের মধ্যে স্পষ্টভাবে প্রকাশিত হয় নি। কিন্তু যদি আজ তাঁদের রিপোর্ট আমরা পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করি তাহ'লে দেখতে পাই আজ সারা ভারতবর্ষে হিন্দী ভাষার যে প্রাধান্য তাকে রক্ষা করবার জন্য এবং তাকে প্রাধান্য দেবার জন্য অন্য ভাষা অপ্রধানরূপে গৃহীত হয়েছে ব'লে মনে করি। বাংলা যে দাবী করেছিল বিহারের যে অংশ, আসামের যে অংশ, সেই দাবীর পিছনে তাদের যে যুক্তি ছিল কমিশন তাদের সেই যুক্তিকে—যেখানে বাংলার দাবীকে যে যুক্তিতে গ্রহণ করা যায় সেই যুক্তিকে গ্রহণ না ক'রে তাঁদের মনোমত যুক্তি সেখানে দাঁড় করিয়ে বাংলার যুক্তিকে বাংলার দাবীকে উপেক্ষা করেছেন। কমিশন নীতিগত হিসাবে ভাষাভিত্তিতে প্রদেশ গঠন করবেন এই মূল নীতি ছেড়ে দিয়ে আরও ৩টি নীতি গ্রহণ করেছিলেন। তাঁদের সেখানে ছিল ইউনিটি অফ ইন্ডিয়া। সেখানে ছিল সাকসেশফুল ওয়ার্কিং অফ প্ল্যানিং, এবং সেখানে এ্যাডমিনিস্ট্রেটিভ ফ্যাসিলিটির কথা ছিল। আজ ভাষাভিত্তির উপর শুরু ক'রে প্রদেশ গঠনের যে দাবী ছিল তাকে উপেক্ষা ক'রে যুক্তি দেওয়া হয়েছে বিহারের যে অংশ বাংলা দাবী করছে সেখানে এ্যাডমিনিস্ট্রেটিভ ডিফিকাল্টি কিংবা হয়ত ইকনমিক ডিফিকাল্টি হবে। এই সব যুক্তি দেখিয়ে বাংলার দাবীকে উপেক্ষা করা হয়েছে। আমি বলি নীতি হিসাবে তাঁরা সাউথ ইন্ডিয়ায় ভাষাকে প্রাধান্য দিয়েছেন ; আর আজ সাউথ ইন্ডিয়া থেকে যদি নর্দান ইন্ডিয়ায় আসি তাহলে দেখতে পাই সেই ভাষাভিত্তির নীতিকে সেকেন্ডারী ক'রে প্রাইমারী করা হয়েছে অন্যান্য নীতিগুলিকে। আমরা সাউথ ইন্ডিয়া, মাদ্রাজ বা কর্নাটকের কথা যদি দেখি বা বিশাল অন্ধ্রের কথা যদি দেখি, সেখানে যেসমস্ত প্রদেশ নূতনভাবে ভাগ করছেন তাহ'লে দেখি যে ভাষাকে প্রাধান্য দেওয়া হয়েছে। কিন্তু যখন নর্দার্ন ইন্ডিয়ায় আসলেন, বাংলার দাবীর কথা যখন বিচার করতে গেলেন, তখন তাঁরা ভাষাকে প্রাধান্য দেন নি। বাংলা দাবী করেছিল মানভূমের সম্পূর্ণ অংশ বাংলাভাষাভাষী বাংলাকে দিতে হবে। তাঁরা সেখানে দিয়েছেন পুরুলিয়া সাবডিভিশন—তার একটা থানা চাসকে বাদ দিয়ে বাকী সাবডিভিশন। আজ যদি সমস্ত পুরুলিয়া সাবডিভিশন ধরি তাহ'লে দেখতে পাই সেখানে ৫২ পারসেন্ট বাঙ্গালী আছে, বাংলাভাষাভাষী আছে। সেখানে সেই পুরুলিয়া সাবডিভিসনের মধ্যে চাস অবাঙ্গালী বা বাংলাভাষাভাষী অঞ্চল নয় হিন্দী স্পিকিং মেজরিটি ব'লে সেটা বাদ দিলেন। যুক্তি দেখে আমরা অবাক হয়ে যাই। প্রথমে বলেছিলেন যে জেলাকে সবচেয়ে ছোট ইউনিট ব'লে ধরা হবে, তা গেল; জেলা থেকে মহকুমা হয়ে গেল, আবার মহকুমা থেকে কেটে বাদ দিলেন থানা। আমি বলতে চাই কি যুক্তিতে পুরুলিয়া থেকে চাস থানা বাদ দিয়েছেন সেটা যদি বলে দেন ভাল হয়। আমি বলব সেখানে বিহারের প্রতি বিশেষ পক্ষপাতিত্ব করা হয়েছে।

[7—7-10 p.m.]

কারণ পুরুলিয়া থেকে "চাস" বাদ দেবার কোন যুক্তি নেই। তারা বলেছেন যে এই দুটো সেপারেট ইউনিট ওয়ার্ক করেছে বরাবর। সেই অঞ্চলের যারা অধিবাসী তাদের সঙ্গে যোগাযোগ থাকার দরুণ আমি এটুকু জানি "চাস" ধানবাদের সঙ্গে যুক্ত নয়। "চাস" পুরুলিয়ার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। সেই অঞ্চলে যারা ঘুরেছেন তারা জানেন যে "চাস" এবং চন্দনকেয়ারী থানার দূরত্ব ৯ মাইল। ধানবাদের দূরত্ব অন্ততঃ ২৩ মাইল। আজ ভাষার দিক দিয়ে, যোগাযোগ ব্যবস্থার দিক দিয়ে, বাংলাভাষাভাষী যারা আছেন, তাদের দিক থেকে আজ আমি বলব যে, এই কমিশনের যে রায় সেটা অযৌক্তিক। তার পিছনে কোন যুক্তি নেই। আজ যদি আমরা পূর্ণিয়ার দিকে যাই, সেখানে ভাষাভিত্তিতে বিচার করতে গেলে পশ্চিমবঙ্গের সঙ্গে দার্জিলিং জেলা যুক্ত করতে গেলে যে অঞ্চল পশ্চিমবঙ্গে দেবার কথা ছিল, সেই অঞ্চল তারা দেন নি। যেন ভিখিরির মত পশ্চিমবঙ্গ দাবী করেছে—সামান্য রাস্তা দাও, সামান্য জায়গা দাও। তারা কিশণগঞ্জের কিছুটা অংশ এবং গোপালপুর রেভিনিউ থানার কিছু অংশ দিয়ে পশ্চিমবঙ্গের দাবী মেটাবার চেষ্টা

করেছেন। এত বিচক্ষণ পণ্ডিত নেতৃবৃন্দ তারা ভুল করেছেন, এটা বললে আমাদের পক্ষে ছোট মানুষ হিসাবে বড় কথা বলা হয়। আজ করিডর দিবেন ব'লে যে জায়গা দিয়েছেন, তাতে পশ্চিমবঙ্গের অঞ্চলকে দার্জিলিংএর সঙ্গে যুক্ত করা যায় না। আমার মনে হয়, তাদের ভুল হবার যথেষ্ট কারণ আছে। গত ২শ' বছর আগেকার যে ম্যাপ, সেটা দেখেই তারা এই জায়গা পশ্চিমবঙ্গে দিয়েছেন। বাংলাদেশের ২শ' বছর আগেকার ম্যাপ দেখলে দেখা যাবে যে এখন যেখানে মেচি নদীর কোর্স রয়েছে, সেখানে মহানন্দার কোর্স ছিল। আগের ম্যাপ দেখে তারা তাদের এ্যাওয়ার্ড দিয়েছেন। এ ভুল ইচ্ছাকৃত নয়। এই ভুল সংশোধন হওয়া একান্ত প্রয়োজন। আর কিশণগঞ্জের অধিবাসীদের এখানে বাংলাভাষাভাষী ব'লে বলা হয় নি। আমি সেখানকার অধিবাসীদের কাছ থেকে শুনেছি যে, কিশণগঞ্জের অধিবাসীরা বাংলাভাষাভাষী। ওয়েস্ট দিনাজপুর, জলপাইগুড়ির যে ভাষা, মালদহের যে ভাষা, কিশণগঞ্জেরও তাই ভাষা। সেখানে বিহারী ভাইরা যারা আছে, তাদের সংখ্যা এমন কিছু বেশি নয়—কিন্তু সবচেয়ে লজ্জার কথা এই যে, ভৌগলিক দিক থেকে যে ভুল হয়েছে তার চেয়ে বেশি ভুল হয়েছে আজ পশ্চিমবঙ্গের উপর একটা নির্দেশ চাপিয়ে দেওয়া। সবচেয়ে ঘৃণ্য ব্যাপার এই যে পশ্চিমবঙ্গের শাসনব্যবস্থাকে বিশ্বাস না করে দেবার সময় তারা দুটো নির্দেশ জুড়ে দিয়েছেন। প্রথম হচ্ছে উর্দু এবং মুসলিম কালচার রক্ষা করতে হবে। আর দ্বিতীয় সেখানে রিফিউজী রিহ্যাবিলিটেশন চলবে না। আমরা জানি বিহারের হিন্দুস্থানী মুসলমান ভাইরা কিসের ভয়ে একথা বলতে বাধ্য হয়েছে যে, আমরা পশ্চিমবঙ্গে যেতে চাই না। তাই একটা তথ্য আপনার কাছে রাখতে চাই। এই তথ্য পরিবেশন করবার ইচ্ছা আমার ছিল না কিন্তু বলা হচ্ছে যে তারা বাংলাদেশে আসতে চায় না। সেজন্য একটা তথ্য দিচ্ছি—বিহারে পাকিস্তান ন্যাশনাল ওয়েলফেয়ার কমিটি ব'লে কমিটি জামসেদপুরে গঠিত হ'তে বাধ্য হয়েছে। তার কারণ হচ্ছে সেখানে যারা আছেন, বিহার সরকার তাদের এফ, ভিসা রিনিউ করতে চাচ্ছেন না। অত্যন্ত দুঃখের সঙ্গে এই তথ্য আপনার কাছে পরিবেশন করলাম।

আমি আমার যুক্তি এবার গোয়ালপাড়ার দিকে দিতে চাই। গোয়ালপাড়ার যে দাবী বাংলাদেশ করেছিল, তার সঙ্গত কারণ আছে। সেখানে বাংলাভাষাভাষী লোকের সংখ্যা বেশি। যোগাযোগ ব্যবস্থার দিক থেকে দেখবেন কুচবিহার স্টেট ট্রান্সপোর্ট গোয়ালপাড়া পর্যন্ত যুক্ত। ধুবড়ী রেল লাইনও গোয়ালপাড়ার সঙ্গে যুক্ত। শিক্ষা, সংস্কৃতি, ভাষার দিক দিয়ে যদি বিচার করেন, তাহ'লে দেখবেন আসাম অঞ্চল কুচবিহারের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত। মানভূম জেলা থেকে পুরুলিয়াকে বের ক'রে চাসকে বাদ দিয়ে বলা হয়েছে যে কন্টিগুইটি থাকছে না, কারণ মাঝে দামোদর নদী রয়েছে। কিন্তু তারা এ সম্বন্ধে বিশেষ কোন যুক্তি দেখাতে পারেন নি। কুচবিহারের সঙ্গে গোয়ালপাড়া এমনভাবে সংযুক্ত যেটাকে একাত্ম ব'লে মনে হয়। এ ছাড়া রাজবংশীর কথা অনেকে উল্লেখ করেছেন। আমি সে সম্বন্ধে বেশি কিছু বলতে চাই না। গোয়ালপাড়ার অধিবাসী এবং কুচবিহারের অধিবাসী পরস্পরের সঙ্গে অভিন্নভাবে যুক্ত। তারপর আমি সাঁওতাল-পরগনা সম্বন্ধে বলতে চাই। কমিশন যে ভাষা বাংলাদেশের বিরুদ্ধে লাগিয়েছেন এ্যাডমিনিস্ট্রেটিভ ডিফিকাল্টিস-এর কথা ব'লে, ইকনমিক ডিফিকাল্টিস এর কথা ব'লে এবং অন্যান্য যুক্তি দিয়ে বাংলার দাবীকে উপেক্ষা ক'রে গেছেন, সেখানে বাংলাভাষাভাষীর অঞ্চল সম্বন্ধে কমিশন ১৯৩১ সালের যে সেন্সাস, সেটা তাদের প্রয়োজনমত কিছু কিছু জায়গায় লাগিয়েছেন। আবার ১৯৫১ সালের সেন্সাস কিছু কিছু জায়গায় লাগিয়েছেন। আমি বিশেষ তথ্য পরিবেশন ক'রে আপনাদের ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না। শুধু একটা জায়গা দেখাতে চাই। সেটা রাজমহল, পাকুড়, জামতারা। ১৯৩১ ও ১৯৫১ সালে রাজমহলে বাংলাভাষাভাষী লোকের সংখ্যা হচ্ছে ১৩·০ এবং ১৬·৪। আর হিন্দীভাষাভাষীর সংখ্যা হচ্ছে ৩৭·০ এবং ৩৬·৯। পাকুড়ে ১৯৩১ ও ১৯৫১ সালে বাংলাভাষাভাষী লোকের সংখ্যা হচ্ছে ২৪·৯ এবং ১৬·০ আর হিন্দীভাষাভাষী লোকের সংখ্যা হচ্ছে ১৬·১ ও ৩৮·৫। জামতারায় ১৯৩১ ও ১৯৫১ সালের সেন্সাসএ বাংলাভাষাভাষী লোক-সংখ্যা ৩০·০ এবং ৫·৫ আর হিন্দীভাষাভাষী ২৯·০ ও ৩৭·৪। যেসমস্ত তথ্যের উপর নির্ভর ক'রে দেশের পরিকল্পনা গ'ড়ে ওঠে, সেই সমস্ত তথ্য এখানে বিকৃত করা হয়েছে। বাংলার দাবী যদি অযৌক্তিক হ'ত তাহ'লে তারা এই সমস্ত তথ্যকে বিকৃত ক'রে এই রকমভাবে রিপোর্ট রচনা করতে পারতেন না। বাংলা এই অঞ্চল যদি না পায় তাহ'লে বাংলাভাষাভাষী যেসব জনসাধারণ আছে তারা সেখান থেকে ২।৫।১০ বছর বাদে এলিমিনেটেড হয়ে যাবে। তারপর অজয় সম্বন্ধে বিহার সরকার এসেম্বিল্র গত অধিবেশনে কিছু নতুন তথ্য পরিবেশন করেছেন—ম্যাপ ক'রে

ছাপিয়ে তারা বলেছেন যে তারা অজয় ও কাশায় ডিভলপ করতে চায়। অনেক দিন আগে পরিকল্পনা হয়ে গেছে—ইনভেস্টিগেশন কমপ্লিট হয়ে গেছে। এর চেয়ে আর ভুল খবর এবং ষড়যন্ত্রমূলক অভিসন্ধি আর কিছু থাকতে পারে না। যারা অজয়ের গভীরতা দেখেছেন এবং জমির দিকে চেয়ে দেখেছেন, তারা জানেন যে বিহার প্রদেশে উচ্চপদস্থ কর্মচারীরা এইভাবে যে পরিকল্পনা করছেন—সেই পরিকল্পনা কাজে লাগবে না। পরিকল্পনার 'পরি' উড়ে যাবে, আর কল্পনা শুধু কল্পনাই থেকে যাবে। কেবলমাত্র বাংলার দাবীকে উপেক্ষা করবার জন্য এই নতুন তথ্য পরিবেশন করা হয়েছে। সবচেয়ে দুঃখের সঙ্গে আপনার কাছে জানাই বাংলাদেশ কমিশনের কাছে যেসমস্ত ন্যায়সঙ্গত দাবী জানিয়েছে—বাংলাকে উপেক্ষা করার জন্য সেই কমিশন সেই দাবী গ্রহণ করেন নি।

[7-10—7-14 p.m.]

সবচেয়ে অত্যন্ত দুঃখের বিষয় এই যে, বিহারের নেতৃবৃন্দ যেভাবে স্টেটস রিঅর্গানাইজেশন কমিশনএর কাছে তাদের দাবী উপস্থিত করবার জন্য সেখানকার জনসাধারণকে ক্ষেপিয়ে তুলেছেন, উত্তেজিত করেছেন বাংলা তা করে নি কারণ বাংলার জনসাধারণ ভেবেছিল যে ক্ষমতাশালী কমিশন বসানো হয়েছে সেই কমিশনএর সদস্যারা ন্যায়বিচারই করবেন। কিন্তু দেখা যাচ্ছে যে, আসলে কমিশন বিহারে এই গুন্ডামী দেখে তারা তাদের মাথা ঠিক রাখতে পারেন নি। শুধু তাই নয়, এখন পর্যন্ত যে সমস্ত অঞ্চল বাংলাকে দেওয়া হয়েছে ব'লে রিপোর্ট বেরিয়েছে সেখানকার জনসাধারণকে ভয় দেখিয়ে লিখিয়ে নেওয়া হচ্ছে যে, আমরা বাংলায় যেতে চাই না, বিহারেই থাকতে চাই। আপনাদের সামনে এই ব্যাপারে হাজার হাজার তথ্য উপস্থিত করতে পারি। কিন্তু সময় অল্প, বেশি বলবো না, তবে একটি ঘটনাও না রাখা ঠিক হবে না, তাই অন্ততঃ একটির কথা ব'লে যাই, কিভাবে ষড়যন্ত্র চলছে। একদিন দেখা গেল, পায়রাডলী গ্রামে বিহার গভর্নমেন্টএর গাড়ি গিয়ে উপস্থিত। গাড়ির নং হচ্ছে বি-আর-পি ১০১০। সেই গাড়িতে বিহার গভর্নমেন্টএর ব্লক ডেভেলপমেন্টএর কোন এক অফিসার সেই পায়রাডলী গ্রামের অধিবাসী বিপত্তারণ মুখোপাধ্যায় নামে এক ভদ্রলোকের বাড়িতে গিয়ে হাজির হন এবং তাঁকে বলেন যে, এই ফরম আপনি সই ক'রে দিন। তিনি বললেন, এই ফরমএ কি লেখা আছে আমি তো জানি না, এ হিন্দীতে লেখা দেখছি। তখন তাঁকে বলা হয়, বুঝবার দরকার নেই, কেবল সই ক'রে দিন। এদিকে ঐ গাড়ি ওখানে এতক্ষণ দাঁড়িয়ে আছে দেখে গ্রামবাসীরা ব্যাপার কি জানতে আসে এবং গাড়ি ঘেরাও করে। তখন অবস্থা বেগতিক বুঝে অফিসারটি সরে পড়েন। যে ফরম ফেলে যান তাতে লেখা ছিল—আমি এই গ্রামের মুখিয়া আমি এই অঞ্চলের জনগণের সভা করেছি এবং এই প্রস্তাব আমরা গ্রহণ করেছি যে, আমরা বিহারেই থাকতে চাই, বাংলায় যেতে চাই না (ক্রাইজ অফ সেম! সেম!)। এভাবে পন্থকে জানানো হচ্ছে। এরকম তথ্য আরও বহু আছে কিন্তু সবগুলি এখানে পরিবেশন করা সম্ভব নয়। পশ্চিম বাংলার প্রতি যে অবিচার হয়েছে এর তীব্র প্রতিবাদ করা কর্তব্য এবং যেসব অঞ্চল বাংলায় আসছে তার প্রতি যাতে অত্যাচার, অবিচার আর না হয় এবং তাদের যাতে উন্নতি সর্বপ্রকারে হয় তার প্রতি দৃষ্টি রাখতে পশ্চিমবঙ্গ-সরকারকে অনুরোধ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The debate on the States Reorganisation Commission Report is closed.

The question that this Assembly takes into consideration the Report of the States Reorganisation Commission appointed by the Government of India in the Ministry of Home Affairs Resolution No. 53/69/53-Public, dated the 29th December, 1953, and recommends that the proceedings of the discussion be forwarded to the Government of India for their consideration, was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-14 p.m. till 9 a.m. on Saturday, the 10th December, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 10th December, 1955, at 9 a.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 13 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 187 Members.

[9—9-10 a.m.]

GOVERNMENT BILL.

The West Bengal Land Reforms Bill, 1955.

The Hon'ble Satyendra Kumar Basu: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Land Reforms Bill, 1955, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: I would request the party Whips to supply me lists of speakers. Other parties will also kindly give me lists of speakers not for today only but for the duration of the whole debate so that I can adjust time accordingly. I would also request the honourable members to see that at least they speak with relevancy on the subject in the third reading of the Bill

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, এই ল্যান্ড রিফর্ম বিলএর তৃতীয় পর্যায় এই আলোচনার আগে একটি সুযোগ পাওয়া গিয়েছে যা কদাচিৎ পাওয়া যায় না, সেটা হচ্ছে বিলের দ্বিতীয় পর্যায়ের আলোচনার শেষে বিলটা যেভাবে দাঁড়াল, তার সম্পর্কে জনসাধারণের ভিন্ন ভিন্ন অংশে কি প্রতিক্রিয়া, তার খানিকটা সংবাদ নেওয়ার সুযোগ এই বিলে পাওয়া গিয়েছে, যা সাধারণত অন্য যায়গায় পাওয়া যায় না।

আমি গত দু' মাস ধরে বিভিন্ন অঞ্চলে জনসাধারণ এবং বিশেষ করে কৃষকদের ভিন্ন ভিন্ন অংশের লোকের সাথে আলাপ করে যেটুকু বুঝতে পেরেছি, সেটা হচ্ছে এই, এই বিলে যা বলা হচ্ছে প্রধানত কৃষকদের কল্যাণের জন্য করা হয়েছে, সেই বিলে কৃষকদের কোন অংশ থেকেই স্বাগত সম্ভাষণ পায় নি। আমি মাননীয় রাজস্বমন্ত্রীকে অনুরোধ করব তিনিও এ সম্বন্ধে অনুসন্ধান করুন এবং আমার কথা সত্য কিনা তা তিনি নিজে অনুসন্ধান করে নিশ্চিত হন। আমি বেশ জোর দিয়ে বলতে পারি, আমি যতদূর পর্যন্ত খবর নিয়ে দেখেছি কোন অংশই সন্তুষ্ট হন নি।

প্রথম ধরা যাক কৃষির উপর নির্ভরশীল যে জনসংখ্যা, তার সর্বনিম্ন স্তরে যারা রয়েছে, সেই ভূমিহীন দরিদ্র কৃষক, যাদের মৌলিক সমস্যা ছিল জমির সমস্যা, তাদের জমি পাওয়ার সম্ভাবনা সুদূরপরাহত। এঁরা নাকি তথ্য দিয়ে দেখাবার চেষ্টা করেছেন, এখন যদি এঁদের সেই তথ্যকে ধরে নেওয়া যায়, তাহলে দেখা যাবে যে, ৬ লক্ষ একরের মত জমি পাওয়া যাবে। গতবার বলেছিলাম মোট যে জমি ১১,৭০০,০০০ একর, তার মাত্র ৫ পারসেন্ট, আমি এবার খবর নিয়ে দেখলাম বর্ধমান জেলা কৃষির দিক থেকে উন্নত জেলা, তা বর্তমানে যে অবস্থা, অন্যান্য জেলা থেকে বর্ধমান খানিকটা উন্নত; সেইদিক থেকে আমি দেখছি এই জেলাতেও জমি মোটেই বিশেষ পাওয়া যায় নি। যাঁরা এ সম্পর্কে ভারপ্রাপ্ত কর্মচারী তাঁদের কাছে সংবাদ নিয়ে দেখেছি কত জমি এখানে পাওয়া যেতে পারে; তাঁরা নিজেরাই স্বীকার করেছেন যে, নানাদিক থেকে আইনের ফাঁক আছে এবং সেই ফাঁকটা তাঁরা আরও প্রসারিত করবার জন্য যুক্তি উকিলের কাছ থেকে নিচ্ছেন। উকিলের পরামর্শ নিয়ে তাঁরা নানা দিকে

যেভাবে জমি সরিয়ে রাখছেন, তাতে খুব অল্প পরিমাণই জমি পাওয়া যাবে। সেদিক থেকে আমি গতবার বলেছিলাম, এবারও রাজ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব তাঁর যে-কোন তথ্য থেকে বলুন, সত্যি সত্যি এই ওয়েস্ট বেঙ্গল স্টেট এ্যাকুইজিশন এ্যাক্টএর মারফৎ কত জমি তাঁরা পেয়েছেন, এবং আগামী দিনের মধ্যে কত জমি পেতে পারেন? আমি দেখিয়েছিলাম গতবার এবং যে দাবী জানিয়েছিলাম সেটা কোনমতেই অযৌক্তিক নয়। সেটা হচ্ছে এই যে ১৪ লক্ষ পরিবারের যাদের আদৌ জমি নাই এবং সাড়ে পাঁচ লক্ষ পরিবার যাদের জমির পরিমাণ দুই একরেরও কম, এই সাড়ে উনিশ লক্ষ পরিবার যারা কৃষির উপর নির্ভরশীল, তারা জনসংখ্যার ½ অংশ হচ্ছে। তাদের জন্য কম করে যদি ৪০ লক্ষ একর জমি পাওয়া যায় তাহ'লে কোনরকমে একটা ব্যবস্থা হতে পারে।

কৃষির উপর নির্ভরশীল জনসংখ্যার ½ অংশের জন্য মাত্র মোট চাষের জমি ½ অংশে দাবী করা হয়েছে। বাকী ½ অংশ জনসংখ্যার জন্য ½ অংশ জমি দাবী করা কত অযৌক্তিক! তার জন্য প্রচেষ্টা করা হয় নাই। এখানে যে-কোন অজুহাতই দেখান হ'ক না কেন, তা টেকে না। আমি দেখিয়েছিলাম অন্যান্য দেশের মাথাপিছু জমির পরিমাণ দিয়ে এখানকার আসল তথ্যকে ঢাকা যাবে না। এশিয়ার একমাত্র টার্কি, ইরাক, ইরাণ—কয়টি দেশ ছাড়া আর কোথাও মাথাপিছু এত কম জমি নাই, চীনে নাই, কোরিয়ায় নাই, ইন্দোচীনেও নাই। তাঁরাও সেখানে ভূমিসমস্যার সমাধান করতে পেরেছেন। অতএব এ যুক্তি এখানে খাটে না। বার বার বিভিন্ন সদস্য সমস্ত পার্টির তরফ থেকে এ কথা বলবার চেষ্টা করেছেন যে, যে জমিদারী উচ্ছেদ আইন পাস করা হয়েছে, সেখানে আইনের মধ্যে এত ফাঁক রয়েছে যে, তাঁদের উচিত ছিল এই আইন আনবার আগে ভূমিসংস্কার করে এই ফাঁকগুলি বন্ধ করা। কিন্তু তা না করে সেই ফাঁক আরও বাড়ান হয়েছে।

এই আইনে রায়তের ২৫ একর জমি সীমাবদ্ধ করা হয়েছে। তার মধ্যে ক্লজ ৪এর সাব-ক্লজ (৩)তে যে সমস্ত ফাঁক রাখা হয়েছে, সেই ফাঁক আরও বেশী প্রসারিত হচ্ছে এটা সকলে জানেন। এবার আমি খোঁজ নিয়ে দেখলাম, ঐ দেবোত্তর যেটা শুধু পাবলিক ট্রাস্ট বলে একটা ফাঁক ছিল, সেটা এখানে প্রাইভেট দেবোত্তর হ'ল। এই ফাঁক রাখা যে কত মারাত্মক হয়েছে, সেটা এবার আমি গ্রামাঞ্চলে খবর নিয়ে দেখেছি। যেসমস্ত ফাঁক আইনে রয়েছে, সেগুলিকে বন্ধ করবার চাইতে ফাঁককে আরও প্রসারিত করবার চেষ্টা হচ্ছে। তাতে করে শুধু যে জমি পাওয়া সুদূরপরাহত হয়েছে তা নয়, যারা জনসংখ্যার দরিদ্রতম অংশ যা কৃষির উপর নির্ভরশীল, যারা ভাগচাষীর কাজ করত, তারা আজকে নানাভাবে নানাদিক থেকে উচ্ছেদ হচ্ছে এবং এই উচ্ছেদ আজকে একটা সর্ববৃহৎ সমস্যা হয়ে দেখা দিয়েছে। আমি দেখেছি বহুদিন ধরে ২২।২৩ বছর ধরে যারা বাড়ীঘর করে এক জায়গায় বাস করছে, আশেপাশের দু' তিন গ্রামের সকল লোকও স্বীকার করেছেন যে তারা ২২।২৩ বছরের বাসিন্দা সেখানে এমন সব গ্রামের লোককেও তাদের জমি থেকে বেমালুম উচ্ছেদ করা হয়েছে। এরা যাতে চাষের জন্য নিযুক্ত না হয়, তার জন্যে এই আইন আপনারা করছেন। নানুর বলে একটা গ্রামে তারা ২৩।২৮ বছর ধরে বাস করেছে, পাশের গ্রামের সব লোকও একবাক্যে স্বীকার করেছে, এক মাড়োয়ারী জমিদার নিজের স্বার্থে চাষের জন্য সেই সমস্ত জায়গা অন্য লোককে বন্দোবস্ত দিয়েছে। এ্যাটেস্টেশনএর সময় সমস্ত গ্রামের লোকের আপত্তি সত্ত্বেও তারা সেখান থেকে উচ্ছেদ হয়েছে। এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। এ রকম ঘটনা হাজার হাজার লাখ লাখ রেকর্ড অফ রাইটসএর সময় হয়েছে।

[9-10—9-20 a.m.]

কিন্তু চকদীঘির জমিদারী যেখানে ছিল সেখানে তাঁরা একজন মাড়োয়ারীকে ইটখোলা করবার বন্দোবস্ত করে দিয়েছেন এবং বারবার সমস্ত লোকের আপত্তি সত্ত্বেও তারা সেখান থেকে উচ্ছেদ হচ্ছে। এটা একটা শুধু বিচ্ছিন্ন ঘটনা নয়, এইরকম হাজার হাজার লাখ লাখ ঘটনা রেকর্ডস অফ রাইটস-এর সময় হচ্ছে। সেখানে গ্রামে যতসব জিনিষ ছিল, সাধারণ ইজমেন্ট রাইটস হিসাবে যা কিছু ছিল সমস্ত এইভাবে দূর হয়ে যাচ্ছে এবং দরিদ্রতম অংশই এতে সবচেয়ে বেশী ঘা খাচ্ছে। তাদের জমি পাওয়াত দূরের কথা, নিজের যা ছিল তাও এদের ছেড়ে দিতে

হচ্ছে। সেজন্য স্বাভাবিকভাবে তাদের ভেতর কোনপ্রকার নূতন প্রেরণা আসেনি এবং তাদের ভেতর খালি উদ্বেগই রয়েছে। আমি আফিসে বসে দেখেছি যে, এখন যেমন ট্রেড ইউনিয়ন আফিসে লোক আসে তেমনি কৃষক সমিতির আফিসে অভিযোগ জানাবার জন্য লোক আসছে, কিন্তু তারা কোন প্রতিকার পাচ্ছে না। এ ছাড়া যেসমস্ত অফিসারদের পাঠিয়েছেন তাদের চাকরীর কোন স্থিরতা নেই। সিভিল সাপ্লাই আফিসে তাঁরা হাত পাকিয়েছেন এবং তারপরে তাঁরা এখানে এসেছেন। এই চাকরীতে যাতে তাঁদের ভবিষ্যৎ চলতে পারে তার চেষ্টাতেই তাঁরা রয়েছেন। সেজন্য সেখানে মানুষের অধিকারের উপর ব্যবস্থা করে দেবার দিকে তাঁদের মন নেই, দরদ নেই, কোন অনুভূতি পর্যন্তও নেই। এর কারণ হচ্ছে তাঁদের সেখানে নির্মম বাস্তব হিসেবে বাঁচার প্রয়োজনে সমগ্র জাতির বাঁচার পথকে পর্যন্ত তাঁরা সেখানে রুদ্ধ করে দিচ্ছেন। এই সেখানকার অবস্থা। সেজন্য বারবার এখানে প্রশ্ন উঠেছিল যে, কৃষিসমস্যা একটা জটিল সমস্যা, দেশের অধিকাংশ লোক যেখানে যুক্ত এবং যার ব্যাপারে কোন সুব্যবস্থা করতে গেলে সেই স্থানীয় জায়গার পুঙ্খানুপুঙ্খরূপে তথ্য জানা দরকার এবং যা একমাত্র গ্রাম্য নির্বাচিত কমিটি ছাড়া থাকতে পারে না; সেজন্য এইরকম ধরনের একটা আইন যা শুধু ব্যুরোক্রেটিক মেসিনারীর উপর নির্ভরশীল হয়ে যেতে না হয় এবং তার জন্য যে আবেদন করা হয়েছিল সেটা শুধু কথার কথা হিসেবে আবেদন করা হয় নি। সেই আবেদনের প্রয়োজন ছিল বলেই করা হয়েছে এবং চাষীদের পক্ষে এটা ছাড়া অন্য কিছু সম্ভব নয় বলেই সেটা করা হয়েছে। কারণ কিছুতেই কোন রকমে ওদের উপরে এর দ্বারা জাস্টিস হতে পারে না। যদি কয়েকজন কর্মচারী যেখানে তাঁরা জানতেন একদিকে স্থানীয় সমস্ত ধনীদের ঘুসের প্রলোভন এবং অন্যদিক থেকে নিজেদের চাকরীর অনিশ্চিত ভবিষ্যৎ, সেই জায়গায় একদিকে তাঁরা যে টাকা পাচ্ছেন সেই টাকাতে তাঁরা ৫ বছর যা কামিয়ে নেবেন তাতে হয়ত ২০ বছর খেতে পারবেন এবং এই প্রচেষ্টাও তাঁরা করবেন। সেখানে হাজার হাজার লোক বাঁচবে, কি মরবে সে দিকে তাঁরা তাকাচ্ছেন না। এই হচ্ছে সেখানকার অবস্থা।

তারপরে ভাগচাষীর কথা ধরুন। ভাগচাষী সম্বন্ধে প্রত্যেকেই অনুভব করেছেন যে, এটা বিশেষকরে বাংলার সমস্যা। এখানে ঠিক যেভাবে ভাগচাষ প্রথা যত ব্যাপক আকারে এবং ভিত্তিতে রয়েছে সেটা ভারতবর্ষের আর কোন অঞ্চলে নেই। আমি ১৯৪৬ সাল থেকে আরম্ভ করে লক্ষ্য করে দেখেছি যে, এই ভাগচাষ প্রথা আমাদের বাংলার কৃষিজীবনের সবচেয়ে দুর্বলতম অংশ। সেজন্য একেই অবলম্বন করে বাংলায় বারবার কৃষক আন্দোলন গড়ে উঠেছে। ১৯৪৬ সালে যখন ২।১টা সীমাবদ্ধ এলাকায় ভাগচাষ আন্দোলন সুরু হয় তখন সেটা আগুনের মতন সমস্ত বাংলায় ছড়িয়ে যায়। অর্থাৎ সুবার্দি মিনিষ্ট্রির সময় এটার প্রয়োজন হয়েছিল বলেই এটা ছড়িয়ে যায়। আমি লক্ষ্য করে দেখেছি যে, ১৯৪৩ সালের পরেও বিভিন্ন কারণে ধনতান্ত্রিক জগতের যা নিয়ম, সাপ্লাই এ্যান্ড ডিম্যান্ড, সেই নিয়মের অনুযায়ী মজুরদের দর বেড়েছে। কিন্তু সামন্ততন্ত্রের যে একটা মূল কথা, কনভেনসন যা একটা চলে আসছে তাতে বাস্তব অবস্থার সঙ্গে সেখানে কোন যোগাযোগ নেই। সেজন্য সেই প্রথা হিসেবে যা ভাগ রয়েছে তাতে সেই ভাগে সেখানে লোকের চলে না। তার ফলে আমি লক্ষ্য করে দেখেছি যে, মজুরীর বৃদ্ধির ফলে একজন মজুর মজুরী পায় না, সারা বছর কাজ পায় না। এই সমস্যার জন্য তাদের যে মোট আয় তার দ্বারা তারা সেখানে সংসার চালাতে পারে না। যিনি মজুর নিযুক্ত করেন, সেই মজুরদের খাওয়ার দায়িত্ব তাঁকেই নিতে হয়। কিন্তু এই ভাগচাষীর কোন দায়িত্ব কারুর নেই। সেজন্য যে ভাগ সে পাচ্ছে সেই ভাগেতে তার চলে কিনা এবং তাতে আদৌ তার পক্ষে চালান সম্ভব কিনা সেটার সম্বন্ধে এ পর্যন্ত কোন কিছুই দেখা হয় নি। আমি তথ্য নিয়ে দেখছি যে, ১৯৪৩ সালের পর ধানের দর যখন বাড়ে তখন কিছু কিছু মধ্যবিত্ত লোক নিজেরা চাষ করবার জন্য চেষ্টা করেন। নিজেরা চাষ করতে গিয়ে ২৫।৩০।৪০ বিঘে পর্যন্ত জমির মালিক যাঁরা তাঁরা চাষ করার চেষ্টা করে দেখেন যে, চাষ করে যা হয় তার চেয়ে ভাগ দিয়ে বেশী লাভ হয়। সেজন্য দুই বছর চাষ করে লোকসান দিয়ে তাঁরা আবার ভাগেতে দিয়েছেন। সেজন্য অল্প জমির মালিকরা হিসাব করে দেখেছেন, অন্ততঃ একখানা লাঙ্গল যাঁদের আছে তাঁদের হিসাব নিয়ে আমিও দেখেছি এবং তথ্য জানি যে, যেখানে তাঁরা নিজেরা দু' বছর চাষ করে লোকসান দিয়ে জমি ফের ভাগে দিয়েছেন। অর্থাৎ তাঁরা

এই কারণে দিয়েছেন যে, এতে বেশী লাভ পাওয়া যেতে পারে। অন্যদিকে আজকের দিনে যেখানে গরুর দর বেড়েছে, খোল, খড় ইত্যাদি প্রত্যেকটি জিনিসের দর বেড়েছে, কিন্তু সেই জায়গায় ভাগচাষীর যে কি করে চলতে পারে, সেটা তাঁরা লক্ষ্য করেন নি। যার ফলে সকলেই জানেন যে, ভাগচাষীর অবস্থা এমন দাঁড়িয়েছিল যে, শেষে আষাঢ়, শ্রাবণ, ভাদ্র মাসে যে ধার তারা খায় এবং বাড়ি ধান সুদ দিয়ে তাদের পরিশোধ করতে হয়। এই পরিশোধের ক্ষেত্রে দেখা গেছে যে, মাঘ মাসের ধান যেটা তোলা হয়, সেখান সমস্ত ধান দিয়েও ভাগচাষীর ধার শোধ হয় না। সেজন্য এটা অত্যন্ত নির্মম সত্য যে, বর্ষায় ভিজে চাষ করে বহু ভাগচাষী, সারা বছর পরিশ্রম করে মাঘ মাসে যখন দেনাপাওনা করতে যায় তখন দেনাপাওনা করে তারা দেখে যে, দু-মুখ সমান হয়ে যায় এবং মাঘ মাসে তাকে আবার নূতন করে ধার নিয়ে জীবন সুরু করতে হয়। এইরকম যে একটা অংশ তার সম্বন্ধে একটা ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন ছিল। আমরা দীর্ঘদিন আলোচনা করেও দেখেছি যে, এখন যে সমাজ-ব্যবস্থা রয়েছে তাতে তাকে সরাসরি উঠিয়ে দেওয়াও সম্ভব নয়। সেজন্য এই ভাগচাষীর সিকিউরিটি কেমন করে রাখা যায় তার একটা ব্যবস্থা থাকা দরকার, কিন্তু এখানে সিকিউরিটির কোন বন্দোবস্ত নেই। বলবেন যে, আইনে তাদের সম্বন্ধে যে ৬০।৪০ করা হয়েছে। আগে ভাগের যেরকম ব্যবস্থা ছিল, তাতে যে অনিশ্চয়তা ছিল, দীর্ঘদিন বোর্ডের কাছে পড়ে থাকত সেটা দূর হয়ে খানিকটা তাদের পরিষ্কার করা হয়েছে—কিন্তু সে পরিষ্কার খানিকটা কম করে করা হয়েছে। কিন্তু তার চেয়ে বড় কথা—উচ্ছেদের কথা। আগে জমি থাকলে তবে তার ভাগের কথা। অতএব সেই উচ্ছেদের দিক থেকে তাদের কোন বন্দোবস্ত করা হয় নি। এখানেও সেই বন্দোবস্ত রাখা হয়েছে যে, বোনাফাইডি রিকোয়ারমেন্টস হলে পরেই সে নিজের জমি ছাড়িয়ে নিতে পারে। এখানে অনেক বলার পর সেভিং ক্লজ হিসাবে রাখা হয়েছে একটা নির্দিষ্ট সীমা। কিন্তু কোন সীমা সেখানে বলে দেওয়া হয় নি। একটা সীমা বলে দেওয়া উচিত যে, এই পরিমাণ জমির বেশী যাদের থাকবে তারা সেই জমি ছাড়িয়ে নিলে তাদের কাছে যে জমি রয়েছে সেটা এবং ছাড়ান জমি মিলিয়ে যেন ⅓এর বেশী না হয়। এটা হওয়ার ফলে এবং দ্বিতীয়তঃ রসিদের কথা থাকার ফলেও শোষণ করা যাদের মনের বাসনা তারা যদি সেখানে দেখে যে, কোনরকম অসুবিধার সৃষ্টি হতে থাকে তাহলে তখনই তাদের প্রতিক্রিয়া আসে সেই জমি থেকে মুক্তি পাবার জন্যে এবং তখনই ব্যাপক উচ্ছেদের ব্যবস্থা হয়। সেজন্য আমি দেখেছি যে, যারা ২৫ একরের কম জমির মালিক, যারা জানেন যে, তাদের জমি গভর্নমেন্ট নিতে পারে না তারা প্রত্যেকেই, আপনারা যাঁরা গত একমাস দু মাসের খবরের কাগজ পড়েছেন, তাঁরা লক্ষ্য করেছেন যে, তাঁরা ব্যাপকভাবে জোর করে ভাগচাষীর জমি না বলে নিজেরা ধান ঘরে তোলবার চেষ্টা করছেন। কারণ এরা দেখছে যে, আমরা যদি জোর করে উড়িয়ে দিতে পারি যে, ভাগচাষী বলে কেউ নেই তাহলে আমাদেরও কোন বাধা নেই। অন্যদিকে ভাগচাষীর পক্ষে কোন সিকিউরিটির ব্যবস্থা না থাকার দরুণ যেটুকুন কল্যাণ করার ব্যবস্থা আছে, সেই কল্যাণটুকু দিতে যাদের অন্তরে লাগে তারা সেটাকে বাধা দেবার জন্যে সরাসরি ব্যাপকভাবে ভাগচাষীকে অস্বীকার করার জন্য, গতবার যে ভাগচাষী নিজে চাষ করেছে এইবার ফসল তোলার মুখে তাকে অস্বীকার করে নিজে চাষ করেছে বলে জোর করে ধান তুলে নিচ্ছে এবং এর জন্য বিভিন্ন জায়গায় জোতদাররা মারামারি করেছে, ২।৩ জায়গায় খুনও হয়েছে বলে আপনারাও জানেন। সবচেয়ে লজ্জার কথা, এই যে যাঁরা গণতন্ত্রের কথা বলেন, যাঁরা দুর্বলকে রক্ষা করার কথা বলেন, তাদের প্রত্যেক জায়গায় দেখা যাচ্ছে যে, পুলিশ জোতদারদের সহায়তায় যাচ্ছে, গরীবদের বাঁচাবার জন্য যাচ্ছে না।

[9-20—9-30 a.m.]

সেজন্য আইন যখন করেছেন এবং সেই আইনের বিষময় ফল যখন ফলেছে তখন যদি চৈতন্যোদয় হয়ে এই মানুষদের বাঁচাবার যদি কোনরকম চেষ্টা করেন তাহলেও বোঝা যেত যে, এদের প্রতি অন্ততঃপক্ষে একটা দরদ আছে। প্রথমে না বুঝলেও তার ফল দেখেও বোঝা যেত যে, তাঁরা কিছুটা তাদের জন্য ব্যবস্থা করবার চেষ্টা করছেন, কিন্তু তাও সেখানে তাঁরা করছেন না। আমি জানি এবং আমি বলে যাচ্ছি যে, আমরা আবার যখন ফেব্রুয়ারী মাসে

বাজেট সেসনে মিলিত হব তখন আমরা দেখাব যে, এইসমস্ত কারণের জন্য ধান তোলার সময় আরও কত ব্যাপক উচ্ছেদ হবে। তার কারণ হচ্ছে যে, এই ভাগচাষীদের কোন সিকিউরিটি দেওয়া হয় নি এই বিলের দ্বারা।

তারপর আন্ডার-রায়তদের সম্বন্ধে আমাদের অনেক বোঝাবার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আমি আইনজ্ঞ নই, ওকালতিও পাশ করিনি বলে ওঁরা তাড়াতাড়ি যা বললেন, সেই ক্লজটা পড়লাম। ওঁরা বললেন যে, জেনারেল ক্লজেস এ্যাক্ট সেকসন ৮এর অনুযায়ী এটা হয় যে, যেগুলি রিপিল হয়ে যাচ্ছে সেই এই আইনের ফল তারা পাবেন। কিন্তু পরে অন্যান্য আইনজ্ঞের সাথে আলাপ করে দেখলাম যে, বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর ১৯৩৮ সাল পর্যন্ত যা এ্যামেন্ডমেন্ট হয়েছে তাতে খুব অল্প সংখ্যক মাত্র আন্ডার-রায়ত পরিপূর্ণ রায়তের অধিকার পেয়েছে এবং সেদিক থেকে অল্পসংখ্যক লোক এই জেনারেল ক্লজেস এ্যাক্ট চ্যাপটার ৮এর যে সুযোগ সেই সুযোগ পেতে পারবে। কিন্তু ব্যাপকভাবে কোন আন্ডার-রায়ত এর কোন সুযোগ পাবে না। সেজন্য আমি বারবার এই কথা তুলেছিলাম যে, আন্ডার-রায়তদের সম্বন্ধে একটা ব্যবস্থা থাকা দরকার। অথচ আমি জানি যে, বিশেষ করে নদীয়া এবং এইরকম অনেক জেলায় যেখানে উঠবন্দী প্রভৃতি নানান ধরণের কোরফা প্রথা রয়েছে তারা সেখানে ব্যাপকভাবে উচ্ছেদ হয়েছে। অতএব সেদিক থেকে রায়তদের ব্যাপারে কোন একটা ব্যবস্থা করা হয় নি। প্রথমে এই মনোভাব নিয়ে সুরু করা হয়েছে যে, যেটা মাননীয় রাজস্বমন্ত্রী তাঁর আগেকার এক বক্তৃতায় বলেছেন, রায়তের যত কিছু দুর্ভাগ্যের প্রধান কারণ, ১৮৫৯ সাল থেকে কৃষককে বাঁচাবার জন্য যেসমস্ত আইন বারবার করে যে অধিকার রায়তকে দেওয়া হয়েছে সেই অধিকার মিসইউজ করার জন্য এই সমস্ত করা হচ্ছে। অতএব অধিকার মিসইউজ হবে। কৃষকের কল্যাণ কৃষকের চেয়ে রাষ্ট্র বেশী বোঝেন। কিন্তু রাষ্ট্র কৃষির কল্যাণ এবং কৃষকের কল্যাণের জন্য যেখানে ইন্টারফিয়ার করবেন, তাদের অধিকারকে সংকুচিত করবেন এই মনোভাব নিয়ে সমস্ত কিছু কাজ সুরু করা হয়েছে। অন্য প্রত্যেকটি দেশে, চীন থেকে আরম্ভ করে প্রত্যেক দেশে তারা প্রথমে এটাই ভেবেছিল যে, যেখানে পরিপূর্ণ মালিক হবার সবচেয়ে বেশী আকাংখা এবং যে মালিকানার ভেতর দিয়ে মানুষের মমত্ববোধ আসে, সেই মমত্ববোধের ভেতর দিয়ে তার নিজের সমস্ত প্রাণঢালা পরিশ্রম করবার প্রেরণা আসতে পারে। সেখানে স্বইচ্ছায় নিজের অভিজ্ঞতার ভেতর দিয়ে যত বুঝবে যে, না এককভাবে আমার প্রচেষ্টার দ্বারা ফল হতে পারে না, সুতরাং আমাকে যৌথভাবে কাজ করতেই হবে এবং ক্রমে ক্রমে রাষ্ট্রের দিক থেকে আরও খানিকটা সাহায্য নেওয়া দরকার। এইভাবে কৃষক নিজের অভিজ্ঞতার মাধ্যমে ধাপে ধাপে যৌথ কাজকর্ম করার দিকে এবং রাষ্ট্রের সহায়তার দিকে এগিয়ে যায় এবং তখনই তাতে সত্যিকারে কল্যাণ হয়। কিন্তু তা না করে উপর থেকে যদি চেষ্টা করা যায় তাহলে তার ফলও অত্যন্ত বিষময় হয়। বিশেষ করে এখন বর্তমানে রাষ্ট্রের যে চরিত্র এবং যেখানে সেই রাষ্ট্রকে প্রতিটি কাজ করতে হবে সেখানে তাদের যে ব্যুরোক্রেটিক মেসিনারী, যে ব্যুরোক্রেটিক মেসিনারীর সম্বন্ধে নির্মম অভিজ্ঞতা জনসাধারণের আছে তার দ্বারা কিছু হবে না। সেজন্য সেদিক থেকে লেস ইন্টারফারেন্স যতই হয় ততই ভাল। কিন্তু তা না করে সেখানে প্রতিটি ক্ষেত্রে এইরকম করা হয়েছে। সেজন্য কথায় যদি বলা হয় যে, তাদের পরিপূর্ণ মালিক করলাম তাহলে তাতে কোন কাজই হয় না। কারণ সেখানে সেই মালিকানার প্রলোভনে তারা কাজ করছে। ৪ নম্বর ধারায় ৪ নম্বর সাব-ক্লজে যেখানে রায়তের অধিকার দেখান হয়েছে, সেখানে এগুলি নানারকমে আপাতদৃষ্টিতে দেখলে মনে হবে না যে, এগুলি এমন কিছুই নয়। কিন্তু প্রকৃত প্রস্তাবে কার্যক্ষেত্রে তখন দেখা যাবে যে, এই সমস্ত ধারাগুলির জন্য কৃষকদের উপর নানানদিক থেকে হয়রানি সেখানে হবে এবং অফিসারদের জুলুমও হবে। সেখানে কোন জায়গা থেকে কেউ হয়ত কারুর বিরুদ্ধে কোনরকম নালিশ করে দিল বা একটা দরখাস্ত করে দিল, অমনি সঙ্গে সঙ্গে তার সম্বন্ধে এনকোয়ারী হবে, তার জবাবদিহি হবে এবং তাকে এই সমস্তর জন্য একটা হয়রাণির ভেতর পড়তে হবে এবং তার উপর একটা আইন আসবে।

দ্বিতীয়তঃ যেটা গতবার আমরা দেখিয়েছিলাম সবচেয়ে মারাত্মক, সেটা হচ্ছে আগে যেখানে ১৬ নম্বর ধারা ছিল বর্তমানে সেটা ১৪ নম্বর ধারায় বলা হয়েছে, পার্টিসান। প্রথম সেই পার্টিসানের ভেতর দিয়ে জমি দেওয়া ত দূরের কথা তারা সেখানে জমি পাবে না। অল্প

অল্প জমির মালিক যারা তাদের সংখ্যাও কম নয়। সেখানে তারা নিজেদের ভাইদের ভেতর বণ্টন করবার ক্ষেত্রে কত সীমা করে দেবেন জানি না।

[At this stage the blue light was lit.]

আমাকে কিছু সময় দিতে হবে, স্যার।

সেখানে সেই পার্টিসান হওয়া মাত্র সেই জায়গায় তারা নিজেদের যেখানে তার সীমার চেয়ে কম হয়ে যাবে তদ্দণ্ডে তাদের একজনকে সমস্ত টাকা দিয়ে তখন নিতে হবে, আর তা না হলে সেটা বাইরের লোকের কাছে নীলাম করে দেওয়া হবে। আপনারা জানেন যে, সাধারণ গরীব লোকের পক্ষে, তার জমির যদি ৪০০ টাকা দরকার হয়, তাহলে তার নিজের পৈত্রিক সম্পত্তির যে অংশ সেটা ৪০০ টাকায় নেওয়াও তার পক্ষে সম্ভব হবে না। তার ফলে অধিকাংশ লোক যারা কম জমির মালিক তাদের সেখান থেকে উচ্ছেদ হয়ে যাবার সম্ভাবনা বেশী।

একমাত্র যে জিনিস নিয়ে প্রচার করবার চেষ্টা করা হচ্ছে, সেটা হচ্ছে খাজনার ব্যাপার। খাজনার ব্যাপারে এ'রা গোড়ায় যেটা করেছিলেন পরে সেটা নানা দিক থেকে বুঝে দেখেছেন যে, যখন আমরা নানাদিকে ট্যাক্স করছি তখন এই খাজনার ব্যাপারে অন্ততঃপক্ষে কিছুটা রেহাই দেওয়া উচিত। কারণ কৃষককে মোট কতখানি খাজনা সরকারকে দিতে হচ্ছে এবং বিভিন্ন ট্যাক্স বাবদ সরকারের কাছে কতবার যেতে হচ্ছে, সেদিক থেকে কোন সুরাহা হচ্ছে না। কিন্তু যদি এই খাজনাই খালি ধরা হয় তাহলে সেই খাজনার দিক থেকে কতকগুলি জিনিস আছে আমি এবার খোঁজ নিয়ে দেখলাম যে, সেটা বোঝবার বিষয় আছে। প্রথমে ছাড় ব্যাপারে এক বিঘে করে ছাড় দেওয়া আছে। আমি খবর নিয়ে দেখলাম যে, মেনাহীবাদ বলে একটা প্রথা বহুদিন আগে ছিল। অর্থাৎ যেসমস্ত বাজে জমি বহুদিন থেকে ডোবা ইত্যাদি ছিল সেগুলিকে জমিদারী সেরেস্তাতেই বহু আগে থেকেই মেনাহী ছাড় বলে ছাড় দেওয়া হত। সেদিক থেকে সেটা খুব অসুবিধের নয়। আমি দেখেছি খুব অল্প জমির যারা মালিক তাদের এই ভিটে ছাড় দেওয়ার পক্ষে যা আছে তাতে সুবিধে হত। কিন্তু মধ্যবিত্ত, যাদের ভিটে, ডোবা ইত্যাদি নিয়ে তাদের পরিমাণটা এক বিঘের চেয়ে বেশী হবে। কারণ এখানে বলাই আছে যে, ৫ একর পর্যন্ত রাখতে পারবে। সেখানে ৫ একর না হোক গ্রামাঞ্চলে খামারবাড়ী ইত্যাদি সমস্ত নিয়ে সেখানে ৩।৪।৫ বিঘের জমির মালিক নয়। এই রকম মধ্যবিত্তের সংখ্যা খুব কম। কিন্তু সেখানে এক বিঘেকে ছাড় যে দেওয়া হল তাতে বাকী ৪ বিঘের জন্য যে রেট ধরা হবে তা মোট ছাড় অংশের চেয়ে ঢের বেশী বৃদ্ধি পাবে এবং সেটাকে ধানের জমি পর্যন্ত যদি ধরা হয় তাহলে সেটা আরও বেশী বৃদ্ধি পাবে। সেজন্য একটা চাষীকে এ'রা শুধু এটাকে দেখিয়ে দিয়ে তাঁরা দেখাবার চেষ্টা করেছেন যে, আমরা চাষীর কিছুটা খাজনা লাঘব করেছি। এই একটা জিনিস করে তাঁরা এটা ফলাও করে দেশের কাছে নাম কেনবার চেষ্টা করছেন। কিন্তু এটাকে যদি সমগ্রভাবে দেখা যায়, তাহলে দেখা যাবে যে, একজন কৃষক তার মোট হোল্ডিং, সেখানে তার ভিটে জমি, পুকুর ইত্যাদি যা আছে এবং অন্যান্য যে ফসল আছে সেই সমস্ত দিক থেকে তার মোট দেয় কি দেখলে সেখানে দেখা যাবে যে, মোটেই তার কিছু হয় নি।

তারপরে ধানের ব্যাপারে যেটা হয়েছে সেটা একটা বড় এজমালের উপর দাঁড়িয়ে আছে—৫ মণ করে গড় ধান এবং ৫ টাকা করে—আমি অবাক হয়ে গেলাম।

The Hon'ble Satyendra Kumar Basu:

৫ টাকা ৪ আনা।

Sj. Benoy Krishna Chowdhury:

আপনার হিসাবে যা ছিল গড়ে ৫ মণ ধান হবে সেই হিসাবে যদি ৫ টাকা ৪ আনা করেন সেটা দেখেছি এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্টএ, যে রেন্ট ইন কাইন্ডকে রেন্ট ইন ক্যাসএ পরিণত করা হচ্ছে। এ্যাটেস্টেশন অফিসএ খবর নিয়ে দেখলাম—আমি দেখেছি যে, মেদিনীপুরে সাড়ে আট

টাকা থেকে দশ টাকা পর্যন্ত ধানের দর, গড়ে ৭ বছরে যা ইল্ড এবং যাদের তাই নিয়ে ক্যাস রেন্ট ধরবার কথা ছিল, সেই জায়গায় সেখানে ধরা হচ্ছে সাড়ে আট থেকে দশ টাকা পর্যন্ত। বর্ধমানে এগার টাকা দশ আনা পর্যন্ত ধরা হয়েছে। এ জিনিস আমি জানি। আমি গিয়ে যখন এস্টেটস এ্যাকুইজিশন অফিসারকে প্রশ্ন করলাম এ সম্বন্ধে, তখন তিনি তার কোন সদুত্তর দিতে পারলেন না। এই জিনিস বাস্তবে দেখেছি। মাথা নাড়ার প্রশ্ন নয় [রাজস্ব-মন্ত্রী মহাশয়কে নির্দেশ করিয়া] আমরা বিভিন্ন জেলায় দেখেছি এবং খবর নিয়েছি। এ্যাটেস্টেশনের সময় এজমালি ছিল ধানের খাজনা টাকায় পরিণত করবার সময় কত দরে টাকা ধানের দর হিসাবে ধরা হয় সেটা জেনে মাথাটা নাড়লেই ভাল হয় এবং সেদিক থেকে দেখা যাবে যে, যে এজমালের উপর আপনারা দাঁড়িয়ে আছেন সেই এজমালটা টেকে না। তারপর অন্যান্য ফসল সম্বন্ধেও মারাত্মক ব্যাপার রয়েছে। আমি দরের তালিকা দিতে চাচ্ছি না কারণ এগুলি খুব অবধারিত কথা এবং যে কোন লোক বুকে হাত দিয়ে বলবে যে এই আইনের মধ্যে এমন কতকগুলি সেকসন সন্নিবেশিত করা হয়েছে যেগুলি কৃষকদের স্বার্থের পক্ষে অসন্তোষজনক, এমন কি স্বচ্ছল কৃষকরাও পর্যন্ত এতে স্যাটিসফায়েড নয়।

[9-30—9-40 a.m.]

অতএব এই আইন কার জন্য? আমার মনে হয় এই আইন হচ্ছে বর্তমানে যে রুলিং ক্লাশ আছে তাদেরই ক্ষমতায় আর একটু প্রতিষ্ঠা করবার জন্য। এ'দের সমস্যা হচ্ছে এ'রা কৃষকের উপর নির্ভর করতে পারে না, শ্রমিকদের উপর নির্ভর করতে পারে না, এ'রা মধ্যবিত্ত-দের উপর নির্ভর করতে পারে না, এরা একমাত্র এই শ্রেণীর উপর নির্ভর করতে পারে সেই শ্রেণী হচ্ছে সামন্ততান্ত্রিক। অথচ সমস্যা হচ্ছে বর্তমানে কৃষক আন্দোলন এতখানি এগিয়ে গিয়েছে যে, জমিদারী প্রথা যেরূপে আজকে বর্তমান রয়েছে সেই রূপকে টিকিয়ে রাখা কিছুতেই সম্ভব নয়। তাই এ'দের কাছে এই সমস্যা সমাধানের পথ হচ্ছে এর চেহারা আপাতদৃষ্টিতে একটুখানি এর য়্যাপিয়ারেন্স বদলিয়ে জমিদারী প্রথার উচ্ছেদ করা হচ্ছে। এবং এই ফিউডালিজমকে অল সর্টস অফ আন্ডারহ্যান্ড মিনসএর দ্বারা তাকে অন্যভাবে রিটেন করে রাখা হচ্ছে। তাই আমরা দেখতে পাচ্ছি এই কারণে সত্য সত্যই এ'দের আন্তরিকতা নেই। আমি মনে করি না সরকারের চিন্তা শক্তি দেউলিয়া হয়ে যাওয়ার জন্য এই ব্যবস্থা অবলম্বন করতে পারেননি যাতে এই সমস্যা সমাধান করা যায়। কিন্তু প্রশ্ন হচ্ছে তা তাঁরা করবেন না। আজকে এই ধনিকগোষ্ঠীর উপর, বর্তমান যে শাসক সম্প্রদায় রয়েছে তাঁরা নির্ভরশীল। সেইজন্য এই শ্রেণীকে কেমন করে রেখে দেওয়া যায় তার চেষ্টা হচ্ছে। সেইজন্যই আমরা দেখতে পাচ্ছি তাদের নানাভাবে সুযোগ দেওয়া হচ্ছে এবং এটা জেনে বুঝেই তাঁরা দিচ্ছেন। এখানে এই সমস্ত ফাঁক রেখে দেবার পিছনে এই জিনিসই দেখতে পাচ্ছি। এই ফাঁক যে আজকে রেখে দেওয়া হচ্ছে তা তারা আগে থাকতেই খবর নিয়ে রেখেছে। আমরা দেখেছি অনেক বড় বড় জমিদার যাদের সঙ্গে এ'দের যোগাযোগ আছে, এই শ্রেণী আগে থেকেই এই ব্যবস্থা করে রেখেছে। এখানে যদি মনে করে থাকেন,—আমি জানি ডাক্তার রায়ের এই রকম ধারণা আছে, তিনি দেশের শিল্পবিস্তারের দিক থেকে জমিদারদের হাতে কিছু টাকা দিয়ে দিলে তারা সেই সমস্ত টাকা শিল্পে নিযুক্ত করবে। কিন্তু এই ধারণা ভুল। কারণ মনে রাখতে হবে জমিদারদের ভিতর যারা খুব দরিদ্র, নামে মাত্র জমিদার, যাদের অবস্থা এমন কি, কৃষকদের অবস্থা থেকেও খারাপ তারা মাথায় হাত দিয়ে বসে আছে। তারা আমাদের কাছে খবর নেয় এই ইনটেরিমএর টাকা কবে পাবে তার একটা ব্যবস্থা করতে পারি কি না। এইরকম এই সব জমিদারদের, ১৯৬২ সালের ১লা বৈশাখের পর থেকে, যাদের ৪।৫ শত টাকা আয় ছিল এবং অন্য কোন আয়ের পথ নেই তারা কেমন করে খাবে তার কিছুই করছেন না। আর যারা বড় বড় জমিদার, বর্তমানে দুইটি লোকের কথা জানি, তাদের সঙ্গে ডাক্তার রায়ের আলাপ আছে, একজন বর্ধমানের মহারাজা আর একজন লেফন্যান্ট কর্নেল বিজয় সিং এদের সঙ্গে বহুদিন ধরে বৃটিশ পুঁজিবাদীদের সঙ্গে যোগাযোগ আছে। আপনাদের ধারণা যে, এই সুযোগে তাদের দিয়ে ব্যবসা করাবেন। শিল্প বিস্তারের জন্য এই টাকা খাটানোর যদি কোন পরিকল্পনা করে থাকেন তাহলে সেটা শূন্যে পরিকল্পনা করা ছাড়া আর কিছুই নয়। এবং আমরা জানি শুধু তাই নয় এই শ্রেণীকে নানাদিক থেকে প্রতিশ্রুতি দিয়ে আমাদের দেশের শিল্পের প্রসার

হবে না। এরা নানাদিক থেকে পিছন দিকেই টানবার চেষ্টা করবে। বাংলাদেশে বিশেষকরে জমিদার শ্রেণীর দীর্ঘদিন ধরে ব্রিটিশের সঙ্গে যোগাযোগ আছে এবং সেখানকার শিল্পপতিরা প্রধানতঃ নির্ভর করেছিল এই জমিদারদের উপর কারণ ব্রিটিশ শাসন কায়েম রাখবার জন্য তাদেরই উপর নির্ভর করতে হয়েছিল। সেইজন্য দীর্ঘদিন ধরে তাদের সঙ্গে যোগাযোগ রয়েছে। আমাদের দেশকে পিছিয়ে রাখবার দিক থেকে সেটা শক্তি হিসাবে কাজ করবে তা নয় এই সমস্ত বিদেশী সাম্রাজ্যবাদীদের প্রেসারএই তারা কাজ করবে। অন্যদিক থেকে ব্যাপকভাবে সাধারণ কৃষকদের যেভাবে অবস্থার সৃষ্টি করছেন তাতে এর দ্বারা কোনরকম শিল্পবিস্তারের সম্ভাবনা নেই। এই যে পথ গ্রহণ করতে যাচ্ছেন এই পথে কৃষকদের কল্যাণ হবে না, এই পথে কৃষকদের স্বাচ্ছন্দ্য বাড়বে না এবং শিল্পের পথেও তাদের এগিয়ে দিতে পারবেন না। এই পথে সর্বনাশকেই এগিয়ে আনবেন। এখানে একটা কথা হচ্ছে যে, ক্ষমতা হিসাবে জমিদারদের যে প্রভাব ছিল আজকে কিছু কিছু তা খর্ব হয়েছে কিন্তু তাতে মূল সমস্যার দিক থেকে কিছুই হবে না। আমি এখানে বলতে চাই সরকার যদি মনে করে থাকেন শেষ কথা সরকারের হাতে রয়েছে তা নয় শেষ কথা জনসাধারণের হাতে রয়েছে। মূল সমস্যার যদি সত্যিকারের সমাধান না করা যায় তাহলে ঐতিহাসিক কারণে সাময়িকভাবে তারা বিভ্রান্ত হতে পারে কিন্তু সেই বিভ্রান্তির মুখোষ খুলে যেতে বাধ্য। তখন দুর্বার গতিতে ন্যায্য পথে আবার সেই আন্দোলন চলবে এবং তখন মূল সমস্যার সমাধান হবে।

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, the Land Reforms Bill, as it has appeared in its last lap, is a mosaic of agrarian legislation without any principle and purpose and I am sure that amendments will be coming in from the official side at the very next session to improve upon this patch work and if I rise to speak at this tag end, it is only to be helpful to the Hon'ble Minister so that he may draft his amendments in the light of the observations I am going to make

Sir, why do we want land reform? What is the purpose behind it? The colonial rule of Britain had starved our agriculture, had starved our peasantry, had imposed a crushing burden upon the agricultural class. The purpose of any land reform is to remove these anomalies; the purpose is to remove the vestiges of colonial rule, to improve agricultural wealth, to remove agricultural indebtedness, to remove the intermediaries who had interposed themselves between the State and the peasantry The purpose of land reform is primarily improvement of agriculture, an improvement of the condition of the agricultural classes and for that purpose to redistribute agricultural land and for that purpose again to give land back to the tillers. Sir, that is why the cry of land to the tillers was raised from the heart of our national struggle during the days of British rule. But, Sir, this Bill has most lamentably gone back on that pledge. The claim of the tillers to the soil has been denied almost categorically in this Bill.

The ceiling of land for the *raiyat* has been fixed at 25 acres. Now this land can be cultivated by the *raiyat* by means of wage labour or by means of the *bargadar* who will get half the produce and the owner *raiyat* will get half the produce without putting in any labour whatsoever. The actual tillers of the soil get neither right over land nor the crops of the land. This Bill is going to create five classes upon the land.

[9-40—9-50 a.m.]

First, the non-cultivating *raiyat* who will get the land cultivated by means of wage labour and *bargadars;* second the self-cultivating *raiyat* that is the *raiyat* who will cultivate the land himself and with the help of his family; third, the *bargadar* who cultivates the land but only gets a share of the produce; fourth, the wage labourer who cultivates the land but gets nothing except just enough to drag on his maintenance; and fifth, a new class which

is named as the Co-operative Society. The Co-operative Society will be formed with the first two classes, that is the *raiyats* who are either non-cultivating or cultivating, the *raiyats* who cultivate the land with their own hand and *raiyats* who get the land cultivated with hired labour, and big *raiyats* and small *raiyats*. All of them are sought to be consolidated in the Co-operative Society. Thus, Sir, this is the patch-work which I had described at the beginning, this is the patch-work of agrarian legislation which is creating five agrarian classes without either any equity or any unity or any uniformity.

Sir, among these five classes, the fourth class, that is the class of wage labour have particularly no interest in the land and so it is presumed that they need no protection since they have no interest; since their rights have been denied they do not need any protection whatsoever. The *bargadars'* position is slightly better inasmuch as they cannot be evicted at the pleasure of the owner. Even then enough loopholes are provided, quite plenty, so that the *bargadar* may be removed by the owner. These are provided in clause 17. For instance, the *bargadar* may be removed if he fails to cultivate the land or neglects to cultivate it properly. Who is to judge whether the cultivation is done properly or not and then if he does not cultivate the land personally, and then if he has contravened any of the provisions of this Act due to any failings. Even if there are failings—they may very well occur due to the illness of the *bargadar* or due to natural calamities or due to ignorance of the quibblings of law—even then, if all these things are properly done, the owner may set him aside, if he wants to bring the land under personal cultivation. Now, "personal cultivation" has a peculiar definition. The owner may set aside the *bargadar* and appoint wage labour in his place and thereby bring the land under personal cultivation. So Sir, this sub-clause (*d*) of 17(1) is a definite provision for arbitrary ejectment of the *bargadar*.

Then, about Co-operative Societies. It is very nice to hear about them. But what is their composition. They will be formed with big and small *raiyats*. Big *raiyats* who cultivate the land by means of wage labour and *bargadar* and small *raiyats* who cultivate the land with their own hand, are merged together in the Co-operative Societies. Obviously they will be dominated by the big share-holders who will also draw a lion's share of the profit. The small sharers will be gradually squeezed out and will be forced to sell out their portions and when they sell out their portions, the land may very easily go to persons having no association with land; persons who are neither cultivating *raiyats* nor non-cultivating *raiyats* may come forward to buy the share and become share-holders of the Co-operative Society. Thus Sir, the co-operative societies will in no time become the property of *jotedars* and big *raiyats* who will cultivate the lands of co-operative societies by means of paid wage labour. So far, Sir, for land reform.

Now, what about distribution? Obviously the purpose of land reform is to redistribute the land fairly and equitably. Let us see how far this purpose is going to be fulfilled. According to the expectations of our Hon'ble Minister, he is going to acquire about 6 lakh acres of land which will be available for redistribution among local cultivators either with no land or with land below two acres. Sir, I am afraid that his expectations do not seem to stand on solid ground. Sir, I am now referring to a report published by the Government of India on 19th May, 1954, on agricultural labour. Now, from the figures given under the head West Bengal on page 84, detailed statistical table, we find that the total area of holdings

in West Bengal which exceed 25 acres is 1,054,000 acres. The number of such holdings is 26,400. The area retained by the *raiyats* will be the number of holdings multiplied by 25, that is, 660,000 acres that is the area which will be retained by the *jotedars*. So Government gets the total area minus the area retained by the *jotedars*, that is, 394,000 acres. Now, let us deduct from this figure "*debottar*" land, land assigned for charitable purposes and the hilly tracts of Darjeeling, so that not more than 3½ lakh acres will be available to the State Government for redistribution. Next, let us see who are the claimants of this land. According to the statistics given in the same book the number of landless agricultural families in West Bengal is 521,000. The number of families having holdings less than I acre in size—I am leaving aside, Sir, holdings of two acres, as the Bill proposes to redistribute land among cultivators having either no land or land below two acres—leaving aside two acres and confining ourselves to one acre, the total number of such holdings, is 349,800; that means, the number of families having either no land or having land below one acre is 870,800; that is to say, 3½ lakh acres are going to be distributed among 870,800 families.

[9-50—10 a.m.]

That means, it comes to about 4 acres, just a little above one Bigha per family. But obviously few will get the land. Land will not be redistributed in such manner according to the Bill. Land will be redistributed only among local cultivators. Who will choose them, on what criteria, on what terms? About these things nothing is said in the Bill. Possibly only a few favourite persons will get the benefit, and why? Because the Government cannot make any effective and equitable provision for redistribution of land they are so silent about it, that is why redistribution of land occupies such an insignificant part of the Bill Possibly it was interposed as an after-thought; why possibly, it was marked clause 49A with an "A" added to it -obviously indicating that the idea of redistribution of land came as an after-thought and was introduced into the Bill only to save the face of the Government Yes, Sir, I understand that the Government are afraid of drastic measures, that is understandable. They want to go slow, but even then they could at least provide, if they could not make equitable land adjustments, they could at least stipulate in the Bill that all future transfers should go to actual tillers of the soil or to the owners of very small holdings They could at least control future transfers in that manner; but exactly the reverse has been done. Transfers have been provided in such manner that they will tend to go to the hands of those *raiyats* who already possess big holdings. For instance, clause 8, clause 14, where the portion of a share in a joint holding will be sold to the biggest bidder and then clause 17(2), at the end, when land has been recovered from a *bargadar* and has not yet been brought under personal cultivation it may be sold back to the *bargadar*, if he is willing, or otherwise if the *bargadar* is not willing, then it will be sold at market value to any purchaser. Sir, these are the loopholes by which people who have no association with land or people who have already large holdings will come in and grab the small shares sold by the small cultivators.

Sir, it is intelligible that the Government is weighed with the apprehension of fragmentation of land; they are afraid of uneconomic holdings. This fear is quite justified. Nobody wants fragmentation of land or small holdings, but provided land is kept under separate cultivation, provided the cultivators are not given any supplementary income. But while we welcome fragmentation of land, we are not afraid of fragmentation of land, at the

same time we plead for bringing such small holdings under joint or collective farming, we plead for providing supplementary income to the owners of small holdings. Collective cultivation and second means of livelihood are the necessary supplementary adjuncts of any land reform. Let there be fragmentation, let some land be given to all. If you have fixed a ceiling you must also fix a floor, and after you have divided land into small pieces, encourage collectivisation by all possible means, give the collective farms cheap credit, offer them fertilizer, seed, bullocks, scientific implements, either on loan or at cheap price; introduce better methods of cultivation. You are already trying to introduce Japanese methods. Introduce other improved scientific methods of cultivation.

Sir, at the present time in every acre of paddy land China produces twice of India's crops, Japan thrice and Italy four times of the crops per acre of paddy land. Sir, today we are making our plans on the basis of 16 acres as economic holding, but tomorrow with scientific cultivation, with improved methods, these 16 acres may be reduced to 4 acres—4 acres may be reckoned as economic holding. On the other hand, ownership given to every cultivator will introduce a new psychological impetus that will put an *élan* into our agricultural life Today the average size of an agricultural holding, as given in this book, is 4 7 acres. Let us make 10 acres the ceiling and 3 acres the floor. That will give every cultivator a piece of land. Let us introduce along with that collective farming, improvement of agricultural processes and rural industries as supplementary income. These are the three essential links of any effective and scientific land reform.

Last I come to revenue Sir, during British days the agricultural classes, the peasantry, had to bear almost the entire burden of revenue. This burden is not relieved by this legislation. The trading and professional classes and men in service have not to pay any income-tax for incomes below Rs. 2,000, but in the case of the pesantry, they will have to pay a tax even if they possess as little a holding as 2 acres or 3 acres besides paying other cesses like education cess, road cess, etc. The revenue rates and rolls will be fixed by the Revenue Officer who has been made virtually a dictator about the administration of the Land Reforms Bill. It is strange that the cultivators—the peasantry have no say in the matter, will not have any voice whatsoever in the fixation of the revenue rolls and the revenue rates. Government have already introduced the Village Panchayat Bill where it is contemplated to transfer the local administration as far as possible to the hands of the organised statutory self-governing local bodies. But it is strange that they have no say in the matter which primarily interests them, viz., the fixation of land revenue.

Sir, thus it is very clear that our Government have no policy in this matter. Both the Estates Acquisition Act and the present Land Reforms Bill passed through long sessions of Select Committees, but still when they came in this House, official amendments came pouring in dozens and dozens every day and that is a clear indication how vacant and blank their mind is about land reforms and how absolutely without imagination they are about the most serious problem facing our country.

[10—10-10 a.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি এই বিলটাকে পুনরায় কনসিডার করবার জন্য অনুরোধ করব। এটাকে আরও ভালভাবে ও'রা নিয়ে আসুন। এতে অনেক ডিফেক্ট আছে, সেই ডিফেক্টগুলি আমি একে একে আপনার কাছে বলে দিচ্ছি। প্রথম হচ্ছে, আগে যখন এই বিলটা আমাদের

সম্মুখে এসেছিল অরিজিন্যাল বিলে ছিল ৩৩ একর করে জমি চাষীরা পাবে কিন্তু তাকে সিলেক্ট কমিটি থেকে ২৫ একর করে দেওয়া হল। এটাকে আমি ফের বিবেচনা করতে বলি, তা না হ'লে অন্যায় করা হবে। যারা মিতাক্ষরা শাসিত—যারা বাংলাদেশের বাইরে থেকে এসেছে, উড়িষ্যা থেকে হোক কিম্বা পশ্চিমাঞ্চল থেকেই হোক, তাদের মিতাক্ষরা শাসিত বলে, তাদের নাতিরা, ছেলেরা, জন্মমাত্র সম্পত্তির অধিকারী হয়, পিতার সংগে তুল্য অধিকার থাকে। এই নিয়ে আমরা দেখেছি আদালতে সব পার্টিসনের মোকর্দমা রুজু হয়ে গেছে। একজনের চার ছেলে, ছেলের ছেলে, তার ছেলে—এক একজনের ইউনিট হল। ১০টা পুরুষ প্রত্যেকে ২৫ একর করে জমি পাবেন।

The Hon'ble Satyendra Kumar Basu:

ছেলে হওয়া বন্ধ করুন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিতক্ষরার বেলায় বন্ধ করতে পারেন। ছেলে, নাতি, ঠাকুরদাদার সংগে, বাপের সংগে সমান পেয়ে গেল। কাজেই একটা বাড়ীর ভেতর ২৫০ একর জমি সে রাখল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যারা দায়ভাগ শাসিত, তাদের যদি ৬ ছেলে থাকে, ১০টা নাতি থাকে, তাহলে সে ২৫ একর জমি পাবে, তার চেয়ে বেশী সে পেল না। সেজন্য আমার অনুরোধ ২৫ একর থেকে কমিয়ে দিয়ে ১০ একর করে দিন। তার বাড়ীর মেল মেম্বারকে প্রতি লোককে ১০ একর করে জমি দেবার যদি ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় যে, ন্যায় করা হবে, তা না হ'লে অন্যায় করা হবে। বাংলা চিরকাল দায়ভাগে শাসিত, কাজেই তাদের প্রতি অন্যায় অবিচার করবেন। ১০টা পুরুষ বাড়ীতে থাকলে সেখানে মোট ২৫ একর জমি পাবে আর মিতাক্ষরা শাসিত যারা, সেখানে তারা ২৫০ একর জমি পাবে।

The Hon'ble Satyendra Kumar Basu:

১০টা ছেলে হয় না।

Sj Jnanendra Kumar Chaudhury:

১০টা না হোক, ৫টা ছেলে দেখেছি। আমি নাম করে দিতে পারি আমি কোন এক জমিদারকে দেখেছি, তার ৫।৬টা ছেলে। জমি পার্টিসন করা হল—তার নাম হচ্ছে রামচন্দ্র সাহা, তার বাড়ী হল উত্তরপ্রদেশে—সেখান থেকে এসেছে। এরকম ১০।১৫টা একজাম্‌পল দেখিয়ে দিতে পারি। তারা মিতাক্ষরা শাসিত বলে ২৫০ একর রেখেছে। বাপের সংগে ছেলের সংগে ভাগ হ'ল, মা এক সমান অংশ পায়। এইভাবে অনেক জমি তারা ধরে রাখছে। কিন্তু দায়ভাগে কিছুই হচ্ছে না। বাপ বেঁচে থাকতে ছেলের কোন অংশ নেই, সম্পত্তির কিছুই তারা পায় না।

Mr. Speaker: Hindu Succession Bill.

Sj. Jnanendra Kumar Chaudhury:

এখানে অবিচার হচ্ছে সেই কথাই বলছি। সেইজন্য বলছি এখানে বিবেচনা করে প্রত্যেক মেল মেম্বারকে ১০ একর করে জমি দিন তাতে কিছু আপত্তি নেই। তা না হ'লে যাদের একটা বেটাছেলে সেও ২৫ একর পেল, আর যাদের ৮ জন সেও ২৫ একর পেল, এটা ন্যায্য করছেন না। অথচ মিতাক্ষরার বেলায় অপরদেশ থেকে যারা বাংলায় এসে বাস করছে তারা এর সুযোগ পেয়ে গেল—প্রত্যেকে ২৫ একর পেল। তাই এটাকে পুনরায় বিবেচনা করতে বলি।

The Hon'ble Satyendra Kumar Basu:

আপনার কটা ছেলে?

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমার তিনটা ছেলে।

তারপর কালা জমি—যাতে ধান হয় না, আনকাল্টিভেটেড ল্যান্ড, ইন্টারমিডিয়ারিজদের বেলায় দিলেন ১৫ একর, এদের বেলায় কিছুই দিলেন না। এরা কি একটা বাঁশবনও করবে না? যারা চাষী তারা কলকাতায় বাস করে না, তাদের বাড়ী সব খড়ে ছাওয়া। কাজে কাজেই বাঁশের বাগান, ফলের বাগান, এগুলি তাদের পক্ষে অপরিহার্য, এগুলি না করলে তারা বাঁচতে পারে না। বাঁশ অত্যন্ত আবশ্যকীয় জিনিস, কারণ বাঁশের দ্বারা তাদের ঘর ছাইতে হয়। যাঁরা বাঁশের খবর রাখেন তাঁরা জানেন যে, আগে ছিল ২০খানা বাঁশ টাকায়, আর এখন ১।২।৩টা করে টাকায় বাঁশ হয়ে গেছে। ২৫ একরের মধ্যে যদি বাঁশবন ঢুকে যায়, তাহলে তাদের কিছু জমি কমে যাবে। সেটা আপনারা বিবেচনা করুন। অবশ্য পুকুরটা বাদ দিয়েছেন, সেটা ভালই করেছেন।

The Hon'ble Satyendra Kumar Basu:

বাঁশ কি হবে?

Sj Jnanendra Kumar Chaudhury:

বাঁশের দরকার আছে, আপনার মত তাদের ত পাকাঘর নেই। তাদের ঘর ছাইতে বাঁশ লাগবে। (দি অনারেবল সত্যেন্দ্রকুমার বসুঃ বাঁশ আপনিই গজাবে।) এটা সম্বন্ধে ২৫ একর স্ট্রিক্টলি এ্যাপ্লাই করলে গোলমাল হবে দেখে দার্জিলিংএর বেলায় আপনারা সংশোধন করলেন। আপনারা খবর রাখেন কি মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম জেলায় এইরকম যেসমস্ত পার্বত্য অঞ্চল আছে, সেখানে ধান হয় না? তার জন্য কোন প্রতিবিধান করবেন কি?

Tho Hon'ble Satyendra Kumar Basu:

সেটা ত এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্টের ব্যাপার।

Sj. Jnanendra Kumar Chaudhury:

হাঁ, ভুল হয়েছে। তারপরে আপনারা জমি ট্রান্সফার করলেন মর্টগেজ বাই কন্ডিসানাল সেল। কটবন্দী, কটকবালা নয় টাকাটা দেওয়ায় যে তারিখ থাকে স্টিপুলেটেড ডেট সেই তারিখের মধ্যে টাকাটা পরিশোধ করতে হবে, না করলে মর্টগেজ নোটীশ করে নীলাম হয় আপনারা সেকসন ৭(৪)এ বললেন আগে ছিল অরিজিনাল বিলে--

"transfer does not include partition or simple or usufructuary mortgage."

এটা তুলে দিলেন, তুলে দিয়ে করলেন কি, না মর্টগেজ বাই কন্ডিসানাল সেল বাদ দিলেন, কিন্তু সেকসন ৭(৮)এ রেখে দিলেন যে -

"or order absolute for foreclosure of a mortgage."

ফোরক্লোজার অব মর্টগেজের মধ্যে অর্ডার দেবার সময় নোটীশ না দিলে সেটা ফোরক্লোজার করতে দেওয়া হবে না। মন্ত্রীমহাশয় একজন বড় ব্যবহারজীবী, তিনি বলতে পারেন কি ফোরক্লোজার অব মর্টগেজ কোথায় আছে একসেপ্ট মর্টগেজ বাই কন্ডিসানাল সেল? সেটা কেবল মর্টগেজ বাই কন্ডিসানাল সেলের বেলায় আছে। ইউসুফ্রাকচুয়ারী মর্টগেজ, সিম্পল মর্টগেজে ফোরক্লোজার নেই, ফোরক্লোজার কন্ডিসানাল সেলে আছে। এইসব ডিফেক্ট রয়ে গেছে।

তারপরে প্রি-এমসন রাইট, তার মানে অগ্রক্রয় রাইট দিলেন -পাশের জমি কিনে নেবে, আবার যার বেশী জমি থাকবে সে কিনে নেবে। আমি বলি এটা অন্যায় করছেন। খাজনা আইনে যে সরিক প্রজা ছিল সেটাই ভাল ছিল। পাশের জমি নিলে, তাদের উপর একটা অন্যায় হবে, অত্যাচার হবে। সেইজন্য এটা অত্যন্ত অন্যায় করেছেন। তারপরে একটা মস্ত অন্যায় করেছেন যারা সরিক প্রজা তাদের তিন মাসের ভেতর কিনতে হবে।

The Hon'ble Satyendra Kumar Basu:

যেগুলি ন্যায় করেছি সেগুলি বলুন।

[10-10—10-20 a.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

যেটা অন্যায় করেছেন তারই ফিরিস্তি দিচ্ছি। সরিক প্রজার বেলায় দিলেন তিন মাস সময় কিন্তু যাদের পাশের জমি তাদের দিলেন ছ' মাস। এইরকম ডিসটিংসনের কি কারণ ছিল?

লোকে কি এত সহজে এই টাকা যোগাড় করতে পারবে? আপনাদের মত কি ওদের ব্যাঙ্ক ব্যালেন্স আছে যে ব্যাঙ্কএর চেক কাটলেই টাকা দিয়ে দেবে আপনাদের যেখানে ৪।৫ শত টাকা করে জমি বিক্রয় হচ্ছে। তারা টাকা কোথায় পাবে। খাজনা আইনে যে টাইম দিয়েছেন সেখানে যাতে দুইজনাই সমান টাইম পায় সেই অনুরোধ করেছিলাম কিন্তু আপনারা তা রাখলেন না তারপর আপনারা যা করলেন তাতে ভাগচাষীদের সঙ্গে জমির মালিকের দ্বন্দ্ব আরও বেড়ে গেল। সেইজন্য এই বিষয় গোড়াতেই আপনাদের আমরা সতর্ক করে দিয়েছিলাম তা আপনারা শুনলেন না। আপনারা জমিদারী আইনের চ্যাপটার ৬ যা করলেন এবং তাতে যে ডেফিনিসন দিলেন তাতে গোলমাল আরও বেড়ে গেল। যাদের ৩০ একর জমি আছে তাদেরও মধ্যস্বত্বাধিকারী বলে গণ্য হবে। তাই প্রজাদের চারিদিকে জমি থেকে উৎখাত করার চেষ্টা হচ্ছে এবং এই পর্ব এখনও শেষ হয় নি। বর্গাদার আইনে ছিল ভাগপ্রজা আর মালিকের মধ্যে কোনরকম ন্যায়সঙ্গত চুক্তি থাকে তাহলে সেই চুক্তি সব জায়গায় মেনে নেবে কিন্তু এখানে আপনারা যা করলেন তাতে তাদের মধ্যে কোন ন্যায়সঙ্গত চুক্তি করলে সেটা বলবৎ হবে না। এইভাবে জমির মালিকের সঙ্গে ভাগচাষীদের বিভেদ রেখে দিয়ে ঝগড়া বাধাবার চেষ্টা করছেন। তারপর এই যে জমি সরকারের হয়ে যাবে, এই যে জমি বাজেয়াপ্তের আইন করলেন এটা অত্যন্ত অন্যায় হয়েছে। আমি বলব এই ফর্ফিচার রুলটা মোস্ট ইনইকুইটেবল হয়েছে। প্রথম নম্বর হচ্ছে সিডিউল্ড ট্রাইবএর জমির আইনের এমন ব্যাখ্যা করলেন যে, এই সিডিউল্ড ট্রাইবদের জমি বিক্রয় করে দিচ্ছেন বা আপনারা কেড়ে নিচ্ছেন। জমি রেজিস্টার করতে দিচ্ছেন তারপর আপনারা নিয়ে নিচ্ছেন। অথচ আগে ছিল জমি যদি তারা বিক্রয় করতে চান তাহলে তার আগে কালেক্টরের পারমিশন নিতে হ'ত কিন্তু এখানে আপনারা জমি রেজিস্ট্রি করতে দিলেন তারপর তাদের বিক্রয় করবার বেলায় আপনারা নিয়ে নিচ্ছেন। গভর্নমেন্টের এত লোভ ভাল দেখায় না। এটা আমার মনে হয় প্রজাদের সঙ্গে ফক্কুরি করা হচ্ছে। এখানে আমার একটা গল্প মনে পড়ছে। আলেকজান্ডার দি গ্রেট, তিনি আফ্রিকায় গিয়েছিলেন এখানে একদিন সেখানকার আদিবাসীদের একটা বিচার হচ্ছিল। একজন লোক আর একজনকে জমি বিক্রয় করেছিল। তারপর সেই জমি খুঁড়লে পরে মাটির নীচ থেকে মোহর পাওয়া গেল। তখন রাজা বিচার করে দিলেন যে তোমার মেয়ের সঙ্গে ওর ছেলের বিয়ে দিয়ে দাও এবং এই মোহর যৌতুক হিসাবে তাদের দাও। তখন আলেকজান্ডার বললেন যে, তা কেন হবে এটা ত সরকারের প্রাপ্য। তখন তিনি বললেন যে, আপনাদের দেশে ছাগল ভেড়া আছে কি না। আলেকজান্ডার বললেন, হ্যাঁ, আছে। রাজা বললেন, সেইজনাই আপনাদের দেশে ভগবান এখনও জল দিচ্ছেন নইলে দিতেন না। এখানেও তাই মনে হয় যে, সরকারের এত বেশী লোভ যে, রেজিস্ট্রি হবার পর সরকার তা কেড়ে নিচ্ছেন। এই হল হস্তান্তর সম্বন্ধে। এতে আমাদের দেশের লোকের দুর্ভোগ আরো বেড়ে যাবে।

তারপর স্যার, পার্টিসন হয়ে গেলে জমি হস্তান্তরের মধ্যে দিয়ে বিভেদ যদি হয় তাহলে তার স্ট্যান্ডার্ড এরিয়া কি হবে তার কোন ঠিক নেই। এখানে যদি স্ট্যাটিসটিকস নিয়ে দেখা যায়, তাহলে দেখবেন আমাদের দেশে এক একর জমির মালিকই বেশী, অধিকাংশ লোকের দুই একরের বেশী জমি নেই। তাহলে তাদের কি হবে? তাদের ধনী সরিকরাই তা নিয়ে নেবে বা সরকার নিয়ে নেবেন। এখানেও আমরা দেখছি যে, ভাইয়ে ভাইয়ে একটা ঝগড়া বাধাবার চেষ্টা হচ্ছে।

তারপর হচ্ছে, যে জমি আছে যা চাষের জন্য ব্যবহৃত হয় নি কিম্বা জমি যদি মিসইউজ হয়ে থাকে তাহলে জমি নিয়ে নেওয়া হবে। সেই জমি নেবার আগে আদালত থেকে সময় দেওয়া হ'ত এই ডিফেক্ট রেমিডি করবার জন্য কিন্তু এখানে সময় দেবার কোন বিধান নেই। এখানেও সরকারের লোভের পরিচয় পাওয়া যায়।

তারপর রেন্ট থেকে রেভিনিউ করেছেন। এটা ভাল—একটা বড় টারম দেওয়া হল। এতদিন তারা দিত খাজনা এখন তারা দেবে রাজস্ব। এখন আপনারা জমির উৎপন্নের উপর খাজনা ধার্য করতে যাচ্ছেন। আমরা বলেছিলাম নেট প্রফিটএর উপর খাজনা ধরুন। আপনারা আয়ের মূল্য ধরে খাজনা ধার্য করছেন অথচ ব্যয়ের দিকটা ধরলেন না। উত্তরপ্রদেশে আমরা দেখেছি কস্ট বাদ দিয়ে নেট যে লাভ হয় তার উপর খাজনা ধার্য করা হয়েছে। এখানে তা না করে জমির উৎপন্নকে মূল হিসাব ধরে আপনারা খাজনা বসাতে যাচ্ছেন। তারপর আপনারা এখানে উৎপন্নের কি মূল্য ধরবেন? এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্স অফিসার ধানের মূল্য ১২ টাকা ধরে তার উপর ট্যাক্স ধার্য করেছেন। কিন্তু আমরা জানি না আপনারা কি মূল্য ধরবেন। আপনারা এখানে গেজেটেড প্রাইজ ধরবেন না কি প্রাইজ ধরবেন জানি না। তারপর যেসব জমিতে ফসল হয় নি কিভাবে তা ধরবেন?

[10-20—10-30 a.m.]

তারপর হচ্ছে যে সমস্ত জমিতে ফসল হয় না সেই সমস্ত জমিতে খাজনা ধার্য করা হয়েছে। কিভাবে দেখুন। বলা হচ্ছে,

"in respect of land not used for growing crops 2 *per centum* of the market value of such land."

ধরুন একটা জমি, তার মার্কেট ভ্যালু ২ পারসেন্ট হিসাবে হল. কিন্তু সেখানে একটা পুকুর আছে, যার ১০ কাঠা মাত্র জমির পরিমাণ . সেই ১০ কাঠা পুকুর সমেত জমির দাম ঠিক হল আটশ' টাকা। পূর্বে তার এই জমির খাজনা ছিল মাত্র ছয় আনা, এখন তার জায়গায় হয়ে গেল ১৬ টাকা খাজনা এটা কি ন্যায্য হবে? এটা কখনই ন্যায়সঙ্গত বা ন্যায্য নয়, এইটাই আমি বলতে চাই। তারপর ফান্ডামেন্টাল রাইটস নিয়ে এলেন জমির জন্য যে টাকা ধার্য হবে, তার বিরুদ্ধে সিভিল কোর্টএ মামলা করতে পারবেন না। এটা ভয়ানক অন্যায় করেছেন। আপনি আপিল করবার ক্ষমতা দিচ্ছেন শুধু এক্সিকিউটিভ অফিসারএর কাছে, কিন্তু তার বিরুদ্ধে সে সিভিল কোর্টএ যেতে পারবে না।

Mr. Speaker: In the third reading you have to criticise the effect of the Bill as passed, you must confine yourself to the effect of the Bill as passed

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমি স্যার, সেই এফেক্ট সম্বন্ধেই বলছি . এই এফেক্টটা কি হবে। এর দ্বারা লোকের অত্যন্ত খাজনা বেড়ে যাবে। এবং তার আপিল যা হবে তার দ্বারা সেখানে একই রায়ত বহাল থাকবে। ৮(এইচ)এ যা ছিল খাজনা পরিবর্তন সম্বন্ধে, সেটাও হবে না। এইসব দিক থেকে আমি বলব আপনারা এগুলি বিচার করুন। তারপর তাদের ক্ষতিপূরণ সম্পর্কে আপনারা শীঘ্র একটা ব্যবস্থা করুন, যাতে তারা একটা এড ইনটেরিম ক্ষতিপূরণ পায় . সেটা না পেলে তারা কিছুই করতে পারছে না। যাঁরা গরীব, যাঁদের দুশো, তিনশো টাকা মাত্র আয়, যাঁরা সো-কলড জমিদার ছিলেন, তাঁরা আজ পথের ভিখারী হয়ে গিয়েছেন, তাঁদের প্রতি একটা ব্যবস্থা করুন।

Sj. Hemanta Kumar Basu:

মিঃ স্পীকার স্যার, ল্যান্ড রিফরমস বিলএ যেভাবে ব্যবস্থা করা হচ্ছে, এবং আমরা বিরোধী দল এই ল্যান্ড রিফরমস বিল সম্বন্ধে যে সমস্ত সংশোধনী নিয়ে এসেছিলাম চাষীদের প্রকৃত উন্নতি সাধন ও কল্যাণের দিক থেকে, কিন্তু অধিকাংশ সংশোধনীই গ্রাহ্য করা হয় নি। কাজেই সেইদিক থেকে বলব যে উদ্দেশ্যে এই ল্যান্ড রিফরমস বিল আনা হয়েছিল, সেই উদ্দেশ্য সার্থক হবে না।

মিঃ স্পীকার, আপনি জানেন স্যার, যে বাংলাদেশের বিশেষ করে, সমাজ যেভাবে অর্থ-নৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে দিন কাটাতে বাধ্য হচ্ছিল, এবং কৃষির জমি যেভাবে ক্রমে ক্রমে ভাগ হয়ে যাচ্ছিল এবং কৃষি থেকে যে আয়, সেই আয়েতে কৃষক পরিবারের প্রতিদিনের জীবিকা-নির্বাহ করা অচল হয়ে উঠছিল, সেই কারণে এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট আনা হয়েছিল এবং

তাকে কার্যকরী করবার জন্য এই ল্যান্ড রিফরমস বিল আনা হয়েছে। কিন্তু এই ল্যান্ড রিফরমস বিলএর দ্বারা কৃষক বা দরিদ্র মধ্যবিত্ত কারও সমস্যা সমাধান হবে না। দেখান হচ্ছে যে, আমরা যেন একটা মহা সমস্যার সমাধান করে দিলাম। কিন্তু আইনের ধারাগুলি যদি বিবেচনা করা যায় তাহ'লে দেখা যাবে যে, কোন সমস্যারই সমাধান হ'ল না ; প্রত্যেক সমস্যা আরও জটিলতররূপে আমাদের কাছে দেখা দিচ্ছে। জমির উপর লোকের যত চাহিদা, যত লোক জমিতে চাষ করে, জমির পরিমাণ অনুসারে তত লোককে জমি দেওয়া সম্ভব নয়। কিন্তু যদি জমিকে এমনভাবে বণ্টন করবার ব্যবস্থা হ'ত যার দ্বারা অন্ততঃ যত সংখ্যক লোক আছে, তাদের কিছু কিছু জমি দিয়ে তাদের জীবিকা অর্জনের ব্যবস্থা করা উচিত ; তাহলে সেইভাবে বণ্টন করলে ভাল হ'ত। গ্রামে গ্রামে আমরা ঘুরে দেখেছি যে, গ্রামের খুব কম চাষীরই ১০ একর করে জমি আছে। ৫ বিঘা, ১০ বিঘা এইরকম জমি যাদের আছে, গ্রামের মধ্যে এইরকম লোকের সংখ্যাই বেশী। কাজেই সেইদিক থেকে দৃষ্টি রেখে জমিকে সেইভাবে বণ্টন করা হ'ত তাহলে অনেক লোকের উপকার হ'ত। গ্রামে যত চাষের জমি আছে, তার মধ্যে এক কোটি সতের লক্ষ বিঘা হচ্ছে চাষোপযোগী। সেই এক কোটি সতের লক্ষ বিঘা জমি নিয়ে ১৮ লক্ষ ১০ হাজার কৃষক পরিবার আছে ; তার মধ্যে শতকরা ৯০টি পরিবারের ১০ একরের কম জমি আছে। কাজেই এই যে ১০ একরের কম জমি রয়েছে শতকরা ৯০টি পরিবারের ; আর তারপর যে সমস্ত চাষী রয়েছে ৭ লক্ষ ও যে সমস্ত কৃষক পরিবার রয়েছে যাদের একেবারে কোনই জমি নেই ; আর সমগুণ ভাগচাষী রয়েছে, কাজেই ভাগচাষী ও ভূমিহীন চাষী সেখানে কোন জমি পাচ্ছে না অথচ ইন্টারমিডিয়ারিদের কথা যখন প্রথম এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্টএ হয়, তখন আমি এই কথা বলেছিলাম যাদের জীবিকা অর্জনের অন্য ব্যবস্থা আছে, ব্যবসাবাণিজ্য, শিল্পকলা আছে, তাদের জমি বিলাসিতার জন্য যেন দেওয়া না হয়। কারণ, তারা জমিও পাবে আবার অন্য জায়গায় ব্যবসা-বাণিজ্য গড়ে তুলবে, তাদের জন্য এতরকম সুযোগসুবিধা দেবার জন্য এই বিলে সেইরকম ধারা রেখে ব্যবস্থা করা উচিত নয়। যাদের কোন জমি নেই, জমির অভাবে যাদের সংসার প্রতিপালন করা চলছে না, সেইসব দিকে লক্ষ্য রেখে জমি বণ্টন করা উচিত। কিন্তু দুঃখের বিষয় এই বিলে সেদিকে দৃষ্টি দেওয়া হয় নি। বিরোধী পক্ষ থেকে ২৫ একরের পরিবর্তে ১৫ একর জমি দেবার কথা হয়েছিল। কারণ, ১৫ একর করে যদি জমি দেওয়া হয়, তাহলে আরও ১০ একর করে জমি বেশী পাওয়া যাবে এবং সেই জমি ভূমিহীন চাষীদের মধ্যে ভাগ করে দেওয়া যেতে পারে। কিন্তু সেই সংশোধনীটা গ্রাহ্য করা হয় নি। তারপর হাজার হাজার বিঘা জমি ট্যাঙ্ক ফিসারি বা মৎস্য চাষ হিসাবে, সেটা এই বিলের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে ; অথচ আমরা জানি পশ্চিমবঙ্গের বহু জায়গায় বিশেষ করে সুন্দরবন অঞ্চলে বহু জমি যেগুলি চাষোপযুক্ত, তাকে ট্যাঙ্ক ফিসারি বলে এই বিলের আওতার মধ্য থেকে বাদ দেওয়া হয়েছে। কাজেই জমির পরিমাণ যখন এত কম, এখন, যেসব জমিতে চাষ হ'ত, এখন যেগুলিকে ট্যাঙ্ক ফিসারিতে পরিণত করা হয়েছে, সেই সমস্ত জমিগুলি যদি চাষের আওতায় আনা হ'ত তাহলে অনেক সুবিধা হ'ত।

[10-30—10-40 a.m.]

কাজেই এই সংশোধনটা গ্রাহ্য করা হয় নি। তারপরে হাজার হাজার বিঘা ট্যাঙ্ক ফিসারী বা মৎস্যচাষ হিসাবে এই বিলের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। অথচ আমরা জানি, পশ্চিমবঙ্গের বহু জায়গায় বিশেষ করে সুন্দরবন অঞ্চলে বহু জমি যাতে চাষ হ'ত সেই সমস্ত জমি ট্যাঙ্ক ফিসারী বলে এই বিলের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। কাজেই জমির পরিমাণ যখন এত কম—যেসব জমিতে আগে চাষ হ'ত পরে ট্যাঙ্ক ফিসারী করা হয়েছে, সেগুলি যদি এই বিলের আওতার মধ্যে আনা যেত তাহলে নিশ্চয়ই কৃষকদের সুবিধা হ'ত। আমি দরিদ্রতম যে চাষী তার দিকে দৃষ্টি রেখেই এই কথা বলছি, যদিও আমি জানি যে, জমিকে ভাগ করে দিয়েও যতক্ষণ না তার সঙ্গে শিল্পের ব্যবস্থা করা যাবে ততক্ষণ পর্যন্ত গরীব কৃষকের কোন উন্নতিসাধন হবে না। আর জমি যা স্ট্যান্ডার্ড এরিয়ার চেয়ে কম হবে সেই জমি অন্য চাষীকে বা পাশের চাষীকে বিক্রি করে দেওয়া হবে। যদি জমি আনইকনমিক হয়, যদি কারও জমি কেড়ে নেওয়া হয়, তবে যার জমি কেড়ে নেওয়া হবে তার জীবিকার্জনের কি ব্যবস্থা হবে

তার কোন ব্যবস্থা নেই। সে ব্যবস্থা না হ'লে ৫ বিঘাতেই যদি আনইকনমিক হোল্ডিং হয় তবু তাকে সে জমি রাখতে দেওয়া হউক। কারণ যতক্ষণ না এই ব্যাপারে তার কোন ব্যবস্থা হয় ততক্ষণ একটা আনইকনমিক হোল্ডিং বলে জমি কেড়ে নেওয়া উচিত নয়।

তারপরে যখন কো-অপারেটিভ ফার্মিং হবে তাতে কৃষকের যার জমি ২৫ একরের বেশী থাকবে না সেই জমি কো-অপারেটিভে যাবে। কো-অপারেটিভের দ্বারা বিভিন্ন দেশে চাষবাসের উন্নতি হয়েছে। কিন্তু আমাদের দেশে যে সমস্ত কো-অপারেটিভ আন্দোলন নিয়ে কাজ হয়েছে সে খুব উৎসাহজনক নয়। কৃষকদের মন এমনভাবে তৈরী হয় নি, তাদের এমনভাবে সচেতন করা হয় নি যে, তারা সকলেই স্বেচ্ছায় কো-অপারেটিভ ফার্মিংএ যাবে। কাজেই সে বিষয়ে সন্দেহ আছে। আর অনেক সময়েই দেখা যায় যে, কো-অপারেটিভ ফার্মিংএর সুযোগসুবিধা সব তার কর্তৃপক্ষের হাতেই থাকে। সেই কর্তৃপক্ষের হাতেই ক্ষমতা যায় এবং সেই ক্ষমতার তাঁরা অপব্যবহার করেন। সেইদিক থেকে বলি কৃষকদের আগে এ বিষয়ে সম্পূর্ণ সজাগ ও সচেতন করা উচিত, এবং এই কো-অপারেটিভ ফার্মিং জমি নেওয়ার সময় যাতে প্রত্যেক কৃষক পরিবারের অন্ততঃ ২।৫ বিঘা জমি আলাদা থাকতে পারে যাতে তারা তরিতরকারি শাকসব্জি করতে পারে সেদিকে লক্ষ্য দেওয়া উচিত। ২৫ একর পর্যন্ত সমস্ত জমিই কো-অপারেটিভে নেওয়া উচিত নয়। সেদিকে দৃষ্টি রাখতে হবে। কাজেই বিলে এই সমস্ত যে ডিফেক্ট রয়েছে সেগুলি খুব ভীষণ গলদ এবং এতে চাষী পরিবারের যথেষ্ট ক্ষতি হবে।

তারপরে রাইট অফ প্রি-এমসন-এতে তাদের কিছু জমি পাওয়ার যে অধিকার থাকবে সে সম্বধে বলি যে, পাশের লোকের যে আনইকনমিক হোল্ডিং সেগুলি হায়েস্ট বিডারকে বিক্রি করা হবে। এখন পাশে যদি দরিদ্র চাষী থাকে এবং সে যদি জমি নিতে চায় তাহলে সেই আনইকনমিক হোলডিং পাশাপাশি লোক নিতে পারবে না, হাইয়েস্ট বিডারকে সেটা বিক্রি করা হবে এবং তাতে এরকম দামের প্রতিযোগিতা হবে যে, গরীব চাষী সে বেনিফিট পাবে না, এ অবস্থায় যদি সেই জমি বিক্রি হয় তাহলে একসঙ্গে একটি কৃষক পরিবারের সেই দাম দেওয়া সম্ভব না হলে সে দাম ইনস্টলমেন্টএ নেওয়া উচিত, একসঙ্গে নেওয়া উচিত নয়। কারণ এটা ত সহজেই বোঝা যায় যে, সেই দরিদ্র কৃষকের এমন অবস্থা নয় যে, তার জমি নেওয়ার দরকার থাকলেও সে সমস্ত দামটা একসঙ্গে দিতে পারবে না।

আন্ডার-রায়তদের সম্বন্ধে যদিও রায়তদের স্বত্ব থাকবে কিন্তু সে সম্বন্ধে পরিষ্কারভাবে কোন ধারায় এতে নিয়োজিত করা হয় নি। এতে বাস্তবিক আন্ডার-রায়তও মনে করবে যে, তারাও প্রকৃত রায়তদের মত অধিকার পাবে। ভাগচাষ আইনে যে সমস্ত সমস্যা ছিল, এবং এই ভাগচাষ আইন সেইজন্যই তৈরি হয়েছিল, তা সত্ত্বেও এই ভাগচাষী আর জমিদারদের সংঘর্ষ বরাবরই রয়ে গিয়েছে। এর কোন ব্যবস্থাই পরিষ্কারভাবে করা হ'ল না। যে ভাগচাষী বহুদিন ধরে জমি চাষ করছে যদি কোন কারণে সে চাষ করতে না পারে তাহলে তাকে উৎখাত করা হবে। এইরকমভাবে ভাগচাষীকে উৎখাত করলে কিভাবে সে জীবিকার্জন করবে, কিভাবে তার সংসার চলবে এ বিষয়ে কোনরকম ব্যবস্থা বিলে করা হয় নি। আমার জমি দরকার, আমার প্রয়োজনে আমি নিলাম, কিন্তু ভাগচাষীর বেলা কি যে হবে, তার সম্বন্ধে এই বিলে বিশেষ কোন ব্যবস্থা হল না। সেদিক থেকে একটা প্রভিশন থাকা উচিত ছিল। যদিও এখানে আছে যে জমি যদি বিক্রী হয় তাহলে বিক্রী করবার সময় ⅓ ভাগ বর্গাদার কিনতে পারবে, কিন্তু জমি যদি বিক্রী হয়-সে ত আলাদা কথা।

রেভিনিউ ব্যাপার নিয়ে বলি-কত রেভিনিউ হবে? আমরা বলেছিলাম, জমির যে ফলন হবে সেই ফলনের উপরই খাজনার হার ঠিক করা উচিত। অতীনবাবু এ কথা ত পরিষ্কার বললেন যে, দু' হাজার টাকা যাদের আয় তাদের কোন ইনকাম ট্যাক্স নেই, অথচ কৃষকরা যারা গরীব তাদের দু-একর জমি থেকেই খাজনা দিতে হবে। আর ফসল যদি খারাপ হয় তা হলেও তাদের মুক্তি নেই। এতে কেবল আয়ই ধরা হচ্ছে, ব্যয়টা ধরা হচ্ছে না। সেদিক থেকে যদিও দেখা যাচ্ছে যে, দু একর, ৫ থেকে ১০ একর, ১০ থেকে ১৫ একর—এইভাবে যদিও আগেকার চেয়ে খাজনার পরিমাণ কমেছে কিন্তু খাজনার পরিমাণ কমলে কি হবে?

সেজন্য বাহবা নিলে কি হবে? কারণ যা খাজনা ছিল তা দিতে পারছিল না বলেই তাদের হাত থেকে ক্রমেই জমি বেরিয়ে যাচ্ছিল, খাজনা অত্যাধিক ছিল ব'লেই ত জমি বিক্রী করতে বাধ্য হচ্ছিল। কাজেই খাজনা দেবার তাদের ক্ষমতা থাকা উচিত। ব্যয়ের দিকে দৃষ্টি রেখে ব্যয় বাদ দিয়ে খাজনার কথা তোলা উচিত ছিল। কাজেই প্রস্তাবে ছিল যে দু একর জমিকে খাজনা থেকে রেহাই দেওয়া হউক। ২ একর অর্থাৎ ৬ বিঘা জমিতে যে ফলন হবে তাতে যে খরচ হবে সেই খরচ করে তার পরে গভর্নমেন্টকে খাজনা দেওয়া তাদের পক্ষে সম্ভব হবে না। এইজন্য বলা হয়েছিল যে, দু একর যাদের জমি তাদের খাজনা থেকে মুক্ত করা হউক। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করতে চাই।

[10-40—10-50 a.m.]

Mr. Speaker: Members will please keep to the normal time-limit rule.

Dr. Srikumar Banerjee: Sir, this Bill which has been hammered into shape on the legislative anvil represents the second instalment of the programme of the land reform policy of the Government, the first instalment being the passage of the Estates Acquisition Bill.

Sir, the land reform policy in a predominantly agricultural land like Bengal is full of infinite complexities. The tenures, the rates of rent the condition of cultivation and the yield—these greatly vary from area to area and it is very difficult to bring all these variations under one uniform legislative principle. Sir, the Bill, therefore, may have disappointed some of our friends who think that the ideal can be attained at a single stride. Sir, I should tell them that it is of the essence of land legislation that it should be slow and gradual and cautious in its approach. Sir, no land reform can be revolutionary and thorough-going unless it comes in the wake of a violent political revolution. Therefore, Sir, however much we may admire the agrarian system adopted in other countries, we have to remember that in West Bengal we have to follow our own methods because the objective conditions vary greatly from those of other countries.

Sir, I shall only refer to a few basic principles which ought to be kept in view in land legislation of this type. The first is that you cannot solve the land problem by any ready-made theories, by any apriori principle, by any pre-conceived notions of what you conceive to be ideal equity and justice. Sir, facts must be patiently studied, materials must be collected and statistics must be scientifically tabulated before we can legislate with any amount of confidence that we are touching the core of the problem. Our rural people are proverbially slow-witted and slow-moving and if you overwhelm them with too rapid changes, the result will be bewildering rather than satisfactory so that the capacity of the rural people to adjust themselves to changes ought to be one of the factors which should be borne in mind in regulating the pace of the reform so far as land legislation is concerned.

Sir, the next point which has been completely ignored in our discussion of the land policy is that land with us is not merely a material possession—it is a spiritual entity. Sir, it is the symbol of a philosophy of life, of deep-rooted emotional associations and of domestic pieties and virtues which shape the pattern of life and which have an abiding influence upon it. If you disturb the basis, you disturb the whole super-structure of life, you literally cut the ground under the feet of the people whose life has been built upon such a foundation.

Sir, the next point is that the purpose of land legislation is certainly the achievement of social justice, but it has also the further object of increasing the national wealth by increasing the produce. Therefore, in our actual policy we ought to think not merely of doing social justice but

also think how far we are going to solve the problem of food shortage by a definite improvement in the yield and those methods ought to be pursued and those methods ought to be recommended which would lead to increase of the yield.

Sir, the Bill as it is going to be passed has already reduced the gulf between the lowest limit and the highest limit. The highest limit has been now fixed at 25 acres. I think everybody will agree that the difference now between the man with the lowest amount of land and the man with the highest amount of land under this Bill has been reduced substantially from what it had been before the passage of this Bill. If you think of further reduction with the object of stimulating distribution among the landless people you forget one fundamental fact that has a bearing upon land. Land requires certain elbow room, certain liberal allowance of space before it can be made to yield the maximum produce. If fullest utilisation is your object, then you must allow certain quantity of land without which the fullest utilisation is not practicable. In respect of the land you cannot follow the policy of atomic disintegration. One bigha per landless labourer might satisfy our ideal notion of social justice but it will not improve agriculture, it will not improve the yield and it will not have any appreciable bearing upon the solution of the problem of food shortage. So you have got to strike a mean between two opposite points of view; you have to follow a policy of compromise, and those who are impatient with this policy of compromise will not be able to solve the land problem in the shortest possible time.

Sir, acquisition of land is not a gratuitous affair. Money compensation will have to be paid for land which is compulsorily acquired. Now the question is whether by compulsory acquisition of land you can really make land productive and you can really support all those people who have to depend upon the land. If the landless labourers, if the people with uneconomic holdings cannot be made to live on the products of agriculture, then Government will have to think in all seriousness whether the money which is spent in compulsory acquisition of land, whether that money might not be more profitably diverted for developing cottage industries.

[10-50—11 a.m.]

After all, the Government has got to pay for the acquisition of land, and before the actual payment is made, before the policy of acquisition is decided on, before the first step is taken in the policy of acquisition, Government should have considered seriously whether the amount of money which they propose to spend on this end will not be better spent, will not be spent for the ultimate good of the country by stimulating and developing cottage industries in the rural areas, for the total burden upon land cannot be minimised however much we may try to distribute it.

Sir, the actual result has led to disappointment among all of us whether we belong to the Congress or to the Opposition. If there is no land to distribute, and if the land available for distribution is quite inadequate for the purposes, then however much we may cry, we would not be able to solve the problem and we would not be able to raise the standard of living on the part of the rural agricultural masses. Therefore, I think there was something wrong in the approach, because this was based on the expectation that sufficient land would be available not merely for a token distribution but for such effective distribution as will lead to an improvement in the standard of living on the part of the rural people.

Then, Sir, some improvements have been effected in the Bill from the shape in which it emerged from the Select Committee stage. In section 4 on the floor of the House amendments have brought about a real improvement of the situation, and the conditions, the drastic conditions about confiscation of property have been to a certain extent lightened and made more bearable. Then, Sir, in section 29 the revenue rate has also been appreciably diminished and brought within the resources of the common man. It is, however, to be borne in mind that even now the revenue rate which has been fixed is not free from apprehensions, for the very fact that in the amendments to the Bill which have been carried out on the floor of the House, the maximum rate of revenue payable by any cultivator possessed of the maximum holding has been only 30 per cent. of the revenue rate shows that there is some inflation in fixing the revenue rate. Otherwise, why cannot we think of actually charging more than 30 per cent. of the revenue rate fixed, so that I think the question of revenue rate will again have to be gone into and a more realistic estimate will have to be arrived at which is actually proportionate to the yield, the cost of production and the capacity on the part of the peasant to pay. Sir, there is need for caution here also, because we are informed that in certain districts, notably in Cooch Behar, in fixing the agricultural income-tax the rate has been taken to be Rs. 22 per maund. So if this excessive rate is also followed in fixing the revenue rate, that will mean that the figure will swell up to a great extent and it will be absolutely beyond the means of the cultivator to pay.

Then again the standard area has not yet been fixed. As I indicated earlier in the course of my speech, conditions vary widely from area to area and therefore Government will have to take very great caution in fixing the standard area in any particular locality; and it is all the more important to fix standard area very carefully, because Government have taken up the responsibility of taking away the land in the case of those in whose case it does not come up to the standard area. So, there is another element of uncertainty in the Bill which ought to be clarified and fixed on a definite foundation as soon as possible. Sir, I am not afraid of future changes in the Bill, because I am absolutely certain that if land policy is going to be really effective, if land policy is going to fit in with the actual life of the people, the actual objective conditions which prevail in the country then it will have to be revised again and again in the light of facts, in the light of experience, in the light of difficulties which are encountered, and in the light of our changed conception of social justice. Therefore, I am not afraid of future changes in the Bill which may be necessary in such a complicated matter as land reform which touches the people very vitally and conditions of which vary widely from locality to locality, and about which no absolute principle can be established for what may be called absolute justice. I am fully confident that Government will carefully watch the situation and devise appropriate and effective machinery for giving effect to the conditions, the provisions of the Bill. They will set up authorities who will enjoy the confidence of the people and who will be in close touch with the actual conditions prevailing in different areas and gradually the implementation of land policy will be entrusted to these new authorities and new public bodies as and when they come into being and as their powers and responsibilities come to be more clearly defined.

With these observations, Sir, I lend my hearty support to this Bill which in spite of inadequacy, in spite of its experimental character certainly marks a great deal of progress from the past and may be utilised as the foundation of still more radical revision which only the future in the light of experience can bring forward.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, ভূমি সংস্কার আইনের কথা বলতে গেলে প্রথমে এই কথাই বলতে হয় যে, কোন আইনই সামাজিক ব্যবস্থার সঙ্গে সম্পর্কহীন নয়। যে কোন রাষ্ট্রব্যবস্থায় যখন কোন আইন রচিত হয় তখন সেই আইনের একমাত্র উদ্দেশ্য থাকে সেই রাষ্ট্রকে কি করে আরও শক্তিশালী করা যেতে পারে। বর্তমান অর্থনৈতিক সামাজিক ও রাষ্ট্রনৈতিক ব্যবস্থায় যে ভূমি সংস্কার বিল এসেছে তাকেই যতই দার্শনিকতার ধূম্রজালে আচ্ছন্ন করার চেষ্টা হ'ক না কেন--"জমিকে আধ্যাত্মিক সত্তার" পর্যায়ে যতই তুলে নিয়ে যাওয়া হ'ক না কেন যা ডাঃ শ্রীকুমারবাবু করেছেন---একথা অস্বীকার করার বিন্দুমাত্র উপায় নাই যে, এক বিশেষ ধরণের উৎপাদন সম্পর্ককে সুসংবদ্ধ করার উদ্দেশ্য রয়েছে এই আইনের মধ্যে। ভারতবর্ষ এবং সঙ্গে সঙ্গে বাংলাদেশে পুঁজিপতি রাষ্ট্রব্যবস্থা কায়েম হয়েছে। এই ভূমিসংস্কার আইনের মূল উদ্দেশ্য হল, ভূমিব্যবস্থা পুঁজিবাদকে সংহত করা, সুসংবদ্ধ করা। রাজনৈতিক ক্ষমতা হস্তান্তরের আগে পর্যন্ত অর্থাৎ ভারতবর্ষে সাম্রাজ্যবাদী শাসনের যুগে ভূমিব্যবস্থায় সামন্ততান্ত্রিক উৎপাদন সম্পর্কই ছিল প্রধান। যদিও কৃষিতে ধনতন্ত্রের অনুপ্রবেশ দ্রুত তালে ঘটছিল যাতে সামন্ততন্ত্রের ভিত ক্রমশঃ দুর্বল হয়ে পড়ছিল। এই সামন্ততান্ত্রিক উৎপাদন সম্পর্কের প্রাধান্যের জন্য গ্রামে গ্রামে কৃষিতে ধনতান্ত্রিক সম্পর্ক স্বাভাবিক দ্রুত হারে গড়ে উঠতে পাচ্ছিল না। ফলে গ্রামের অর্থনীতিতে পুঁজিবাদ সুসংবদ্ধ হতে পাচ্ছিল না। ক্ষমতা হস্তান্তরের পর ভারতবর্ষে যখন পুঁজিপতিশ্রেণী রাজনৈতিক ক্ষমতা হস্তগত করল তখন তারা পরিষ্কার বুঝল যে, ভূমিব্যবস্থায় সামন্ততান্ত্রিক উৎপাদন সম্পর্কের প্রাধান্য বজায় রাখতে দিলে গ্রামীণ অর্থনীতিতে তথা চাষীদের উপর পুঁজিপতি শ্রেণীর নেতৃত্ব কায়েম করার অসুবিধা হবে। পুঁজিপতিশ্রেণীর নেতৃত্ব যাতে সুষ্ঠু ও সুসংবদ্ধভাবে কায়েম করা যেতে পারে তার জন্য ভূমি সম্পর্ক পরিবর্তনের চেষ্টা হচ্ছিল। সেই পরিবর্তনের চেষ্টা বাস্তব রূপ নিচ্ছে এই ভূমি সংস্কার আইনের মধ্যে।

[11 11-10 a.m.]

সুতরাং সরকার পক্ষ হতে যে কথা বলা হচ্ছে যে ধীরে ধীরে পরিবর্তন করতে হবে, দ্রুতগতিতে করতে গেলে ভুল হবে প্রশ্ন সেখানে নয় প্রশ্ন হল কি করা হচ্ছে, কেন করা হচ্ছে এবং তার ফল কি হবে। এইটেই একমাত্র বিচার্য বিষয়। আমি আগেও বলেছি আজও বলি যে সেদিক হতে বিচার করলে ভূমি সংস্কার বিলের একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাংলার কৃষকদের উপর পুঁজিবাদী শাসন ও শোষণব্যবস্থা আরও দৃঢ় করা। এই উদ্দেশ্যে কৃষিতে উৎপাদন সম্পর্ক কৃষিমজুরদের উপর ভিত্তি করে গড়ে তোলার চেষ্টা হচ্ছে এবং বড় বড় জমির মালিকেরা যাতে ধনতান্ত্রিক কায়দায় চাষবাস করতে পারে তারই সুযোগ এই বিলে দেওয়া হচ্ছে। স্পীকার স্যার, এই বিলের ২নং ধারায় ব্যক্তিগত চাষের যে সংজ্ঞা দেওয়া হয়েছে তা যদি দেখেন এবং অন্যান্য ধারাগুলিকে যদি বিশ্লেষণ করেন তাহলে দেখবেন যে, যারা অধিক জমির মালিক তারা যাতে কৃষিমজুর লাগিয়ে চাষ করতে পারে তারই পাকা ব্যবস্থা করা হচ্ছে। কৃষি মজুর লাগিয়ে উৎপাদন করার নাম হচ্ছে ধনতান্ত্রিক প্রথায় উৎপাদন করা। একথা ঠিক যে, পুঁজিবাদী কায়দায় চাষবাস করা বললে জমিতে পুঁজি নিয়োগ করা বোঝায়, কিন্তু উন্নত ধরনের যন্ত্র নিয়োগ করে উন্নত ধরনের চাষবাসের ব্যবস্থা না দেখে যদি কেউ সিদ্ধান্ত করে যে, কৃষিতে পুঁজিবাদী সম্পর্ক গড়ে ওঠেনি তাহলে ভুল হবে। কার্ল মার্ক্সের কথা না বুঝে, পরিবর্তিত অবস্থার হিসাব না নিয়ে তাঁর কথার জাবর কাটলে কৃষিতে ধনতান্ত্রিক উৎপাদন সম্পর্কের ব্যাপ্তি ও গভীরতা বোঝা যাবে না। মার্ক্স এমন সময়ের কথা বলেছিলেন যখন পুঁজিবাদের কিছুটা বিপ্লবী ভূমিকা ছিল, যখন পুঁজিবাদ সামন্ততন্ত্রকে উচ্ছেদ করে নিজেকে প্রতিষ্ঠিত করতে চাচ্ছিল। বিশ্বপুঁজিবাদের আজ সে ভূমিকা নেই। সামন্ততান্ত্রিক প্রথা ঊনবিংশ শতাব্দীতে যা ছিল এখন তা নেই এবং আজকের দিনে পুঁজিবাদের সঙ্গে ঊনবিংশ শতাব্দীর পুঁজিবাদের পার্থক্যও রয়েছে। সুতরাং আমাদের দেশে আজকের দিনে ঠিক আগের মত সামন্ততান্ত্রিক উৎপাদন সম্পর্ককে ধ্বংস করে পুঁজিবাদ কৃষিতে প্রতিষ্ঠা লাভ করবে---এ কথা ভাবা বাতুলতা

মাত্র। এখন পুঁজিবাদ সামন্ততন্ত্রকে বিপ্লবী কায়দায় উচ্ছেদ না করে তার সঙ্গে আপোষ করে ধীরে ধীরে সামন্ত প্রভুদের ধনতান্ত্রিক চাষবাসে প্রবৃত্ত করাতে চায়। জার্মানীতে এমনি করে জাঙ্কারদের পুঁজিবাদী জমিদারে পরিণত করা হয়েছিল। আমাদের দেশেও এই ভূমিসংস্কার আইনের দ্বারা তেমনি ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। দেখছি মজুর খাটিয়ে কৃষি উৎপাদনের ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। জমিদারদের খেসারত দিয়ে জমিতে পুঁজি নিয়োগের সুযোগ দেওয়া হচ্ছে। ভূমি উৎপাদন সম্পর্কে যতটুকু সামন্ততান্ত্রিক ব্যবস্থা ছিল তাকে পুঁজিবাদের সঙ্গে খাপ খাইয়ে নিয়ে গ্রামে গ্রামীন বুর্জোয়া শ্রেণী ও সর্বহারা শ্রেণী সৃষ্টি করার প্রচেষ্টা হচ্ছে। এইভাবে পুঁজিবাদকে সংহত করা হচ্ছে গ্রামীণ অর্থনীতিতে। সেইজন্য আজকে চাষীর হাতে জমি না দিয়ে মজুর দিয়ে চাষ করানোর পদ্ধতি এই বিলে চালু করা হচ্ছে। একথা অবশ্য ঠিক যে, এর পরও সামন্ততন্ত্র সম্পূর্ণরূপে উঠে যাবে না; তবে যা থাকবে তা সামন্ততন্ত্রের রেমনান্ট অর্থাৎ শেষাংশ এবং তা অনেকদিনই থাকবে। তবে এই ভূমিসংস্কার আইনের মাধ্যমে যে কৃষি উৎপাদন ব্যবস্থায় পুঁজিবাদ পাকাভাবে গাড়া হচ্ছে তাতে কোন সন্দেহ নেই। অর্থনীতিতে পিছিয়ে পড়া দেশগুলির ধনিক শ্রেণী এইভাবে ভূমিসংস্কার করে, বিপ্লবের ধার দিয়েও তারা যায় না। পুঁজিবাদী নেতৃত্বে সামন্ততন্ত্রকে এ্যাডযাস্ট করে নিয়ে পুঁজিবাদী কৃষিব্যবস্থা গড়ে তোলা, এই সব দেশের পুঁজিপতি শ্রেণীর ভূমিসংস্কারের আসল চেহারা। আমাদের দেশেও তাই হচ্ছে।

রক্তাক্ত বিপ্লব হ'ল কি না হ'ল, ধীরে ধীরে পরিবর্তন হ'ল কি না হ'ল—এইসব কথা ব'লে আসল প্রশ্নকে এড়ালে চলবে না। চাষীর হাতে জমি দিলাম না, ক্ষেতমজুর সৃষ্টি করলাম --এটাই বিবেচনার বিষয়। এদিক থেকে এই ভূমিসংস্কার আইন দ্বিতীয়টি গ্রহণ করেছে। এতে দেশের লোকের অবস্থা ভাল হতে পারে না। ভারত সরকার তথা পশ্চিমবঙ্গ সরকার বলছেন যে,

the entire motive force of the Second Five-Year Plan should be to industrialise the country

যে-কোন রকমে দেশকে শিল্পোন্নত করা নাকি সরকারের উদ্দেশ্য। এই সরকারী উদ্দেশ্যের সদিচ্ছার প্রশ্ন না তুলেই জিজ্ঞাসা করি শিল্প যখন গড়ে উঠবে শিল্প প্রতিষ্ঠান থেকে যে সমস্ত ভোগ্য দ্রব্য উৎপাদিত হবে, সেই উৎপাদিত জিনিসগুলি ব্যবহার করবে কারা? আমাদের দেশের লোক নিশ্চয়ই ব্যবহার করবে। তা যদি করতে হয়, তাহলে আমাদের দেশের লোকের ক্রয়ক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজন। পূর্বের সাম্রাজ্যবাদী শোষণে এবং বর্তমানের পুঁজিবাদী ও সাম্রাজ্যবাদী শোষণে বিধ্বস্ত দেশের জনসাধারণের ক্রয়ক্ষমতা অত্যন্ত সংকুচিত। এতে দেশের আভ্যন্তরীণ বাজার অত্যন্ত সংকুচিত হয়ে গেছে। আভ্যন্তরীণ বাজার এইরকম করে সংকুচিত হওয়ায় এই দেশের শিল্পপ্রতিষ্ঠানগুলিতে উৎপাদিত ভোগ্য দ্রব্য কোথায় বিক্রী হবে? বিশ্বের বাজারে? বিশ্বের বাজার শক্তিশালী সাম্রাজ্যবাদীশক্তিগুলির করতলের অধীনে। বাইরের বাজারে এই সুবিধা নেই। তাই বলছিলাম শিল্পোন্নত যদি করতে হয়, তাহলে আমাদের দেশে জনসাধারণের ক্রয়ক্ষমতা বাড়াতেই হবে এবং তা করতে হলে চাষীর হাতে জমি দিতেই হবে। দেশকে শিল্পোন্নত করতে হলে এ ছাড়া অন্য কোন উপায় নেই। চাষীরা জমি এক বিঘা পেল, কি দু বিঘা পেল সে প্রশ্ন তোলার কোন অর্থ নেই। কিছু না পাওয়ার চেয়ে নিশ্চয়ই তা অনেক ভাল। দু-চার বিঘা জমি যদি এক একজন চাষীকে দেওয়া যায়, তাহলে তা আনইকনমিক হোল্ডিং হয়ে যাবে, আদর্শের দিক হতে তা সন্তোষজনক হলেও, মনস্তাত্ত্বিক দিক হতে তাতে খুসী হওয়া গেলেও তাতে বাস্তব কিছু লাভ হবে না—ডাঃ ব্যানার্জি এই মত প্রকাশ করেছেন। আমি জানি না তাঁরা আদর্শ বলতে কি বোঝেন, বাস্তব বলতেই বা কি বোঝেন! আদর্শ ইউটোপিয়া, কল্পনাবিহার নয়। বাস্তব জগত হতে লব্ধ জ্ঞানের ভিত্তিতে লক্ষ্য এমনভাবে স্থির করতে হবে যাতে সব চাইতে ভালভাবে বর্তমান অবস্থাকে পরিবর্তন করা যায়, এই লক্ষ্যই হল আদর্শ। বাস্তব বৈজ্ঞানিক জ্ঞান হল তার ভিত্তি। এখন দেখা যাক যদি চাষীর হাতে দু' চার বিঘা করে জমি দেওয়া হয় তাহলে ক্ষতি কি হয়। সরকারপক্ষ বললেন যে, ঐটুকু জমি আনইকনমিক হোল্ডিং। তাতে কৃষির উন্নতির পথ বন্ধ হবে। যেভাবে সরকার লোকসংখ্যা বৃদ্ধির কথা বলে চ্যাঁচাচ্ছেন, এবং নিও-ম্যালথুসিয়ান থিওরি

আওড়াচ্ছেন ঠিক সেইভাবেই তাঁরা অলাভজনক জোতের দোহাই পেড়ে চাষীর হাতে জমি দিতে অস্বীকার করছেন।

It seems that the Government are suffering from uneconomic holding phobia. They must know that in spite of their clamorous shouts of economic holding there is no absolute conception of uneconomic holding. Under certain conditions a holding may be uneconomic but under developed scheme the same holding may be economic.

যে জোত সাধারণ অবস্থায় অলাভজনক, সেই জোতকে বিজ্ঞানসম্মতভাবে চাষ করলে তা লাভজনক হতে পারে। আনইকনমিক হোলডিংকে অনায়াসে ইকনমিক হোলডিং করা যেতে পারে যদি আমাদের সেই চেষ্টা থাকে, যদি আমরা বিজ্ঞানকে চাষের কাজে গ্রহণ করি। তা না করে কো-অপারেটিভ প্রিন্সিপল শুধু মুখেই বলব, আদতে গ্রহণ করব জয়েন্ট স্টক কোম্পানির দৃষ্টিভঙ্গী যা এই আইনের মধ্যে রয়েছে—তার দ্বারা কিছু হবে না। ছোট ছোট চাষীর দু-চার বিঘা জমি ইকনমিক হোলডিং করার নাম করে বড় বড় হাঙ্গর জোতদার ও জমিদারদের সঙ্গে জুড়ে দেবার ব্যবস্থা করা হয়েছে। যেমন করে জয়েন্ট স্টক কোম্পানির ছোট ছোট অংশীদারদের ঠকাচ্ছে ও শোষণ করছে ম্যানেজিং এজেন্টরা। তেমনি জমিদার জোতদাররা ছোট ছোট চাষীদের ঠকাবে ছোট চাষীদের ধনীদের সঙ্গে জুড়ে দিয়ে। সুতরাং এক বিঘা জমি দিলে চাষের উন্নতির পথও বন্ধ হয়ে গেল—এই চিন্তা অমূলক। ভূমিহীন চাষীকে জমি না দেবার জন্য এটা কৌশলী প্রচার।

চীনে আমি দেখেছি যে সেখানে এক বিঘা করেও জমি প্রত্যেক চাষী পায় নি, কিন্তু তবুও সেখানে বিঘা প্রতি ফলন আমাদের চেয়ে বেশী। আমাদের দেশে কম ফলন কেন হয়? এ জিনিসও বিবেচনা করবার দরকার আছে। শুধু বলে দিলেই হবে না যে, জমি বিভাগ করে দিলে চাষের ক্ষতি হয়। বরং আমি মনে করি জমি যদি ঠিকভাবে বণ্টন করা যায়, তাহলে সমস্ত দিক থেকে আমাদের সুবিধা হবে। সেই বন্টনের কোন কথা এখানে নাই। কোথা থেকে বলবেন? জমি সরকারের হাতে এলে তবে তো বন্টন করা যাবে? জমি যাতে হাতে আসে তার কোন ব্যবস্থা এখানে নেই।

[11-10—11-20 a.m.]

যদি জমির বেনামী হস্তান্তর বন্ধ করতে না পারা যায় তাহলে সরকারের হাতে বণ্টনযোগ্য কোন জমি আসবে না, সমস্ত জমি বেনামদারদের হাতে থেকে যাবে। আমি ব্যক্তিগতভাবে সুন্দরবন অঞ্চল ঘুরে দেখে এসেছি, আমার সঙ্গে যে কোন অফিসার দিন তাঁকে আমি দেখিয়ে দেব যে, সেখানে ২৮ হাজার একরের একটা লাট, মেদিনীপুরের জমিদার নন্দবাবুরা বেনাম করে রেখেছেন। তা ছাড়া পদ্মাসন নামে অবও ১২টা খণ্ড আছে তার সবই বেনাম করেছেন। এই সমস্ত বেনামা করা জমি যদি সরকার অধিকার করতে না পারেন, তাহলে সরকারের হাতে জমি আসবে কি করে? আর যদি জমি যদি সরকারের হাতে নাই আসে তাহলে কেমন করে ভূমিহীন চাষীকে জমি দেওয়া যাবে? ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় ভূমিসংস্কার বিল এনেছেন, কিন্তু তাঁর অধীনে যাঁরা বড় বড় চাকরী করেন, সেইসব জমিদারদের সংখ্যাদের যে কত হাজার বিঘা জমি বেনাম করেছেন সে সম্বন্ধে তিনি কি কোন সন্ধান নিয়েছেন। তিনি নাম জানতে চাইলে আমি তাঁদের নাম বলে দিতে পারি। তাঁর অধীনে, তাঁর বিভাগীয় যে সমস্ত অফিসারের কথা শুনে তিনি ভূমিসংস্কার সম্বন্ধে নীতি ঠিক করেন, তাঁরাই নানাভাবে হাজার হাজার বিঘা জমি বেনাম করে রেখে দিয়েছেন। সুতরাং জমি আসবে কোথা থেকে সরকারের হাতে? এবং যদি জমি না আসে, তাহলে জমি বিতরণ করবেন কোথা থেকে সমস্ত ভূমিহীন কৃষক ও মজুরদের মধ্যে? খালি মুখে বললেই হবে না যে, একটা কার্যকরী পন্থা অনুসরণ করা দরকার। কিন্তু, সেই পন্থা কোথায়? বার বার করে আমরা বলেছিলাম, কাউকে জমি দাবী হিসাবে রাখতে দেবেন না। কারও জমি থাকলেই সে জমি পাবে না। জমিই যাদের একমাত্র জীবিকার্জনের উপায় এমন লোক যদি নিজে জমি চাষ করে তবে তাকে জমি দেওয়া হবে; যে নিজে চাষ করে না বা জমি ছাড়াও যার আয়ের অন্য উপায় আছে

সে জমি পাবে না। এই নীতি সরকার গ্রহণ করেন নি। ফলে যাদের চাষবাসের সংগে পুরুষানুক্রমে সম্পর্ক রয়েছে তারা জমি পেল না আর যাদের চাষের সংগে কোন সম্পর্ক নাই, যারা এতদিন ধরে চাষীকে শোষণ করে আসছে, সেই জমিদার জোতদারদের হাতে জমি তুলে দিচ্ছেন। আজ সমস্যা হচ্ছে প্রত্যেক লোককে কাজ দেওয়া। সেখানে প্রত্যেককে কাজ না দিয়ে, কিছু লোকের হাতে আয়ের বহুবিধ উপায় গুঁজে দেওয়া হল আর লাখ লাখ লোককে উপায়হীন করে রাখা হল। জমিদার জোতদার পাবে মেছোঘেরী, বাগানবাগিচা, সে পাবে চাকরী, সে পাবে চাষের জমি ; অথচ যারা প্রকৃত চাষী কিন্তু এক ফোঁটা জমি নেই, তাদের জমি দেওয়া হল না। এই ধরনের আইনের দ্বারা কখনও ভূমিসংস্কার হতে পারে না।

ভূমিসংস্কার বলতে শুধু মধ্যসত্ব বিলোপ বোঝায় না, তার মধ্যে খাজনা কমান প্রভৃতি দাবীও আছে। আগে যেখানে ১৩৷৷০ আনা খাজনা নেওয়া হ'ত, সেখানে একজন আমাকে নোটিস দেখালেন যে, তাঁকে এখন হতে ৪৩৷৷০ আনা খাজনা দিতে হবে। এর নাম কি খাজনা কমান? এইভাবে চাষীর উপকার করতে চাচ্ছেন? মোট কথা ভূমিসংস্কারের ব্যাপারে যদি সাধারণ চাষীর বিশ্বাস অর্জন করতে না পারেন, তাদের সংস্কারের কাজে উৎসাহিত করতে না পারেন, তাহলে কোন দিনই হাঙ্গর জোতদার, ও অত্যাচারী জমিদারদের হাত থেকে তাদের বাঁচাতে পারবেন না ; কারণ একটা না একটা মিথ্যা দলিল এইসব ধনী লোকের দল লিখিয়ে নেবে চাষীদের কাছ থেকে তাদের অভাব-অভিযোগের সুযোগ নিয়ে। এবং এইসব মিথ্যা দলিলের জোরে চাষীদের সর্বস্বান্ত করবে। গোটা সুন্দরবন অঞ্চলে এইসব অত্যাচার ব্যাপকভাবে চাষীজীবনকে গ্রাস করেছে। কঠোর ব্যবস্থা গ্রহণ করে এইসব জমিদার জোতদারদের শাস্তি দিতে হবে। তাদের অধিকারে যেসব মিথ্যা দলিল ও কবুলিয়ত আছে তাকে বাতিল করে দিতে হবে ; চাষীর অতীত ঋণ মকুব করে দিতে হবে। তবেই কৃষকদের বাঁচাতে পারা যাবে। এখানে তথাকথিত গণতন্ত্রের কথা বলে কোন লাভ নেই। জমিদার, জোতদার যখন চাষীকে ঠকায়, মিথ্যা দলিলের জোরে তার যথাসর্বস্ব গ্রাস করে তখন সরকারী ব্যবস্থা এগিয়ে আসে না চাষীকে রক্ষা করতে, অথচ যখন সেই চাষী রুখে দাঁড়ায় জমিদার জোতদারের অত্যাচারের বিরুদ্ধে, ঠকিয়ে নেওয়া জমি ফিরে পেতে চায়, তখন পুলিস শান্তিরক্ষার নাম করে চাষীকে গ্রেপ্তার করে। এই ত আপনাদের গণতন্ত্র! এই জিনিসই চালান হচ্ছে। এই দৃষ্টিভঙ্গী নিয়ে প্রকৃত ভূমিসংস্কার হতে পারে না। পুঁজিবাদী রাষ্ট্রব্যবস্থায় এর বেশী কিছু হবেও না। তাই একথাও ঠিক যে, চাষীদের ঘোরতর লড়াই করে জমি আদায় করতে হবে। তবুও পুঁজিবাদী সমাজব্যবস্থায় চাষীকে যা দেওয়া যেতে পারে তাও দেবার চেষ্টা করা হয় নি এই বিলে।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা বিনয় চৌধুরী মহাশয়ের কথার প্রতিধ্বনি করে বলছি যে, এই বিলের সেকেন্ড রিডিং হবার পর এই থার্ড রিডিংএর মধ্যে অনেকখানি ফাঁক গিয়েছে এবং এই ফাঁকের সুযোগে দেশের চারিদিকে এই বিলটা সম্বন্ধে যে অভ্যন্তর আলোচনা সেইটে এই সভার সমক্ষে বললে বর্তমান সরকারের পক্ষে এই বিলের সম্পর্কে নিজেদের নীতি ঠিক করার ব্যাপারে সাহায্য হতে পারে।

বিনয়বাবু বলেছেন, এই বিলের প্রতিক্রিয়া গ্রাম-অঞ্চলে হয়েছে, কিন্তু এই বিলটা এত প্রয়োজনীয় যে, এটার আলোচনা শুধু গ্রামাঞ্চলেই সীমাবদ্ধ ছিল না, শহরের ভিন্ন ভিন্ন স্থলেও সাধারণ মানুষের মধ্যে এর আলোচনা হয়েছে। যারাই দেশের উন্নতিকামী, দলমত নির্বিশেষে যারা নাকি সত্যিকারের দেশের উন্নতির জন্য আত্মনিয়োগ করতে চায়—তাদের ভিতর যে আলোচনা হয়েছে—তার খানিকটা বললে হয়ত এই লাভ হবে—তারা বিলটাকে এইভাবে দেখেছে, এটা নিয়ে এইভাবে আলোচনা করেছেন এ জিনিসটা সকলেই জানতে পারবেন। এই বিলের মধ্যে একটা দৃষ্টিভঙ্গী ছিল—সেটা বলতে গেলে বৈঠকী কথায় বলা যায়, বাংলাদেশের মহাসমস্যার সমাধান ভেবেছেন ইন্ডাস্ট্রিয়ালাইজেশন—শিল্পোন্নয়ন। তার পরে ভাবলেন শিল্পোন্নয়ন করতে গেলে খানিকটা এগ্রিকালচার, কৃষির উৎপাদনের বন্দোবস্ত না করলে সেটা কি করে হবে। তারপরে ভাবলেন আধুনিক যুগে পুরানো পার্মানেন্টের বাধায় সরকারী

ইনকামের একটা বড় বাধা হচ্ছে রাজস্ব আদায়ে,—এই হলো রাষ্ট্রের আদর্শ! সুতরাং এইভাবে ভেবে নিয়ে ও'রা গত দু বছর পর পর ভেঙে ভেঙে দুটো বিল নিয়ে ঐ পথেই যাচ্ছেন। কি করে রেন্ট বাড়িয়ে দেওয়া যায় রাষ্ট্রের আয় কি করে বাড়ানো যেতে পারে।

২নং এগ্রিকালচারাল কনস্টিটুয়েন্সিতে এগ্রিকালচারাল ইউনিটস্ এমন করে তৈরি করতে হবে এই ভেবে আপনারা একটা কল্পনার কাঠামো সাজিয়ে নিয়েছেন। এ যেন আপনারা একটা ট্রাঙ্ক কিনেছেন, সেই ট্রাঙ্কের অনুপাতে কতটা কাপড়চোপড় রাখতে পারবেন তার বন্দোবস্ত করছেন, কিন্তু কাপড়চোপড়ের অনুপাতে ট্রাঙ্ক কেনেন নি। আপনারা কৃষি-সমস্যার সংস্কারের কথা ভাবতে গিয়েছেন কিন্তু যাদের নিয়ে সংস্কার অর্থাৎ সাধারণ মানুষ তাদের কথা ভাবেন নি সাধারণ মানুষের এই দৃষ্টি-ভঙ্গী টেলিস্কোপিক, মাইক্রোস্কোপিক দৃষ্টিভঙ্গীর বাইরে রয়ে গেছে। পরবর্তী কাঠামো যেটা আপনারা করেছেন তার ভিতর মানুষকে পুরে গুঁজে পিন আপ করে তারই মধ্যে একসঙ্গে ছাঁটাই ও পালিশ করে মানিয়ে নিতে চাইছেন। মানুষের মত করে আপনাদের নীতি নির্ধারণ করছেন না। আমার আগের বক্তারা কিছু কিছু এ সম্বন্ধে বলে গেছেন। আপনারা যখন কৃষকের, গ্রামের লোকের ল্যান্ড প্রব্লেম নিয়ে ভেবেছেন, ল্যান্ড প্রব্লেমের দুটো সমস্যা নিয়েই ভাবছেন। একটা হচ্ছে কৃষকের সমস্যা, আর একটা হচ্ছে কৃষিসমস্যা। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় শ্রীকুমারবাবু যা বলেছেন, তাঁর দৃষ্টিভঙ্গীতে একটা জিনিস ভেবেছেন যেটা বাইরে উল্লেখের বস্তু। একথা সত্য যে আমরা কৃষিজাত উৎপাদন বেশী করতে চাই, আমরা এগ্রিকালচার ইউনিট অফ এ হাইয়ার স্ট্যান্ডার্ড চাই, কিন্তু সোস্যাল জাস্টিসের কথা তার মধ্যে নাই। সোস্যাল জাস্টিসকে দিয়েছেন সেকেন্ডারী করে। কিন্তু আমরা সোস্যাল জাস্টিসটাই এর মধ্যে চাই। আপনারা যা ভেবেছেন, তাতে আপনাদের দৃষ্টিভঙ্গী এমন ছিল যে, আপনারা ভেবেছেন যাদের কাছে জমি আছে তারা কতখানি জমি রাখতে পারবে, আর যেটুকু রাখতে পারবে না সেটুকু নগদ টাকায় ট্রান্সফার করে তার হাতে নগদ টাকা ইনস্ট্রুমেন্ট বা ক্যাপিটাল ঢুকিয়ে দেওয়া যায় কিনা। যাদের যাদের জমি চলে গেছে, যাদের নাই, তারা পাবে কিনা এ বিলের মধ্যে সেটার উল্লেখ নাই। এই বিল যখন চলছিল তখন আমরা বাইরে মাননীয় কংগ্রেস মেম্বর ও এই এ্যাসেম্বলির সদস্যদের সঙ্গে এই আলোচনা করেছি যে, আপনারা এই লাইন দিয়ে কেন বলছেন না? আপনারাও ধনী নন, আপনারা সাধারণ মানুষের প্রতিনিধি, যাদের অতীতে জানতাম এইরকম আমার বন্ধু কংগ্রেস মেম্বর যাঁরা তাঁরা যদি সাধারণ মানুষের কথা তাদের সমস্যার কথা ভাবতেন তাহলে তাঁরা এই লাইনে যেতেন যে, এতগুলি লোকের জমি নাই, তাদের জন্য এতটা জমি চাই সেইটে হিসেব করে যাদের কাছে জমি আছে তাদের কাছে যেতেন। কিন্তু আপনারা উল্টো করেছেন, যাদের হাতে জমি আছে তারা কতখানি রাখতে পারবে, সেইটে তাদের দিয়ে তারপরে হিসেব করেছেন কতটা বাইরে দেওয়া যায়। বলেছেন ৬ লক্ষ একর, আবার আপনারা নিজেরাই স্বীকার করেছেন ৩ লক্ষ একর। এই ৩ লক্ষও পাবেন কিনা জানি না তবে লিখবেন ৩ লক্ষ একর অথচ চাইছে আপনাদের কাছে জমি, যে প্রতিশ্রুতি আপনারা দেশের লোককে দিয়েছেন যে তারা পাবে তাদের পাবার জন্য কতটা প্রয়োজন সেইটে আগে ঠিক করে তারপরে যাওয়া উচিত, যাদের আছে তারা কতটা রাখতে পারবে। এইটে যদি করতেন তাহলে কংগ্রেসের আদর্শ সত্য হত। একজন বলেছেন দেখুন এতে সরকারের পক্ষে ভীষণ বড় একটা সমস্যা আসবে। কেন? ছোট ছোট হোলডিং হয়ে যাওয়ায়, আর যা কিছু জমি দেওয়া হবে তার জন্য খরচ বেড়ে যাবে, কারণ জমিদারী তুলে দেবার পর সরকারকেই তাদের টাকা দিতে হবে সার দিতে হবে, অন্যান্য জিনিস দিতে হবে। সুতরাং ল্যান্ড রিফরম ছাড়া এর খরচ তিন গুণ বেড়ে যাবে। কিন্তু শুধু খরচ বেড়ে যাবে—এই ভেবে সাধারণ মানুষের যেটা দাবী ছিল যেটা তার প্রাপ্য, মাননীয় শ্রীকুমারবাবু যাকে সোস্যাল জাস্টিস বলে স্বীকার করেছেন সেটা কি করে চালু করবেন। সাধারণ মানুষ আগেকার দিনের মতন অতটা বুদ্ধিহীন নয়। তাদের দুটো মুখ আছে একটা মুখে তারা ভদ্রভাবে বলে যায়, আর একটা মুখ যে আছে তা দিয়ে তারা নিজেদের মধ্যে আলোচনা করে। সুতরাং তাদের এড়িয়ে যেতে পারেন না। তারপর চাষী ছাড়াও মধ্যবিত্ত লোক যাদের জমি ছিল হোয়াট উইল বি দেয়ার পজিসন? অল্পবিস্তর যা ছিল সেটা যখন

গেল সেটার বদলে তারা কি পাবে? আমি এই কথাটা বলতে চাইছি—আপনাদের এই বিলের ধারাগুলি আলোচনা করলে দেখা যায়, আপনারা বিত্তবানের বিত্ত রক্ষারই চেষ্টা করেছেন, কিন্তু যে পায় নাই তার পাবার মতন বা তার স্বার্থরক্ষা করবার কোন বন্দোবস্তের কথা আপনাদের বিলের মধ্যে নাই।

[11-20—11-30 a.m.]

শুধু বিধানসভার মধ্যে এটা নয়, এর বাইরেও আলোচনা হয়েছে। প্রত্যেক কংগ্রেস মেম্বার বলতে পারেন যে, তাঁদের কনস্টিটিউয়েন্সীতে এই নিয়ে আলোচনা হয়েছে। আমার বিরোধী পক্ষের আর এক বন্ধু বলে গেছেন, আমি সে কথাটা আর একটু বড় করে বলছি। সত্যই কি এমন হতে পারে যে, এই যোগাযোগে আপনারা যদি ছোট ছোট ইউনিট তৈরি করেন, যদি কিছু লোকের হাতে বেশি জমি রেখে বাকি জমি টাকায় পরিণত করে হাইয়ার টাইপ অব এগ্রিকালচার করেন, পুরোনো ক্লাশটাকে রেখে দিতে চান তবে সাধারণ মানুষ যাদের উন্নত করতে চেয়েছিলেন, এবং তাদের সাপোর্টের উপর আবার রাষ্ট্র কায়েম করতে পারবেন, আপনারা যদি এই ভ্রান্ত ধারণা পোষণ করেন, তাহলে মনে করেন কি আপনার ইন্ডাস্ট্রি গড়বে। আমি আর-একটা কথা বলছি সত্যই একথা ভুললে চলবে না যে, সারা পৃথিবীতে যদি কোন শিল্প তার নিজের দেশের মধ্যে বাজার না খুঁজে বাইরে খোঁজে, নিজের উন্নতির কল্পনা করতে চায়, তাহলে সেটা পারবেন না—বিদেশে ত পাবেনই না, নিজের দেশেও পাবেন না। আজকে যদি সত্যিকারের শিল্পের উন্নতির কথা মনে থাকত, সত্যই সে সম্বন্ধে সঠিক নীতি থাকত, তাহলে সেই শিল্পের পিছনে তার দেশের মধ্যে যে ক্রয়শক্তি, সেটাকে বাড়াবার নিশ্চয়ই চেষ্টা করতেন।

তারপরে সাধারণ মানুষ, যারা এখন দেশের মেরুদণ্ড সে মানুষকে আজ বিলের প্রত্যেক ধারায় দেখতে পাচ্ছি—আমরা কি কি দেখছি? ধরুন, এই বিলের মধ্যে আছে টাকা দিতে হবে, দিতে পারবে না বলে আপনার ল্যান্ডলেস পুয়োর কিংবা যাদের অল্প জমি আছে, তাদের সম্বন্ধে কোন একটা নীতির নির্দেশ আমরা এর মধ্যে পাই না। শ্রীকুমারবাবু বলে গেছেন—এক বিঘা করে দিলে নীতিগত কিছু লাভ হত কি? একটা কথা বলছি—ধরুন যে কো-অপারেটিভের কথা ভাবছেন। যদি ঐ কো-অপারেটিভের প্রশ্নটা অন্যরূপে দিতেন—যাঁরা এক বিঘা দিলেন, তাঁদের মালিক করে দিতেন, এদের নেতৃত্বে সেখানে যদি কো-অপারেটিভ করবার সরকার চেষ্টা করতেন—অন্য জায়গায় টাকা না ঢেলে সেখানে টাকা ঢালতেন তাহলে ভাল হত এবং সরকারী হিসাব হচ্ছে বাংলাদেশে ৩৩ লক্ষ একরের মত জমিতে চাষ হয়। সাধারণভাবে এটা লোকে জানে যে, কৃষক নিজের জমি যেখানে চাষ করে আর ভাগে সেখানে চাষ করে, সেখানে নিজের জমিতে চাষ অন্ততঃ বিঘা পিছু ২।৩ মণ করে বেশী হয়। একথা যদি আপনারা মনে রাখতেন তাহলে এই প্রশ্ন উঠত না। কেমন করে কোয়ালিটেটিভ চেঞ্জের দ্বারা চাষী যখন জমির মালিক হয়, চাষীর যখন নিজের জমির উপর মমতা হয়, তখন সেই জমির উপর তার রক্ত ঢেলে দিয়ে সে নিজের মাথা খাটাতে পারে—আপনারা সেটা দেখলেন না।

আমার বক্তব্য শেষ করবার আগে একটা কথা বলব। সম্প্রতি কাগজে দেখেছিলাম যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বাইরে নিমন্ত্রিত হয়েছেন। (DR. RADHA KRISHNA PAL: রাশিয়ায়, রাশিয়ায়।) তা আমি জানি না। আমার অনুরোধ সত্যই গিয়ে একবার তিনি দেখে আসুন এবং রাজস্বমন্ত্রী মহাশয়কেও আপনার সঙ্গে নিন। কারণ জমিদারী প্রথা বিলোপ ব্যাপারে উনিই আপনার সহকর্মী (এ ভয়েসঃ এটা ভালই বলেছেন)। ওঁকে নিয়ে নিন এবং ফিরে এসে যখন এই বিল বারেবারে সংশোধন করতে হবে, তখনকার সেই নীতি সাধারণ মানুষের পক্ষে গ্রহণীয় হবে। কোথায় সত্যিকারের বিপদ আছে, ত্রুটি আছে, সেটা ভাবতে হবে।

[At this stage the blue light was lit.]

আর এক মিনিট স্যার।

মানুষ গাছ নয়, পাথর নয়; এটা আপনারা মনে রাখবেন যে, রস না থাকলে গাছ, পাথর যেমন শুকিয়ে যায়, তেমনি করে মানুষ শুকাবে না। শতকরা ৮০ জন মানুষকে বাদ দিয়ে

উন্নতির পরিকল্পনা করলে, সেই শতকরা ৮০ জন মানুষই তার প্রতিবাদ জানাবে এবং সেই প্রতিবাদে আপনারা যা কিছু করবেন, সব ভেসে যাবে এবং সেই শতকরা ৮০ ভাগ লোকই নিজেরা দেশ গড়বে, সেখানে অন্যরূপ দেখবেন এবং সেজন্য এখন থেকে নীতি সম্বন্ধে সত্যকারের সাবধান হওয়ার প্রয়োজন আছে।

[11-30—11-40 a.m.]

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয় সুবোধবাবু ইতিপূর্বে বলেছিলেন ৪ লক্ষ একর জমি ভূমিহীনদের দেবার জন্য গভর্নমেন্ট যে পরিকল্পনা করছেন তা সার্থক হবে না। কেননা জমি কোথায়? সব জমি বড়লোকের গহ্বরে। আজকে আবার সুবোধবাবু বললেন যে, ভূমিরাক্ষসদের স্বার্থরক্ষা করা হচ্ছে অর্থাৎ নাম কা আস্তে এই আইন করা হচ্ছে। সুবোধবাবু আদর্শের দিক দিয়ে কখনও কখনও ভাল কথা বলেন, আবার মাঝে মাঝে তিনি বেফাঁস কথা বলে ফেলেন। তাঁকে এ বিষয়ে একটু ভেবে দেখতে বলি।

কৃষকদের প্রতি দরদ যে কেবলমাত্র আমাদের বিরোধীপক্ষের সদস্যদের আছে তা নয়, অনেকেরই আছে। গুরুদেব রবীন্দ্রনাথ এর আগেও এঁকেছিলেন বাংলার চাষীর মর্মস্পর্শী চিত্র। দুই বিঘা মাত্র জমি তার অবশিষ্ট আছে, "আর সব গেছে ঋণে"।। নিষ্ঠুর জমিদার তাও কেড়ে নিলেন। বিদ্রোহী কবি জ্বলে উঠলেন, লিখলেন -

এই জগতে হায়, সেই বেশী চায়,

আছে যার ভূরি ভূরি।

সুবোধবাবু যখন উপদেশ দিতে চান তখন যেন তিনি মনে রাখেন যে, মুক্তিপাগল বাঙ্গালী সেদিন কবির কথায় মনোযোগ দিতে অবসর পায় নাই। আজ পশ্চিমবঙ্গ সরকার ২ কোটি ২৭ লক্ষ বিঘা জমিতে প্রায় ২॥ কোটি লোকের অন্নের আয়োজন করবার সংকল্প করে দৃঢ়ভাবে অগ্রসর হয়েছেন। ভূমি উন্নয়ন বিলের প্রথম ও দ্বিতীয় দফার আলোচনা সমাপ্ত হয়েছে। আজকে এই তৃতীয় দফার আলোচনায় অংশ গ্রহণ করে সর্বপ্রথমে আমি তাঁদেরই নমস্কার জানাচ্ছি, যাঁরা আমাদের চোখ ফুটিয়েছেন। এই প্রসঙ্গে বিলের ভারপ্রাপ্ত কর্ণধারকেও অভিবাদন জানিয়ে বলছি—বাঙ্গালীর অন্নই অমৃত, অন্নই প্রাণ। প্রাণদাতারূপে আপনি এই বিল বিধানসভায় উপস্থাপিত করে রাজ্যবাসীকে চিরকৃতজ্ঞতায় আবদ্ধ করলেন সত্য। আপনাদের নেতৃত্বে পশ্চিমবঙ্গের ধান্যক্ষেত্রে প্রচুর অন্ন উৎপন্ন হয়ে গৃহে গৃহে অন্নভাণ্ডার পূর্ণ করুক। আপনি অন্নের দ্বারা বাঙ্গালীর জীবনমরণ সংকট ত্রাণ করুন। আপনার সকল পথ কল্যাণময় হোক। বিলের যাবতীয় সংকল্প সক্রিয় সার্থক হোক আপনাদের কৃপায় রাজ্যব্যাপী "অন্নের যাহা অন্ন" তাহাই অর্জন করুক।

এই শুভমুহূর্তে রাজস্ব বিভাগের কর্মীবৃন্দ, স্থানীয় শাসন কৃষি এবং সমবায় বিভাগের উপদেষ্টাগণ যদি প্রাণের চেয়ে পল্লীকে প্রাণবন্ত করবার জন্য সচেষ্ট হয়ে প্রকৃত পল্লীদরদী ব্যক্তিকে 'পঞ্চায়েতের কার্যে উৎসাহদান করেন প্রকৃত ভূমিহীন কৃষককে ভূমিদানের ব্যবস্থা করেন, প্রকৃত অল্প জমির চাষীকে অধিক জমি দেবার ব্যবস্থা করেন, প্রকৃত এক বিঘা জায়গার মালিককে বসতবাটির হকদার করেন, প্রকৃত জমির তাল স্থির করে রাজস্ব ধার্য করেন, প্রকৃত রায়তকে পূর্বেকার মত আদর্শরূপে গড়ে তোলেন, প্রকৃত শ্রমিকগণ চাষীকে উন্নয়নকার্যে উৎসাহ দেন, প্রকৃত বর্গাদারকে তার ন্যায্য ফসলের অংশ এবং জমি চাষের নিশ্চিত ব্যবস্থা করেন, প্রকৃত দুর্গত বর্গাদার, ব্যক্তিগত চাষী এবং রায়তকে সর্বপ্রকারে সহায়তা করেন, তাহলে দেখা যাবে যারা আজ অন্ন হতে বঞ্চিত রয়েছে তারাও অন্ন লাভ করবে।

আমার বক্তব্য হচ্ছে প্রকৃত লাঙ্গল চাষীগণ অন্নদান করে চলছে। কবিগুরু রবীন্দ্রনাথের একটি গানে তাই দেখা যায় "আমরা চাষ করি ভাই আনন্দে।" ৫০ বৎসর আগে পশ্চিমবঙ্গের বর্তমান ১৪টি জেলায় যারা বাস করত তাদের মাথাপিছু ৫ বিঘা ধানের জমি ছিল। এখন মাথাপিছু এক বিঘাও জমি নেই। জনসংখ্যা এবং জমি জায়গার পরিমাণ হিসাব করলেই এর মূল কারণ জানা যায়। ১৯১১ সালের জনসংখ্যা ১ কোটি ৪০ লক্ষ, ১৯৩১ সালে ১ কোটি ৫৭ লক্ষ, ১৯৪১ সালে ১ কোটি ৮৯ লক্ষ, ১৯৫১ সালে ২ কোটি ১৯ লক্ষ আর ১৯৫৫ সালে ২ কোটি

৪৮ লক্ষ। ধানের জমি ১৭ লক্ষ বিঘা বৃদ্ধি হয়েছে আর লোকসংখ্যা ১ কোটি ৫ লক্ষ অধিক হয়েছে বলেই পশ্চিমবঙ্গে ভয়াবহ বেকার সমস্যা দেখা দিয়েছে। পল্লী অপেক্ষা শহরে এজন্য অন্নসমস্যা তীব্র হয়ে উঠেছে। পাঁচসালা, দশসালা কাজের দ্বারা অন্নাভাবের প্রতিকার করা হচ্ছে। পশ্চিমবাংলার জমিদারদের এজন্য ভূস্বত্ব দখল করে নিঃস্বত্ব চাষীদের ভূমিদানের আয়োজন চলছে। কিন্তু ধানের জমিগুলি মাত্র ১৫ লক্ষ ৭২ হাজার পরিবারের দখলে আছে। তাদের মধ্যে মাত্র ৩ লক্ষ ১৮ হাজার পরিবার নিজে চাষ করে। বাকী ১২ লক্ষ ৫৪ হাজার পরিবার আধিয়ার, ঠিকাচাষী, কৃষাণ, মাহিনদার ও নগদ মজুর দিয়ে জমিতে ফসল ফলায়।

ফসল চাষের জমির মাটির এবং মাটিচাষের হালের বলদ পূর্ব তুলনায় অত্যন্ত দুর্বল হয়েছে। দরিদ্র কৃষকের জমি-জায়গা খণ্ড খণ্ড ভাগে যেমন বিভক্ত হয়েছে সেইরূপ ৭৮ লক্ষ একর ধানের জমি কম করে তিন কোটি টুকরোয় ছোট ছোট হয়ে পড়েছে। ভূতত্ত্ব এবং ভূ-উপদেশ নিয়ে ভূমি উন্নয়নের বড় কেউ বড় হয় নাই। স্থানে স্থানে হয়তো ভূমির উন্নতি হয়েছে কিন্তু বন্যায়, দুর্ভিক্ষে লক্ষ লক্ষ বিঘা জমির অবনতি বৎসর বৎসর ঘটেছে। কারখানা ও ইমারত গড়তে হাজার হাজার বিঘা জমি নষ্ট হয়েছে। এই জন্য দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় প্রকৃত কৃষকদের হাতে জমি দিয়ে জমিতে অধিক ফসল ফলাবার কথা অনেকেই বলেছেন। কিন্তু ৩৬ লক্ষ ৮৪ হাজার বলদ এবং ১ লক্ষ ১৩ হাজার মহিষ দ্বারা ভূমির উন্নতি হতে পারে না। এর দ্বারা শুধু তদারকীর কাজই উন্নত হচ্ছে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ইদানীং ভূমি-উন্নয়ন বিল রচনা করে বর্গাদার, রায়ত ও ব্যক্তিগত চাষীদের নিয়ে তিনটি স্তর করেছেন। সমান সুযোগ দিয়ে ভূমিতে কঠোর পরিশ্রম করে মাটির উন্নতি এবং ফসলের পরিমাণ বৃদ্ধির কথা সরকার সকলকে জানিয়েছেন। এইজন্য পশ্চিমবাংলার ১১৪টি শহরের বুকে যেসব জমি জায়গার মালিক বর্তমানে আশ্রয় নিয়েছেন তাদের এখন একটু চিন্তা করতে দেখা যাচ্ছে। কারণ ৩৫ হাজার পল্লীর বুকে এঁরা গড়ে একটি করে ক্ষেতখামার রচনা করে-ছিলেন। ব্যক্তিগত চাষীর তুলনায় বর্গাদারদের কিছুই নাই। স্থাবর ও অস্থাবর সম্পত্তির তুলাদণ্ডে যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে ব্যক্তিগত চাষীর সম্পত্তি ৭৫ বিঘা জমি, সেখানে বর্গাদারের সম্পত্তি ১ কাঠা জমি। ব্যক্তিগত চাষীর সম্পত্তি ১০ একর জলাশয়, ৫ জোড়া বলদ ও লাঙ্গল, ৪টি গোলায় ৫০০ মণ ধান, ১০ জন বর্গাদার ও কৃষিমজুর, ৫টি স্থানে বাঁশ ও কাঠ। বর্গাদারের সম্পত্তি এই তুলনায় একটি সারগর্ত, একজোড়া রুগ্ন বলদ, এক বোরায় ১ মণ মজুত ধান, স্ত্রী এবং নাবালক পুত্র। মৃত কর্মের জন্য ঝাড়ে একটিমাত্র বাঁশ।

রাজস্ববিভাগ ভূমি-উন্নয়ন বিলে ৬০টি ধারা রচনা করছেন। বিলের ১৫ ধারা হতে ২২ ধারায় এবং ৪৯(ক) ধারায় ভূমিদান, ভূমিরক্ষা, মীমাংসা, বিচার, সর্ব উচ্চ আপীল, ফসলের অংশবৃদ্ধি ও নিষ্করভাবে বসতবাটিতে বসবাসের বিহিত করেছেন। মনে হয় এইবার ধীরে ধীরে রাজ্যের বর্গাদারগণ জমি জায়গাতে উন্নত হতে পারবে। বর্তমানে তাদের চালাঘর, সার গর্ত ও বলদকে বন্ধক রেখে কৃষিকার্যে ব্যয় নির্বাহ করতে হয়। সারা বৎসর চাষের কাজের দ্বারা অন্নরস জোটে না বলে স্ত্রী-পুত্রকে ব্যক্তিগত চাষী-পরিবারে গোয়ালের কাজে পাঠিয়ে দেয়। তাদের কঠোর পরিশ্রমে ডাল ভাত, কাপড়-গামছা সংগ্রহ হলেই ধন্য মনে করে। পাঁচ-ভাগ কৃষকের মধ্যে চারভাগ কৃষকের এইরূপ নিম্নস্তর হয়েছে। এইজন্য যারা আইনের ভয় দেখিয়ে চলছে তাদের কৃষিকাজে আয়ের চেয়ে লোকসান হচ্ছে। ভূমি-উন্নয়ন বিলে তাই নিম্ন-স্তর কৃষকদের সর্বপ্রকারের সুবিধাদানের ধারা উপ-ধারা লিপিবদ্ধ হয়েছে। এবার পরস্পরের মিলিত শক্তির দ্বারা রাজ্যের শ্রীবৃদ্ধি ঘটাবে। একটি বর্গাদার পরিবারে সাধারণত দুইটি বলদ প্রতিপালিত হয়। গড়ে দুই জন পোষ্য থাকে। তারা গৃহস্থের কৃষিকাজে, গোসেবায়, হাটের কাজে এবং নগদ মজুরি নিয়ে মাটি কাটা ও মেরামতি কাজে সাহায্য করে। কোন কোন বর্গাদার বলদ ও গাড়ী নিয়ে যানবাহনের কাজ করে কিছু উপায় করে। মোট কথা গরু, বলদ, স্ত্রী, পুত্র, কন্যা সকলের শ্রমে অন্নলাভ হয়। যে পরিবার শ্রম করতে কাতর হয় না সেই পরিবার উন্নত হয়। যদি ধানের জমিতে মাসিক ২৫ টাকা হিসাবে ১২ মাসে ৩০০ টাকা আয় হয় তাহলে আর ১০ টাকা মাসিক নানা প্রকারে এই সব বর্গাদারের আয় হয়ে থাকে। মোট ৪২০ টাকা আয়।

[At this stage the blue light was lit.]

আমাকে একটু সময় দেবেন। আমি জীবনে আপনার কাছে টাইম চাই নি।

Mr. Speaker:

আর কত মিনিট সময় নেবেন?

Sj. Nishapati Majhi:

আরও ১৫ মিনিট।

একজন বর্গাদার এই আয়ের থেকে চাল-ডাল বাবত শতকরা ৬০ ভাগ, কাপড়-জামা চাদরের জন্য শতকরা ৫ ভাগ, তরিতরকারি, মাছ-মাংস শতকরা ১০ ভাগ, জ্বালানি খরচ শতকরা ৫ ভাগ, সামাজিক ব্যয় শতকরা ১৫ ভাগ--এই ৩৭৭ টাকা, এ ছাড়া খাজনা, ইউনিয়ন ট্যাক্স প্রভৃতি ৪ টাকা, গৃহ মেরামত ও আসবাবপত্র খরিদ ইত্যাদি ২০ টাকা, শিক্ষা, স্বাস্থ্য এবং দায় বিপদের ব্যয় ১৫ টাকা, অন্যান্য খরচ ৪ টাকা--এই মোট ৪২০ টাকা। মাননীয় সদস্যরাই বলেছেন যে, এদের হাতে কিছুই থাকে না। একথা খুবই সত্য।

[11-40—11-50 a.m.]

পৌষ-মাঘ মাসে বর্গাদার জমির ধানের অংশ লাভ করে। কিন্তু রাজ্যের শতকরা ৮২ জন বর্গাদার বড়জোর ফাল্গুন-চৈত্র দুই মাসের খাদ্য খরচের ন্যায় ধান মালিকের খামার হতে আনতে পারে। দুই মাসের পর তাই মালিকের গোলার ধান কর্জ নিতে বাধ্য হয়। গড়ে ধান ও নগদ ১৮০ টাকা পর্যন্ত কর্জ করতে দেখা যায়। এক এক অঞ্চলে এক এক রকমের উচ্চনীচ সুদ। কোন কোন ব্যক্তি ধানচাল দাদন করে সুদ গ্রহণ করেন না- আসলটা উসুল হলেই ধন্য মনে করেন।

একটি গ্রামের ২৯টি পরিবারের তথ্য দিয়ে আমি দেখাচ্ছি। (প্রথম) রায়ত ৬টি পরিবার, ৯ জোড়া বলদ এবং ১৩৫ বিঘা জমি। (দ্বিতীয়) নিজ লাঙ্গলে রায়ত চাষ করে ৯টি পরিবার, ১০ জোড়া বলদ। জমি ১১৩ বিঘা। (তৃতীয়) গ্রামের জমি ও অন্য গ্রামের জমি নিয়ে ৮টি পরিবার বর্গাদারের কাজ করে, বলদ ৮ জোড়া এদের মধ্যে ঠিকায় ২ জনের ২৭ বিঘা এবং ২ জনের নিষ্কর ৯ বিঘা জমি। বাকী সকলেই ভূমিহীন। নিজ লাঙ্গল চাষীর মধ্যে ৩ জন অন্য গ্রামের লোকের ২৮ বিঘা জমিতে চাষ করে। (চতুর্থ) ৫টি কৃষাণ পরিবার জমির উৎপন্ন ফসলের শতকরা ৩৩ ভাগ নিয়ে জমিতে চাষ করে। এরা রায়ত পরিবারের ৬ জোড়া লাঙ্গল ব্যবহার করে। রায়ত এদের ধান, টাকা দাদন করে চলেছে। (পঞ্চম) গ্রামের মাহিনদার ৩ জন। অন্য গ্রামের ৬ জন, তন্মধ্যে সাঁওতাল ৪ জন।

তারপর ভূমি উন্নয়ন বিলে আগামী ১০ বৎসরের মধ্যে সকলেই রায়ত পর্যায়ভুক্ত করার আভাষ দেওয়া হয়েছে। বিলের ১ ধারা হতে ৬০ ধারা রচনা করবার সময় অতীতের ৬টি প্রজাসত্ব আইনকে এই ধারাগুলির সঙ্গে অঙ্গীভূত করতে সরকারকে বিশেষভাবে চিন্তা করতে হয়েছিল। বর্তমানে রায়তের এমনকি ব্যক্তিগত চাষীর আর্থিক অবস্থা অনেকেরই ভেঙ্গে পড়েছে। এক লাঙ্গল চাষী, দুই লাঙ্গল চাষী এবং তিন লাঙ্গল চাষীর অবস্থা এজন্য আলোচনাযোগ্য। রাজ্যে এক লাঙ্গল চাষী জমি জায়গা নিয়ে কিরূপ বিপাকে পড়েছে তার সংক্ষিপ্ত বিবরণ এখানে উল্লেখ করছি। শূন্য হতে ৩ বিঘা পর্যন্ত অংশীদারদের সংখ্যা ১২৪,২১৪ জন তার মধ্যে নিজ লাঙ্গল চাষী হচ্ছে ৩১,৬৫৩ জন। ৩ বিঘা হতে ৬ বিঘা পর্যন্ত ৪৪০,২৬৩ জন, তার মধ্যে নিজ লাঙ্গল চাষী হচ্ছে ১৭,৩৯৯ জন। তারপর ৬ হতে ৯ বিঘা পর্যন্ত অংশীদারদের সংখ্যা হচ্ছে ৬০২,৪১৭ জন, তার মধ্যে নিজ লাঙ্গল চাষী হচ্ছে ৯,১৭২ জন। এখানে দেখা যাচ্ছে ১১ লক্ষের মধ্যে নিজ লাঙ্গলে ৫৮ হাজার জন জমিতে চাষ করে। আর সকলের চাষ করবার কিংবা করাবার সাধ্য থাকলেও জমির পরিমাণ এত কম যে, ১ জোড়া বলদ গোয়ালে রাখতে পারে না। তার উপর কোন কোন পরিবারের আয় অপেক্ষা ব্যয় বেশী হয়েছে। তাদের দেনা সাধারণভাবে পরিশোধ হবার নয়। জলাশয়ের অবনতি, সারের ও বীজের অবনতি, এজন্য উত্তরোত্তর বেড়ে উঠেছে। জমি জায়গা বিক্রয় করে বা বন্ধক দিয়ে এক একটা জোত-জমাকে অনেকেই খণ্ড খণ্ড করে চলেছে। অপরদিকে যে সমস্ত কৃষক নিজে লাঙ্গল চালাচ্ছে, তাদের আবার সকলের এক মাঠে, এক চকে জমি নাই। তাতে ফসলের

অপচয়, বলদের পরিশ্রম উত্তরোত্তর বাড়ছে। সরকার যদি এইসব জমির মালিকদের ব্যক্তিগত স্বার্থ অপেক্ষা সমষ্টিগত কল্যাণের পথে অগ্রসর করাতে পারেন তাহলেই যৌথভাবে জমি-জায়গা উন্নত হবে। খণ্ড খণ্ড জমিগুলি বৃহৎ হবে। জলসেচের অব্যবস্থা দূর হবে, সার, বীজ এবং যন্ত্রপাতি নিয়ে যুগের উপযোগী কৃষিকাজ করতে পারা যাবে। এমনকি চাষের সময় যাবতীয় ব্যয় নির্বাহ করবার মত অর্থাদি গ্রহণ এবং দীর্ঘমেয়াদী সরকারী ঋণ করবার ব্যবস্থা করতে পারবে। এজন্য ৭টি পরিবারকে একটা আদর্শ পরিবারের মত অবস্থান করে যৌথ-ভাবে কৃষি-উন্নয়ন কাজে আগাবার জন্য সরকার সকলকে ডাক দিয়েছেন। এই ডাকে সাড়া দিয়ে কৃষকগণ নিজ নিজ অসুবিধার কথা সরকারকে জানাতে পারবে। রাজস্ব ও জমিজায়গার বিষয় সুপারিশ জানিয়ে সরকারকে বিবেচনা করবারও অনুরোধ জানাতে পারবে। জলাশয়ের মত এক একটা গ্রামে জমির সুন্দররূপ ধারণ করবে। তাতে গ্রামের উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিমে ক্ষেত স্থাপন করা সহজ হবে। গ্রামের জমি গ্রামের লোককে, এমন কি অংশীদারের জমি অংশীদারকে বিক্রি করতে বাধ্য হবে।

এখানে বলা দরকার, বর্গাদার এবং তৎসংশ্লিষ্ট নিজ জমি চাষীর এইরূপ সমবায় সমিতি ব্যতীত আত্মরক্ষার অন্য পথ নাই। অতীত ইতিহাস নিয়ে জানা যায় পল্লীতে এক একজন দরদী রায়ত এইরূপভাবেই সমষ্টির কল্যাণের জন্য সর্বশক্তিকে নিয়োগ করেছিলেন। তাঁরা সেটেলমেন্টের, রাজস্ব আদায়ের, জলসেচের, কৃষিশিক্ষা, পশুপক্ষীপালন ও মৎস্যচাষের যাবতীয় কার্য পরিচালনা করতেন।

[11-50—12 noon.]

স্পীকার, স্যার, প্রতি পল্লীতে এখন বিভিন্ন বিভাগের সরকারী কর্মীদের দেখা যাচ্ছে। মনে হয় এইবার পল্লীসমাজ ন্যায়বিচার দ্বারা পল্লীর জমিজায়গা হতে আরম্ভ করে মানুষের সমাজকেও দৃঢ় করতে পারবে। এখন সেই দৃঢ়তার একটা রূপের কথা বলছি। একজন এক্সপার্ট অর্থবিদ একজন গ্রামের মণ্ডলকে বলেন যে, ৬ কাঠা আলুর জমিতে ৮৪ টাকা খরচ আর আয় হয় ৯৪ টাকা। তাতে মণ্ডলমহাশয় অর্থবিদের ভুল ধরিয়ে দিয়ে বললেন যে, আলু তুলে কুমড়োর চাষ করে যত টাকা আলু পেয়েছি তার অর্ধেক কুমড়োর ধরিয়েছি। এর পর ঐ জমিতে ইক্ষুর ডগা বসাবো, আর মাটির পাট করতে হবে না—তার দাম আলুর দামের অর্ধেক। তখন অর্থবিদ স্বীকার করলেন যে, আপনি ঠিকই বলেছেন। আমার রাজ্যসরকার মূলনীতিগুলি ভালভাবে বিবেচনা করে এই বিল রচনা করেছেন। বিলের আলোচনা করতে হলে সর্বাগ্রে মূলনীতিগুলির কথা উল্লেখ করতে হয়। উল্লেখিত রায়তের কথা অবগত হয়ে রবীন্দ্রনাথ ১৯৩৭ সালে ৮ই মার্চ স্যার জন রাসেলকে তাঁর নিকট ভূমি বিষয় প্রশ্নাদি করবার জন্য পাঠিয়েছিলেন। ভারত সরকারের আমন্ত্রিত কৃষিবিদ বাঁধগোড়া গ্রামে এসে গদাধর মণ্ডল মহাশয়কে প্রশ্ন করলেন—

প্রশ্ন।	উত্তর।
১। আপনাদের গ্রামে সমবায় সমিতি আছে?	১। হ্যাঁ, আমি তার সভাপতি।
২। ঋণ দিয়ে ঋণ আদায় নেওয়ার কাজ কেমন?	২। আমরা জমিতে বেশী ফসল ফলিয়ে অভাব দূর করতে চাই—ঋণ করে নয়।
৩। আপনাদের জমির এক একটির আয়তন কিরূপ?	৩। তিন কাঠা হইতে দুই বিঘা।
৪। কিরূপ আয়তন হলে ভাল হয়?	৪। দুই বিঘা করে এক একটি জমি হলে, দু কাঠা জমিতে আরও বেশী ফসল ফলে
৫। জমিতে জলসেচের জন্য কর কেন দেন?	৫। ফসল বাঁচাবার জন্য কর দেই, তাতে লাভ হয়।

প্রশ্ন।	উত্তর।
৬। খাজনা ও কর এক বিঘায় কত হলে ভাল হয়?	৬। দুই টাকার মধ্যে খাজনা ও সব রকমের কর হলে ভাল হয়।
৭। কিভাবে খাজনা ধার্য হয়?	৭। শালিশুনা, ডাঙ্গা ডহর, দেয়, বাস্তু ভিটা এবং জলকর দেখে স্থির হয়।
৮। কে ধার্য করেন?	৮। জমিদারের লোকই করেন।
৯। এর পরিবর্তন চান?	৯। মেপেজোপে ন্যায় বিচার করে খাজনা যদি কমে তাহলে নিশ্চয়ই তার পরিবর্তন চাই।

আজকে এইরকম রায়ত বাংলাদেশে প্রচুর আছে। তাদের উপরই সাঁতাকারের ভূমি উন্নয়নের কাজ নির্ভর করছে। পশ্চিমবাংলায় এই বিলের দ্বারা দেখা যাচ্ছে যে সমস্ত জেলাগুলিতে ধান চাষ হয় ও উদ্বৃত্ত জেলা বলে পরিচিত সেই জেলাগুলিতে প্রায় ৭৫ লক্ষ একর চাষের জমি আছে। এই ৭৫ লক্ষ একর জমির মধ্যে বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, প্রভৃতি জেলাগুলিতে খুব ছোট। আর ২৪-পরগনা জেলায় জমির আয়তন একটু বড়। এই সমস্ত জেলার জমিগুলি যদি একত্রিত করা যায়, এবং বৃহৎ করা যায়, তাহলে ধান আরও অধিক ফলবে। তাতে আমাদের অন্নসমস্যার আংশিক সমাধান হতে পারবে। এই বিলে এইরূপ ভূমি একত্রীকরণের কাজ ছাড়াও আর বহু কাজ স্বার্থক হবে।

ভূমি উন্নয়ন বিলের সবচেয়ে বড় উপকার হচ্ছে ৫ লক্ষ রায়ত চলতি খাজনার তুলনায় অর্ধেক টাকা রাজস্ব দিয়ে লাভবান হবে। সেটা আমি সময়াভাবে অঙ্ক কষে দেখাতে পারলাম না। তবে আমার জেলা বীরভূমের কথা একটু বলি। সেখানে এক বিঘা জমিতে রায়তদের বছরে খাজনা দিতে হয় তিন টাকা চৌদ্দ আনা, এই বিলের যা উদ্দেশ্য তাতে এই খাজনা দাঁড়াবে দুই টাকা বার আনা। নিম্ন রায়তদের যেখানে দিতে হতো ছয় টাকা চার আনা, সেটা এখনকার হিসেবে কমে হবে পাঁচ টাকা চার আনা। এদিক দিয়ে আমার মনে হয় এই বিল দরিদ্র জনগণের অনেকখানি সাহায্য করবে। দুর্গত দুঃস্থ রায়তদের অবস্থার কথা বিলে ভাল করে চিন্তা করা হয়েছে। বৃহৎ চাষী এই বিলের দ্বারা সমভাবে উপকৃত হবে।

আমার ধারণা পশ্চিম বাংলায় ৩৭ হাজার পরিবারের ৭৫ বিঘা করে জমি আছে। তন্মধ্যে ১০-১২ হাজার পরিবারের আর্থিক অবস্থা খুব খারাপ। এই বিলে তাদের নতুনভাবে সংগঠন কার্যে সাহায্য করবে এবং আমার সবচেয়ে ভাল লাগে যে এই বিল রচনার কালে যেরূপ মনোভাব কৃষকদের মধ্যে ছড়িয়ে পড়েছিল—বিশেষ করে মজুর ও ভাগীদারদের মধ্যে অপপ্রচার হয়েছিল এবার তার একটা নিশ্চিন্তভাব দেখা দিবে। অপপ্রচার চলেছিল অত্যন্ত ঘৃণ্যভাবে। ভোটের সময় শুনেছি—অনেকেই বলেছিলেন—এবার আমাদের ভোট দিলেই তোমরা জমি পেয়ে যাবে। তোমরা আমাদিগকে ভোট দাও। কিন্তু আজকে এই বিল সকলের সামনে সহজ সরল উপায়ে উপস্থিত হচ্ছে। জনগণ এখন জানতে পারবে তাদের কর্তব্য কি।

আমার মনে হয় অধিকাংশ কৃষক সমবায়ের ভিত্তিতে চাষ করতে রাজী হবে। কারণ সমবায়ের দ্বারা "দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ", এই মন্ত্র নিশ্চয়ই বাংলাদেশের চাষীকে জাগ্রত করবে, এই বিলের উদ্দেশ্য সার্থক হবে।

পরিশেষে এই বিলের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাই। তিনি যুগোপযোগী ও সময়োপযোগী কার্যে অগ্রসর হয়েছেন। কৃষিকার্যের নিশ্চয়ই এবার উন্নতি হবে। বিরোধী দলের সদস্যমহোদয়দের এই প্রসঙ্গে বলছি আসুন, বিলের আদর্শকে কার্যকরীরূপে যাতে ফুটিয়ে তুলতে পারি আমরা সমবেতভাবে সেইদিকে অগ্রসর হই। জয় হিন্দ।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I regret that due to the obstruction and thoughtlessness of this Government this Land Reforms

Bill could not be given a shape and form which might be of real benefit to all concerned with agriculture. Now as far as I see the operation of this Bill will give the saddest and the rudest blow to the middleclass people and I should also say that it will not give corresponding benefit to the landless agriculturists as well. I should say, Sir, that while framing this Land Reforms Bill the peculiar condition of the middle-class people of Bengal, their needs and difficulties were not properly kept in view or appreciated. You know, Sir, that they are a peculiar class of people who are now dragging their precarious existence on starvation level and I may say without any fear of contradiction that these are people who are much worse off as a whole than any other section of the people of Bengal now including the landless labourers as also the landless cultivators. It is wellknown that they depend for their livelihood mainly on agriculture but due to the operation of this Act they will constantly lose their lands and income from this source—I mean—the land will be constantly reduced. I will presently show this from a reference to some of the provisions of the Bill. Sir, there is section 16A which has fixed the standard area below which no portion should fall on partition. This will have the inevitable effect or result of taking away lands always at every successive partition, not only from the middle-class people but also from many other classes of people. Now, I would again refer to the most obnoxious provision of the Bill, section 18(2). Here it is stated that if a particular man takes over land from the *bargadar* on the ostensible plea of cultivating it for himself and if he fails without any legitimate reason to cultivate it to bring it under personal cultivation—within two years then he should lose—he will have to pay the penalty of losing his lands so taken over from the *bargadar*.

[12—12-10 p.m.]

This is a very serious thing and through this loophole the middle-class people will be constantly losing their land. I should say undue favour has been shown to the *bargadar* in the matter of the proportion of the produce and in his relation with the *bargadars* the legitimate rights and privileges of the *raiyat* have been drastically cut. Would you believe that these middle-class people would be in a position to retain their land by paying a lion's share to the *bargadar*, by paying the canal tax, the agricultural tax, the development levy tax and by paying all other taxes? I think they would not be in a position so to retain their land.

There is another provision, I mean section 39, where it has been stated that if a person is in arrears of rent or revenue, then his entire holding—although it may consist of all his belongings under the sun, viz., 75 bighas of land minus the homestead only—is liable to be sold away. Through these loopholes I think almost all the land of many *raiyats* will slip out. So in the process of the operation of this Bill the middle-class people at least and many other *raiyats* also will be constantly losing their land and losing their income from land. This is very bad. I think there is a motive permeating through this Bill, viz., that the Government cannot directly say that they will take away all this land from the middle-class and other people but they have made here provisions the definite result of which would be that these people, especially the middle-class people, will lose their land. Agriculture is not a profitable concern, I must say. I can well visualise a time when in Bengal industry and commerce shall be sufficiently spread. At that time you will have to consider that there will be nobody—neither any one from the middle-class people nor from agriculturists—who will take to cultivation because at that time employment in commercial organisations

or in industrial concerns would be more profitable than employment in agricultural operations, and I can well visualise a time when the entire agricultural operations will have to be carried on by Government as a State concern. But we are concerned with the interim period. You cannot give these middle-class people any alternative source of avocation for the present. How could you then take recourse to machinations the direct result of which would be to take away the only meagre provisions that are now left to them, viz., the agricultural lands. Greater thought should have been bestowed upon it and I think these loopholes and lacunae should be corrected and remedied, if these middle-class people are to live. These middle-class people are not *pujibadis* or capitalists who have been denounced so much everywhere; they are simple men given to plain living and high thinking. They want to live and to let others live. They are always ready to render as much service as possible to all sections of the people of Bengal. For Bengali culture and the integrity of Bengal these people at least should be allowed to live. I think the provisions of this Act have done the greatest injustice to these people.

I also think that there being no proper criteria as regards the distribution of land that will come to the possession of the Government as a result of the operation of this Act, the landless agriculturists will fail to have any land that they should have. I think that all the lands will at last accumulate in the hands of some tiller-*raiyats* each of whom will possess, say, 75 bighas of land or near about that. The middle-class *raiyats* will be eliminated and the lower grade people the landless agriculturists—will also be eliminated because you have given them a free choice to alienate their land without any let or hindrance. There should be some check upon that considering the hard-earned land that will come into the possession of the Government and that will be distributed among those landless agriculturists. There should have been a rule like this in that connection that if you are to sell that land you are to sell it to Government so that Government would again be in seizin of that hard-earned land to be in a position to re-distribute those lands among the really needy people but there is no such check or hindrance like that. I would reiterate that the result would be that land would accumulate in the hands of only a few tiller-cultivators or big cultivators most of whom would possess 75 bighas or near about that.

So far as the provision as to rents is concerned, I would again say that this is a dangerous and a fruitless experiment. The result would not be any clear result. The result would be preposterous. I would again warn the Government against embarking on any such fruitless and precarious experiment.

It is also our claim that at least 10 bighas of land should be given rent-free to each *raiyat*, so that for their livelihood they might get staple food without any rent or tax. That has not been possible for Government to do in this case. Again I should say that drastic powers have been given to the Executive, to the Revenue Officers, and in connection with matters relevant to these land reforms the power of the Judiciary has been drastically cut. We are always putting forward the claim of separating the Judiciary from the Executive—we are always saying that the Executive should not be vested with Judiciary functions but Government have been systematically paying a deaf ear to our suggestions and in their autocratic move they are taking away powers from the Judiciary and investing their own nominees and stooges, I should say, their officers with drastic powers. That is very very bad.

Lastly I should say that there is no sense in saying that all the provisions of this Act would not be made operative at once. These provisions would come into operation only when the Government will be pleased to notify to that effect. I should say that naturally much valuable time would elapse between the present time and the coming into operation of this law and in the meantime much land that would have ordinarily come to the possession of the Government as a result of the operation of this Act would slip out from the hands of the Government.

Sj. Hemanta Kumar Basu: It is already 12 o'clock now. How long more do we sit?

Mr. Speaker: Up to 12-30 There are two more speakers.

[12-10—12-20 p.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! এবারে আমাদের সেসনটা কেবল বক্তৃতারই সেসন। আমরা যে চার দিন ধরে আলোচনা করলাম আর তার কোন রেজলিউশন হল না—

Mr. Speaker:

না, পাঁচ দিন।

Sj. Dasarathi Tah:

আর আজকে যেটা আলোচনা করছি এটাও বাংলার সবচেয়ে যে বড় সমস্যা ভূমিসমস্যা তার থার্ড রিডিং। অতএব যা কিছু হবার তা হয়ে গেছে। আজ শুধু বক্তৃতারই পালা। অধ্যক্ষ মহোদয়! আমরা আশা করেছিলাম যে কংগ্রেস তার ঘোষিত নীতি অনুযায়ী সমাজতান্ত্রিক ধাঁচে অগ্রসর হবে। অবশ্য এসেম্ব্লিতে আমাদের খানিকটা সমাজতান্ত্রিক ধাঁচ আছে—আমরা যারা বক্তৃতা করি তাঁদেরও পনের টাকা, যাঁরা বক্তৃতা শোনেন তাঁদেরও পনের টাকা, যাঁরা ঘুমান তাঁদেরও পনের টাকা, আর যাঁরা লবীতে বসে থাকেন তাদেরও পনের টাকা, এবং যাঁরা লোকসভায় থাকেন —কোরাম করেন না—তাঁদেরও একটা এলাউন্সএর ব্যবস্থা আছে। কিন্তু আজকে আমরা এই কথাই বলতে চাই যে ভূমি বণ্টনের সময় মানুষের জল, হাওয়া ও রৌদ্রের উপর যেমন সমান অধিকার আছে, ভূমিতেও মানুষের সকলের সমান অধিকার থাকা উচিত। ভূমি যখন সংস্কার করতে যাচ্ছেন তখন এ কি সমাজতান্ত্রিক ধাঁচ? গতবারে জমিদারী দখল আইনে তারা বলেছিলেন যে আমাদের এক দর, এক কথা, অর্থাৎ ৩৩ একরের কম আমরা কোন হিসাবেই করব না। তখন আমরা বলেছিলাম যে যদি ভূমি-সংস্কার করতে হয় তাহলে ওটা আপনাদের কমাতেই হবে। অবশ্য এবারে ২৫ একর এনেছেন। কিন্তু যেমন ২৫ একর এনেছেন তেমনি দার্জিলিংয়ের "হিলি ট্র্যাক্ট" এবং অন্যান্য যে সমস্ত জায়গার ঠাকুরকে কলা দেখান দেবোত্তর ছেড়ে দিয়ে তাঁরা গড়ে পুষিয়ে নিয়েছেন। কিন্তু আমরা বলব যে এতে কিছুই হবে না, এতে ভূমিসংস্কারের কোন কিছুই হল না। ডাঃ অতীন্দ্রনাথ বসু তাঁর তথ্যে ভালকরে দেখিয়েছেন এবং আপনাদের সেন্ট্রাল গভর্নমেন্টের রেকর্ড থেকেও দেখেছেন যে সেই জায়গায় আপনাদের যে জমিটুকু বাকী থাকবে তাতে ল্যান্ডলেসদের এক বিঘের কিছু বেশী জমি আপনারা দিতে পারেন। তিনি এটা অঙ্কের দ্বারাও প্রমাণ করেছেন বলে আমি আর ডিটেল এর মধ্যে যাচ্ছি না। কিন্তু আপনারা যে ভূমি-সংস্কার করবেন তাতে আপনাদের ভূমি কোথায়? যেটুকুন ভূমি আছে, সেটুকুনকেও আপনারা রক্ষা করতে পারেন নি। সেটেলমেন্টএর প্রহসন আমরা গ্রামে গ্রামে দেখছি এবং সেখানে দায়ভাগ মিতাক্ষরার কথা ছেড়ে দিন। জ্ঞানবাবু মিতাক্ষরার কথায় বললেন যে সেই জায়গায় গর্ভস্থিত যে প্রপৌত্র আছে তারও নামে পর্যন্ত জমি লেখান হয় এবং এটা আইনেও আছে। কিন্তু আমাদের দায়ভাগে যা হচ্ছে তা মিতাক্ষরাকেও ছাড়িয়ে গেছে। সেটেলমেন্ট অপারেশনএ চেয়ে দেখছি যে বাবা তার ছেলের নামে—প্রফুল্লদার কল্যাণে এবং আগেকার কংগ্রেস সরকারের কল্যাণে প্রতিটি লোকের আলাদা আলাদা রেশন কার্ড হয়েছিল কেরোসিন, কাপড় দেবার এমন কি ইয়ুনিয়ন বোর্ডের যে সমস্ত ট্যাক্স তাও তাঁরা আলাদা আলাদা ছেলে, স্ত্রীর নামে করে নিয়েছিলেন। এখন

সেই রেকর্ড দেখিয়েই সমস্ত জমি রেকর্ড হচ্ছে ৭৫ বা ১০০ বিঘে করে। অতএব আপনারা এ যদি আটকাতে না পারেন তাহলে কেমন করে জমি ডিস্ট্রিবিউসন করবেন। আপনাদের যে তথ্য তার ভেতরেও বহু গলদ আছে তা আপনারাও বারবার স্বীকার করছেন। আর যেটুকু আছে তা আপনাদের কাগজে-কলমেই থাকবে। প্র্যাকটিক্যালি দেখা যাবে যে সেই জায়গায় কিছুই হচ্ছে না। সেজন্য আমি আপনাকে বিশেষ করে বলি যে সেটেলমেন্ট অপারেশনএ সেটেলমেন্ট যেভাবে হচ্ছে তাতে তাদের যদি এখনও নির্দেশ দেন যে আমাদের এই আইন এবং আইনে একটা গৃহস্থ ৭৫ বিঘের বেশী রাখতে পারবে না-- এই বলে তাদের নির্দেশ দিতেন তাহলেও হত। আপনি গৃহস্থ পিছু যদি পাঁচ বিঘে করেও দেন, কিন্তু যদি জমি সরিয়ে নেবার দ্বার-গুলোকে বন্ধ না করেন তাহলে কোন কিছুই কাজ হতে পারবে না। অধ্যক্ষমহাশয়, আমরা এই কথাই বলেছি যে পশ্চিমবাংলায় যে জমি এবং এখানে কৃষকের যা সংখ্যা তাতে গৃহস্থ পিছু ব্যাপারটা অত্যন্ত মারাত্মক ভুল। একজন গৃহস্থ, যারা স্বামী, স্ত্রীমাত্র সম্বল তারও থাকবে ৭৫ বিঘে, আর যার ২৫ জন তারও থাকবে ৭৫ বিঘে এটা হতে পারে না। সেজন্য আমরা বার বার বলে আসছি যে মাথাপিছু একটা হিসেব হোক এবং আমরা এই কথাই বলে আসছি যে প্রথম দফায় পনের একরের বেশী জমি যেন না রাখা হয়। পনের একর জমি যদি উর্ধ্বসংখ্যায় রাখা হয় তাহলে যে কিছু জমি পাওয়া যাবে সেটা অন্ততঃ যারা ল্যান্ডলেস, কম জমির মালিক তাদের কিছু কিছু দেওয়া যেতে পারবে। এই জিনিষটাই বিশেষ করে আমরা বলছি যে এবারে হল না, কিন্তু আসছে বারে এটা করুন। আপনাদের যা আইন তাতে প্রতিটি আইনের বেলায় দেখছি যে জুতো না কিনতে কিনতেই তাতে তালি পড়ছে। এতদিন পর্যন্ত যে আমরা আইন-সভায় এসেছি তাতে একটি আইন চালু হয়েছে সেটা হচ্ছে ট্রামে, বাসে এবং সিনেমা হাউসে বিড়ি, সিগারেট খাওয়া বন্ধ এবং এই আইনটি সর্বসম্মতক্রমে পাশ হয়েছিল বলে এটার ৯৯ পার্সেন্ট কার্যকরী হয়েছে। যদিও মফঃস্বলে কিছু কিছু জায়গায়, বিশেষ করে মেদিনীপুরে এটা এখনও ঠিকভাবে কার্যকরী হয় নি। কিন্তু অন্যান্য যতগুলো আইন আপনারা করেছেন তার কোনটাই কাজের হয় নি। আপনারা বর্গাদার আইন করে বর্গাদারদের উচ্ছেদ করলেন, এস্টেট একুইজিশন এ্যাক্ট যা করলেন তাতে অধিকাংশ খাস জমি গোচর, ভাগাড়, শ্মশান, খেলার স্থান, প্রভৃতিতে সমস্ত জমি লোপাট হয়ে গেল। জমিদারদের চেক এবং ঠোকাকে আপনারা আটকে শীল করলেন না, তারা ব্যাক ডেটেড পুরানো সমস্ত কাগজে দলিল লিখে, পুরানো তারিখ দিয়ে তারা সেটেলমেন্টএর পরিষ্কার রেকর্ড করে দিল যে আমাদের সমস্ত জমির ব্যাপারে আমরা বহুদিন হল সব ব্যবস্থাই করেছি। মিথ্যা আমলনামা এবং জাল চেক ব্যাক ডেট দিয়ে তারা শেষকালে খতম করে দিলেন। যদি জানতাম যে সেই জমি গরীবের ঘরে দুই চার বিঘে করে গেল তাহলে আশ্বস্ত হতাম যে আপনাদের এই আইনের তাড়ায় গরীবরা কিছু কিছু জমি পেল। কিন্তু জমি যারা পেয়েছে তারা সব মালদার লোক, যারা অবস্থাপন্ন লোক, তারাই সব পেয়েছে, কারণ নগদ টাকা অন্য কারুর নেই। আমাদের ডাঃ শ্রীকুমার ব্যানার্জি মহাশয় বলেছেন যে আমাদের চলি চলি পা পা করে চলতে হবে এবং ভূমিসমস্যাটা আধ্যাত্মিকতা, এটা আমাদের নাড়ীর সঙ্গে এমন সংযোগ যে এর সংস্কারটা একটু আস্তে আস্তে হওয়া উচিত। কিন্তু আমরা যা দেখছি তাতে আমরা দেখছি যে আমরা দ্রুততরভাবে পশ্চাৎপদ হচ্ছি। আপনারা যে ল্যান্ড রিফর্মস আইন করছেন তাতে আপনারা দ্রুততরভাবে পশ্চাৎপদ হচ্ছেন। প্রথমবার জমিদারী আইনে কোলকাতা সমেত আনতে গেলেন, কিন্তু এক কলমের খোঁচায় একটু রন্ধ্র পেয়েই অপোজিসনএর একজন ভুল করেই করুন আর যাই করুন তখন কোলকাতাকে আপনারা কেটে দিলেন। এবারে আবার যতটুকু এগিয়ে ছিলেন তার তিন হাত পিছিয়ে এলেন। অর্থাৎ এবারে হিল ট্রাক্টটাকে ছেড়ে দিলেন। যেখানে আলু, কফি, প্রভৃতি ভালো ভালো জিনিস হয় সেটাকে ছাড়লেন এবং এবারে আবার ছাড়লেন, দেবোত্তর এ ছাড়া আপনারা হাটবাজার ইত্যাদিও ছেড়ে দিলেন। আমি ব্যক্তিগতভাবে মনে মনে বুঝেছি যে এক হাট দখল করতে যাবার মামলায় পড়লাম, কিন্তু তাও আবার আপনাদের আশীর্বাদে জিতে গেছি। এই সমস্ত ব্যাপারে দেখছি যে যেখানে গভর্নমেন্টের হয়ে ফাইট করতে গেলেই দেখি যে সেই জায়গায় বংশদণ্ড। সেজন্য আমরা বলছি যে এইসবগুলোকে পরিষ্কার করুন। যেসব খাস জমি আছে, গত সেটেলমেন্টে যা ছিল সেটা দেখে এবং সেখানে তদন্ত করে আপনারা সেগুলোকে উদ্ধার করুন। জমি কোক

থেকে দেবেন? সত্যেনবাবু ত দেশশুদ্ধ লোককে নিমন্ত্রণ করছেন। কিন্তু তার ভাঁড়ারে মাল কোথায়, তরকারী, ডাল কোথায়, ভাত নেই। আমি তাঁকে বলছি যে দামোদর উন্নয়ন হয়েছে, সেখানে বহু জমি উত্থিত হয়েছে সবই ভাল কথা, কিন্তু সেই সমস্ত জমি পাচ্ছে অন্য জায়গার লোকে। সম্প্রতি বর্ধমানে দামোদরের চর উঠেছে। সেটা গভর্নমেন্টের খাস জমি বলে কালেক্টর নোটিশ দিলেন। কিন্তু জাতীয় পতাকা তুলে বিহার থেকে চাষী এনে সেই জায়গায় বসিয়ে দখল করা হচ্ছে এবং জাতীয় পতাকা উড়ছে বলে এবং সেই জায়গায় কিছু সরকারী আখড়া আছে বলে স্থানীয় চাষীরা পুলিশে ধরে নেয় বলে চুপ করে বসে আছে। এদিকে তারা ভিটেতে সরষে না ছড়িয়ে চরাতে সরষে ছড়িয়ে দিয়েছে এবং দেখে এলাম বেশ বড় গাছ হয়েছে। অতএব যাও আপনাদের ছিল তাও সেই জায়গায় সমস্ত বেদখল হচ্ছে এবং এটাই আমি আপনাদের কাছে নালিশ করছি। পশ্চিমবাংলায় আরও যে জায়গা জমি আছে......

[At this stage the blue light was lit.]

আর একটু সময় দিতে হবে। আমি ভাল কথাই বলছি। আসানসোলে যে সমস্ত কোল এরিয়া আছে সেখানে অনেক ভাল জমি রয়েছে। নীচে কয়লা, উপরে উর্বর জমি। কিন্তু আইনের এমন গলদ আছে এবং কোলিয়ারীর লোকেরা চাষীদের উপর এমন অত্যাচার করে যার জন্যে কয়লা শেষ হয়ে গেলে সেই কয়লার নীচে যে স্যান্ড পাইল করবার কথা, বালি দিয়ে বুঝিয়ে দেবার কথা সেখানে তা না করার জন্য অনেক জমি সেই জায়গায় ধ্বসে যাচ্ছে এবং কাজের উপযুক্ত হচ্ছে না। এমনকি সেই জায়গায় কোম্পানীরা জমির কম্পেন্সসেসন পর্যন্ত দিতে চাচ্ছে না। সেখানে এমন যে একটা অবস্থা হচ্ছে তা থেকে সেই জমিগুলোকেও আপনারা উদ্ধার করুন এইটুকুও আমি আপনাদের বিশেষ করে অনুরোধ করছি।

তারপরে অন্য কথায় এসে যাব না, আমি নিজের ব্যক্তিগত কথাই বলছি যে ডি, ভি, সি, করছেন ভাল। কিন্তু আগে যে প্ল্যান করেছিলেন সেটা হলে আরও ভাল হত। আপনারা দুর্গাপুর থেকে আবার যেটা নব ভাগীরথী বা উপ-ভাগীরথী করছেন, যেটা হবে ন্যাভিগেবল চ্যানেল এবং আমরা যেটার খুব প্রয়োজন ছিল না বলে মনে করি সেই জায়গায় অনেক জমি গেল। অথচ একে ওয়েষ্ট বেঙ্গলএ জমি নেই, তাও আবার ঐসবে চলে গেল। এমনি ইরিগেসান ক্যানেল করুন ভাল, কিন্তু ন্যাভিগেবল চ্যানেলএ অনেক জমি গেল—এ বিষয়ে আর কিছুই বলবার নেই। এবারে আমি বিশেষ করে বলি যে আপনারা ঢালা হুকুম দিয়েছেন যে দেবোত্তর ছেড়ে দিলাম কিন্তু এর ফল বিষময় হয়ে গেল। লোক আশ্বাস পেয়েছিল যে বৈশাখ মাস থেকে জমিদারী উঠে গেছে, আর লাল পাগড়ি আসবে না, এবং তাদের মাথায় আর লাল লাঠি আসবে না। কিন্তু যেমনি আবার দেবোত্তর ছেড়ে দিয়েছেন তেমনি আবার মোহন্ত মহারাজ, বর্ধমানের এবং আরও মোহন্ত আছেন, এবং আসানসোল অঞ্চলে এক জমিদারী ষ্টেটে গত কয়েক বছরের চেক দেখলাম যে সেখানে রাতারাতি দেবোত্তর ষ্টেট এবং দাতব্য ষ্টেট হয়ে গেছে। এদিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি যে এইসব জিনিসের দ্বারা আপনাদের কেমন-ভাবে বঞ্চিত করা হচ্ছে। বর্ধমানের মহারাজা উদার লোক, এদিকে বৈষয়িক জ্ঞান তাঁর নেই, কিন্তু ম্যানেজার ইত্যাদি রেখে যাই করুন না কেন যদি কিছু অন্যায় হয় তাহলে তাঁর ঘাড়েই দোষ চাপবে। তিনি অধিকাংশ দেবোত্তর জমি আগেই বিক্রি করে দিয়েছেন এবং এখন যা অবস্থা তাতে সাধারণ লোক যেগুলি ব্যবহারের সুযোগ পেত, যেগুলি সাধারণের জায়গা, সেগুলি পর্যন্ত সেখানে লোপ হতে বসেছে। সেজন্য সেগুলিকে কি করে উদ্ধার করা যায় তাই বলুন।

পরিশেষে আমি এই কথাই বলতে চাই যে, আলো কেবলই জ্বলছে, যদি ভূমিসংস্কার করতে হয় তাহলে আপনাদের নতুন করে ঢেলে সাজতে হবে, এবং প্রথম দফায় মাথাপিছু এক একর এবং পনের একরের বেশী জমি যেন না এক জোটে দেওয়া হয় তাই করতে হবে। পনের একর বলেই তার তিনখানা হাল হল এবং সে ধনীলোকের পর্যায়ে পড়ে গেল। কথা হয়েছে এই যে জমির সংখ্যা কম কিন্তু জনসংখ্যা বাড়ছে। জমি রবারের মতন বাড়ে না—যেমন মানুষের বাচ্চা হচ্ছে জমিরও বাচ্চা সৃষ্টি করুন। অর্থাৎ একটা জমিতে যাতে চতুর্গুণ ফসল হয় সেই ব্যবস্থাই করুন তাহলেই সমস্যা সেখানে সমাধান হতে পারে।

খাজনার ব্যাপারে আমরা দেখছি যে ল্যান্ড রিফর্মস বিলে কোন সুবিধেই হল না। এতে বর্গাদাররা জমিহারা হল, বর্গাদারদের সুবিধে হল না। খাজনা কমবার কোন প্রশ্ন নেই, খাজনা আদায় হবে কি করে? জানে বোধ হয় যে সেই আগেকার মতন সার্টিফিকেট জারী হবে, সার্টিফিকেট জারী হবার আইন আছে। আগে গোমস্তাকে তবু ঠান্ডা করা যেত। যে বছর অনাবৃষ্টি, যে বছর বানে ভেসে গেল কিন্তু সার্টিফিকেটএর ভয়ে মানুষ আতঙ্কিত হয়েছে। তাই খাজনা আদায়ের যে কড়াকড়ি আছে সেটা শিথিল হওয়া চাই।

[12-20—12-30 p.m.]

সর্বোপরি আপনারা কো-অপারেটিভএর কথা বলেছেন। কিন্তু আপনারা যদি আর্থিক সঙ্গতি বৃদ্ধি করতে না পারেন তাহলে এইসব কি করে হবে? নানাবিধ ভূমিসমস্যা, অবিবেচনোচিত আইনের যেসব খসড়া করেছেন তাতে আইন করবার আগেই লোক আতঙ্কিত হয়ে চাষীকে আর ধান ধার দিচ্ছে না। সেজন্য সেই সমস্যার সমাধান করতে গেলে আপনাদের গ্রেণ ব্যাঙ্কএর দরকার এবং এটাই করতে আমি আপনাদের বিশেষভাবে অনুরোধ করি।

পরিশেষে আমি আপনাদের একটা কথা বলি যে নিশাপতিবাবু এ সম্বন্ধে অনেক কথাই বলেছেন এবং প্রফুল্লবাবুর সঙ্গে অনেকদিন সাকরেদি করে তিনি অনেক তথ্য তাঁর নিয়েছেন। যাইহোক তাঁর বেদনার কথা আমার বড় ভাল লেগেছে। অন্যদিকে তিনি যাই বলুন কিন্তু একটা কথার তিনি খানিকটা বলে অনুচ্চারিত হয়ে গেছেন—

"এই জগতে হায়'
সেই বেশী চায়,
আছে যার ভূরি ভূরি"

শেষের লাইনটি তিনি বলেন নি। আমি বলে দিই—

"রাজার হস্ত করে সমস্ত কাঙ্গালের ধন চুরি"।

আজকে সত্যিকারের যা কিছু জমি ছিল তা আপনাদের যে আইন কো-অপারেটিভ রয়েছে তাতে শেষ পর্যন্ত সবই চুরি হয়ে যাবে। কিন্তু কে চুরি করবে সে কথাটা আমি বলব না।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, ল্যান্ড রিফর্ম বিলে পশ্চিম বাংলার সমস্ত ভূমি এই বিলের আওতায় না আনার ফলে এবং ভূমির একটা বিশেষ অংশ এগ্রিকালচারাল ল্যান্ড কেবল নেওয়ার ফলে আমাদের মনে অনেক বিষয়ে অনেক প্রকার প্রশ্ন এবং সন্দেহ থেকে যাচ্ছে। এস্টেটস একুইজিসন এ্যাক্ট অনুসারে ভূমির মালিকদের এগ্রিকালচারাল ল্যান্ডএর বাইরে যে সমস্ত ল্যান্ড থেকে গেল, বা নন-এগ্রিকালচারাল ল্যান্ড যা সরকারের দখলে এল, সে সকল ল্যান্ড সম্বন্ধে কি ব্যবস্থা হবে আমরা জানতে পাচ্ছি না। শুধু তাই নয় কেবলমাত্র এগ্রিকালচারাল ল্যান্ড এবং হোমস্টেড ল্যান্ড রিফর্মস বিলএর মধ্যে আনার জন্য বিশেষ সমস্যা দেখা দেবে যাতে আইন কার্যকরী করার পক্ষে বিশেষ অসুবিধা হবে। এগ্রিকালচার বা এগ্রিকালচারাল ল্যান্ডএর কোন ডেফিনিসন এই আইনের মধ্যে দেওয়া হয় নি, হোমস্টেডএর ডেফিনিসন দেওয়া হয়েছে। হোমস্টেডএরও ডেফিনিসন যা দেখতে পাচ্ছি—বাসগৃহ এবং তার সঙ্গে সংলগ্ন পুকুর ও বাগান যেগুলি থাকবে সেগুলি তার সঙ্গেই ধরা হবে কিন্তু বাসগৃহের অনতিদূরে বাসগৃহ হতে বিচ্ছিন্ন ছোটখাট যে পুকুর ও বাগান থাকবে সেগুলির কি ব্যবস্থা হবে সে সম্বন্ধে এই আইনের মধ্যে কিছু নাই। এই আইন কার্যকরী করতে গেলে এ ধরণের জমি কৃষকদের যে সমস্ত থাকবে তাতে খাজনা নির্ধারণ বিষয়ে অসুবিধা হবে। রায়তের যে ডেফিনিসন তাতে

Raiyat is a person who holds land for the purpose of agriculture.

এখন কোন ব্যক্তির যদি এগ্রিকালচারাল ল্যান্ড না থাকে কিন্তু হোমস্টেডএ যদি এক বিঘার বেশী জমি থাকে তাহলে এক বিঘা বাদ দিয়ে অবশিষ্ট জমির খাজনা নির্ধারণ করতে হবে। কিন্তু রায়তএর ডেফিনিসন অনুসারে ঐ ব্যক্তিকে রায়ত বলা যাবে না এবং তাকে রায়ত না বলতে

পারলে তার কোন রেভিনিউ নির্ধারণ করা যাবে না। চ্যাপটার আই.ভি, অনুসারে কেবল রায়তরাই রেভিনিউ দিতে লায়েবল হবে। ক্লজ ৩৮এ আমরা দেখতে পাচ্ছি যে এরিয়ার রেন্ট আদায় করার একমাত্র পথ হচ্ছে হোমস্টেডএর ল্যান্ড বাদে অন্য যে ল্যান্ড থাকবে সেই ল্যান্ড য়্যাটাচ করা হবে। যার কোন এগ্রিকালচারাল ল্যান্ড নাই কিন্তু হোমস্টেড এক বিঘার বেশী জমি আছে তাকে খাজনা দিতে হবে কিন্তু তার কোন রেভিনিউ ধার্য করা গেলেও তার কাছ থেকে রেভিনিউ আদায় করতে পারা যাবে না, যেহেতু তার সমস্ত ল্যান্ড হোমস্টেডএ ইনক্লুড করা রয়েছে। এই সমস্ত অসুবিধা যা দেখতে পাচ্ছি বিলের মধ্যে সেগুলো এই আইন প্রয়োগের ক্ষেত্রে বহু সমস্যার সৃষ্টি করবে। এত তাড়াহুড়া করে এই আইন তৈরি করবার ফলে আইনে বহুরকম ত্রুটিবিচ্যুতি থাকছে যার জন্য কার্য্যকরী করার ক্ষেত্রে অসুবিধায় পড়তে হবে। আইনের এই সমস্ত ত্রুটিগুলি বাদ দিলেও ভূমিসংস্কারের প্রধান এবং মূল লক্ষ্য যা হওয়া উচিত দেশের কৃষকদের ভূমি দিয়ে তাদের অর্থনৈতিক সমস্যা সমাধান করা তা এই আইন করতে পারে না, এই আইন যদি বিচার করে দেখা হয় তাহলে এই কথাই বলতে হয় যে এই আইন সর্বোতোভাবে ব্যর্থ হয়েছে।

তারপর বর্গাদার সম্বন্ধে একটু বলি—বর্গাদাররা বহুকাল ধরে মালিকদের দ্বারা উৎপীড়িত হচ্ছিল। তাদের আন্দোলনের ফলে বর্গাদার এ্যাক্ট পাশ করা হলে তাদের খানিকটা সুরাহা হয়েছিল, তাদের বর্গাদার বলে স্বীকার করে নেওয়া হয়েছিল। কিন্তু আজকে এই আইনে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে তাদের সেই স্বীকৃতি থেকে বঞ্চিত করা হচ্ছে। আগে, বর্গাদার আইনে ছিল যে বর্গাদারের কাছ থেকে জমি ছাড়িয়ে নিতে হলে সেই জমি মালিক নিজে কিংবা তার পরিবারভুক্ত লোক নিজেরা চাষ করবে এই সর্তে নিতে পারত। কিন্তু এই আইনের মধ্যে পার্সোনাল কালটিভেসনএর যে ডেফিনিসন তাতে হায়ার্ড লেবার দিয়েও চাষ করাতে পারবে এটা থাকাতে বর্গাদারদের সমস্ত সুযোগ নষ্ট হয়ে গেল। বর্গাদার আইনের যে আসল উদ্দেশ্য সেটাও ব্যর্থ হয়ে গেল কারণ এখন বর্গাদারকে উচ্ছেদ করবার সুযোগ হয়ে গেল। এখন মালিক বা তার পরিবারভুক্ত লোক নিজেদের হাতে জমি চাষ না করেও লোক রেখে চাষ করবে এই অজুহাতে বর্গাদারদের উচ্ছেদ করবার পথ পরিষ্কার হয়ে গেল। বর্গাদার আইনে, বর্গাদার ও মালিকদের মধ্যে দুই-তৃতীয়াংশ ও এক তৃতীয়াংশ ফসলের যে ভাগ-বাটোয়ারা ছিল সেটাও এই আইনে ৬০ : ৪০ করা হল। সুতরাং বর্গাদার আইনের যে সমস্ত সুযোগ সুবিধা বর্গাদারদের ছিল তা সমস্তই আইন ব্যর্থ করে দিল। শুধু তাই নয় সবচেয়ে মারাত্মক যেটা সেই উচ্ছেদের পথও এই আইনে পরিষ্কার হয়ে গেল। তারপর পার্টিসনএর ব্যাপারে, জমিজমা ভাগ-বাটোয়ারা ব্যাপারে আগে চাষীরা নিজেদের মধ্যে কাউকে শালিশী মেনে নিজের জমিজমা ভাগ করে নিতে পারত, তার জন্য কোন খরচ বা রেজিষ্ট্রি ফি দিতে হত না—সেই চিরাচরিত প্রথা রদ করে দিয়ে এই আইনে যে ব্যবস্থা হল তাতে যেকোন হস্তান্তরে রেজিষ্ট্রি ফি দিতে হবে। কাজেই এই আইনে যা দেখছি তাতে এই বিরাট কৃষক সম্প্রদায়ের মঙ্গলের বিশেষ কোন ব্যবস্থাই করা হয় নি, সরকার তাদের জন্য এমন কোন ব্যবস্থা করেন নি যাতে তারা নিজেদের জীবিকার্জনের পথ পায়। সেই ব্যবস্থা কিছু না করেই তাদের উচ্ছেদের পথ উন্মুক্ত করে দিলেন—তাদের শোচনীয় অর্থনৈতিক অবস্থার উপর আরও আঘাত হানলেন। ষ্ট্যান্ডার্ড এরিয়া কতখানি কি হবে না হবে সে সম্বন্ধেও আইনে কিছু উল্লেখ নাই। এ সমস্ত কোন কিছু না করে কৃষকদের জীবিকার্জনের বিকল্প কোন ব্যবস্থা না করে ষ্ট্যান্ডার্ড এরিয়াএর যুক্তিতে ব্যবস্থা করছেন আরও বেকারী সৃষ্টি করছেন এটা আমি সম্পূর্ণ ন্যায়বিরোধী বলে মনে করি। সুতরাং আইনে যে ব্যবস্থা হচ্ছে তাতে দরিদ্র নিঃসম্বল কৃষকদের দারিদ্র্য দূর করবার কোন ব্যবস্থাতো হলই না বরং আরও যে বেকারী সৃষ্টির ব্যবস্থা হচ্ছে তাতে অবস্থা আরও ভয়াবহ হবে বলে মনে করি।

[12-30—12-35 p.m.]

এই আইন যা হয়েছে তাকে প্রতিক্রিয়াশীল ছাড়া আর কিছু বলা যায় না। জমি হস্তান্তরের ব্যবস্থা এই আইনে রয়েছে। তাতে সকল সময়েই জমি হস্তান্তর হতে থাকবে। জমির খাজনা জমির সঙ্গে নির্দিষ্ট না হওয়ার জন্যে, এবং একজন মানুষের অধীনে কতখানি জমি থাকবে তার উপরে জমির খাজনা নির্ভর করছে বলে এই খাজনার হার অনবরত পরিবর্তিত হতে

থাকবে। খাজনা অনবরত পরিবর্তনশীল হওয়ার জন্যে, রেভিনিউ রেকর্ডস সর্বদাই পরিবর্তন করতে হবে। সরকারের বহু টাকা এ ব্যাপারে খরচ হবে। তারপরেও সেই খাজনার হার ঠিক ধার্য হবে কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। সরকার স্ল্যাব সীষ্টেমএর উপর বেশী জোর দিলেন, আমরা বারবার খাজনার নীতি সম্পর্কে সমালোচনা করেছি। একই এলাকায় সমস্ত জমির গড় উৎপাদনের উপর নির্ভর করে সমস্ত জমির খাজনা একই হারে নির্ধারণ করা ঠিক নয়। বিভিন্ন জমির আয় ও ব্যয়ের দিকটায় তারা কোন নজর দিচ্ছেন না। একই এলাকায় বিভিন্ন প্রকার জমির জন্য বিভিন্ন হারে খাজনা নির্দিষ্ট করা উচিত। কো-অপারেটিভএর বিষয়ে আমি শুধু বলব যে এটা জোর করে জনসাধারণের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। এই জোর করে চাপিয়ে দেওয়ার ফল ভাল হবে বলে আমি মনে করি না। কারণ চাষীরা নিজেরা যদি বুঝতে না পারে যে কো-অপারেটিভএ তাদের বেশী লাভ দেবে, তাদের উপার্জনের পথ আরও সুগম করবে তাহলে কো-অপারেটিভএর যে মূল উদ্দেশ্য তাই ব্যর্থ হবে। এই আইনের মধ্যে কৃষক জনসাধারণকে উপেক্ষা করা হয়েছে। সব সময় দেখা হয়েছে যাতে জমির মালিকরা সুযোগসুবিধা বেশী লাভ করতে পারে। কৃষকেরাই যে সত্যিকারের জমির মালিক সেদিকে কোন লক্ষ্যই দেওয়া হয় নি। সেদিকে দৃষ্টি রেখে আইন রচনা করা উচিত ছিল। সবশেষে আমি আর একটি কথা বলব, যে আইনের মধ্য দিয়ে সরকারের আমলাতান্ত্রিক মনোভাব আর একবার অত্যন্ত স্পষ্টভাবে প্রকাশ পেয়েছে। যে সমস্ত রেভিনিউ অফিসার থাকবেন তাদের ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছে। অথচ এই অফিসারদের সঙ্গে জনসাধারণের কোন সংযোগ ব্যবস্থা নেই। এই সমস্ত অফিসার যারা খাজনা নির্ধারণ করবেন তাদের এ সম্বন্ধে কোন ধারণা বা অভিজ্ঞতা নেই, সুতরাং এ'দের হাতে কৃষকেরা ন্যায় বিচার পাবে এটা আশা করতে পারি না।

Adjournment.

The House was then adjourned at 12-35 p.m. till 3 p.m. on Monday, the 12th December, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 12th December, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 178 Members.

[3—3-12 p.m.]

Obituary.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, I want to have your permission to mention the death of one of our colleagues, Sj. Koustav Kanti Karan. He died this morning at about 6 a.m. He got fever about five or six days ago which ultimately turned into meningitis and in spite of all our efforts he died this morning. He was young and yet he was mature in his judgment on political matters. He was clear in his ideal, incisive in his opinion and he could express himself clearly. He was not afraid of openly and frankly opposing ideas and opinions which he thought were not correct. He was a man who was destined to go up high in political field if only Providence had spared him. I was looking forward to his going high up in our party matters and giving us his valued opinion for many years to come but that is not to be. Of such a life one is reminded of the words of the poet—

"Is Life a boon,
If so, why must it befall,
That when Death doth call,
It calls too soon?"

May his soul rest in peace!

Sj. Jnanendra Kumar Chaudhury: মিঃ স্পীকার স্যার আমি এ সম্বন্ধে একটু বলছি। তাঁর সঙ্গে আমার খুব পার্সোনালি জানা ছিল, এবং তিনি আমাকে খুবই রেসপেক্ট করতেন। তিনি আলিপুরে ওকালতি করতেন। আমি খুবই আশা করেছিলাম যে তিনি ওকালতিতে এবং পলিটিক্যাল ফিল্ডএ রাইজ করবেন।

আমি প্রমিস করেছিলাম আমার যতদূর সাধ্য আমি তাঁকে সাহায্য করবো এবং তা করতেও সুরু করেছিলাম।

আমি জানতাম না যে, তাঁর এইরকম অসুখ করেছে। প্রধান মন্ত্রীমহাশয়ের কাছে শুনে অত্যন্ত ব্যথিত হয়েছি। যদিও তিনি ভিন্ন দলের সঙ্গে ছিলেন, কিন্তু তিনি কখনও আমাদের সঙ্গে তেমন কোন ব্যবহার করেন নি। তিনি প্রাণখুলে আমাদের সকলের সঙ্গে মিশতেন এবং তাঁর যা বক্তব্য তা তিনি বলতেন। সেইজন্য আজকে তাঁর অকাল মৃত্যুতে আমরা অতীব দুঃখিত, এবং শোক প্রকাশ করছি। আমরা কামনা করি তাঁর আত্মার শান্তি হোক।

Sj. Natendra Nath Das: মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রীমহাশয় যে শোক প্রকাশ করেছেন, তাঁর সঙ্গে আমি একমত। কাঁথীর যেসব প্রতিনিধি আছেন, আমরা সকলে এইজন্য দুঃখ বেদনা জানাচ্ছি, এবং আমাদের পার্টির তরফ থেকেও গভীর সমবেদনা প্রকাশ করছি। কৌস্তভ বাবু আমাদের সহকর্মী ছিলেন।

বহুকাল একত্রে কাজ করেছি। আমরা সকল কর্মীরা হাসপাতালে তাঁকে দেখতে গিয়েছি, দেখা করেছি। ডাঃ রায়ও হাসপাতালে দেখতে গিয়েছিলেন। তিনি তাঁর জন্য প্রাণপণ করেছেন। সেজন্য আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। সেখানে যমে মানুষে লড়াই দেখেছি। বিরোধী দলে থাকলেও বরাবর তাঁর সঙ্গে কাজ করেছি। বিয়াল্লিশ সালেও তাঁর সঙ্গে কাজ করেছিলাম। সে কথা স্মরণ করে আজ চোখে জল আসছে। আমি প্রার্থনা করি তাঁর অমর আত্মা শান্তি পাক, তাঁর শোক সন্তপ্ত পরিবারবর্গের শান্তি আসুক। এই বলে পার্টির তরফ থেকে আমাদের দুঃখ বেদনা জানাচ্ছি।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকারমহাশয়, প্রধান মন্ত্রীমহাশয় যে নিবেদন করেছেন তার সঙ্গে আমি আমার পার্টির তরফ থেকে আমাদের কণ্ঠ এই বলে মেলাতে চাই যে স্বর্গীয় কৌস্তভ কান্তি করণ আমাদের পূর্ব পরিচিত না থাকলেও, তাঁকে আমরা এখানে যেভাবে দেখেছি—শত অসুবিধা, বাধাবিপত্তি থাকা সত্ত্বেও, তাঁকে আমরা বন্ধু হিসাবে দেখেছি। তিনি যখনই কিছু বলতেন বা করতেন তার মধ্যে একটা আদর্শগত চিন্তা আমরা ফুটে উঠতে দেখেছি। শুধু তাই নয় সাধারণ-ভাবে যে যখনই তাঁর সঙ্গে মিশেছে তখনই তাকে তাঁর বন্ধুত্বের ডোরে বাঁধবার চেষ্টা করেছেন। অত্যন্ত দুঃখের বিষয়, এবং আমি ব্যক্তিগতভাবে এই কথা মনে করি যে তিনি যে এই প্রকার অত্যন্ত অসুস্থ হয়ে পড়েছেন তা আমরা জানতাম না। তা সত্ত্বেও যুব অবস্থায় তাঁর মৃত্যুতে আমরা অত্যন্ত মর্মবেদনা অনুভব করছি এবং সঙ্গে সঙ্গে, সবার সঙ্গে এই বলে শ্রদ্ধা নিবেদন করতে চাই, তিনি একজন বলিষ্ঠ মানুষ ছিলেন, আমরা তাঁকে হারিয়েছি, আমাদের পার্টির তরফ থেকে এই কথা বলে আমরা তাঁর সন্তানসন্ততির মঙ্গল কামনা করি। এই শোক প্রস্তাবের লিপি তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের নিকট পাঠিয়ে দেওয়া হোক।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকারমহাশয়, সকলে যে কথা বলেছেন এবং ডাঃ রায় যে কথা বলেছেন তাঁদের সকলের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বন্ধুবর কৌস্তভ কান্তি করণের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি। এই এসেমব্লীতে হয়তঃ তিনি নূতন সভ্য। এই এসেমব্লীতে, তাঁর নিজের পার্টিতে তাঁর বক্তৃতা করবার একটা নিজস্ব ধারা, একটা বৈশিষ্ট্য ছিল। সেদিক থেকে তিনি আমাদের সকলের প্রিয় ছিলেন। কোন কোন বিষয়ে তাঁর সঙ্গে মতভেদ থাকলেও তাঁর চরিত্র, তাঁর আচার আচরণ ও তাঁর কাজ আমাদের প্রভাবিত করেছে। এইরকম একজন উদীয়মান যুবকের অকাল মৃত্যুতে আমরা অতীব দুঃখিত। তাঁর এই অকাল মৃত্যুতে আমরা শোক প্রকাশ করছি এবং তাঁর সন্তানসন্ততি ও শোকসন্তপ্ত পরিবারবর্গকে সমবেদনা জ্ঞাপন করছি।

Mr. Speaker: Ladies and gentlemen, let me associate myself with every word that has been said from all sections of the House on the sad and melancholy occasion Inscrutable are the ways of Providence. Perhaps it is not known to many members what interest this young legislator took in the parliamentary affairs. Often he used to run to my chamber and ask for advice about giving him some books on a matter which was the subject-matter of discussion arising out of different Bills in the House. One evening he ran to my house to give him an idea as to what books he could immediately have on a particular point. The parliamentary seriousness, the parliamentary interest and the parliamentary studies that I saw in this young legislator gave every one hope for the future of our country. He used to take great interest in the deliberation of every Bill in the House. He was never slip-shod in any matter that was being discussed in the House. I had occasion to observe this from my personal contact with him. On this occasion it would be quite fitting for me to place on record some account of his short but precious life. He was elected from the Khejri Constituency in Contai in Midnapore in last General Election. He was the eldest son of the late Mahendra Nath Karan, a historian and writer of repute of Midnapore. From his early boyhood he was an intelligent and meritorious student and obtained scholarships in

many of his examinations. He graduated from the Ripon College, Calcutta, and obtained his Degree of Law from the Calcutta University, and joined the Alipore Bar and was respected both by the Bar and the Bench. He made quite a good name there. He was closely associated with the political activities of Midnapore since his student life. He actively took part in the national movement in 1942 and had to go underground for a considerable period. A proclamation was issued against him and a reward of Rs. 5,000 was declared for his arrest. He was subsequently arrested and acquitted on trial. He was an ardent follower of the Congress. During the 1942 movement the military seized and destroyed one thousand books of his personal library. When only a B.A. student he was elected President of the Khejri Union Board. He was closely connected with many social and educational institutions of Midnapore. He was only 36 and he leaves behind two sons, two daughters, widowed mother, and a large number of friends and well-wishers to whom we all convey our deep condolence.

May I request you, ladies and gentlemen, to stand for a minute in silence to pay respect to his memory?

[*Members then stood for a minute in silence.*]

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful to convey the condolence message of the House to the bereaved family.

As a mark of respect to his memory I adjourn the House for the day. The House will sit tomorrow at 3 p.m.

Adjournment.

The House was accordingly adjourned at 3-12 p.m. till 3 p.m. on Tuesday, the 13th December, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 13th December, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 199 Members.

[3—3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Memorial for poet Hemchandra at his native village in Hooghly

***26. Dr. Saurendra Nath Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) বাংলার বিখ্যাত কবি স্বর্গীয় হেমচন্দ্রের জন্মস্থান হুগলী জেলার জঙ্গীপাড়া থানার গুলটিয়া গ্রামে স্মৃতিরক্ষার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, কিরূপ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে, এবং

(গ) না করিয়া থাকিলে, এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের কোনও সরকারী পরিকল্পনা আছে কিনা?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose):

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) আপাততঃ সরকারের তেমন কোন পরিকল্পনা নাই।

Dr. Saurendra Nath Saha:

কবি হেমচন্দ্রের জন্মস্থান——

The Hon'ble Pannalal Bose:

একটু জোরে বলুন।

Dr. Saurendra Nath Saha:

কবি হেমচন্দ্রের জন্মস্থান এখন শ্মশানে পরিণত হয়েছে। তাঁর স্মৃতিরক্ষার ব্যবস্থার প্রশ্ন আমি করেছিলাম কিন্তু প্রত্যেকটিতে 'না' বলে উত্তর দিয়েছেন। মন্ত্রীমহাশয় জানাবেন কি অদূর ভবিষ্যতে তাঁর জন্মস্থানে তাঁর স্মৃতিরক্ষার ব্যবস্থা করা হবে কিনা?

Mr. Speaker:

উনি ত বলেছেন 'আপাততঃ সরকারের তেমন কোন পরিকল্পনা নাই'। অদূর ভবিষ্যতে—এটা ভেরি ইনডেফিনিট এ্যান্ড ভেগ প্রশ্ন। ডেফিনিট ডেট একটা কিছু বলুন।
How can he answer? That is not a proper supplementary. Supplementaries are not possible on that. It may mean 10 years or one hundred years.

Dr. Saurendra Nath Saha:

এক বছরের মধ্যে তাঁর জন্মস্থানে স্মৃতিরক্ষার ব্যবস্থা করা হবে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কি?

Mr. Speaker: His question is whether Government contemplates anything within one year?

The Hon'ble Pannalal Bose:

এমন কোন পরিকল্পনা নেই। একটা কথা আমি বলতে চাই যে মেমোরিয়াল যেখানে হবে সেখানে একটা পাব্লিক জাজমেন্ট চাই।
Statue or a memorial means that it is necessary in the judgment of the public. পাব্লিক যদি কিছুমাত্র মুভ না করে তাহলে গভর্নমেন্টের পক্ষে কিছু করা মুস্কিল হবে।

Sj. Biren Banerjee:
এটাই কি গভর্নমেন্টের নীতি? গভর্নমেন্ট কি এই নীতি নির্ধারণ করেছেন যে আমাদের স্বদেশপ্রাণ মহাপুরুষ, তাঁদের স্মৃতিরক্ষার জন্য পাব্লিক যদি মুভ না করেন, তাহলে গভর্নমেন্ট কিছু করবেন না?

The Hon'ble Pannalal Bose:
না, এটা সাধারণ নীতি নয়। ধরুন হেমবাবুর মত কবি আমি তাঁকে জানি, তাঁর কবিতা আমি পড়েছি। আপনাদের চেয়ে বরং আমার ঢের বেশী মুখস্থ আছে।

Sj. Madan Mohan Saha:
আপনি যেটা বললেন সেটা কি কেবল কবি হেমচন্দ্রের ব্যাপারে বললেন, না সমস্ত মহা-কবিদের ব্যাপারেও বললেন?

The Hon'ble Pannalal Bose:
এডুকেশন ডিপার্টমেন্টের সাধারণ প্রোগ্রামের ভেতর কোন মেমোরিয়াল সৃষ্টি করা বা স্থাপন করা নেই। তবে যদি কোন যায়গায় মেমোরিয়াল করবে বলে কোন ফান্ড উঠে তাহলে আমি ব্যক্তিগতভাবে বলতে পারি যে আমরা সাহায্য করতে পারি।

Dr. Hirendra Kumar Chatterjee:
তাহলে আপনি কি মনে করছেন যে কবি হেমচন্দ্রের প্রতি এই জিনিসটা করা অসাধারণ একটা প্রশ্ন?

Mr. Speaker: That is a matter of opinion. That is not a supplementary.

Burdwan Raj College

***27. Sj. Benoy Krishna Chowdhury:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is aware that financial aid to the Burdwan Raj College from the Burdwan Raj Estate has been stopped;

(b) if so, whether Government consider the desirability of giving finacial assistance to the Burdwan Raj College;

(c) if it is a fact that the Government lays down certain conditions for such aid; and

(d) if so, what are those conditions?

The Hon'ble Pannala Bose: (a) Yes.

(b) to (d) The matter has been considered by Government. From next session, that is June, 1956, the College will be taken over by Government as a Sponsored College.

Sj. Subodh Choudhury:
আপনি বলেছেন যে জুন, ১৯৫৬, থেকে গভর্নমেন্ট নেবে। যখন থেকে মহারাজা এড বন্ধ করেছেন তখন থেকে জুন, ১৯৫৬এর আগে পর্যন্ত কোন এড দেওয়া হবে কিনা?

The Hon'ble Pannalal Bose:
বন্ধ করেছেন ১লা এপ্রিল, ১৯৫৫ থেকে। এ বছর কলেজের টাকা মহারাজার দেওয়া উচিত ছিল, সেটা গভর্নমেন্ট দেবেন।

Deficit grants to schools

***28 Sj. Janardan Sahu:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what is the practice of sending to aided schools grants in a year under the system of grant-in-aid for meeting the deficit;

(b) whether such grants-in-aid are given month by month to the school; and

(c) if not, whether Government consider the desirability of giving grants to schools on monthly basis?

The Hon'ble Pannalal Bose: (a) A copy of the Government Order No. 4512-Edn., dated the 15th September, 1951, is laid on the Library Table.

(b) No.

(c) No. Deficit grants can only be paid after the deficit is ascertained but the Board pays 50 per cent. by December and the balance upon due adjustment. Payment of monthly grants on deficit basis is not possible. Recently two instalments were paid, 50 per cent. in the middle of the year and 25 per cent. by the end of December against the possible deficit measured by the deficit of the past year.

Sj. Janardan Sahu:

মাসে মাসে শিক্ষক মহাশয়দের টাকা দিতে হয় স্কুলকে। অথচ বাকি টাকাটা স্কুলগুলির এমন কোন টাকা থাকে না অধিকাংশই গরীব স্কুল যাতে নাকি তারা টাকা ধার করে দিতে পারেন। তাঁদের নিয়মিতভাবে যাতে টাকা দেওয়া যায়, এমন কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Pannalal Bose:

ডিফিসিট গ্রান্ট মানে সমস্ত খরচ বাদ দিয়ে যেটা বাকি থাকে। সেটা বছর শেষ না হলে ঠিক করা যায় না। ৭৫ পার্সেন্ট দেওয়া হয় ডেফিসিট নির্ধারণ না করে পূর্ব বৎসরের ডেফিসিট দেখে। এর বেশী কি করা যায় তা আমি জানি না।

Sj. Janardan Sahu:

আমি অন্য কথা বলছি। আমি বলছি মাসে মাসে টাকা দিতে হবে, স্কুলের টাকা নেই। এই টাকাটা মাসে মাসে দেবার কোন পরিকল্পনা আপনারা করছেন কিনা, যাতে স্কুলগুলি অসুবিধায় না পড়ে?

Mr Speaker:

উনি ত বলছেন, ডেফিসিট গ্রান্ট মানে ঘাটতি গ্রান্ট। সে ডেফিসিটটা আগে থাকতে জানা যায় না।

The Hon'ble Pannalal Bose:

শিক্ষকদের যদি মাইনা দিতে হয় তাহলে একটা রিজার্ভ ফান্ড থাকা উচিত।

Sj. Gangapada Kuar:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে সেকেন্ডারী এডুকেসন বোর্ড এখনও পর্যন্ত অনেক স্কুলে ৭৫ পার্সেন্ট গ্রান্ট দিতে পারেন নি?

The Hon'ble Pannalal Bose:

না জানি না। দ্যাট ইজ নট পসিবল।

Appointment of distributors for fertilizers in the State and fixation of prices thereof

***29. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গ সরকার পশ্চিম বাংলায় রাসায়নিক ও মিশ্রসার বিতরণের জন্য কোথায় কোথায় কোন্ এজেন্টকে নিয়োগ করিয়াছেন;

(খ) বিভিন্ন স্থানে কোন্ প্রকার সারের মূল্য কত;

(গ) বর্ধমান জেলায় সরকারের কতজন এজেন্ট আছেন, এবং তাঁহাদের নাম কি এবং তাঁহারা কোন্ সার কত দরে বিক্রয় করিয়া থাকেন; এবং

(ঘ) মিশ্রসার কোন্ কোন্ দ্রব্য দিয়া তৈয়ারি এবং ঐ-সমস্ত দ্রব্যের মূল্য কত?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) হইতে (গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(ঘ) উপাদানের নাম।	অংশ।	ক্রয়মূল্য (প্রতি টন)। টাকা।
অ্যামোনিয়াম সালফেট	৪৫	৩১৫৲
সুপার ফসফেট	২৫	২৩৪৲
বোনমিল	১০	১৭০৲
শুষ্ক ও চূর্ণস্লাজ	২০	১২৲

Statement referred to in reply to clauses (ক) to (গ) of starred question No. 29

বিভিন্ন এজেন্টদের নাম ও বিভিন্ন জেলার জন্য নির্ধারিত বিক্রয়মূল্য-তালিকা

এজেন্টদের নাম।	বিভিন্ন সারের বিক্রয়মূল্য (প্রতি টন)।		
	অ্যামোঃ সালফেট।	সুপার ফসফেট।	মিশ্রসার।
২৪-পরগণা জেলা			
(১) মেসার্স জারডিন হেণ্ডারসন লিঃ (কেবলমাত্র আলিপুর সদর মহকুমার জন্য)।	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
(২) মেসার্স ইউনাইটেড সাপ্লায়ার্স ...	৩৪৫৲	২৪০৲	২৮৭।·
(৩) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ .	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
হাওড়া ও হুগলী জেলা			
(১) মেসার্স হুগলী ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল এসোসিয়েসন।	৩৪৫৲	......	৩০৯।·
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
(৩) মেসার্স জারডিন হেণ্ডারসন লিঃ (কেবলমাত্র শ্রীরামপুর মহকুমার জন্য)।	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
বর্ধমান জেলা			
(১) মেসার্স বর্ধমান ডিষ্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ মাল্টি-পারপাস সোসাইটি লিঃ।	৩৪৫৲	২৪৬।·	২৯৭।·
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
(৩) মেসার্স জারডিন হেণ্ডারসন লিঃ (কেবলমাত্র কাটোয়া মহকুমার জন্য)।	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
বাঁকুড়া জেলা			
(১) মেসার্স সিউবক্স সত্যনারায়ণ ...	৩৪৫৲	২৪৩।৶·	২৯২৸৶·
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·
অন্যান্য জেলা			
মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	৩৪৫৲	২৫৮।·	৩০৯।·

[3-10—3-20 p.m.]

Sj. Dasarathi Tah:
এই মিশ্রসার সম্বন্ধে যে কথা তিনি বলেছেন মেসার্স বর্ধমান ডিষ্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ মালটিপারপাস সোসাইটি লিমিটেড এবং মেসার্স শ' ওয়ালেশ কোম্পানী—এই সম্পর্কে মন্ত্রী-মহাশয় কি অবগত আছেন যে তার সংক্রামতে মিশ্রসার সেন্ট্রাল কো-অপারেটিভ দশ টাকা পনের আনা এবং শ' ওয়ালেশ কোম্পানী এগার টাকা ছয় আনা দরে বিক্রী করছে—এই দরের তারতম্য করার কারণ কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
সার বিতরণের ব্যাপারে টেন্ডার কল করা হয়েছে. যখন যেটা লোয়েষ্ট টেন্ডার পেয়েছি সেটাই দেওয়া হয়েছে।

Sj. Dasarathi Tah:
চাষীরা যারা সার কিনবে যাদের সার সাপ্লাই করাই সরকারের উদ্দেশ্য—তাদের একই সার দুই রকম দামে কেনা উচিত নয়। শ' ওয়ালেশ কোম্পানীও যাতে সেন্ট্রাল কো-অপারেটিভ-এর সমান দরে বিক্রী করতে বাধ্য হয় সে রকম ব্যবস্থা সরকার করবেন কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এটা আপনারা সকলেই জানেন যেখানে তারা সস্তা পাবে সেখানেই তারা কিনবে যদি সে জিনিষ ভাল হয়। কাজেই কম্পিটিশন যেখানে রয়েছে সেখানে যে ডিষ্ট্রীবটর চাষীদের সুবিধা দরে দেবে সেখানেই তারা যাবে।

Sj. Dasarathi Tah:
গোডাউন বিভিন্ন জায়গায় আছে, এখন সেন্ট্রাল মাল্টিপারপাস সোসাইটির গোডাউন আছে ধরুন আসানসোলে আর শ' ওয়ালেসএর ক্যালকাটায়, তাহলে কম্পিটিশন কি করে হবে?

Mr. Speaker: That is hypothetical.

Sj. Dasarathi Tah:
মাননীয় মন্ত্রীমহাশয় কি দয়া করে এটা আমাদের জানাবেন যে এই সার শ' ওয়ালেশএর আর একটা আছে সেই যে মিক্সার সেটা 'তারা মার্কা' কিন্তু তারা এই বলে প্রচার করছে যে তাদের যে সার এগার টাকা ছয় আনা দরে বিক্রী হচ্ছে এবং বাজারে যেটা দশ টাকা পনের আনা দরে বিক্রী হচ্ছে তার তুলনায় সেই সার অনেক ভাল—সেটাই সর্বশ্রেষ্ঠ?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
'তারা মার্কা' আমাদের মধ্যে নাই, গভর্নমেন্ট থেকে বায়োকেমিস্ট যে ফর্মুলা দেয় সেই অনুসারেই মেশান হয়। তারপর সেটা সার্টিফাই করা হয়।

Sj. Dasarathi Tah:
'তারা মার্কা' সার গভর্নমেন্ট যে সার দেয় তার চেয়ে ভাল এরূপ প্রচার করলে মুস্কিলের ব্যাপার, সেজন্য এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। একথা কি সত্য আমাদের বাংলা মাটিতে নানা প্রকার খোল আছে সেটাই ভাল সার?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
হতে পারে। আমি কোন এক্সপার্ট নই, যারা এক্সপার্ট তারাই স্থির করেছেন এটা সবচেয়ে ভাল সার—আমি নিজের মতামত দিতে পারি না।

Sj. Dasarathi Tah:
খোল সম্বন্ধে এমন কোন মতামত প্রকাশ করেছেন কিনা?

Mr. Speaker: Chemical contents are not the subject matter of this question.

Dr. Kanailal Bhattacharya:
এই যে 'তারা মার্কা' সার যা শ' ওয়ালেস বিক্রী করছে তারা যখন প্রচার করছে যে এই সার গভর্নমেন্টএর সারের চেয়ে বেটার, তখন তাদের এজেন্সী কন্টিনিউ করার কারণ কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
কে কোন জিনিষ বলছে সেটা জানবার কারণ নাই।

Dr. Kanailal Bhattacharya:
এই যে কমপ্লেন্ট যে তাদের জিনিষ পুস করছে গভর্নমেন্ট জিনিসকে খারাপ বলে, এ বিষয়ে আপনারা কি করছেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এ রকম কোন কমপ্লেন্ট আমরা পাইনি।

Sj. Biren Banerjee:
সারের দামের যে তারতম্য তাকি কোয়ালিটির তারতম্যের দরুন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
কোয়ালিটির তারতম্য নয়। দামের তারতম্য হয়েছে এজন্য লোয়েষ্ট টেন্ডার যারা যেমন দিয়েছে।

Sj. Biren Banerjee:
যেহেতু (ক) ও (খ) দুই জনের গোডাউনই সার পাচ্ছে, একজন কম দামে, আর একজন বেশী দামে, সার যখন একই রকম তখন একটা ভাল আর একটা খারাপ এটা দেখেছেন কিনা? নইলে দাম এক হবে না কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
না, ভাল খারাপ কিছু নয়।

Sj. Biren Banerjee:
ভাল খারাপ যখন নয়, গভর্নমেন্ট চান যে চাষীরা সার দিয়ে ফসল বেশী উৎপাদন করুক সেক্ষেত্রে দাম এক হবে না কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
দাম এজন্য হয় না, দুইজন কন্ট্রাক্টর (ক) এক রেট দিচ্ছে, (খ) এক রেট দিচ্ছে। যেটা সবচেয়ে কম সেটাই নিয়েছি অন্য লোক বেশী দিয়ে থাকে তাই বেশী হচ্ছে।

Dr. Kanailal Bhattacharya:
বেশীটাও গ্রহণ করেছেন কমটাও গ্রহণ করেছেন তার জন্য চাষীরা ক্ষতিগ্রস্ত হবে কেন, এ সম্পর্কে গভর্নমেন্ট কি করবেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
চাষীদের লাভ হচ্ছে তারা ক্ষতিগ্রস্ত হয় না।

Sj. Biren Banerjee:
টাকা বেশী দিয়েও তারা লাভ করছে এর কি গ্যারান্টি আছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
চাষীদের এতে ক্ষতি হয় না।

Sj. Biren Banerjee:
বেশী দাম দিয়ে সার কেনার দরুণ জমিতে যে ফলন হচ্ছে তার গড়পড়তা দাম বেশী পড়ছে, তাতে লাভ হচ্ছে কি করে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
পূর্বেই বলেছি চাষীর যেখানে সুবিধা হবে সেখানেই কিনবে।

Sj. Biren Banerjee:
এই দামের সমতা করবার কোন প্রচেষ্টা গভর্নমেন্টএর আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
সে বিষয়ে বিবেচনা করছি।

Sj. Dasarathi Tah:
কয়লা যেখানে মণপ্রতি সাড়ে ছয় টাকা পড়ে সেখানে এগার টাকা ছয় আনা ও দশ টাকা পনের আনা রেটএ বিক্রী করে অসম্ভব লাভ এজেন্টরা করছে এ সম্বন্ধে সরকার বিবেচনা করবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এটা সকলেই জানেন—এক জায়গা থেকে আর এক জায়গায় নিতে হলে ট্রান্সপোর্টেশন চার্জ আছে, লোকের মাইনে প্রভৃতি আছে, গোডাউন চার্জ আছে। সেজন্য দাম বেড়ে যায়।

Sj. Pravash Chandra Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে টেন্ডার যারা কম দেয় তাদেরকেই যখন অর্ডার দিয়ে থাকেন —তখন ২নংএ সুপার ফসফেট ২৪০্ টাকা মেসার্স ইউনাইটেড সাপ্লায়ার্সরা যেখানে দিচ্ছে সেখানে শ' ওয়ালেশকে ২৫৮৷৹ আনা এই রেট বেশী সত্ত্বেও তাদেরকে কেন অর্ডার দিচ্ছেন বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এটা বুঝিয়ে দিচ্ছি ইউনাইটেড ট্রেডার্স লিমিটেড, সার্বডিভিসনএ পড়েছে, শ' ওয়ালেশ যে কোন জায়গায় দিতে পারবে। অনেক জায়গা আছে যেখানে ইউনাইটেড ট্রেডারস সাপ্লাই করতে পারে না। সেজন্য তাদের দেওয়া হয়েছে।

Sj. Pravash Chandra Roy:
বিভিন্ন মহকুমা হিসাবে বিভিন্ন রেট দেওয়া উচিত ছিল কিনা?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Pravash Chandra Roy:
সেভাবে দেবেন কি?

Mr. Speaker: That is a request for action.

Sj. Dasarathi Tah:
এই সার সম্বন্ধে আমরা খুব ইন্টারেস্টেড [হাস্য]। মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই মিশ্রসার কৃষকদের ধারে বিক্রয় করা হয় কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
ধারে বিক্রয় করা হয়।

Sj. Dasarathi Tah :
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে হাতীও ধারে বিক্রয় করা হয়?

Mr. Speaker: That is an ironical question. That question does not arise.

Dr. Hirendra Kumar Chatterjee:
এই 'তারা মার্কা' সার সবচেয়ে ভাল সার এই প্রচার যদি সত্য হয়——

Mr. Speaker: That is a hypothetical question.

Dr. Hirendra Kumar Chatterjee :
এই প্রচার সত্য কিনা অনুসন্ধান করবেন কিনা——

Mr. Speaker: That is a hypothetical question.

Dr. Kanailal Bhattacharya:
এই সার সম্বন্ধে আমি একটি প্রশ্ন দিয়েছিলাম, তার জবাব কবে দেবেন?

Mr. Speaker: That question does not arise here.

Sj. Pravash Chandra Roy:
বিভিন্ন জমিতে বিভিন্ন সার দিলে ফলন ভাল হয়। এখন এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট থেকে কোন জমিতে কি সার দিলে ফলন কিরূপ ভাল হয় সে সম্বন্ধে কৃষকদের নির্দেশ দিয়ে থাকেন কিনা?

Mr. Speaker: That question does not arise out of this. It is a mere question on appointment of contractors.

Sj. Ambica Chakraborty:
এই সমস্ত টেন্ডার ফাইনালি স্যাংশন করবার অথরিটি কে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
টেন্ডার কমিটি আছে, টেন্ডার কমিটিতে পাশ হলে আমরা এ্যাকসেপ্ট করি।

Sj. Ambica Chakraborty:
কে কে আছেন দয়া করে বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Secretary of the department, Director of Agriculture, Bio-chemist and Principal, Agricultural College, এরকম বিশেষজ্ঞরা আছেন।

[3-20—3-30 p.m.]

Sj. Monoranjan Hazra:
শ' ওয়ালেশ কোম্পানীর সঙ্গে সরকারের কোন বাঁটোয়ারা ব্যবস্থা আছে নাকি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Pravash Chandra Roy:
বিলাতী কম্পানিগুলিকে ভবিষ্যতে যাতে এজেন্সি দেওয়া না হয় তার ব্যবস্থা করবেন কি? তাদের রেট যা তা তো বেশী।

Mr. Speaker: That question does not arise.

Sj. Sudhir Chandra Das:
আপনার তালিকাতে দেখতে পাচ্ছি শ' ওয়ালেশ কোম্পানীকে সমস্ত জেলাতে এজেন্ট নিযুক্ত করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই শ' ওয়ালেশ প্রীতি নষ্ট করে অন্যান্য আমাদের দেশে যেসব সমবায় সমিতি আছে তাদের উৎসাহিত করবার কোন পরিকল্পনা আপনাদের আছে কি?

Mr. Speaker: That question does not arise. It is a case of open and lowest tender. This question has been answered several times.

Sj. Sudhir Chandra Das:
শ' ওয়ালেশ কোম্পানী ছাড়া আর টেন্ডার কেউ দিয়েছিল কি?

Mr. Speaker: He has said that the lowest tender will be accepted several times.

Financial assistance from Government to Municipalities and Union Boards in Midnapore district

***30. Sj. Amulya Charan Dal:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

১৯৪৮ সাল হইতে ১৯৫৫ সাল পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ কোন্ ইউনিয়ন বোর্ড এবং কোন্ কোন্ মিউনিসিপ্যালিটি কোন্ কোন্ বৎসর কত টাকা সরকারী সাহায্য পাইয়াছে?

Minister-in-charge of the Local Self-Government Department (the Hon'ble Iswar Das Jalan):
একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to starred question No. 30

ইং ১৯৪৮ সাল হইতে ১৯৫৫ সাল পর্যন্ত মেদিনীপুর জেলার মিউনিসিপ্যালিটি ও ইউনিয়ন বোর্ডদিগকে প্রদত্ত সরকারী সাহায্যের বিবরণ

সরকারী দান

মিউনিসিপ্যালিটি	১৯৪৮	১৯৪৯	১৯৫০	১৯৫১	১৯৫২	১৯৫৩	১৯৫৪	১৯৫৫
রামজীবনপুর ..	৩,৭৮০।০	১,৭০৪॥০	২,৪৪৪৸৶০	২,২৪৮।৶০	২,১৭০।৵০	৪,২৩৪৸/০	১,৪৫৮৸৶০	৭৯৪৸৶০
খড়্গপুর ..	..	..	..	..	..	..	..	৯৭০/০
ঘাটাল ..	..	৫,৯৬৮৲	৭,৭৭৩॥৶/১০	৭,৬১৯।০	৭,২৭৭॥/০	৬,৫৪৪৵১০	১০,৮৮৫॥৵০	৭,২৮৫৸০
ক্ষীরপাই ..	..	১,৪০৫৸/০	২,৪১৫৸৵০	১,৯১০৲	১,৯৮১॥৵০	১,১২৪৸৶০	১০৮৲	৩,৬৪৬৲
তমলুক ..	..	১০,৬৯০	৯,২০৬	৯,৮৩৪৲	৯,১০২৲	৮,৭২৯৲	১১,৬০৮৲	২৩,৫৭৭৲
মেদিনীপুর ..	..	৪৮,২৭৩/১৭	৫৪,৭২৭৵৫	৫৬,১০৫৸৵৫	৪৭,৬৪৭৸৶৫	৫৫,৩৯০/০	৪২,৬৯৬৸০	৪৩,৬৬৮৸৵০
খাড়ার ..	১,২৬৪৸৵০	১,৭৯৯/০	২,৭৯৭৸৵৫	২,৫৫৪৸৶১০	২,৬৯৮।৵৫	১,৮২৪৸/০	১,৫৪১৸৫	৪,৭৪১৸৶৫
চন্দ্রকোনা ..	৬,২৮৭॥/০	১,৫৫৩৶৫	২,৬৯০॥৵৫	..	..	..	..	..
মোট ..	১১,৩৩২॥৶০	৭১,৩৬৩॥৶০	৮২,২৩৫৶৫	৮০,২৭২॥১৫	৭০,৮৭৭৸৵১০	৭৭,৮৪৭৸১০	৬৮,২৯৯৸৶৫	৮৪,৯৮৪॥/৫

ইউনিয়ন বোর্ড								
চন্দ্র ইউনিয়ন বোর্ড নং ২ (মেদিনীপুর থানা)।	৩০	..	..	..	..	..	২৫০৲	২৫০৲
পীরকাটা ইউনিয়ন বোর্ড নং ৭ (শালবনী থানা)।	..	..	..	১০০	..	..	২৫০৲	..
ইউনিয়ন বোর্ড নং ৭ (চন্দ্রকোনা থানা)।	..	..	..	৫০০	১,১০০৲	..	২৫০৲	৫৭৯॥০
ইউনিয়ন বোর্ড নং ৪ (দাশপুর থানা)।	..	..	..	..	২৫০৲	..	..	..
নোয়াপাড়া নারায়ণগড় থানা।	..	..	..	..	৩০০	..	..	..

দেবরা ইউনিয়ন বোর্ড নং ৫ (দেবরা থানা)।	..	..	..	.	..	..	২৫০৲	২৫০৲
সাহরপুর (দেবরা থানা)	..	..	..	..	.	..	২৫০৲	২৫০৲
গোয়ালতোড় (গড়বেতা থানা)।	..	..	..	..		..	২৫০৲	২৫০৲
আয়নাগোড় (গড়বেতা থানা)।	..	..	..	..	..	..	২৫০৲	২৫০৲
কাকাবাবা (খড়্গপুর থানা)	..	..	..	..	..	..	২৫০৲	২৫০৲
নয়াপুর (নারায়ণগড় থানা)	..	..	..	..	..	..	১০০৲	১০০৲
ইউনিয়ন বোর্ড নং ২ (ঘাটাল থানা)।	..		..	..	..	..	২৫০৲	..
সাহসপুর ইউনিয়ন বোর্ড নং ৭ (কেশপুর থানা)।	..	..	..	..	..	..	..	২৫০৲
ইউনিয়ন বোর্ড নং ৪ (চন্দ্রকোনা থানা)।	..	.	..	..	..	..	..	২,৪০২॥০
মোট ..	১০৲		.	৩০০৲	১,১৫০৲	..	২,১০০৲	৪,৮০২৲

সরকারী ঋণ

মিউনিসিপ্যালিটি								
ঘাটাল ..	..	..	..	..	..	৪,০০০৲	..	..
খড়্গপুর ..	..	.	..	.	..	..	৩৬,০০০৲	৭২,০০০৲
ইউনিয়ন বোর্ড								
কর্ণগড় ..	..	.		৩২০৲	..	..	..	..
মোট ..	..	..	..	৩২০৲	..	৪,০০০৲	৩৬,০০০৲	৭২,০০০৲

Sj. Kanai Lal Bhowmick:
কি কি ভিত্তিতে এই ইউনিয়ন বোর্ড এবং মিউনিসিপালিটিকে সাহায্য দেন?

The Hon'ble Iswar Das Jalan: The major portion of the grants is in the shape of dearness allowance—portion of dearness allowance—and some portion is given from time to time out of the motor vehicles tax.

Sj. Kanai Lal Bhowmick:
এই যে ইউনিয়ন বোর্ড চৌকিদার বেতন বৃদ্ধির ব্যাপারে সরকারের কাছে সাহায্য চেয়ে কোন প্রস্তাব এসেছে কি?

Mr. Speaker: That question does not arise out of it.

Sj. Kanai Lal Bhowmick:
উনি বলেছেন ডিয়ার্নেস এ্যালাউন্সএর জন্য——

Mr. Speaker: Dearness allowance has got nothing to do with the scale of wages. That question does not arise.

Sj. Kanai Lal Bhowmick:
মেদিনীপুর জেলায় প্রায় ৪০০ ইউনিয়ন বোর্ডএর মধ্যে মাত্র এই কটিকে কেন দেওয়া হল?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice to answer as to why a particular union board has not been considered.

Sj. Mrigendra Bhattacharjya:
ইউনিয়ন বোর্ড থেকে অতি সামান্য আয় ছিল, চৌকিদারদের একটা মেজর আয় ছিল যে সমস্ত জমি তাদের ছিল তা থেকে। কিন্তু এস্টেট্স্ এ্যাকুইজিশন এ্যাক্ট পাস হবার পর সেসব সম্পত্তি গভর্নমেন্টের কাছে গিয়েছে। এখন গভর্নমেন্ট টাকা না দিলে তাদের অসুবিধা হচ্ছে না কি?

Mr. Speaker: That question does not arise It is a simple question about the amount of grant.

Sj. Gangapada Kuar:
আপনি বললেন ডিয়ার্নেস এ্যালাউন্স দেওয়া হয়। ইউনিয়ন বোর্ডএর তাদেরকে দেওয়া হয়?

The Hon'ble Iswar Das Jalan: I understand that a certain amount is given for the salary of the Chaukidars.

Part-time Court of Subordinate Judge and Assistant Sessions Judge in West Dinajpur

***31. Sj. Biren Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if there has been a part-time Court of the Subordinate Judge and Assistant Sessions Judge in West Dinajpur since January, 1948;

(b) if so, the number of days in each year since 1948 the Court sat in West Dinajpur;

(c) if it is a fact that the people of West Dinajpur have made repeated representations to the State Government for establishment of a permanent Court of Subordinate Judge in West Dinajpur since 1948; and

(d) if so, what action, if any, has been taken on these representations of the people of West Dinajpur?

Minister-in-charge of the Judicial Department (the Hon'ble Satyendra Kumar Basu): (a) Yes.

(b)

Year.	Days.
1948	28
1949	40
1950	48
1951	63
1952	81
1953	75
1954	66
1955 (up to September)	44

(c) A few representations were received from certain people.

(d) Government have already sanctioned the creation of a temporary Court of Subordinate Judge at Balurghat. An officer will be posted to the Court as soon as suitable residential accommodation can be arranged for him.

Sj. Biren Banerjee:
আপনি (বি)তে যে উত্তর দিয়েছেন সে প্রসঙ্গে জানাবেন কি সেখানে পেন্ডিং কেসেস কতগুলি রয়েছে?

The Hon'ble Satyendra Kumar Basu: I must have notice.

Sj. Biren Banerjee:
(সি)তে উত্তরে বলেছেন -
"a few representations were received from certain people -"
এর সংখ্যাটা মুটামুটি কত?

The Hon'ble Satyendra Kumar Basu:
আমি যতদূর জানি পাঁচটি রিপ্রেজেন্টেশনস পেয়েছি মেনলি ফ্রম ল'ইয়ার্স।

Sj. Biren Banerjee:
(ডি)তে উত্তর দিয়েছেন যে বালুরঘাটেএ একটি টেম্পোরারি সাবর্ডিনেট জজ কোর্ট করবার অর্ডার হয়েছে। এই স্যাংকশন কবে হয়েছে?

The Hon'ble Satyendra Kumar Basu:
স্যাংকশন হয়েছে ১৯৫৪ সালে।

Sj. Biren Banerjee: What month?

The Hon'ble Satyendra Kumar Basu:
ডিসেম্বর মাসে।

Sj. Biren Banerjee:
এটা কবে হবে?

The Hon'ble Satyendra Kumar Basu: As soon as we get accommodation for the residence of the Subordinate Judge, the Subordinate Judge will be posted there. We expect to get it about March next year

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Free supply of copies of Acts to the Bar Libraries

23. Sj. Probodh Dutt: Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state whether the State Government have any scheme for free supply of the copies of Bengal and West Bengal Acts to the Bar Libraries of districts and subdivisions of districts?

Minister-in-charge of the Judicial Department (the Hon'ble Satyendra Kumar Basu): No.

Sj. Probodh Dutt:
এটা যে 'নো' এ্যান্সার বলেছেন এর কারণ কি বলতে পারেন?

The Hon'ble Satyendra Kumar Basu: All Acts are published in the official gazette. Bar Libraries and Associations of lawyers are expected to buy official gazette. It will involve Government a huge expenditure if free copies are to be supplied.

Sj. Probodh Dutt:
এই ঘন ঘন এ্যামেন্ডমেন্ট দেওয়ার জন্য এই এ্যাক্টএর ফ্রি সাপ্লাই দেওয়ার দরকার মনে করেন কিনা?

The Hon'ble Satyendra Kumar Basu:
না, মনে করি না।

Veterinary Centres in Midnapore district

24. Sj. Kanai Lal Bhowmick: Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় আজ পর্যন্ত কয়টি পশুচিকিৎসা কেন্দ্র খোলা হইয়াছে;
(খ) কেন্দ্রগুলির নাম কি ও কোথায় প্রতিষ্ঠিত;
(গ) কোন্ কোন্ কেন্দ্রে কতজন ডাক্তার ও এসিস্টান্ট আছেন; এবং
(ঘ) পশুচিকিৎসার জন্য এই জেলায় কতগুলি মোবাইল ইউনিট্ আছে?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) ১৯টি।
(খ) ও (গ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।
(ঘ) বর্তমানে একটিও নাই।

Statement referred to in reply to clauses (খ) *and* (গ) *of unstarred question No. 24*

	কেন্দ্রগুলির নাম ও যেস্থানে প্রতিষ্ঠিত।	ডাক্তারের সংখ্যা।	এসিস্ট্যান্টের সংখ্যা।
(১)	মেদিনীপুর স্থিতিবান (Stationary) কেন্দ্র ..	১	১ (কম্পাউণ্ডার)
(২)	তমলুক ,, ,, ,, ..	১	১ ,,
(৩)	কাঁথি ,, ,, ,, ..	১	১ ,,
(৪)	মেদিনীপুর ভ্রাম্যমাণ (Itinerant) ,, ..	১	২ (ফিল্ড এসিস্ট্যান্ট)
(৫)	তমলুক ,, ,, ,, ..	১	২ ,,
(৬)	কাঁথি ,, ,, ,, ..	১	২ ,,
(৭)	ঝাড়গ্রাম ,, ,, ,, ..	১	২ ,,
(৮)	ঘাটাল ,, ,, ,, ..	১	২ ,,
(৯)	গড়বেতা ,, ,, ,, ..	১	২ ,,
(১০)	ক্ষীরপাই ,, ,, ,, ..	১	২ ,,
(১১)	খড়্গপুর ,, ,, ,, ..	১	২ ,,
(১২)	এগ্রা ,, ,, ,, ..	১	২ ,,
(১৩)	দাঁতন ,, ,, ,, ..	১	২ ,,
(১৪)	বালীচক ,, ,, ,, ..	১	২ ,,
(১৫)	মহিষাদল ,, ,, ,, ..	১	২ ,,
(১৬)	নরঘাট ,, ,, ,, ..	১	২ ,,
(১৭)	হেরিয়া ,, ,, ,, ..	১	২ ,,
(১৮)	কুকবাথুপী ,, ,, ,, ..	১	২ ,,
(১৯)	সমাজ-উন্নয়ন পরিকল্পনার অধীনে ঝাড়গ্রামে ভেটারিনারী ডিস্পেন্সারী (Outdoor) ..	১	২ ,,

Sj. Gangapada Kuar:
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি প্রত্যেক থানায় একটি করে ভ্রাম্যমান পশুচিকিৎসালয় করবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
প্রতি আড়াই থানা হিসাবে একটি করে ইটিনারান্ট—ভ্রাম্যমান পশুচিকিৎসালয় আছে। আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রত্যেক থানার জন্য একটি করে করবার চেষ্টা করা হবে।

Sj. Saroj Roy:
আপনি যে (২)নংএ স্টেটমেন্ট দিয়েছেন তাতে (৯)নংএতে আছে যে ঘাটাল এলাকায় একজন ডাক্তার, দুইজন ফিল্ড এ্যাসিস্টেন্ট আছেন। এই এলাকাতে কটা ইউনিয়ন আছে জানাবেন কি?

Mr. Speaker:
ডিটেলসএর উপর কোয়েশ্চেন হয় না।

Sj. Saroj Roy:
কোন কোন এলাকা যদি খুব বড় হয় যদি গরুর মড়ক বেশী হয়

Mr. Speaker: That is a hypothetical quesiton depending on many things.

Sj. Saroj Roy:
কোন এলাকা বড় হলে এবং গো-মড়ক বেশী হলে --

Mr. Speaker: That is a hypothetical question

Sj Mrigendra Bhattacharjya:
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে ঘাটাল মহকুমার পশুচিকিৎসকদের মাত্র দুই পাউন্ড ওষুধ সরবরাহ করা হয়েছে?

Mr. Speaker:
আপনি তো তাহলে জানেন। You know that

Sj. Biren Banerjee:
(ঘ)তে জবাব দিয়েছেন বর্তমানে একটিও নেই। মোবাইল ইউনিট একটিও নেই কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
একটিও নেই। প্রশ্ন ছিল মোবাইল সম্বন্ধে। কিন্তু মোবাইল আর ইটিনারান্ট এক জিনিষ নয়। মোবাইল ইউনিট এক জায়গা থেকে আর এক জায়গায় ঘুরে বেড়ায়। কিন্তু ইটিনারান্ট একটি জায়গায় থাকে এবং আড়াইটি থানা নিয়ে কাজ করে।

Sj. Biren Banerjee:
এই যে পশুচিকিৎসা ব্যবস্থা আছে এর কোন বাৎসরিক, ত্রৈমাসিক বা মাসিক ইত্যাদি রিপোর্ট আপনার কাছে আসে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
আমাদের ত্রৈমাসিক রিপোর্ট বের হয় "ওয়েস্ট বেঙ্গল উয়িকলিতে"। বাৎসরিক রিপোর্ট লাইব্রারিতে পাবেন। ভেটারিনারী ডিপার্টমেন্ট থেকেও রিপোর্ট পাওয়া যায়।

Sj. Biren Banerjee:
এই যে রিপোর্টগুলি আসে এগুলি আপনার ডাইরেকটরেট থেকে স্ক্রুটিনি করা হয় কি কতটা প্রগ্রেস কোথায় হল ইত্যাদি বুঝবার জন্যে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
নিশ্চয়ই দেখা হয়।

Sj. Biren Banerjee:
এই রিপোর্ট স্ক্রুটিনির রেজাল্টএ এরকম যদি মনে হয় যে—

Mr. Speaker: That is a hypothetical question. It is a simple question about veterinary centres in Midnapore district. You are now putting a hypothetical question.

[3-30—3-40 p.m.]

Sj. Biren Banerjee:
মেদিনীপুর জেলায় আপনার কি জানা আছে যে পশুচিকিৎসার ব্যাপারটা খুব এলোমেলো ভাবে হচ্ছে?

Mr. Speaker: What is meant by that?

Sj. Biren Banerjee:
এ কথা কি সত্য যে মেদিনীপুর জেলায় পশুচিকিৎসার যে ব্যবস্থা আছে সেটা অপ্রচুর—ইনসাফিসিয়েন্ট?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
আমি এটা নিশ্চয় জানি যে আমাদের যেরকম ভেটারিনারী এড দেওয়া উচিত, ততটা আমরা দিতে পারছি না, তবে সরকার থেকে সর্বদাই চেষ্টা করা হচ্ছে নতুন নতুন কেন্দ্রে হাসপাতাল স্থাপন করা। ধরুন মেদিনীপুর জেলার তমলুক ও কন্টাইয়ে নতুন হাসপাতাল করা হয়েছে; এই রকম সর্বদা চেষ্টা হচ্ছে, সর্বদা উন্নতি করবার জন্য।

Sj. Biren Banerjee:
এটা কি সত্য যে অন্য এলাকার কম্প্যারিজনএ মেদিনীপুর এলাকায় কম আছে?

Mr. Speaker: No comparison with other districts should be made.

Sj. Mrigendra Bhattacharjya:
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এপিডেমিক রোগে যে সমস্ত গরু মারা যায় তার স্ট্যাটিসটিক্স রাখবার কোন ব্যবস্থা আছে কিনা?

Mr. Speaker: That question does not arise.

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় জানাবেন কি কি রকম অঞ্চলে স্থায়ী হাসপাতাল এবং আউট-ডোর ডিসপেনসারী সরকার করেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
লিষ্টে ত দেওয়াই আছে।

Sj. Saroj Roy:
কয়টি আছে এবং কয়টি করতে হবে, সেই তথ্য জিজ্ঞাসা করছি।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এখন আমরা প্রত্যেকটি সাবডিভিসনে একটা করে করেছি, আপনিও তালিকায় দেখতে পাবেন তমলুক, কাঁথি, মেদিনীপুর সদর সব জায়গায় আমাদের স্থায়ী হাসপাতাল রয়েছে।

Sj. Saroj Roy:
সাবডিভিসন ছাড়াও কোন অঞ্চলে গো-মড়ক বেশী থাকলে সেখানে করা হবে না?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:
এখন করা হবে না, পরে হবে।

Sj. Balailal Das Mahapatra:
মফঃস্বলে কোন গো-চিকিৎসককে ফী দিতে হবে, এরকম কোন ব্যবস্থা আছে কি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Balailal Das Mahapatra:
এই সমস্ত গো-চিকিৎসক মহকুমার যে কোন অঞ্চলে যাবেন, সেখানে বিনা ফীতে চিকিৎসা করবেন, এই রকম সরকারী নির্দেশ আছে কি?

Mr. Speaker: That question does not arise.

Rules for admission in Presidency College, Calcutta

25. Sj. Subodh Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what are the rules regarding the admission of students in the Presidency College, Calcutta, and conditions under which students are allowed to take up Honours Course in any subject; and

(b) whether Government consider the desirability of placing such rules, if any, on the Table of the House?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (a) and (b) Copies of the relevant Government Orders No. 680-Edn., dated the 15th November, 1947, No. 4418-Edn., dated the 8th September, 1951, and No. 5648-Edn., dated the 28th June, 1955, and a copy of the Prospectus of the Presidency College are laid on the Library Table.

All students reading B.A. and B.Sc. must read for an Honours Degree.

Sj. Subodh Banerjee:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে ১৯৫৫ সালে ইকনমিকস্ অনার্সএ এবং ইংলিশ অনার্সএ যে সমস্ত ছাত্র ভর্তি করা হয়েছিল প্রেসিডেন্সী কলেজএ সেখানে যে সরকারী আইন আছে, সেগুলি লঙ্ঘন করা হয়েছে কিনা?

The Hon'ble Pannalal Bose:
যে আইন আছে, সেগুলি এখানে লেখা আছে; এই আইন থেকে ডিপার্ট করেছে এই রকম কোন কেস যদি দেখাতে পারেন, তাহলে ভেরি সিরিয়স নোটিস উইল বি টেকেন।

Dr. Hirendra Kumar Chatterjee:
এখানে প্রশ্ন ছিল—

(a) what are the rules regarding the admission of students in the President College, Calcutta, and conditions under which students are allowed to take up Honours Course in any subject; and

(b) whether Government consider the desirability of placing such rules, if any, on the Table of the House?

In answer to (a) the Hon'ble Minister says, "all students reading B.A. and B.Sc. must read for an Honours Degree.
এখানে কি, প্রেসিডেন্সী কলেজএ তাহলে পাস কোর্সএ কেউ ভর্তি হয় না?

The Hon'ble Pannalal Bose:
শুনুন রুলসএ আছে বিয়েলি এ সিমপল কোয়েশ্চেন, স্ট্রিক্টলি এ্যাকর্ডিং টু মেরিট নেওয়া হয়, তবে কিছু এক্সেপশন আছে, এবং সেটা রুলসএ লেখা আছে—যারা বি, এ, পড়বে তাদের অনার্স নিতে হবে, আর ফার্স্ট ডিভিসন ছাড়া নেওয়া হবে না, এই রকম নিয়ম আছে।

Sj. Subodh Banerjee:
আপনি যেটা লেড ডাউন অন দি টেবল করেছেন, সেখানে দেখলাম প্রেসিডেন্সী কলেজএর কোন ছাত্রকে প্রেফারেন্স দেওয়া হয়েছে অন্য এক কলেজের ছাত্রর চেয়ে—যার সঙ্গে দু মার্কস তফাৎ। এই মার্কসটা এগ্রিগেট মার্কস, অর যে সাবজেক্টএ সে অনার্স নিতে চায় সেই সাবজেক্টএ?

The Hon'ble Pannalal Bose:
কোন সাবজেক্টএর নয়, এটা টোটাল মার্কসএর। নিয়ম আছে যদি ২০ মার্কস কম থাকে এবং সে ঐ কলেজএর ছাত্র হয়, তাহলে তাকে নেওয়া হয় ; কিন্তু ফার্স্ট ডিভিসন হওয়া চাই।

Sj. Subodh Banerjee:
এ বছর ইকর্নমিকসএ ২০ নম্বর নয়, প্রায় ৪০ নম্বর ডিফারেন্স হয়েছিল, এই রকম কোন ছাত্রকে ভর্তি করা হয়েছে কিনা, দেখবেন কি?

The Hon'ble Pannalal Bose:
আপনি জানলে, তার নাম দেবেন আমি দেখবো।

Grants to District School Boards from 1950-51 to 1953-54

26. Sj. Amulya Charan Dal: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) ইং ১৯৫০, ১৯৫১, ১৯৫২, ১৯৫৩ সালে কোন্ জেলা স্কুলবোর্ডকে কত টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছে;

(খ) কোন্ জেলা স্কুলবোর্ড কত টাকা শিক্ষাকর হিসাবে পাইয়াছেন;

(গ) কোন্ জেলা স্কুলবোর্ড কত টাকা তাঁহাদের আফিস পরিচালনার জন্য খরচ করিয়াছেন; এবং

(ঘ) কোন্ জেলা স্কুলবোর্ড কত টাকা তাঁহাদের বোর্ড সদস্যদের টি এ এবং ভাতা বাবদ খরচ করিয়াছেন?

The Hon'ble Pannalal Bose:
(ক) হইতে (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Sj. Provash Chandra Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে বলবেন কি, যে ১৯৫০ সাল থেকে ১৯৫৩ সাল ও তার পরবর্তীকাল পর্যন্ত ২৪-পরগণা জেলা স্কুল বোর্ডে নিয়মিতভাবে সরকারী সাহায্য দেওয়া হয়নি কেন?

Mr. Speaker: This is not a question on one district alone.

Sj. Provash Chandra Roy:
আচ্ছা, স্যার, আমি জেনারেল ওয়েতে বলছি।

Mr. Speaker: That question does not arise.

Sj. Provash Chandra Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় একথা জানেন কি যে ১৯৫০-৫৩ সাল, ও তার পরবর্তী সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা স্কুল বোর্ডে নিয়মিতভাবে সরকারী সাহায্য না দেওয়ার জন্য এবং যথাসময় না পাঠানর জন্য প্রাইমারী শিক্ষকরা যথাসময় তাঁদের বেতন পান নি, একথা সত্য কি?

The Hon'ble Pannalal Bose:
আর একবার বলুন।

Sj. Provash Chandra Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের জেলা স্কুল বোর্ডগুলিতে সরকারী সাহায্য যথা সময় না পাওয়াতে প্রাইমারী শিক্ষকরা মাইনে পান নি, একথা সত্য কিনা?

The Hon'ble Pannalal Bose:
না।

Mr. Speaker: That question does not arise.

[3-40—3-50 p.m.]

Sj. Kanai Lal Bhowmick:
এই সমস্ত যে টাকা তা অডিট হয় কিনা?

The Hon'ble Pannalal Bose:
হ্যাঁ, অডিট হয়।

Sj. Kanai Lal Bhowmick:
এই অডিট রিপোর্ট সরকারের তরফ থেকে ভাল কোরে দেখা হয়?

The Hon'ble Pannalal Bose:
আপনার প্রশ্নটা ত ভাল বুঝতেই পারছি না। আমি যে স্টেটমেন্ট দিয়েছি তার ভিতর প্রাইমারী এডুকেশনের একটি কথাও নাই। সুতরাং এ প্রশ্ন ওঠে কি কোরে?

Mr. Speaker: Questions over.

NON-OFFICIAL RESOLUTIONS

Sj. Jyoti Basu: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should immediately request the Government of India to make serious efforts (1) for the release of Shri Tridib Choudhury, M.P., from Murshidabad district of West Bengal, now a prisoner in Goa, and (2) pending the release, for ensuring humane treatment to Shri Choudhury inside Jail.

স্পীকার মহাশয়! আমি প্রথমেই এই প্রস্তাব আনবার সঙ্গে সঙ্গে এই আশাই প্রকাশ কোরব যাতে এই প্রস্তাব আমরা সবাই একসঙ্গে গ্রহণ করতে পারি। কারণ, এই প্রস্তাব যদি আমরা একসঙ্গে একমত হয়ে গ্রহণ করতে না পারি তাহলে কেবল আমার ধারণা নয়, সকলেই স্বীকার করবেন যে গোয়াতে যাঁরা বন্দী আছেন তাঁদের অবস্থা আরও খারাপ হবে, এবং গোয়ায় সম্পর্কে ভারতবর্ষের জনসাধারণের মনোভাব যেটা সুস্পষ্ট হয়ে উঠেছে সে বিষয়ে আন্তর্জাতিক ক্ষেত্রে অনেকে সন্দেহ প্রকাশ করবেন বিশেষ কোরে আমাদের বিপক্ষীয়েরা। সেইজন্য আমি আর একবার বলছি যে, যেন এই প্রস্তাব আমরা সবাই একসঙ্গে মিলে গ্রহণ করতে পারি।

Mr. Speaker: The heading on the paper circulated is "on the consent of different parties and groups".

Sj. Jyoti Basu:
হেডিং সেখানে কিছু নাই। কারণ আমি আগেই এটা শুনেছিলাম যে কেন লেখা নাই। যদি কংগ্রেসের ভিতর তাঁরাও এটায় একমত যে একসঙ্গে সবাই মিলে এটা পাশ করা উচিত তাহলে আমি এ সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই।

প্রথম হচ্ছে আমরা জানি এবং সম্প্রতি দেখতে পাচ্ছি যে গোয়ার ব্যাপারে আমরা যা কিছু এতদিন ধরে বলেছি সেটা থেকে অন্ততঃ আন্তর্জাতিক ক্ষেত্রে এখন এটা সুস্পষ্ট হয়ে উঠেছে যে কারা আমাদের বন্ধু এবং কারা শত্রু। গোয়ার ব্যাপারে আমরা বুঝতে পারছি যে পণ্ডিত নেহরু যে চেষ্টা করেছেন এবং এখনও করছেন যাতে শান্তিপূর্ণ উপায়ে গোয়াকে মুক্ত করা যায়, কিন্তু পর্তুগীজ সাম্রাজ্যবাদীরা সে বিষয়ে কর্ণপাত করছে না, এবং শুধু কর্ণপাত করছে না তা নয়, সম্প্রতি তারা বলে দিয়েছে যে শান্তিপূর্ণ উপায়ে এসব কোন জিনিস হবে না, গোয়া শান্তিপূর্ণ উপায়ে মুক্ত হবে না। এবং এ কথাও তারা বলেছে যে গোয়ার সম্বন্ধে ভারতবর্ষের সরকার কিছু করতে গেলে সাম্রাজ্যবাদীরা বাধা দেবে। আমরা পূর্বে জানতাম এবং এখনও জানি, কারণ সাম্প্রতিক ঘটনাবলীর মধ্য দিয়ে এটা সুস্পষ্ট হয়েছে যে পর্তুগীজ সাম্রাজ্যবাদীর ক্ষমতা ছিল না—অতি ছোট সেই সাম্রাজ্যবাদীর যে এত বড় কথা ভারতবর্ষের সরকারকে বলতে পারে, যদি না তার পিছনে আর একটা বৃহৎ সাম্রাজ্যবাদী শক্তি থাকে, এবং আমরা এ কথা বলছি যে এখন সুস্পষ্ট হয়ে গেছে যে মার্কিন সাম্রাজ্যবাদীরা পর্তুগীজ সাম্রাজ্যবাদীর পিছনে আছে

আর তাদের সমর্থন যোগাচ্ছে, এবং তার জন্যই এত জোর গলায় পর্তুগীজরা ঘোষণা করছে যে আমরা কিছুতেই বিনা যুদ্ধে গোয়া ছেড়ে দেব না। সেইজন্য আমরা জানি একটিমাত্র ভাষা পর্তুগীজ সাম্রাজ্যবাদীরা বুঝবে সেটা যদি এই হয় যে আমাদের সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে যেকোন উপায়ে আমরা গোয়াকে মুক্ত করব। সেদিন কবে আসবে জানি না; ভারতবর্ষের সরকার কোন পথে গোয়াকে মুক্ত করবেন জানি না, গোয়া নিয়ে যখন আন্দোলন হয়েছিল তখন ভারত সরকার বা পণ্ডিত নেহরু বলেছিলেন যে তিনি ব্যবস্থা করবেন, এবং এমন বিবৃতিও দেখেছিলাম যে অদূর ভবিষ্যতে গোয়া মুক্ত হবে। এইসব বিবৃতি সম্বন্ধে কি প্রচেষ্টা হয়েছে জানি না, কিন্তু তার পরে আন্দোলন বন্ধ হয়েছে। আন্দোলন করবার উপায় ছিল না বোলে, কিন্তু আমরা দেখেছি গোয়ার মুক্তির ব্যাপারে অন্ততঃ আর কিছুই আমরা শুনতে পাই নি ভারত সরকারের প্রচেষ্টা সম্বন্ধে। কিন্তু একথা আমরা ভুলতে পারব না যে সম্প্রতি আন্দোলন কিছু কমলেও গত কয়েক মাসের মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী এবং নেতারা সেখানে জেলে আছেন, গোয়ার ভিতর যারা আন্দোলন করেছিলেন তাদের বহুসংখ্যক লোক জেলে আছেন, যাঁরা ভারতবর্ষ থেকে, গোয়ার বাহির থেকে গিয়েছিলেন তাঁরাও আছেন, এবং তাদের মধ্যে আছেন শ্রীরাজারাম পাতিল, কমিউনিষ্ট পার্টির এন, সি, গড়াই, শ্রীমতী সুধাবাঈ যোশী কংগ্রেসের ইত্যাদি। ত্রিদিববাবুর সংগে সংগে তাঁরা অনেকে জেলে আছেন, এবং এক এক জনের বিরুদ্ধে দশ বৎসরের কারাদণ্ড, ফাইন ও অন্যান্য শাস্তির ব্যবস্থা হয়েছে, এবং যেটুকু সংবাদ পাচ্ছি তাতে উদ্বেগ বোধ কোরে এই হিউমেন ট্রিটমেন্টএর কথা বলছি। সেখানে রাজনৈতিক বন্দী হিসাবে তাঁদের প্রতি ব্যবহার করা হচ্ছে না, তাঁদের খাওয়াদাওয়া থেকে আরম্ভ কোরে কাগজপত্র ইত্যাদি সমস্ত ব্যাপারেই একটা অবহেলা রয়েছে এই পর্তুগীজ সাম্রাজ্যবাদীদের, এবং প্রত্যেকে সেখানে এক একটা সেলে কাটাচ্ছেন। এইভাবে তাঁদের প্রতি অমানুষিক ব্যবহার করা হচ্ছে। শেষ অবধি কি হবে, গোয়া কিভাবে মুক্ত হবে, সে কথার মধ্যে যাচ্ছি না। সেটা আজকের বিষয়ও নয়, যদিও আমাদের সুস্পষ্ট মত হল যে শেষ অবধি তারা একটি মাত্র ভাষাই বুঝবে যে জোর কোরে গোয়াকে মুক্ত করতে হবে, তা ছাড়া আর কোন কথা পর্তুগীজ সাম্রাজ্যবাদীরা বুঝবে না। আমাদের প্রস্তাবে লেখা আছে—টু মেক সিরিয়াস এফর্টস। তার জন্য আর একটা প্রস্তাব এনেছি যে সম্প্রতি ময়দানে যখন মিটিং হয় তখন আমরা দেখেছি যে পণ্ডিত নেহরু এ বিষয়ে ত্রিদিববাবুর সম্বন্ধে বলেছেন যে একজন এম, পি, এখন সেখানে আটকে পড়েছেন এবং তার বিরুদ্ধে দশ বৎসর কারা দণ্ডের আদেশ দেওয়া হয়েছে। একথা তিনি বলেছেন।

[3-50—4 p.m.]

কিন্তু তার পরবর্তীকালে এটুকু আমরা ভারতবর্ষের সরকারকে অনুরোধ করবো যে শুধু একথা বললেই চলবে না যে আমাদের সংগে কূটনৈতিক সম্পর্কের ছেদ হয়েছে পর্তুগালের। একথা আমরা পণ্ডিত নেহেরুর কাছে শুনেছি, তিনি একটা বিবৃতিতে বলেছিলেন। কাজেই আমরা এ বিষয়ে কি করতে পারি, পর্তুগীজ সরকারের সংগে আমাদের কথাবার্তা কিভাবে হতে পারে? পণ্ডিত নেহেরুকে এটা অনুরোধ করবো সে অনেক উপায় আছে; অন্ততঃ কিছু কিছু উপায় আছে সেগুলি গ্রহণ করা উচিত। তাঁরা যদি সেইভাবে করেন তাহলে অন্ততঃপক্ষে যাঁরা বন্দী আছেন, তাঁদের মুক্ত করবার চেষ্টা অন্ততঃ আমরা করতে পারি। এই চেষ্টা হচ্ছে সবচেয়ে বড় ব্যাপার। তারপর যদি না হয় তাহলে আমরা জানি শেষ অস্ত্র আমাদের আছে, ভারতবর্ষের সরকারের হাতে আছে, ভারতবর্ষের জনসাধারণের হাতে আছে, সেগুলি আমরা পরে দেখবো। কিন্তু সেই চেষ্টার মধ্যে আমাদের এই কথা মনে হচ্ছে যে সমস্ত আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন রাষ্ট্র যতগুলি আছে তাদের সে সম্বন্ধে মতামত নেওয়া এবং পণ্ডিত নেহেরু নিজে বলেছেন গোয়া সম্বন্ধে বলতে গিয়ে তিনি বলেছেন বিভিন্ন রাষ্ট্রের কি অভিমত। এটা হচ্ছে একটা কষ্টিপাথর যাতে আমরা বিচার করে দেখবো যে সেই রাষ্ট্র যে নীতির কথা বলছে, যে লক্ষ্যের কথা বলছে, সেগুলি সত্য কি মিথ্যা। দুর্ভাগ্যবশতঃ মার্কিন সাম্রাজ্যবাদ এতদিন তাঁরা চুপ করেছিলেন, যখন গোয়া আন্দোলন হচ্ছিল তখন তাঁরা বিশেষ কিছু বলেন নি কিন্তু এখন ডালেস-কুনহা যে ষ্টেটমেন্ট বেরিয়েছে তাতে তাঁরা পরিষ্কারভাবে বলে দিয়েছেন যে গোয়া হচ্ছে পর্তুগালের এবং কুনহা এমনও পর্যন্ত কথা বলেছেন যে যুদ্ধ করবেন প্রয়োজন হলে, কিছুতেই

তাঁরা গোয়া ছাড়বেন না এবং ডালেসও তা সমর্থন করেছেন। প্রভিন্স অব পর্তুগাল এই শব্দ তাঁরা ব্যবহার করেছেন। এখন আমাদের কথা হচ্ছে, সেইজন্য আমরা একথা বলবো না যে রাষ্ট্রসংঘে এর বিচারের জন্য আমরা যাই। কারণ এটুকু খুব স্পষ্ট যে প্রথমতঃ নীতির দিক থেকে আমরা সেখানে যেতে পারি না। কারণ গোয়া হচ্ছে আমাদের মতে ঐরকমভাব আন্তর্জাতিক কোন ব্যাপার নয়, গোয়া হচ্ছে ভারতবর্ষের অংশ, ভারতবর্ষের আভ্যন্তরীণ ব্যাপারের কোন সমস্যা নিয়ে নিশ্চয়ই আমরা রাষ্ট্রসংঘে যাবো না এবং দ্বিতীয় কথা হচ্ছে, রাষ্ট্রসংঘে গেলে কি হবে এত আমরা জানি। কারণ মার্কিন সাম্রাজ্যবাদীর ভোট সেখানে বেশী আছে। যদিও জনসংখ্যা তাদের অত্যন্ত কম—ছোট ছোট অনেক সাউথ আমেরিকান রাষ্ট্র আছে, তারপরে গিয়ে কোমিনটাং আছে, নানারকম রাষ্ট্র আছে যারা মার্কিন সাম্রাজ্যবাদীর তাঁবেদারী করে। সেজন্য তারা আমাদের বিরুদ্ধে নিশ্চয়ই ভোট দেবে সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। কাজেই রাষ্ট্রসংঘে যাওয়ার কথা আমরা বলবো না। কিন্তু আমরা এখনও বৃটিশ সাম্রাজ্যবাদীর কাছ থেকে বিশেষ কোন কথা শুনি নি এবং এখন আমাদের অভিমত হচ্ছে, পণ্ডিত নেহেরু প্রায়ই তিনি কমনওয়েলথ প্রাইম মিনিষ্টার কন্ফারেন্সে যান, সেখানে আমরা জানি না তিনি লিখিতভাবেই হোক বা নিজেই হোক, কারো সংগে এ বিষয়ে কোন আলোচনা করেছেন কিনা। কারণ আমরা দেখেছি যে বৃটিশ সাম্রাজ্যবাদীরা, বৃটিশ সরকার কিছুদিন পূর্বেও একথা বলেছেন যে পর্তুগাল হচ্ছে আমাদের সব থেকে পুরানো বন্ধু। এখন তাই যদি হয় তাহলে বন্ধু নিশ্চয়ই বন্ধুর কথা কিছুটা অন্ততঃ শুনতে পারে। সেজন্য আমরা তাদের একটা সুস্পষ্ট অভিমত জানতে চাই আজকের দিনে বৃটিশ সরকার গোয়া সম্বন্ধে কি বলেন এবং আমাদের যারা এখন বন্দী আছেন, তাদের বের করে আনা সম্বন্ধে, তাদের রিলিজ সম্বন্ধে তাদের কি অভিমত সেটা আমরা জানতে চাই, এবং সেটা পণ্ডিত নেহেরুর পক্ষে অত্যন্ত সোজা।

[At this stage the blue light was lit.]

আর দুই-এক মিনিট। এটা সেখানে তুললে তাদের সুস্পষ্ট অভিমতটা জানা যায়। কারণ আমরা দেখেছি যে সোভিয়েট ইউনিয়ন, চীন এরা খুব স্পষ্টভাবে বলে দিয়েছে যে গোয়া হচ্ছে ভারতবর্ষের একটা অংশ গোয়া মুক্ত হওয়ার প্রয়োজনীয়তা আছে। চীনে পিকিং শহরে মিটিং হয়ে গেছে এই নিয়ে যাতে গোয়া মুক্ত হয়। এইসব ব্যাপার আমরা দেখেছি এবং সম্প্রতি কলিকাতায় যে মিটিং হয়ে গেল সেখানেও আমরা সেই কথা স্পষ্ট ভাষায় শুনেছি। আন্তর্জাতিক ক্ষেত্রে যে বন্ধু আমাদের পাওয়া যায় তাদের একত্রিবদ্ধ করা এবং সেই একত্রিবদ্ধ করে পর্তুগীজের উপর চাপ দেওয়া। আর কিছু না হয়, অন্ততঃ এঁদের মুক্ত করার ব্যাপারে এটা নিশ্চয় সেখানে হতে পারে এবং তারপর কথা হচ্ছে যে সেটা যদি আপাততঃ সময় লাগে একমাস সময় লাগতে পারে, দু মাস সময় লাগতে পারে। এসব জিনিষ আন্তর্জাতিক ক্ষেত্রে আলোচনার জন্য সময় লাগতে পারে সেজন্য আমরা বলবো যে কিছু কিছু বন্ধু রাষ্ট্র আমরা পাবো অন্ততঃ ধরুন সমস্ত আরব রাষ্ট্রগুলি, মধ্যপ্রাচ্যে আজকে যে পরিস্থিতি দেখছি তাতে পণ্ডিত নেহেরু যদি তাদের সংগে এই ব্যাপারে কথা বলেন তারা কেউ কেউ সমর্থন জানিয়েছেন এবং আরও অনেকে এই ব্যাপারে সমর্থন জানাবেন অর্থাৎ দুনিয়ার সমস্ত জনসাধারণের অন্ততঃ শতকরা আশি ভাগ জনসাধারণের অভিমত এতে আমরা পেতে পারি। এদের মুক্তির ব্যাপারে এবং গোয়া মুক্তির ব্যাপারে যতদিন সেটা না হয়, যতদিন সময় লাগবে সময় সাপেক্ষ যদি থাকে তাহলে আমি বলবো অন্ততঃ আন্তর্জাতিক ক্ষেত্রে কি কি সংগঠন আছে যার মারফতে আমরা করতে পারি আমি ঠিক সেগুলি জানি না কিন্তু রেডক্রস আছে, এইরকম অনেক সংগঠন আছে যাদের আমরা সেখানে পাঠাতে পারি, জেলের মধ্যে তাঁরা কিভাবে আছেন, কি তাদের প্রয়োজন এই সমস্ত জানবার জন্য। ভারতবর্ষ থেকে কিছু পাঠাতে পারি না পারি তাদের জন্য কি ব্যবস্থা করা যায় বিশেষ করে যাঁরা রাজনৈতিক বন্দী আছেন, তাঁদের বইপত্র পাঠাবার ব্যবস্থা, কাগজপত্র পাঠাবার ব্যবস্থা, এঁদের খাওয়াপরবার ব্যবস্থা এগুলি তাদের মারফত করা যেতে পারে। আমরা মধ্যে মধ্যে শুনেছি এবং জানি যে ত্রিদিববাবুর ওজন কমে গেছে এসব খবর আমাদের কাছে এসেছে। কাজেই রেডক্রস মারফতে হোক বা যেকোন কারণে হোক তাদের সেখানে পরিদর্শন করবার ব্যবস্থা করতে হবে তাঁরা কিভাবে

আছেন, কি তাঁদের প্রয়োজন প্রভৃতি এগুলি জানবার জন্য। কারণ পর্তুগালের কোন লোক গেলে এবং সে সম্বন্ধে তারা কোন বিবৃতি দিলে আমরা তা বিশ্বাস করতে পারবো না। কাজেই এটার প্রয়োজনীয়তা আছে এবং এটা করা দরকার।

এই ব্যাপারে বলতে গিয়ে আমি আজ এটা না বলে পাচ্ছি না যে আমরা তাঁদের প্রতি শ্রদ্ধা জানাই যাঁরা বাংলাদেশ থেকেই হোক বা অন্যান্য জায়গা থেকে হোক সেখানে আন্দোলন করতে গিয়ে নিজেদের জীবন বলিদান দিয়েছেন, যাঁরা চরম আত্মত্যাগ স্বীকার করেছেন। তাঁদেরই কথা স্মরণ করে আমি এই প্রস্তাব আপনাদের সামনে পেশ করছি। আশা করি আপনারা সবাই একমত হয়ে এটাকে ভারত সরকারের কাছে পাঠাবেন।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, ভারতবর্ষ থেকে ভারতীয় জনতার সংগ্রামের ফলে বৃটিশ শাসনের অবসানের পর ভারতবর্ষের দুটো এলাকায় বিদেশী শাসনের প্রভাব ছিল—একটা ফরাসী রাজ্য, আর একটা হল গোয়া সাম্রাজ্য। ভারতবাসীর সংগ্রামের ফলে, তাদের শক্তির বলে, তাদের দুঃখ নির্যাতন ভোগের ফলে ফরাসী সাম্রাজ্যবাদ ভারতবর্ষ পরিত্যাগ করতে বাধ্য হ'ল। কাজেই তারপরেও ভারতবর্ষকে সম্পূর্ণ স্বাধীন বলে স্বীকার করা যায় না, যতক্ষণ না ভারতবর্ষের প্রত্যেক স্থান থেকে সাম্রাজ্যবাদী শাসনের অবসান ঘটে। কাজেই সেদিক থেকে ভারতবর্ষের জনসাধারণ পর্তুগীজ সাম্রাজ্যবাদের অবসানের জন্য গোয়ার জনগণের মুক্তির জন্য সংগ্রাম সুরু করেন এবং এই সংগ্রাম সত্যাগ্রহ মারফতে তাঁরা সুরু করেন। হাজার হাজার ভারতবাসী এই সত্যাগ্রহের পথ অবলম্বন করে গোয়ার মধ্যে প্রবেশ করে এবং তাদের উপর যে কি অমানুষিক, কি অকথ্য অত্যাচার হয়েছে সেটা আপনারা সকলেই জানেন। সেই সত্যাগ্রহের পথ ধরে ভারতবর্ষের বহু বিশিষ্ট ব্যক্তিবৃন্দ, স্বেচ্ছাসেবকবৃন্দ তাঁরা সেখানে যায় কিন্তু তাদের অনেককে মারধোর করে ভারতের সীমানায় পৌঁছে দেওয়া হয় এবং অনেককে তাঁরা গ্রেপ্তার করেন এবং জেলে আটক রাখেন।

[4—4-10 p.m.]

যখন এই সত্যাগ্রহ চলছিল সেই সময় পন্ডিত জওহরলাল নেহেরু এই সত্যাগ্রহের প্রতি কোন নিন্দাবাদ করেন নি। বরং বেশী সংখ্যক সত্যাগ্রহী না গিয়ে যাতে অল্প সংখ্যক ব্যক্তি দ্বারা এই সত্যাগ্রহ সংগ্রাম পরিচালিত হয় এরকম মনোভাব ব্যক্ত করেছিলেন। এবং সত্যাগ্রহীদের মধ্যে যারা গুলি খেয়েছেন, লাঠি খেয়েছেন, অত্যাচার সহ্য করেছেন তাদের অনেক প্রশংসা করেছেন। যারা আজ জেলে আটক আছে তারা নানারকম পাশবিক ও অমানুষিক অত্যাচারের সম্মুখীন হয়েছে, পর্তুগীজ কারাগারে মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে, তাদের উপর যে অত্যাচার চলছে তাতে পৃথিবীর কোন সভ্যজাতি যে এরকম দুর্ব্যবহার করতে পারে তা ভাবতেও পারি না। কাজেই কমরেড ত্রিদিব চৌধুরী, গোরে, বাজারাম প্রভৃতিদের যেসময় গ্রেপ্তার করেছিলেন সেইসময় ভারত গভর্ণমেন্ট কিংবা কংগ্রেস থেকে এই সত্যাগ্রহ বন্ধ করবার নীতি গৃহীত হয় নি, বরং তারা পরোক্ষভাবে তাদের কাজের অনেকখানি সমর্থন এবং প্রশংসা করেছিলেন। যদিও আজ সত্যাগ্রহ সেভাবে চলছে না, যদিও ভারত গভর্ণমেন্ট প্রত্যক্ষভাবে সত্যাগ্রহে বাধা দিচ্ছেন কিন্তু এটা ঠিক নয় যে ভারতবর্ষের জনতা গোয়ার মুক্তির জন্য দুঃখ, নির্যাতন ভোগ করতে প্রস্তুত নয় বা সংগ্রাম করতে প্রস্তুত নয়। জ্যোতিবাবু যে কথা বলেছেন যা আমরা আগেও বলতাম -গোয়া যদিও ভারতের বুকে পৃথিবীর একটা ক্ষুদ্র পর্তুগীজ সাম্রাজ্য যাদের অতীত ইতিহাস খুব গৌরবময় নয় তারা যখন ভারতের জনসাধারণের বিরোধিতা সত্ত্বেও গোয়াকে ধরে রাখছে তখন এর পেছনে নিশ্চয়ই কোন না কোন সাম্রাজ্যবাদী শক্তি আছে। এবং তাদের কুটনৈতিক যে উদ্দেশ্য তা সিদ্ধ করবার জন্যই গোয়া সাম্রাজ্যবাদীদের সমর্থন করছে। এটা আমরা অনেক দিন আগে থেকে জানতাম এবং আমরা বলেছিও, আজ সেটা পরিষ্কার হয়ে গেছে। গোয়া সত্যাগ্রহ আজ পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রের কাছে গোয়ার অবস্থা অতি পরিষ্কারভাবে তুলে ধরেছে। গোয়া যে ভারতেরই অংশ সেবিষয়ে কোন সন্দেহ নাই। যেহেতু ইংরেজ এখানে ২০০ বছর ছিল, ফরাসী কয়েকশত বছর ছিল, পর্তুগীজরা ৪০০ বছর আছে অতএব সেটা পর্তুগীজদের একটা অংশ এ যুক্তির কোন মানে হয় না। পৃথিবীর অধিকাংশ জাতির কাছে আজ সত্যাগ্রহ

ও গোয়ার প্রশ্ন বেশ বড় হয়ে উঠেছে। এবং পৃথিবীতে যারা ঔপনিবেশের বিরোধী, যারা বিভিন্ন দেশের এবং জাতির কৃষ্টি ও স্বাধীনতা স্বীকার করেন, সেদিক থেকে এই সমস্ত জাতি তারা গোয়া, দমন, দিউএর মুক্তি—পর্তুগীজ শাসন থেকে মুক্তির পক্ষে মত প্রকাশ করেন। একমাত্র বিরোধী পক্ষের ডালেস এবং কুনহা এত নির্লজ্জভাবে ও যুক্তিহীনভাবে তারা গোয়া, দমন, দিউএর শাসকদের সমর্থন করেছেন যা পৃথিবীর আর কোন জাতি এইভাবে সমর্থন করেন নি। যদিও আমেরিকাতে ডালেসের এই বিবৃতির ফলে এখানেও তার বিরুদ্ধে একটা বিশেষ জনমত প্রবল হয়ে উঠেছে। কাজেই এই অবস্থায় আজ আমাদের যে সমস্ত বন্ধু ও সহকর্মী যারা পর্তুগীজ সাম্রাজ্যের দ্বারা গ্রেপ্তার হয়ে জেলে গিয়েছেন, যারা গোয়া, দমন, দিউ এর মুক্তির জন্য দুঃখ ভোগ করছেন, যাদের জেলখানায় মানুষের মত ব্যবহার করা হয় না—আমি শুনেছি যাদের গ্রেপ্তার করা হয় তাদের জেলের মধ্যে নিয়ে গিয়ে মারধর করা হয়, দুই তিন দিন একদম খেতে দেওয়া হয় না এবং সেখানে কোন রকম লেখাপড়ার ব্যবস্থা নেই যার ফলে এইসমস্ত শিক্ষিত মানুষদের সেখানে মানুষের মত থাকা অসম্ভব। সারা পৃথিবীতে বিভিন্ন জেলখানায় অন্ততঃ রাজনৈতিক বন্দীদের তারা মানুষের মত ব্যবহার করে থাকে। আজ ভারত গভর্নমেন্টের কর্তব্য তাদের এসম্বন্ধে নীতি ঘোষণা করা। এবং এইভাবে সত্যাগ্রহ বন্ধ করেছেন আজ তাদেরই উপর এই কর্তব্য এসে গিয়েছে। যদি এই সত্যাগ্রহ চলতে থাকতো তাহলেও আমরা আশা করতে পারতাম যে এই দুঃখ নির্যাতনের মধ্যে দিয়ে গোয়া একদিন মুক্তি পাবে। পণ্ডিত নেহেরু বার বার বলছেন যে তাঁরা গোয়াকে মুক্ত করবেন। কিন্তু যদি সত্যাগ্রহ আন্দোলন চলতো তাহলে আমরা আশা করতাম গোয়ামুক্ত হবে। যেভাবে সারা ভারতে সত্যাগ্রহ আন্দোলন প্রসার লাভ করছিল, আমাদের তরুণরা যেভাবে এগিয়ে যাচ্ছিল তার থেকে আমাদের মনে হচ্ছিল গোয়া অচিরেই মুক্তি পাবে। ভারতবর্ষ এই নীতি গ্রহণ করার পর যেসমস্ত জেলে যেসমস্ত সত্যাগ্রহী রয়েছে, যেমন কমরেড ত্রিদিব চৌধুরী, গোরে, রাজারাম, তাদের নৈতিক কর্তব্য রয়েছে এদের যে করেই হক মুক্ত করে আনা যেকোন উপায়েই হক। পৃথিবীর যেকোন জাতির সংগে যোগাযোগ করেই হক তাদের যাতে মানুষের মত ব্যবহার করা হয় তার ব্যবস্থা করা কর্তব্য এবং যতশীঘ্র সম্ভব তাদের জেল থেকে মুক্ত করে আনতে হবে।

[4-10—4-20 p.m.]

Sj. Narendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষ থেকে ইংরাজ এবং ফরাসী চলে যাবার পর আমরা আশা করেছিলাম পর্তুগালও তাদের সামান্য রাজ্যটুকু ছেড়ে সসম্মানে চলে যাবে কিন্তু সত্যাগ্রহ আন্দোলন এবং পরবর্তীকালে এই যে কিছুদিন আগে ডালেস যে স্টেটমেন্ট দিয়েছেন তা থেকে মনে হচ্ছে যে সাম্রাজ্যবাদীদের একটা মস্ত ষড়যন্ত্র রয়েছে তারা ভারতবর্ষ থেকে এই যে ব্ল্যাক স্পট অন দি সয়েল অফ ইন্ডিয়া গোয়া, দমন, দিউ এ ছেড়ে যেতে রাজী নয়। আমরা সত্যাগ্রহ করেছি, কিন্তু সত্যাগ্রহ বন্ধ করলে কিভাবে এই কার্য সফল হবে গোয়া, দমন, দিউ কি করে পর্তুগীজদের কবল থেকে মুক্ত হবে জানি না। অহিংস বা সহিংস সংগ্রামের মধ্য দিয়ে সমস্যা সমাধান হয়, জানি, আর কিভাবে যে হতে পারে তা বুঝি না। কংগ্রেস পরিচালিত সরকার যখন সত্যাগ্রহ নীতি বন্ধ করেছেন তখন তার উপর দায়িত্ব পড়েছে যে কি করে অন্ততঃ সেই আন্দোলনে কারাবরণ করেছেন যেমন শ্রীযুত ত্রিদিব চৌধুরী, শ্রীযুত যোশী, রাজারাম তাদের মুক্ত করা যায় তার পথ বের করে সেই চেষ্টা করা। সত্যাগ্রহ আন্দোলন চলতে থাকলে এতদিনে এ সমস্যা মিটে যেত। আজ সত্যাগ্রহ বন্ধ করায় ভারত সরকারের দায়িত্ব এঁদের মুক্ত করবার ব্যবস্থা গ্রহণ করার। যেহেতু আমরা মহাত্মা গান্ধীর শিক্ষামত অহিংসা সংগ্রামে বিশ্বাস করি। আমরা মনে করি যখন এইভাবে আন্দোলন করে আমরা ইংরাজকে তাড়াতে পেরেছি তখন পর্তুগীজের যা শাসনকর্তারা যারা অসমীচীন একটা ঘোষণা পৃথিবীর সামনে করেছেন যে গোয়া একটা পর্তুগীজ প্রদেশ। গোয়া যদি পর্তুগালের অংশ হয় তাহলে পর্তুগালও স্পেনের অধীনে ছিল বলে স্পেন তাকে নিজের অংশ বলে দাবি করতে পারে। আর আমেরিকাও ইংলন্ডের অধীনে ছিল বলে ইংল্যান্ড আমেরিকাকে ইংলন্ডের অংশ বিশেষ বলে দাবি করতে পারে। আমাদের রুশ নেতৃবৃন্দ যাঁরা আমাদের দেশে এসেছেন তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি তাঁরা পৃথিবীর সামনে সাম্রাজ্যবাদীদের মুখোষ পরিষ্কারভাবে খুলে দিয়েছেন। ডালেসের স্টেটমেন্ট

বের হবার পর কাগজপত্র যা দেখেছি তাতে দেখলাম ডালেসের এই নীতিকে বহু আমেরিকান নিন্দা করেছেন। এক্স-প্রেসিডেন্ট ট্রুম্যান বলেছেন যে আমেরিকার পররাষ্ট্র নীতি যেভাবে প্রবাহিত হচ্ছে তার ফলে আমরা আমাদের অনেক বন্ধুদের হারাতে বসেছি। আমি এইটুকু বলতে চাই একটা সংগ্রাম কিছু না করলে গোয়াকে মুক্ত করা যাবে না। ছেলেবেলা থেকে নানারকম বই এবং ইতিহাস যা পড়েছি তার মধ্যে দেখেছি অনেকক্ষেত্রে ফরাসী, ইংরাজ এদের মধ্যে বড় যোদ্ধা, অনেকক্ষেত্রে তাদের মহানুভবতার পরিচয় পেয়েছি, কিন্তু পর্তুগালের যে ইতিহাস দেখি তাতে তাদের বোম্বেটে জলদস্যু হিসেবে জানতে পারি। তাদের কাছে মহানুভবতা আশা করা যায় না। ভারতবর্ষ সহজে যে জলদস্যুর হাত থেকে গোয়া ফিরে পাবে তা মনে হয় না। তারচেয়ে একটু চাপ দিলে অনেক আগে গোয়াকে মুক্ত করা যেত। দুঃখ হয় এবং মনে হয় অন্ততঃ প্যাটেলের মত লোক যদি আজ জীবিত থাকতেন তাহলে এতদিন গোয়া পর্তুগালের অধীনে থাকতো না। ভারত সরকার আজ সত্যাগ্রহ বন্ধ করে দিয়েছেন সুতরাং অন্য কিভাবে গোয়াকে মুক্ত করা হবে সেটা পণ্ডিত নেহেরু প্রভৃতি সকলের ভেবে দেখা দরকার এবং সেইভাবে কাজ করার প্রয়োজন। আমাদের দাবী আমাদের যারা বন্দী হয়ে আছেন তাঁদের অবিলম্বে মুক্ত করার ব্যবস্থা করা হোক। এবং যতদিন তাদের মুক্তি না হয় ততদিন যেন তাদের উপর হিউমেন ট্রিটমেণ্ট করা হয়। নিজেদের দেশে যে বোম্বেটে ব্যবহার করেন সেটা যেন এদের উপর চালান না হয় তাই বলছি ভারত সরকার এ'দের মুক্তির জন্যে যথাযোগ্য চাপ দেবেন এবং যতদিন এ'রা মুক্ত না হন অন্ততঃ তাদের উপর মানোবোচিৎ ব্যবহার যাতে হয় তার জন্যেও চাপ দেবেন।

Sj. Jyotish Joarder:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের নেতৃস্থানীয় শ্রীযুক্ত ত্রিদিব চৌধুরী এবং অন্যান্য যেসমস্ত বীরবীরাঙ্গনা ভারতের স্বাধীনতা সংগ্রামের এই একটা অংশ পূর্ণ করবার জন্যে সর্ব-রকমভাবে দুঃখ বরণ করতে প্রস্তুত হয়েছিলেন তারা যে জেলে আছেন সেটা মানবতার প্রশ্ন নয়। তাঁরা জীবন দান দেবার জন্য প্রস্তুত, জীবন যাওয়ার জন্য কুণ্ঠিত হচ্ছেন না। কিন্তু তাদের উপর যে জুলুম হচ্ছে, তাঁরা যে নির্যাতন ভোগ করছেন এজন্য কে দায়ী? এই প্রশ্নটাই আমার প্রথম মনে আসছে। আজ ত্রিদিববাবু তিনি সাত্যসাত্য গোয়া জেলে আছেন, না ভারতীয় পররাষ্ট্র নীতির যে একটা জেলখানা সেখানে বন্দী? আমার মনে হয় পরের কথাটাই সত্য। তা না হলে আজ এখানে দাঁড়িয়ে আমাদের এই সমস্ত কথা বলতে হতো না। অহিংসার বাণী, শান্তির বাণী শুনে শুনে কান ঝালাপালা হয়ে গেল। সেই অহিংসার বা শান্তি কিসের উপরে না, কামানের পরে। মহাত্মাজী বলেছিলেন কাপুরুষতার চেয়ে হিংসা ভাল। আমাদের অহিংসার গুরু, তিনি স্বয়ং এই কথা বলে গিয়েছেন। আমরা গোয়া স্বাধীন করবো না আর কেবল বাজে কথা বলবো। এদিকে যাঁরা সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিলেন এবং আজ কারাগারে বন্দী হয়ে আছেন তাঁদের প্রতি আমাদের সরকার কর্তব্য পালন করছেন না। তাঁরা সংগ্রাম করে এমন একটা অবস্থার সৃষ্টি করেছিলেন পর্তুগীজের বিরুদ্ধে সারা দেশ দাঁড়াতো। তাই বলছি এখানে ন্যায়সংগত যে দাবী তা সমর্থনের জন্য আমাদের সরকার যদি অগ্রসর হতেন তাহলে সেখানে গোয়ার মুক্তি একটা সাধারণ, সহজ ব্যাপার হয়ে যেত। কিন্তু সেটা তারা করবেন না। কেন যে করছেন না, ভয়ে না অন্য কোন কারণ আছে সে কারণটা মিস্টিরিয়স কেউ বুঝতে পারছেন না। কারা আমাদের এ বিষয়ে সাহায্য করবেন না করবেন, কারা ভালবাসবেন না ভালবাসবেন, কথা তা নয়। আসল কথা আমাদের দাবীর ন্যায্যতা যদি থাকে এবং তা আদায়ের জন্য যদি আমরা প্রস্তুত থাকি, আন্দোলন করি তাহলে দুনিয়ার মানুষ যারা স্বাধীনতায় বিশ্বাস করেন, ন্যায়ধর্মে বিশ্বাস করেন তারা আমাদের পাশে এসে দাঁড়াবেন। সেই বিশ্বাস আমাদের থাকা উচিত। তা না হলে এদেশে এত স্বাধীনতা সংগ্রামের জন্য, সত্যের জন্য লোকে এত সর্বস্বান্ত যে হয়েছিল সেটা সত্যের মস্তবড় প্রকাশ। আমরা কি এখানে সত্যের জন্য কাজ করছি? তা যদি করতাম তাহলে আমরা এক ঘণ্টার মধ্যে গোয়া ফিরে পেতাম। আমরা শুধু বসে বসে ভাবছি গোয়া সম্বন্ধে কিছু করতে গেলে পৃথিবীর মানুষ আমাদের বিরুদ্ধে যাবে। একথা বিশ্বাস করবার নয়। আজকে আমাদের দেউলিয়া রাজনীতির জন্য ত্রিদিববাবু এবং অন্যান্য দেশকর্মী যারা তারা বন্দী। নির্যাতনের জন্য পর্তুগালকে আমরা দোষী করব না।

[4-20—4-30 p.m.]

সাম্রাজ্যবাদী নীতিই হচ্ছে অপরকে নির্যাতন করা। তাদের কাছে কোন আবেদন নিবেদনে কাজ হবে না। সমস্ত ভারতবাসী জানে তাদের দাবী পূর্ণ করবার জন্য আজকে আমাদের যে কাজ করা কর্তব্য, সেটা করা হচ্ছে না। সেই অন্যায়ের প্রতিবাদের জন্য, প্রতিকারের জন্য ত্রিদিববাবু ও তাঁর বন্ধুবান্ধবেরা সর্বস্ব পণ করে সেখানে গিয়েছেন। এদের সম্বন্ধে আমাদের যে প্রস্তাব সে প্রস্তাব অত্যন্ত মর্মস্পর্শীভাবে এখানে আনা হয়েছে। এর মধ্যে রয়েছে তাঁদের প্রতি যেন মনুষ্যোচিত সম্মানজনক ব্যবহার করা হয় এই দাবী করা হচ্ছে। ভারত সরকারের কাছে অনুরোধ করা হচ্ছে এই দাবীর পেছনে দাঁড়িয়ে সেই দাবী আদায় করবার জন্য তাঁরা একটা প্রত্যক্ষ চেষ্টা করুন। যাতে আমরা বলতে পারি তাঁরা সত্যসত্যই অহিংসা ও সত্য স্থাপনের জন্য প্রস্তুত আছেন। তাই এইসংগে আমি বলবো যারা শহীদ হবো বলে এত দুঃখ নির্যাতন ভোগ করেছেন ও করছেন, তাঁদের অবিলম্বে মুক্ত করুন। আজকে এই সভার মধ্যে আশা করবো একজনও মানুষ পাওয়া যাবে না যিনি এই দাবী এই প্রস্তাব সমর্থন করবেন না। তাই আমার আবেদন যাতে আমরা সবাই মিলে এই প্রস্তাবের পেছনে দাঁড়াতে পারি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার মহাশয় এ বিষয়ে আমার পূর্ববর্তী বক্তারা সুস্পষ্টভাবে বলে গেছেন। আমি বলি এই যে আন্দোলন, একটা স্বতঃস্ফূর্ত আন্দোলন হয়েছিল, পূর্বে ইংরেজকে তাড়াবার জন্য যেরকম আন্দোলন হয়েছিল তেমনি বোম্বেটে পর্তুগীজদের তাড়াবার জন্যও এই রকম আন্দোলন হয়। এদের ইতিহাস যদি দেখা যায়, তাহলে দেখা যাবে পূর্বে তাদের বোম্বেটে বলা হত, হুগলী ও তার চারিদিকে লুটপাট করে বেড়াত। শেষকালে দিল্লী থেকে অনেক সৈন্য এসে গ্রেপ্তার করে তাদের দমন করা হয়। এই যে সামান্য পর্তুগীজ, তাদের এতদূর সাহস হতো না এই রকমভাবে বলবার যে গোয়া তাদের প্রদেশের অংশমাত্র, ভারতবর্ষের অংশ নয়। কোথা থেকে গোয়া তাদের প্রদেশের অংশ হল? গোয়া কোনক্রমেই তাদের প্রদেশের অংশ হতে পারে না এটা আমাদের ভারতের অংশ। যেটা কংগ্রেস থেকে আরম্ভ করে কমুনিস্ট, পি. এস. পি, জনসংঘ সব পার্টিই একবাক্যে দাবী করছেন গোয়া ভারতের একটা অংশ। মাননীয় বুলগানিন ও ক্রুশ্চেভও একবাক্যে বলে গেছেন এটা ভারতেরই অংশ। এ ব্যাপারে ইউ. এন. ওএর যা ব্যবহার, তাতে আমরা সকলে স্তম্ভিত হয়ে গেছি। মনে হয় ভেতরে ভেতরে এদের হাত ছিল, তারা পর্তুগালকে এইভাবে সাহায্য করে এসেছে। তাদের থেকে সাহস না পেলে নিরীহ ভারতীয়দের গুলি করে মারতে তাদের সাধ্য হতো না। বান্দুং কনফারেন্সে তার নিন্দা করা হয়েছে, সৌদি আরবের রাজাও সেদিন তার নিন্দা করেছেন। সবাই এর নিন্দা করছেন। কোথা থেকে এইরকম অত্যাচার করবার সাহস তারা পায়, তাদের সে মুখোস এখন খুলে গেছে। অবশ্য ইংরেজ এখনো কিছু বলে নি। কিন্তু ভেতরে ভেতরে তাদের নিশ্চয়ই যোগ আছে। কারণ তারা যে ওদের বন্ধু। আমাদের আগে দেখা উচিত আমাদের বন্ধু কে? আমার বোধ হয় আমাদের বন্ধু আছে এক ভগবান। কিন্তু যখন আমরা ন্যায়ের পথে চলছি, তখন আমরা বলবো নিশ্চয়ই আমরা জয়লাভ করবো। যেমন আমরা ইংরেজকে তাড়িয়েছিলাম তেমনি করে পর্তুগীজদেরও আমরা নিশ্চয়ই তাড়াবো। এই আমার স্থির বিশ্বাস। ভারতবর্ষের এক বাণী হওয়া উচিত। সেদিন পণ্ডিত নেহরু বলেছেন অচিরে গোয়া মুক্ত হবে। সে সবই বুঝলাম। এখন হচ্ছে একমাত্র প্রতিবাদ করা যারা জেলে গেছেন তাদের উপর অমানুষিকভাবে অত্যাচার করা হচ্ছে, দশ বছরের জন্য কারাবাসের দণ্ড দেওয়া হয়েছে। পূর্বে বৃটিশ সরকারও এত সাহস পান নাই, এতদিন জেল দেন নাই। নিরীহ সত্যাগ্রহীদের যে দশ বছর জেল দেওয়া হল সেই জেল থেকে তারা যাতে অচিরে মুক্তি পায় কিংবা জেলের মধ্যে তাদের উপর যাতে মানুষের মত সদয় ব্যবহার করা হয়, তারজন্য আন্দোলন করা উচিত। আমি বলি এই বিধানসভার একবাক্যে কেন্দ্রীয় সভাকে অনুরোধ করা উচিত যাতে তাঁরা দাবী জানান তাদের মুক্তির জন্য ও তাদের উপর মনুষ্যোচিত ব্যবহারের জন্য।

Sj. Haripada Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয় এই প্রস্তাবটা আমাদের সকলের একমত হয়ে গ্রহণ করা উচিত। পণ্ডিত নেহরু একেবারে কোন রকম ধোকা না রেখে পরিষ্কার করে বলেছেন সেদিন পর্যন্ত

যে গোয়া ভারতের অন্তর্ভুক্ত হবেই হবে। কিন্তু কার্যতঃ তার কোন চেষ্টা না করে আজকে পরিষ্কার বোঝা যাচ্ছে যে তা হবার কোন লক্ষণই নাই। আর যতদিন সেটা ভারতের অন্তর্ভুক্ত না হচ্ছে, ততদিন আমাদের স্বাধীনতা যে কত ফাঁকি তা বুঝতে পারছি। গোয়া আমাদের ভারতেরেই অংশ, কেন যে গোয়া ভারতের অন্তর্ভুক্ত হবে না এর কোন যুক্তি নাই। খালি যুক্তি—ইংরেজ ও আমেরিকা তা চাচ্ছে না। সেটা পরিষ্কার ভাষায় বোঝা যায় ইংরেজ চাচ্ছে না। যারা ইংরেজ গভর্নমেন্ট চালাচ্ছেন সেই কন্‌জারভেটিভ পার্টি, তাঁরা সেদিন কিরকমভাবে নেহরুকে গালাগালি করেছেন তা আমরা সকলে জানি। তারা কিছুতেই চাচ্ছে না গোয়া ভারতের অন্তর্ভুক্ত হোক। তাহলে ভারতের স্বাধীনতা আমরা আজও পুরোপুরি পাই নাই—একথা বলতে আমি বাধ্য যতক্ষণ না গোয়া ভারতের অন্তর্ভুক্ত হচ্ছে। ত্রিদিব চৌধুরী শুধু বন্দী নয়, আজ বন্দী হচ্ছে সমগ্র দেশ। যারা স্বাধীনতা সংগ্রামের পুরোভাগে ছিল, তাদের সকলের পুরোভাগে ছিলেন যিনি সেই ত্রিদিব চৌধুরী আজ বন্দী মানে আমাদের দেশই বন্দী। তার প্রতিকার ভারতের প্রত্যেকটি লোকের সচেষ্টভাবে করা দরকার।

পণ্ডিত নেহরু আজ বিশ্বপরিস্থিতির মধ্যে পড়ে তাঁর যে কি অবস্থা, তা তিনিই বুঝছেন, অপর কেউ বুঝছেন না। পণ্ডিত নেহরুর এই অবস্থায় আমরা সহানুভূতি জানাই। গণতন্ত্রে প্রত্যেকেরই স্বাধীনভাবে বলবার অধিকার আছে। সেই হিসেবে আমি একথা বলছি এর প্রতিকারের জন্য। গান্ধীজী যেমন অতি দুর্দিনেও আশা হারাতেন না, তাঁর কর্মকুশলতা ছিল, তিনি ভয় পেতেন না, তেমনি নির্ভয়ে যা আমাদের করা উচিত, তা তিনি করুন, সকলের তা করা দরকার। এর পরেও আমরা কমনওয়েলথএ থাকবো? কেন আমরা কমনওয়েলথ ত্যাগ করবো না? কিসের জন্য থাকবো? কমনওয়েলথএ থাকবার কি মানে হয়? আমরা সাউথ আফ্রিকার পেটান খাচ্ছি। গোয়াতেও খাচ্ছি। এমতাবস্থায় কমনওয়েলথএ থাকবার কি মানে হয়? গোয়া নিয়ে আন্দোলন করবো, তাতেও গালাগালি খাবো ইংরেজ সরকারের সমস্ত কাগজে। বিদেশী পণ্য বর্জন এতো আমরা করেই এসেছি চিরকাল। আমাদের স্বাধীনতা সংগ্রামে দেশকে মহাত্মা গান্ধী যখন চালিয়েছেন, তখন বিদেশী পণ্য বর্জন করেছি। সুতরাং এখন কেন সেই অস্ত্র আমরা নিক্ষেপ করতে পারবো না বুঝতে পারি না। ইংরেজ ও আমেরিকা এই গোয়ার পেছনে রয়েছে। আমার মনে হয় সমস্ত জাতির, ভারতবর্ষের সকলে মিলে আজ যদি সচেষ্ট হই তাহলে গোয়ার এই ব্যাপারের প্রতিকার হতে বেশী দিন লাগবে না। কাজেই হাত গুটিয়ে থাকলে কিছু হবে না। ভারত সরকার সেদিন সত্যাগ্রহীদের বাধা দেন নাই। আজ কি কারণে তাঁরা সত্যাগ্রহ বন্ধ করলেন? কি পরিস্থিতির জন্য তা করলেন? ইংরেজ ও আমেরিকা চাচ্ছিল না আমরা সত্যাগ্রহ আন্দোলন করি। তবুও আমরা সত্যাগ্রহ করেছি।

আজ আমাদের বক্তব্য হচ্ছে বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ ছেলে আজ গোয়ায় বন্দী, সেই কথা মনে করে সকলে একমত হয়ে এই প্রস্তাব পাঠাবো, হয় অচিরে তাঁকে মুক্তি দেওয়া হোক, আর তা না হলে যতদিন তিনি বন্দী আছেন অন্ততঃ ততদিন তিনি যেন জেলের মধ্যে ভাল ব্যবহার পান, মনুষ্যোচিত ব্যবহার পান।

[4-30—4-40 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:
মিস্টার স্পীকার, স্যার! আমি মনে করেছিলাম যে বলব না, কিন্তু কিছু বলার দরকার হয়ে পড়েছে। জ্যোতিবাবু এসেম্বলির সকল সভাকে রেজলিউসনটা সমর্থন করবার জন্য যখন অনুরোধ করেন তখন আপনি তাঁকে অন্ততঃ এই ইঙ্গিত দিয়েছিলেন যে সকলেরই সমর্থন এতে আছে। সেটা আপনি দিয়েছিলেন এই দেখে যে এই রেজলিউসনটা সকল পার্টি এবং গ্রুপএর সম্মতিক্রমেই রাখা হয়েছে। কিন্তু একটির পর একটি কোরে যত বক্তা এর উপর বলে গেছেন সকলেই বিরোধী পক্ষ থেকে। এখনও পর্যন্ত ওপক্ষ থেকে, কংগ্রেসপক্ষ থেকে, এর কোন সমর্থন করা হয় নি। আমি আশা করব যে কংগ্রেসপক্ষীয় বন্ধুরাও এর সমর্থন জানাবেন এবং শেষ পর্যন্ত চীফ মিনিষ্টার মহাশয়ও এর সমর্থন জানাবেন।

পূর্ববর্তী বক্তারা রেজলিউসনে যা বলেছেন আমি আমার বক্তব্যে তাঁদের সমর্থন জানাই। আমরা আজ খালি ত্রিদিব চৌধুরী মহাশয়ের সম্বন্ধে এই রেজলিউশন এনেছি, তাই বলে আর যেসকল সত্যাগ্রহী সেখানে কারাবরণ করেছেন তাঁদের উপেক্ষা করেছি তা নয়। তাঁকে বিশেষ কোরে বেছে নেবার কারণ এই যে এখানে রুশ নেতাদের সম্বর্ধনা সভায় পণ্ডিত নেহরু এ'র কথাই বিশেষ কোরে উল্লেখ করেছেন। সেইজন্যই আমরা বিশেষ কোরে এই নামটা দিয়ে স্মরণে আনতে চাই যে এখনও পর্যন্ত ত্রিদিববাবুর উপর যে বর্বরোচিত ব্যবহার করে আসছে এই পর্তুগীজ সরকার সে সম্বন্ধে এখানে বলে যাওয়া সত্ত্বেও কোন রকম স্টেপ নেন নি, বরং আজকে দশ বৎসরের জেল, বড় বড় ফাইন, ফাইন না দিলে আরও জেল ইত্যাদির ব্যবস্থা করেছে; তার কারণ হচ্ছে সরকারের অব্যবস্থিতচিত্ততা। তাঁরা যখন দেশের মধ্যে সত্যাগ্রহ করব বলে গিয়েছিলেন তা যদি করতে পারতেন তাহলে আজকে এখানে ভারতবাসীদের জেলে পুরবার মত অবস্থা তাদের থাকত না। কিন্তু সেটা আমাদের সরকার আটকে দিয়েছেন। সেটা আটকে দিয়ে এবং দেশের মধ্যে আন্দোলন নিবারণ কোরে তাঁরা বলেছেন যে দেখ, আমরা সব ঠিক কোরে নিচ্ছি, আমাদের উপর ভার দাও, তোমরা এগিয়ে যেও না, তাহলে সব ব্যবস্থা আমরাই কোরে আনব। এইভাবে তাঁরা দেশের লোককে আশ্বস্ত করলেন, সত্যাগ্রহ করতে দিলেন না। তাই আজ পর্তুগীজ গভর্নমেন্ট এতটা অসমসাহসিক হয়ে উঠেছে, আর তাদের স্পর্ধা এত বেড়ে গিয়েছে যে যেকোন রকম অমানুষিক ব্যবহার বা অত্যাচার করতে তাদের বাধছে না। তাই বলছি পণ্ডিতজীর এ সম্বন্ধে বিশেষ কোরে নজর দেওয়া উচিত যাতে করে ভারতীয় সত্যাগ্রহীরা খালাস পায় এবং যতদিন খালাস না পায় ততদিন পর্যন্ত তাদের উপর মানুষের মত ব্যবহার করা হয় তারজন্য এ প্রস্তাব বিবেচনা করা উচিত।

Sj. Subodh Banerjee:

মিস্টার স্পীকার, স্যার! আমি এই প্রস্তাব সমর্থন করছি। তবে সেইসঙ্গে এই কথাও বলছি যে, ভারতবর্ষের মাটিতে পর্তুগীজ সাম্রাজ্যবাদ যে আজও ঘাটি গেড়ে বসে আছে সেটা ভারতবাসীর পক্ষে কলঙ্কের কথা। তবে এই কলঙ্কের জন্য ভারতবাসী দায়ী নয়। এই কলঙ্কের জন্য দায়ী ভারত সরকারের দুর্বল পররাষ্ট্র নীতি। তাঁরা শান্তি ও অহিংসার কথা বলেন, কিন্তু সেই শান্তি ও অহিংসার পূজারীদের বাধে না বোম্বাইয়ে সাধারণ মানুষের ও পাটনায় ছাত্রদের উপর গুলি চালাতে এবং এ দেশের চাষী ও মজুরকে নির্বিচারে হত্যা করতে। তখন অহিংসার কথা ওঠে না। (জনৈক সদস্য: ওসব বাজে কথা বলে লাভ কি?)

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order, Sir Does that arise out of this resolution? If so, it would not be possible for us to support the resolution If members go on criticising Government as they are doing it is not possib'e for us to support the resolution

Sj. Subodh Banerjee:

সুতরাং আমি মনে করি পর্তুগীজ সাম্রাজ্যবাদকে হটাতে হলে কঠোর ব্যবস্থা অবলম্বন করার দরকার আছে। এমন ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে কোরে সাম্রাজ্যবাদী শোষণ এবং শাসন ভারতের মাটি থেকে নিশ্চিহ্ন হয়ে যায়। তবে এতে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীর আপত্তি কোথায় তা বুঝলাম না। আমি বুঝলাম না এইজন্য যে (দি অনারেবল ডাঃ বিধানচন্দ্র রায়: বুদ্ধি থাকলেই বুঝতে পারবেন) আমার বুদ্ধি নাই বোধ হয়, তাই আমি ভারতের মাটি হতে সাম্রাজ্যবাদী শাসন ও শোষণ দূর করতে চাই। ডঃ রায়ের অনেক বুদ্ধি তাই তিনি সাম্রাজ্যবাদের দালালী করছেন। আমি স্বীকার করি—যে বুদ্ধি বিদেশীর দালালী করতে শেখায় তা আমার নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, does this arise out of this resolution—condemnation of the Government as to the method to be adopted for the liberation of Goa? I have heard that very patiently from different speakers. I will not think that this arises out of this resolution.

Mr. Speaker: Foreign affairs policy is not the concern of this Government. Please confine yourself to the different aspects of the resolution as other speakers have done—please speak on the release of Sj. Tridib Choudhury and other aspects.

Sj. Subodh Banerjee:
আমি মনে করি যে, ভারতবাসীর যে দাবী সেই দাবীর প্রতি যদি শ্রদ্ধা জানাতে হয় তাহলে ভারতবর্ষের মাটি থেকে পর্তুগীজ সাম্রাজ্যবাদকে উচ্ছেদ করা দরকার। সেই দিক থেকে পশ্চিম বাংলা সরকারের এই প্রস্তাব সমর্থন করা কর্তব্য। ডাঃ রায় আমাদের ভয় দেখাচ্ছেন যে, তিনি এই প্রস্তাব সমর্থন করবেন না যদি আমরা সরকারের সমালোচনা করি। এটা তাঁর দম্ভের কথা তাই লজ্জার কথা। এই প্রস্তাবে ত্রিদিববাবুর মুক্তির কথা বিশেষ কোরে বলা হয়েছে, কারণ, ত্রিদিববাবু বাংলা দেশ থেকে নির্বাচিত হয়েছেন লোকসভার সদস্য হিসাবে ; বাংলাদেশের প্রতিনিধি তিনি। তাই বাংলাদেশের বিধানসভায় তাঁর সম্বন্ধে বিশেষভাবে বলা দরকার, এবং তার মুক্তি দাবী করা দরকার। সাথে সথে বলব পশ্চিমবঙ্গ সরকারের উচিত বাংলাদেশের সাধারণ মানুষ এই দাবীর সমর্থনে যে সংগ্রাম করছে তাকে জোরদার করা। সেদিন কলিকাতা কর্পোরেশন পর্তুগীজ চার্চ লেনের নাম বদলিয়ে ত্রিদিববাবুর নামে ঐ রাস্তার নামকরণ করেছেন। পশ্চিমবাংলা সরকারেরও এইরকম শক্ত মনোভাব গ্রহণ করা উচিত। যথাসম্ভব শক্তি দিয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ এই রাজ্যের সরকারকে দিতে হবে যাতে ত্রিদিববাবুকে পর্তুগীজ জেল থেকে মুক্ত করা যেতে পারে। শুধু প্রস্তাব পাশ কোরেই চুপ করে বসে থাকলে চলবে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am very sorry that most of the speakers who have spoken on the resolution, which is of a specific nature, have gone astray and have discussed the question of the liberation of Goa—how to liberate it—whether it should be by satyagraha—whether we should approach the British Government or the American Government or what we should do, is, I think, entirely beyond our Province. As you have pointed out, we are not discussing the foreign affairs in this resolution. It would have been more honest to put forward a straight resolution and say "we fight for the Goa liberation". Here it is a plain and simple resolution. The resolution is that Sj Tridib Choudhury, M.P., is inside the jail in Goa; he comes from Murshidabad. I am informed that his brother wanted to go and see him but he has not yet been granted visa because it has to be granted through a neutral country and he has applied, I understand, to the Brazil Government Ambassador, for getting a visa. So we do not really know what sort of treatment Sj. Tridib Choudhury is getting. The resolution says that Sj Tridib Choudhury be released and we ask the Government of India to see, if possible. I do not know how it is possible to see—that humane treatment is given to Sj Tridib Choudhury.

[4-40—4-50 p.m.]

Sir, I do not know whether the Government have heard officially. We have not heard officially from the Government of India anything about this particular gentleman, but it is true that the matter is under active consideration of the Government of India. On the 17th October, 1955, when Shri Nehru came here, some R.S.P. leaders saw him at Raj Bhavan and submitted a memorandum to him urging the Government to take all steps for the release of all political prisoners in Goa. The difficulty was pointed out by Shri Nehru that as we have no diplomatic relations between the two countries the question of release of political prisoners could not be taken directly with the Government in Goa. It is possible that the Government of India would have to go through another neutral country like Egypt or Brazil so that we might get proper information as to what is happening to the prisoners there, as also make arrangements for their getting certain

amenities while in jail. I understand also that Shri Nehru told the deputationists that a Catholic priest and a prominent citizen of Goa have been asked to see that the political prisoners in Goa get all possible amenities. I do not know what further steps the Government of India have taken, but I have no objection to forwarding this resolution as it stands, particularly because Shri Tridib Choudhury belongs to Murshidabad district in Bengal and it is only proper that we should ask the Government of India to see that this particular gentleman is released, and also, pending his release, that the treatment given to him should be humane and kind.

With these words, I associate myself with the resolution as it stands, but I do not agree with the sentiments expressed by different members in formulating this resolution.

The motion of Sj. Jyoti Basu that this Assembly is of opinion that the Government of West Bengal should immediately request the Government of India to make serious efforts (1) for the release of Shri Tridib Choudhury, M.P., from Murshidabad district of West Bengal, now a prisoner in Goa and (2) pending the release, for ensuring humane treatment to Shri Choudhury inside jail, was then put and agreed to.

Mr. Speaker: The resolution is carried unanimously. We will now take up the next resolution. I fix the time limit for this resolution as one hour so that we can have two resolutions finished today.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government should immediately set up a commission consisting of members representing different shades of opinion in the State Legislature to make a thorough enquiry into the affairs of the Calcutta Traffic Police and to suggest necessary steps for improvement in the working of the department and for removing unsatisfactory state of affairs and increase of corruption in the service, if any.

স্পীকার, স্যার, এই প্রসঙ্গে কিছুদিন আগে কলিকাতা সংস্করণ "স্বাধীনতা"য় ১৯শে জুলাই তারিখে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল যাতে ট্রাফিক পুলিসের দুর্নীতি সম্পর্কে কতকগুলি অভিযোগ প্রকাশিত হয় এবং সেই অভিযোগগুলিকে অবলম্বন করে পুলিস কমিশনার শ্রী ঘোষ চৌধুরী এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর ডেপুটী কমিশনারকে তদন্তের নির্দেশ দেন। এই ঘটনার পর আমরা কলিকাতার একটা বিখ্যাত সংবাদপত্র "যুগান্তর" পত্রিকা তার ২৫শে সেপ্টেম্বর, কলিকাতা সংস্করণ তাতে একটা সংবাদ পাই, যেখানে বলা হয়েছে যে, কলিকাতা ট্রাফিক পুলিস শাখায় গুরুতর দুর্নীতি এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কর্তৃক স্বরাষ্ট্র দপ্তরে পেশ কেস চাপা থাকায়, সরকারের ৪০ হাজার টাকা প্রতি মাসে ক্ষতি সংশ্লিষ্ট ব্যক্তিদের ২০ হাজার টাকা মাসিক রোজগার এই ধরণের যে রিপোর্ট বেরোয় তারপর যে একটা তদন্ত করা হয় ডেপুটী কমিশনারের দ্বারা, তার এক রিপোর্টএ আমরা দেখতে পাই এখন দুর্নীতি কিভাবে চলছে। সেই প্রসঙ্গে যুগান্তর পত্রিকার রিপোর্টএর মাধ্যমে যেটুকু বলা হয়েছে তার কিছুটা অংশ আমি আপনাদের কাছে উপস্থিত করছি। "এই দুর্নীতির আর একটা রকমফের হচ্ছে যেসব ড্রাইভার বা গাড়ীর মালিক ঘুষের বন্দোবস্তে আসতে নারাজ, তাদের ক্রমাগত আইন ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করা। একটা জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত রিপোর্টএ দেওয়া হয়েছে। ডবলিউ বি, এস ১৩৩নং বাসএর বিরুদ্ধে এক মাসে মোট ৪০টি অভিযোগ দায়ের করা হয়। পরে তদন্তে দেখা গেছে যে এর অনেকগুলিই একেবারে অবাস্তব। কারণ যে সময়ে ঐসব অপরাধ করা হয়েছে বলে অভিযোগ করা হয়, ঐ সময় বাসটি রাস্তায় ছিল না। ইহা টাইম-কিপারএর রেকর্ড হইতে প্রমাণিত হয়েছে। এই পত্রিকার বিভিন্ন রিপোর্টএ যে সমস্ত সংবাদ দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে যে পুলিস কমিশনার স্বরাষ্ট্র দপ্তরের নিকট বিবেচনার জন্য সে রিপোর্ট পাঠানো সত্ত্বেও আজ পর্যন্ত কি অবস্থায় আছে তা কেউ জানে না—তাকে ধামাচাপা দেওয়া হয়েছে। ইতিমধ্যে নিম্নপদস্থ কর্মচারীদের বদলি করা হয়েছে—পাখী খাঁচা থেকে বেরিয়ে গিয়েছে।

যারা এই সমস্ত দুর্নীতির জন্য দায়ী সেই সমস্ত কর্মচারীদের উচ্চ পদে ক্রমোন্নতি হয়েছে, ইত্যাদি ইত্যাদি বলা হয়েছে। এই প্রসঙ্গে আমরা দেখতে পাই যে ট্রাফিক পুলিস বলে আমাদের সরকারের যে একটা ডিপার্টমেন্ট আছে, এই ডিপার্টমেন্ট থেকে মানুষকে কিভাবে ব্যতিব্যস্ত করা হয় তার প্রমাণ ইতিপূর্বে আমরা এই সভায় উপস্থিত করেছিলাম। আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রীজ্যোতি বসু এবং বঙ্কিম মুখার্জি এই ব্যাপারে প্রধান মন্ত্রীমহাশয়ের দৃষ্টিগোচর করেছিলেন কিন্তু আবার দেখতে পেলাম প্রধান মন্ত্রীমহাশয় তিনি পুলিসের সম্পর্কিত কোন ব্যাপারে কোন স্টেপ গ্রহণ করেন নি। উপরন্তু তদন্ত করে কি করেছেন সে সম্পর্কে আজ পর্যন্ত আমরা কিছু জানতে পারি নি। যা হোক পুলিস সম্পর্কে আমাদের প্রধান মন্ত্রী-মহাশয়ের হয়ত কিছু দুর্বলতা থাকতে পারে কিন্তু ঘটনাটা আমরা প্রকাশ করছি এইজন্য যে আমরা দাবী করছি যে একটা তদন্ত কমিশন করা হোক যে তদন্ত কমিশন সমস্ত দলমতনির্বিশেষে এই হাউজএর প্রত্যেক দল থেকে প্রতিনিধি নিয়ে গঠন করা হবে এবং তারা এই তদন্ত কমিশন পরিচালিত করে জনসাধারণের কাছে এই ট্রাফিক পুলিসে যে দুর্নীতি চলেছে সে সম্পর্কে ব্যবস্থা করবেন। এই সম্পর্কে আমি কিছু ঘটনা এই সভার সামনে উপস্থিত করতে চাই। পুলিস কমিশনারের নির্দেশ অনুযায়ী ১৯৫৪ সালের শেষভাগে এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর ডেপুটী কমিশনার কলিকাতা ট্রাফিক পুলিসের দুর্নীতি সম্পর্কে একটি প্রাথমিক তদন্ত আরম্ভ করেন।

[4-50—5 p.m.]

এই তদন্তের ফল তিনি তিনটি রিপোর্টএ ১৯৫৪ সালের ১৭ই আগস্ট, ২০শে অক্টোবর এবং ১৯৫৫ সালের ১৬ই ফেব্রুয়ারি পুলিশ কমিশনারের কাছে লিখিতভাবে পেশ করেন। রিপোর্টএ পুলিসের দুর্নীতির যে চিত্র প্রকাশিত হয়েছে তা জনসাধারণের অভিযোগকে বহুগুণ ছাড়িয়ে গিয়েছে। এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর ডেপুটি কমিশনার দেখিয়েছেন যে ট্রাফিক পুলিসএর নিম্নতম স্তরে কনস্টেবল কর্তৃক আইন ভঙ্গের অভিযোগ লিপিবদ্ধ করার সময় থেকে ঊর্দ্ধতন স্তরে এইসব অভিযোগ আদালতে সোপর্দ করার সময় পর্যন্ত প্রত্যেকটি পর্যায়ে চরম দুর্নীতি বাসা বেঁধে আছে। প্রত্যেক পর্যায়ে শত শত কেস চাপা দেওয়া হয়। বিভিন্ন এলাকায় ট্রাফিক ঘাঁটিসমূহে রক্ষিত কাঁচা কেস রেজিষ্টারএর সঙ্গে পাকা কেস রেজিষ্টার কখনো মেলে না। সর্বশেষে লালবাজার হেডকোয়ার্টার ট্রাফিক পুলিস সেকশন থেকে অভিযোগগুলো যখন মামলায় সোপর্দ করার জন্য প্রসেশ সেকসনে পাঠানো হয় তখন পিওন বইয়ের সঙ্গে চালানের সংখ্যা এবং নম্বর মেলে না।

এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর ডেপুটি কমিশনার আরও দেখিয়েছেন যে নগরীর ৬টি ট্রাফিক পুলিস ঘাঁটিতে যে হিসাবে কেস চাপা দেওয়া হয়েছে তাতে প্রতি মাসে গভর্নমেন্টকে কম পক্ষে অন্ততঃ ৩৯,৯০০ টাকা রাজস্ব ফাঁকি দেওয়া হয়েছে এবং ১৯৫৪ সালের জানুয়ারি মাসে (যে মাসের হিসাব তিনি দেখিয়েছেন) ট্রাফিক পুলিসএর লোকেরা কমপক্ষে ২০,০০০ টাকা বে-আইনীভাবে উপার্জন করেছেন।

দ্বিতীয় রিপোর্টএ এই দুর্নীতির বিভিন্ন রন্ধ্রপথগুলির প্রতি কমিশনারএর দৃষ্টি আকর্ষণ করে ডেপুটি কমিশনার শ্রীসত্যেন্দ্র মুখার্জি উপসংহারে মন্তব্য করেছেন যে এই দেশের সমগ্র ট্রাফিক পুলিসএর কোথাও কোনও নিয়ম কানুনের বালাই নেই। কনস্টেবলএর খামখেয়াল অনুসারে সমগ্র বিভাগটি পরিচালিত হয় এবং এই কনস্টেবলএর রাজত্ব যে বহু বৎসর যাবৎ অব্যাহত ও আনচ্যালেঞ্জড্ রয়েছে তার কারণ ঊর্দ্ধতন সুপার্ভাইজিং কর্মচারীরা (১) স্বেচ্ছায় এই দুর্নীতির পরিকল্পনায় সহযোগিতা করেন, (২) অথবা ইহাতে তাহাদের চরম ঔদাসীন্য রয়েছে।

ডেপুটি কমিশনার শ্রীযুক্ত মুখার্জি তাঁর তিনটি রিপোর্টএ বহুরকম দুর্নীতির পদ্ধতি বিশ্লেষণ করে দেখিয়েছেন এবং কিভাবে পেছনের দরজায় পয়সা রোজগারের জন্য কেস ধামাচাপা দেওয়া হয় তাই দেখাবার জন্য বিভিন্ন কেস রেজিষ্টার বিশ্লেষণ করে তিনটি তপশীল তাঁর রিপোর্টএর সঙ্গে যুক্ত করে পাঠিয়েছেন।

সবচেয়ে গুরুতর এই যে তিনি প্রথম রিপোর্টএর উপসংহারে লেখেন, উপযুক্ত ও বিস্তৃত তদন্তের জন্য ট্রাফিক গার্ড বা ঘাঁটিসমূহের ইন্‌সপেক্টর, সার্জেন্ট এবং উচ্চপদস্থ কর্মচারীদের অবিলম্বে অপসারণ করা দরকার। নতুবা আমার আশঙ্কা হয় যে তাঁহারা দলিলপত্রের অদল-বদল করিতে পারেন। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে আমি জানিতে পারিলাম (এইটা যুগান্তর রিপোর্টার জানাচ্ছেন) এই তদন্ত যখন চলছিল সেই অবস্থায় ট্রাফিক পুলিসের কিছু কিছু নিম্নপদস্থ কর্মচারীদের বদলী করা হয় এবং উচ্চপদস্থ কর্মচারীদের কেউ কেউ পদোন্নতি লাভ করেন। কয়েকজনের তিনি নামোল্লেখও করেছেন এবং সর্বশেষ রিপোর্টএর উপসংহারে তিনি লিখেছেন কোন কোন ব্যক্তি বা ব্যক্তিরা এই অবস্থার জন্য দায়ী এবং তাঁহাদের দুর্নীতি ও কর্তব্যে অপরাধজনক অবহেলা কতদূর পর্যন্ত গেছে তা অন্য একটি স্বতন্ত্র ও স্বাধীন তদন্তের বিষয়। এই উদ্দেশ্যে কমিশনার উপযুক্ত ক্ষমতাসম্পন্ন একটি বোর্ড গঠন করতে পারেন এই হচ্ছে তার রিকমেন্ডেশন। তারপরে দেখা গেছে এই সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি এবং এই রিপোর্টএর মধ্যে দেখা গেছে যারা এই ব্যাপারে সংশ্লিষ্ট তারা ঊর্ধ্বতন কর্মচারী। যে সমস্ত নিম্নপদস্থ কর্মচারী অর্থাৎ কনস্টেবল এ ব্যাপারে সংশ্লিষ্ট তাদের দুই-একজনকে চাকুরি থেকে বরখাস্ত করা হয়েছে এবং যারা এই ঘটনা সম্পর্কে ওয়াকিবহাল, যাদের কাছ থেকে এই সম্পর্কে তথ্যাদি প্রকাশ করা সম্ভব সেই সমস্ত লোককে চাকুরি থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে এবং ইতিপূর্বে যে পুলিস স্ট্রাইক হল তারই অজুহাতে তাদের ছাটাই করা হচ্ছে। এইরকম ধরণের কাজ করে তারা এই জিনিষকে ধামাচাপা দেবার ব্যবস্থা করছেন। আমার প্রশ্ন হচ্ছে প্রধানমন্ত্রী এ সম্বন্ধে কিছুই করছেন না। আমাদের দেশে দেখতে পাই কারো যদি টাকা থাকে তাহলে সে টাকার জোরে হাকিমের হুকুম পর্যন্ত বদলে ফেলতে পারে। আমি দেখেছি শ্রীরামপুর কোর্টে, যদি টাকা থাকে তাহলে সেই মানুষ যা ইচ্ছা তাই করতে পারে। তাই আমরা ইতিপূর্বে এই এ্যাসেম্বলিতে বার বার বলেছি যে এক্সিকিউটিভ ফাঙ্কশনকে বাদ দিয়ে দেওয়া হক জুডিসিয়ারি থেকে। কিন্তু আজ পর্যন্ত কিছুই করা হয় নি। আজকে এই পুলিসের উপর কেন জানি না আমাদের মন্ত্রীসভা সম্পূর্ণ নির্ভর করে থাকে এবং পুলিসের গায়ে কেউ আঁচড় দিতে পারে না। তাদের বিরুদ্ধে যে অভিযোগই করুন না কেন সরকার তাদের সমর্থন করে থাকে। তাই লোকে অভিযোগ করবার জন্য সচেষ্ট হয় না। বরং পুলিসের দোষ দেখালেই তার ফল উলটো হয়ে থাকে। সেইজন্য জনসাধারণ এইগুলি পয়েন্ট আউট করতে চায় না। সেইজন্য আমি মনে করি এই সভায় যে বিভিন্ন দল রয়েছে বা উপদল রয়েছে তাদের থেকে সদস্য গ্রহণ করে একটা এনকোয়ারি কমিশন করা হক এবং সেই এনকোয়ারি কমিশনএর মধ্যে দিয়ে সেখানে যতকিছু দুর্নীতি আছে সেই সমস্তের তদন্তের ব্যবস্থা করা হক। এই হচ্ছে আমার বক্তব্য।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr Speaker, Sir, the vagaries of the traffic police are too numerous to be dilated upon Sir, it is a matter of common knowledge that the constables take bribes openly in public streets. Sir, we have seen a constable going out of his post following a lorry or a car which he has already asked to stop, going up to that lorry or the car, demanding payment of bribe If he is satisfied he lets him off; if not, he takes down the licence number and starts a case. It is a daily occurrence in the streets of Calcutta and to our great regret it has not yet been stopped.

So far, Sir, as the maintenance of traffic rules are concerned, they are seldom enforced. I shall cite an instance The day when the honoured guests from Russia came and we were coming back from the aerodrome, up to the limit of the Bengal Police, the constables were there even after our Chief Minister had taken away the honoured guests in his car, but when we came within the jurisdiction of the Calcutta Police we did not find anybody at his post Myself and the Hon'ble Kalipada Mookerjee were coming side by side in our cars and we were detained, say, about two hours, on our way back for want of traffic police. None was seen at his post until we arrived here. Sir, we have been told that there was no

scheme of employing all these traffic police, that there was no check, no supervision as to their activities and a constable on duty was the sole master of the situation. It was open to him to record any case, to harass any person without any rhyme or reason, without proper supervision by any superior officer at any stage whatsoever.

[5—5-10 p.m.]

Sir, following publication of certain allegations in "Swadhinata" in July, 1954, we are told that the Commissioner of Police entrusted Rai Bahadur Satyen Mukherjee to go into the matter carefully and to report to the Government as to what steps, if any, should be taken by the Government to improve the conditions that were here in the traffic police. He has submitted three reports one after another,—I hope the Chief Minister will contradict me if I am wrong—and, Sir, to our utter surprise the Home Department has up till now taken no steps on the reports. On the contrary, it has shielded it and has given a higher position to the Deputy Commissioner, Headquarters, who was in charge of the traffic police. If those reports are published the people will know the details of it. We have no knowledge of the details of those reports beyond whatever we could ascertain from the publication of comments in the papers that thousands and thousands of rupees are being taken by the entire staff by way of bribery. Sir, we have seen in broad daylight in public thoroughfares I do not think anybody will contradict me. So, it is high time that we should take a thorough measure, so that this could be stopped We have learnt that there are two registers in almost all sections of this department. One is the kutcha case register and the other is the pucca case register. While transferring from kutcha to pucca hundreds of them are dropped, and even in pucca register new cases are introduced Sir, how could new cases find their place in the pucca register if they were not in the initial stage in the kutcha register? It is therefore obvious that in cases where the police officers concerned were paid bribes they allowed them to be dropped, and to maintain a reasonable figure they introduced cases in the new register to the great humiliation and harassment of innocent public. Sir, definite charges have been made against the Government by various responsible newspapers that there was a thorough investigation by a very competent officer He has submitted his report, lengthy report, in three stages Government owe an explanation to the people as to why they have not taken steps and why they have shielded the matter and in whose interest; people are certainly entitled to know it. We therefore hope that Dr. Roy will take immediate steps and set up a commission as suggested in this resolution. Something has got to be done, and the culprit has got to be found out, due to whom these things could happen and are still continuing.

Sj. Naresh Nath Mookerjee: Mr Speaker, Sir, at the very outset I wish to make it clear that I do not wish here to enter into a long controversy in support of any sections of the Police although I must here join issue with both my friends Mr. Sudhir Chandra Ray Chaudhury and Mr. Suhrid Kumar Mullick Chaudhury on various points that they have stated. Sir, reading through this resolution I find that Mr Mullick takes exception to the very bad state of the traffic conditions that are prevalent in the city and suggests that immediate steps should be taken for improvement in the traffic conditions of the city, and secondly he brings the charge of corruption in the entire service. Well, Sir, as an old citizen of Calcutta who has been watching this city grow and improve during the past 24 years, I feel that at least we have to admit, if we are fair, that the traffic conditions in this city have improved not hundred per cent. but

500 per cent. at least since we have achieved freedom. Sir, we have got modern regulations now in force in this city. Up to 1947 there was not a single regulating light in the main thoroughfares of the city, there was no traffic island, there was no policeman who knew what courtesy was, there was no man in authority, whether it was a sergeant or whether it was a traffic inspector who knew how to treat the public. And I would like to remind my friends and to ask them to go back a few years before freedom was achieved and to compare the conditions with those that are prevailing today. Sir, the problems of the city of Calcutta with regard to traffic are the most complex in the whole world, I should say. We have an enormous population which is an unknown figure; officially it is nearly 3 millions, but actually it is about four and a half millions. The size of the city has not grown.

[5-10—5-20 p.m.]

Our area is only in the vicinity of 30 sq. miles which does not give the barest minimum of 80 sq. ft. of living space that should be given to each resident of this city. I condemn myself because we have not got adequate footpaths all over the city. Where we have footpaths the hawkers are there who cannot be accommodated elsewhere. Most of the hawkers are our brothers and sisters from East Bengal who should be allowed to have stalls. Where we have no footpaths we cannot help it but still in spite of these difficult conditions the traffic control in Calcutta, I should say, as compared to other big cities of the world, is most commendable and I think hearty congratulation is due to the Traffic Police. Sir, if we compare the casualty figures as between say cities like Bombay and Calcutta what do we find? I have here figures with me for the years 1950, 1951 and 1952. In Bombay the actual casualties due to street accident in 1950, 1951 and 1952 were 227, 262 and 221 respectively as against that in Calcutta during the same period they were 83, 71 and 84 respectively. Bombay has a population of nearly 3 millions which is less than ours and with an area of 90 sq. miles with such wide roads and the whole of Bombay city completely improved by the Bombay Improvement Trust even there the accidents are much more than ours. Now let us compare the traffic of other cities. Here in Calcutta we have still bullock carts which were introduced 300 years ago or more, we have still rickshaws, scooters, bicycles, taxis and buses, etc. We have no underground traffic system nor have we any means of diverting the traffic through other channels and still the number of accidents in Calcutta, as compared to Bombay is most congratulating. In England, on the other hand, we find that the amount of street accidents and deaths due to street accidents is much higher. In Calcutta it is possible to drive at 25 miles speed per hour in any part of the city although we are not allowed to drive more than 15 miles per hour in some of the main thoroughfares. Driving from the residential quarters of London to the city of London it takes about 3/4 of an hour and there are continuous traffic jams in the whole of the city. I join issue with Sj. Suhrid Mullick Chowdhury when he says that the conditions of traffic in this city are bad. I think they are certainly much better than any other city and the improvement that has set in since 1947 is unthinkable.

Now, coming to corruption, well today we have got at least 70 p.c. of Bengalis—sons of the Province—in the force. It may be that there are some instances where the accusations made by Sj. Sudhir Roy Chowdhury are correct, but just compare it with the years before 1947. I used to have an office at the junction of Clive Street, and Clive Ghat Street on the first floor and at the crossing I used to see that every bullock cart which was allowed to pass through these streets had to pay a little toll

to the policeman standing at the crossing. I felt that I should do something about this. When Sir Arthur Gordon became the Police Commissioner I had some social contact with him and I told him that his police was very corrupt and that he should do something in the matter. He immediately denied the allegation and then I invited him to tea at my office wherefrom he could see for himself what was going on. He did come and he saw a cartman paying a few annas to a policeman and the policeman accepted that. That was the state of affairs before. Today, if we say that the traffic police is bad we ourselves are also bad. Therefore it is not a question of forming a committee of legislators to go into the matter but the remedy is that each one of us who calls himself a representative of the people should go out and try to improve the standard of the morality of our people. When I make this broad statement people may not like it but to say that the whole police force from the D.I.G., Traffic, downwards are taking bribes that is something which I do not think any right-thinking person who has at least some love for his country or for his city would ever agree to endorse. From the wording of the resolution of Sj. Suhrid Mullick Chowdhury it seems that he is not even sure that corruption exists. So when he is not sure how can there be an enquiry committee of this sort? The resolution has been worded in such a way as if the whole traffic situation of Calcutta is collapsing and as if the whole department is seething with corruption. I certainly think that where corruption is detected, where bribes are detected they ought to be put down with a strong hand. I shall certainly appeal to our Chief Minister to see to this. I know of hundreds of cases in the last few years where the Magistrates have taken very serious steps against the police—censures have been passed against bad policemen. If there are bad policemen you cannot help. You have got to tackle it not by a committee of this nature but citizens who are of representative character should go out and see that there is some uplift in this direction With all the love I have for Sj. Sudhir Roy Chowdhury and Sj Suhrid Mullick Chowdhury—I know them from their childhood—I join issue with them when they suggest a committee to deal with this matter, and specially when they suggest that the legislators would sit over judgment on a matter like this.

The Traffic Police in Calcutta is a very good organisation For mere party consideration we must not condemn wholesale a department—the Traffic Department which has done so much to improve the traffic condition in the city during the last five years. I think that Sj. Suhrid Kumar Mullick Chowdhury should withdraw his motion Of course, if he has got any particular cases in mind—there may be certain particular cases—for which he has brought this motion—he may be correct there—but that is no reason to have such a sweeping censure motion on the whole Traffic Department of the Police and to ask for the setting up of a commission

[5-20—5-30 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়! নরেশবাবু যেভাবে বক্তৃতা করলেন তা থেকে অনেক সময় মনে হল যে সুহৃদ মল্লিক মহাশয়েব প্রস্তাব তিনি সমর্থন করছেন না। শহরে যেভাবে যানবাহন চলাচলের পরিমাণ বেড়েছে তাতে বর্তমান ট্রাফিক পুলিশ যে অনেক ভাল কাজের পরিচয় দিচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই, এবং সে বিষয়ে কোন প্রশ্নও ওঠে না। কিন্তু ভাল কাজ করছে এই বোলে তারা যদি কোন অন্যায় করে, এবং যে অন্যায় সম্বন্ধে বিশেষ অভিযোগ আনা হয়েছে সুহৃদ মল্লিক মহাশয়ের এই প্রস্তাবে এবং সুধীর রায় চৌধুরী মহাশয়ও যে অভিযোগ করেছেন যে দুখানা খাতা রাখা হয়—এবং সত্যেনবাবুকে যে ভার দেওয়া হয় এ সম্বন্ধে, আর তাঁর সেই অনুসন্ধানের রিপোর্টের কিছু কিছু অংশও সংবাদপত্রে প্রকাশ পেয়েছে। কাজেই সেদিক

থেকে লেজিসলেচারের কর্তব্য হচ্ছে এ বিষয়ে একটা অনুসন্ধান দাবী করা। ভাল কাজ করছে বলে মন্দ কাজটাকে চাপা দেওয়া ঠিক নয়, যদিও তিনি সে কথা ঠিক পুরাপুরি বলেন নি, কিন্তু মন্দ কাজ যারা করেছে সে অল্পই করুক আর বেশীই করুক যখন আমাদের এখানে লেজিসলেচার রয়েছে এবং যখন গভর্নমেন্ট রয়েছে, গভর্নমেন্টের একটা বিশেষ বিভাগ রয়েছে এইসব বিষয়ে যাতে ট্রাফিক পুলিসের মধ্যে 'করাপশন' না হয়। আমরা প্রতিদিন শুনি গরীব রিক্সওয়ালা হউক বা ঠেলাগাড়ীওয়ালা হউক বা লরী ড্রাইভার হউক প্রত্যেকের কাছ থেকেই তারা কিছু কিছু অন্যায়ভাবে ঘুষ নিয়ে থাকে। অনেক সময় তাদের বিরুদ্ধে যে অভিযোগ দেওয়া হয় সেই অভিযোগগুলিও ঠিক যেভাবে বিবেচনা করা উচিত, বা শাস্তিবিধান করা উচিত বা কোর্টে নিয়ে যাওয়া উচিত তা নিয়ে যাওয়া হয় না। কাজেই সেখানে যত রকম উন্নতি হউক, 'করাপশন' যদি অল্পও থাকে সে বিষয় এই এসেম্ব্লির একজন দায়িত্বপূর্ণ মেম্বর যখন এনেছেন এই হাউসের সামনে, তখন গভর্নমেন্টের নিশ্চয়ই কিছু করণীয় আছে যে জনসাধারণকে এসেম্ব্লিতে এ বিষয়ে একটা সন্তোষজনক কৈফিয়ত দেওয়া এবং অভিযোগের প্রতীকার করবার জন্য একটা কমিশন নিয়োগ করা। এ বিষয়ে সংবাদপত্রে কতকটা অভিযোগ বেরিয়েছে এবং আজ একজন মেম্বরও অভিযোগ এনেছেন। কাজেই নরেশবাবুর সঙ্গে একমত হয়েও তিনি যে ভাবে প্রস্তাবের বিরোধিতা করেছেন যদিও তিনি বললেন যে যদি অন্যায় করে তাহলে নিশ্চয়ই গভর্নমেন্ট তার ব্যবস্থা করবেন। কিন্তু যেটা লেজিসলেচারের সামনে এসেছে তার সম্বন্ধে নোটিস নেওয়া কর্তব্য। কাজেই এই প্রস্তাব খুব সমীচীন হয়েছে এবং আমরা গভর্নমেন্টের কাছে একটা কমিশন দাবী করি।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়! আমি এই প্রস্তাব সমর্থন করি। শ্রীনরেশ নাথ মুখার্জ্জি মহাশয়ের বক্তৃতা শোনবার পরেতে আমি বন্ধুবর সুহৃদ মল্লিক চৌধুরীকে আন্তরিক অভিবাদন জানাব যে তিনি আজকে এই রকম একটা প্রস্তাব হাউসের সামনে এনেছেন। এই কারণে অভিবাদন জানাব সভাপাল মহাশয়! যে আজকে আমাদের পুলিস ডিপার্টমেন্টের উন্নতি হয়েছে, আজকে পুলিস ডিপার্টমেন্ট আগেকার চেয়ে দক্ষতা অর্জন করেছে, এটা বড় কথা নয় কিন্তু আমার কাছে বড় কথা এই যে দেশ আট বৎসর স্বাধীন হয়েছে, তবুও এই আট বৎসর স্বাধীনতার মধ্যে আগে এদেশের তিন গুণ অঞ্চল থাকা সত্ত্বেও পুলিশ খাতে যে খরচ করতেন তা থেকে আজ ডবলেরও বেশী খরচ হচ্ছে, প্রায় তিন গুণ হচ্ছে। এই তিন গুণ জায়গা থাকার সময় আমাদের যা পুলিস পার্সোনেল ছিল, আজ তার প্রায় আড়াই গুণ করেছেন, কিন্তু এর মধ্যে উন্নতি কি হয়েছে? যদি কেউ বলে যে সমস্ত পুলিস বদমায়েস, ঘুষখোর, খারাপ তাহলে কি অন্যায় বলা হবে? আমার বক্তব্য হচ্ছে পুলিসের উন্নতি হয়েছে সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে আজ টাকা পয়সা খরচ কোরে, এত প্রচেষ্টা কোরে, এবং দেশ স্বাধীন হওয়ার সাত বৎসর পরেও পুলিসের কলঙ্ক ঘুচছে না কেন? শুধু কি আমরা এ কয়টা লোক পুলিসের কলঙ্ক রটনা করবার জন্য ঢ্যাঁড়া পিটিয়ে বেড়াই? সাধারণ লোক যারা রাস্তায় ঘুরে বেড়ায়, বাস্তবিক পক্ষে তাদের যদি জিজ্ঞাসা করা যায় তাহলে তারা কি পুলিসকে ভাল বলবে? বলবে না। আজকে নরেশনাথ মুখুজ্যে মহাশয় হয়ত বলছেন তারা ভাল কাজ করছে, লেন কোরে দিয়ে, রাস্তায় দাগ দিয়ে। এ কথা সত্য হতে পারে, কিন্তু তা সত্ত্বেও তারা যে ভীষণ ঘুষখোর এ দুর্নাম ত ঘুচছে না। এই ঘুষ খাওয়ার ব্যাপারটা আমরা সবাই জানি। যারা কোর্টে মামলা করতে যায়, তারা জানে কোথাও দরখাস্ত দিতে গেলে, বা কোথাও কোন গরীব লোক পেলে তাকে যে ঘুষ দিতে হয় একথা সবাই জানে। এখানে ডি, সি, খান কিনা সেটা বড় কথা নয়, কিন্তু পুলিস পার্সোনেলের মধ্যে যে ঘুষ প্রচুরভাবে চলে একথা ঠিক। আজকের দিনে শ্রীনরেশ নাথ মুখার্জ্জির কাছে আপনার মাধ্যমে আমি নিবেদন করি যে তাঁরা একটু উপর তলায় ঘোরেন, সেজন্য বোধহয় খবরটা রাখেন না, কিন্তু নীচের তলার লোককে তাঁরা জিজ্ঞাসা করুন। তারা বলবে যে ঘুষ খাওয়ার ফরম বদলে গেছে। ট্রাফিক পুলিস হাত দেখালে বাসের নম্বর নেয় সেই ভয়ে সেখানে যে চায়ের দোকান, পানের দোকান থাকে সেখানে যে ষ্ট্রীট আর্চিনরা থাকে তারা তখনই গিয়ে দু আনা চার আনা যা পায় নিয়ে সেই পানের দোকানে বা চায়ের দোকানে রেখে আসে। অবশ্য সেই ষ্ট্রীট আর্চিনরাও তা থেকে কিছু ভাগ পেয়ে থাকে। সভাপাল মহাশয়! আমি যেটা চাক্ষুষ

দেখেছি সেই রকম ঘটনা আপনাকে বলব। হাওড়ায় কালীমোহন রোডে ট্রাফিক পুলিস দাঁড়িয়ে আছে; একজন রিক্স কোরে মাল আনছে, ট্রামে উঠতে দেবে না। আর তখন সেই রাস্তায় পেভমেন্ট হচ্ছিল বোলে ট্রাফিক পুলিস হাত দেখিয়ে বললে 'এ ধার মে মত যাও' অর্থাৎ ঘুরে বাঙ্গালবাবুর ব্রিজ হয়ে গ্র্যান্ড ট্রাঙ্ক রোডে যাও। তার মানে সেই রাস্তায় গেলে তার মাল লুট হবে; যারা মাল লুট করছে তাদের সঙ্গে ট্রাফিক পুলিশের যোগ আছে। এগুলি যে আকস্মিক ঘটনা নয় সেই কথা আমি নরেশ নাথ মুখার্জী মহাশয়কে প্রণিধান করতে বলব।

[5-30—6 p.m.]

এই যে সমস্ত ঘটনা আছে এগুলি আকস্মিক ঘটনা নহে। আমি শ্রীনরেশ মুখার্জীকে এই কথা প্রণিধান করতে বলব—একথা আপনার মাধ্যমে তার কাছে বলব—যে এগুলি আকস্মিক ব্যাপার নয়। যদি হত, তাহলে 'যুগান্তরের' মত পত্রিকায় এত বড় ফিরিস্তি দিয়ে ২৫শে সেপ্টেম্বর তারিখে (কলিকাতা সংস্করণে) একথা লিখত না। এটা বুঝা উচিত এবং সেখানে যে এলিগেশন, দোষারোপ করা হয়েছে সেই দোষারোপ সম্পর্কে গভর্নমেন্টের কি বক্তব্য আছে সেটা আমরা পরিষ্কারভাবে শুনতে চাই। সে দোষারোপগুলি কি করা হয়েছে? না—সেখানে একজন পুলিসের বড় অফিসার তিনি এনকোয়ারি করলেন। সে এনকোয়ারির তিন ভাগে রিপোর্ট দিলেন। সেই রিপোর্টএর মধ্যে বলছেন এখনই যদি ব্যবস্থা না করা যায়—কিছু লোককে বদলি করে দেওয়া হচ্ছে কিছু লোককে প্রোমোশন দেওয়া হচ্ছে—পরে তাদের হদিস পাওয়া যাবে না কিন্তু তা সত্ত্বেও সেগুলির কিছুই হচ্ছে না। এবং অত্যন্ত গুরুতর অভিযোগ তার মধ্যে করা হয়েছে। এসব সম্পর্কে শ্রীযুত নরেশ মুখার্জি যে বক্তৃতা দিলেন যে করাপশন দূর করবার জন্য মরাল আপলিফট্মেন্ট দরকার। আমি তাকে বলি—যে তিনি আরও সংক্ষেপে বলতে পারতেন যে আমরা এখান থেকে একটা হরিসংকীর্তনের দল করি এবং সেই হরিসংকীর্তনের দল করে তাদের হরিবোল, হরিবোল করে মাতিয়ে তুলি। তাহলেই মরাল আপলিফট্মেন্ট হবে? একথা বললে সোজা হত, সহজ হত। নামাবলি গায়ে দিয়ে প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে চোর জোচ্চোর বদমায়েস যারা আছে তাদের হরিসংকীর্তনে মাতিয়ে তুললে ভাল হত। অবশ্য আমাদের এখানে কিছু কিছু মাতব্বর সভ্য আছেন—যারা সেটা করে হাত পাকিয়েছেন এবং তাদের দক্ষতাও আছে। যাহোক সে কথা বলছি না। আমার বক্তব্য হচ্ছে—এরকম করলে পুলিসের কলঙ্ক ঘুচবে না। বাংলার পুলিসের কলঙ্ক যদি ঘোচাতে হয় তাহলে এই ধরণের এনকোয়ারি কমিশন হওয়া উচিত যে এনকোয়ারি কমিশন সম্পূর্ণভাবে সমস্ত তথ্য অনুসন্ধান করবে। তথ্য অনুসন্ধান করে কি স্টেপ নেওয়া যায় তার ব্যবস্থা তারা করবেন। এবং সেই স্ক্রুটিনী, স্ক্রীনিংএর কাছে যদি হায়ার অফিসিয়ালরা ধরা পড়েন তাহলেও তাদের ছাড়ার কথা বলা উচিত নয়। যদি সত্য সত্যই পুলিসকে শোধরাতে হয়, সভাপালমহাশয়, সবারই অভিজ্ঞতা হয়েছে যে ট্রাফিক পুলিসের যে কলঙ্ক সেই কলঙ্ক পুলিস ডিপার্টমেন্টের মধ্যে হয়ত সবচেয়ে বেশী। সবচেয়ে বেশী এইজন্যই বলছি যে রিপোর্টএর মাধ্যমে ব্যাপারটা যেভাবে প্রকাশ পেয়েছে আপনারা সবাই ত দেখেছেন এবং এই নিয়ে অনেক অনুসন্ধানও হয়ে গেছে। সেই জন্যই বলছি সবচেয়ে বেশী। অতএব পুলিসের কলঙ্ক অন্য ডিপার্টমেন্টএও কলঙ্ক আছে কোর্টএ যদি যান, তাহলে দেখবেন একটা লোকের জামিন করেছেন, জামিন করবার পরে শুধু পুলিস অফিস থেকে লিখে বের করবেন, তারজন্যও পয়সা খরচ করতে হবে। উকিল নির্ধারণ করেছেন। উকিল রেকর্ড দেখবেন রেকর্ড সার্চ করবেন। সেইজন্য পুলিসকে দর্শনী দিতে হবে। তা না হলে রেকর্ড দেখা হবে না। সতের দিন লেগে যাবে—ফর্মাল প্রসেসএ যদি রেকর্ড দেখতে চান। আপনারা বলবেন ঘুষ দেয় কেন? এইজন্যই দেয় তারা দেখে যে এদের মাধ্যমে গেলে যেখানে অর্ধ ঘণ্টায় কাজ হয়ে যাবে এদের মাধ্যমে না গেলে তিন দিন লেগে যাবে। সেখানে যদি গভর্নমেন্ট বলতেন ঘুষ না দিয়ে আমার কাছে এসো আমি দেখিয়ে দেব—আধ ঘণ্টার মধ্যে তোমার কাজ পাবে কিম্বা শ্রীনরেশ মুখার্জী মহাশয় কিম্বা করপোরেশন কিম্বা মিউনিসিপালিটি যদি উদাত্ত কণ্ঠে বলেন তোমরা ঘুষ না দিয়ে আমাদের কাছে এসো—আমাদের গোচরীভূত করলে আধ ঘণ্টায় কাজ করে দেব—তাহলে লোকে সেই পন্থা অবলম্বন করত।

[At this stage the blue light was lit.]

আমার আর দুই মিনিট লাগবে, স্যার।

তাহলে এই গরীব বেচারীদের ঘ্ষ দিতে হত না। তাদের নাকানি চুবানি খেতে বা নাজেহাল হতে হত না। অসহায় লোকেরা করবে কি? আর শেষ কথা হচ্ছে এসব কথা না বলে বাস্তব যে ঘটনা, সেই ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা দেখতে পাই যে বাংলাদেশের পুলিস কলঙ্কিত হয়ে আছে--আমাদের এই পুলিস পার্সোনেলএর ঘ্ষের জন্য। এই সমস্ত মসী লেখা আমাদের পুলিসের বিরুদ্ধে আসছে তাকে সত্যসত্যই যদি শোধরাতে হয় তাহলে যে রকম সাজেশন দেওয়া আছে সেইরকম করুন। কিংবা ডাঃ রায় বলুন কিভাবে করবেন। কিন্তু আমরা এটা মনে করি যে এটার হেস্তনেস্ত হওয়া উচিত এবং অনুসন্ধান করে কার দোষ, কি কারণে দোষ, সেটা দূরীভূত করার প্রচেষ্টা--এইরকম রেজলিউশনএর মাধ্যমে যা বলা হয়েছে--সেইরকম করার প্রচেষ্টা করা হোক, এবং এটা আমরা মনে করি সত্যসত্যই আমাদের ভিতর মতভেদ থাকতে পারে, কিন্তু এটা সত্য আমরা সকলেই বাংলাদেশকে সমৃদ্ধ দেখতে চাই, আমাদের বাংলাদেশের কলঙ্ক দূর করতে চাই এবং আমাদের বাংলার পুলিসের যে কলঙ্ক আছে সেটা আমরা দূর করতে চাই।

Sj. Naresh Nath Mookerji: Sir, on a point of personal explanation.

আমি বীরেনবাবুকে এটুকু বলবো যে বস্তী-প্রধান জায়গায় আমার জন্ম এবং বহু বছর ধরে আমি সেখানে বাস করছি। জনসাধারণের ভোটের উপর, সোজা রাস্তা দিয়েই আমি এখানে এসেছি। আমি ওনাকে নামাবলি গায়ে দেওয়ার কথা বলি না। আমি কেবল এই কথাই বলেছি যে করাপসন দূর করার জন্য মরাল আপলিফট্মেন্টের দরকার। আমি ওনাকে নামাবলি গায়ে দেওয়ার কথা বলি না।

Sj. Biren Banerjee:

আমি ওঁকে ব্যক্তিগতভাবে কিছু বলি নি, ওঁর বক্তব্য আমি যেভাবে বুঝেছি সেইভাবেই বলেছি।

Sj. Byomkesh Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, সুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে আমাদের পক্ষ থেকে যে কথা বলা হয়েছে তার পুনরুক্তি আমি করতে চাই না। কিন্তু একটা প্রশ্ন, যা সুহৃদ কুমার মল্লিক চৌধুরী মহাশয় নিজেই জানেন তাঁর ব্যক্তিগত ঘটনা- কিছুদিন আগে যখন সেওড়াফুলিতে তিনি ট্রাফিক রুলস ভঙ্গ করেছিলেন তখন তাকে পুলিস ধরেছিল, সেখানে ঘুষের প্রশ্ন নয়, তিনি নিজেই আইন ভঙ্গ করেছিলেন এবং তার জন্য চীফ মিনিষ্টারের কাছে (কোরেশ্চেন ফ্রম কম্যুনিষ্ট বেঞ্চ), চীফ মিনিস্টারের হাতে পায়ে ধরে ছাড়ান পান।

Sj. Jyoti Basu: Sir, on a point of order. Last time when this question was raised you said that the matter was *sub judice*.

Mr. Speaker: That is right. Mr. Majumdar, please do not raise that question.

Sj. Byomkesh Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা শুনতে পেলাম না বিরোধী দলের মুখ থেকে যে আমাদের কলকাতা শহরে যানবাহনের সংখ্যা ভারতবর্ষের যেকোন প্রদেশের, শহরের অপেক্ষা বেশী এবং এখানের জনসংখ্যাও যেকোন প্রদেশের যেকোন শহরের চেয়ে বেশী সেখানকার ট্রাফিক ব্যবস্থা সে সুন্দর একথা একবারও তাদের মুখ থেকে শুনতে পেলাম না। আমার বক্তব্য এই যে আমাদের দেশে যে উন্নতি হচ্ছে সেটা তাদের চোখে পড়ে না কিন্তু বাইরে থেকে যাঁরা আসেন এবং তাঁরা যখন বলেন যে এদেশের ব্যবস্থা ভাল, তখনই তাঁরা উল্লাস করে বলেন যে হ্যাঁ ভাল। কাজেই ওঁদের কাছ থেকে আমরা এর চেয়ে বেশী কিছু আশা করি না। কিন্তু আমার বক্তব্য এই যে, ২৫শে সেপ্টেম্বর তারিখের কাগজে যে দুর্নীতির কথা ওঁরা উল্লেখ করেছেন, সে সম্বন্ধে কংগ্রেস গভর্নমেন্ট যথোচিত তদন্ত করেছেন এবং তদন্তের ফলাফল ওঁরা জানেন কিন্তু সেকথা তারা প্রকাশ করেন নি। আমি আশা করি, আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় সেকথা আপনাদের জানিয়ে দেবেন--আমি সে কথার উল্লেখ করতে চাই না কিন্তু আমি একথা বলবো যে এই সংক্রান্ত যে কমিটি আছে, সেই কমিটি প্রতি মাসে বসে এবং কলকাতা শহরে ট্রাফিক

ব্যবস্থা সম্বন্ধে তাঁরা সজাগ, সুন্দর সুন্দর ব্যবস্থা তাঁরা উদ্ভাবন করেন এবং সেগুলি কার্যকরী হচ্ছে কিনা তাঁরা দেখেন। সেগুলি থাকা সত্ত্বেও সেগুলির কথা তাঁরা উল্লেখ করেন নি। তাঁরা মনে করেন যে লেজিসলেচারের মধ্যেই যত গুণী, মানী এবং জ্ঞানী ব্যক্তি আছেন, এর বাইরে আর কোথাও নেই। এর মধ্য থেকেই সিলেক্ট করলেই বুঝি উন্নতি সম্ভব হবে কিন্তু সেকথা আমরা স্বীকার করি না। সেইজন্য এর বিরোধিতা করছি। ও'দের অবগতির জন্য আপনার মারফতে জানাতে চাই যে আমাদের কলিকাতা শহরে যানবাহন নিয়ন্ত্রণের জন্য ৩৫ জনের একটি কমিটি আছে। সেই কমিটিতে বিভিন্ন বিভাগের কর্মচারী আছেন, এবং বেসরকারী লোকও আছেন—তাদের নামোল্লেখ আমি করবো না, ব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রতিনিধি আছেন এবং বিশিষ্ট ব্যক্তিদেরও সেখানে স্থান আছে। অতএব নূতন করে কমিটি গঠনের আশা করা যায় না, সেটা ভুল।

Mr. Speaker: The House stands adjourned till 6 p.m. when the Land Reforms Bill will be taken up.

[At this stage the House was adjourned till 6 p.m.]

[After adjournment.]

[6—6-10 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: On a point of personal explanation, Sir.

একটু আগে যে আলোচনা হয়ে গেল, তখন ব্যোমকেশ মজুমদার মশায় আমার নামোল্লেখ করে বলেছেন যে শেওড়াফুলি থেকে আমি যখন গাড়ী চালিয়ে আসছিলাম সেই সময় সাবডিভিসনাল পুলিস অফিসার আমার গাড়ী ধরেছিলেন। আমি বলতে চাই যে আমি গাড়ী চালিয়ে আসছিলাম এটা সম্পূর্ণ মিথ্যা, আমি গাড়ী চালাচ্ছিলাম না ; আমার জনৈক বন্ধুই গাড়ী চালাচ্ছিলেন, সুতরাং তার অসত্য উক্তির আমি প্রতিবাদ জানাচ্ছি।

Sj. Janardan Sahu: On a point of information, Sir,

কাল সূর্যদেবকে রাহু গ্রাস করবে সেই সময় আমাদের গঙ্গাস্নান করতে হবে। কাজে কাজেই বলতে চাই——

Mr. Deputy Speaker:

আচ্ছা, সে পরে হবে।

GOVERNMENT BILL

The West Bengal Land Reforms Bill, 1955

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ৩য় পর্যায়ের আলোচনার সময়, প্রথমেই আমি একথা বলতে চাই যে সাধারণ মানুষের মধ্যে এই বিল সম্বন্ধে কি প্রতিক্রিয়া হয়েছে সে সম্বন্ধে জানবার সুযোগ আমার অন্ততঃ হয়েছে। গত কয়েক মাসে বিভিন্ন কৃষক অঞ্চলে ঘুরেছি, এই বিল সম্পর্কে যে প্রতিক্রিয়া দেখেছি তার কয়েকটি ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই। প্রথমতঃ যে জমি পাওয়ার আশা গভর্নমেন্ট করছেন এবং মাননীয় মন্ত্রীমহাশয় গতবারের আলোচনার সময় যে বক্তব্য রেখেছিলেন সেই জমিগুলি কিভাবে সাধারণ মানুষ না পায় তারজন্য যারা বড় বড় জমির মালিক তারা জমিগুলিকে কায়দা করে গোপন করে রাখার চেষ্টা করছে। প্রকৃতপক্ষে কৃষকদের হাতে জমি দেবার যেটুকু সম্ভাবনা ছিল সেটাও বন্ধ করে দেওয়া হচ্ছে। এখানে তার দু'একটি ঘটনা তুলে ধরছি। প্রথমতঃ আমাদের জেলায় এবং সম্ভবতঃ সারা পশ্চিমবঙ্গের মধ্যে খাস জমির সংখ্যা সুন্দরবন অঞ্চলেই সবচেয়ে বেশী, এবং সেখান থেকে সবচেয়ে বেশী জমি সংগ্রহ করার সম্ভাবনা ছিল এবং আজও আছে বলে আমি মনে করি। এই সমস্ত এলাকায় বাস্তবে যা দাঁড়িয়েছে তাতে এখানে সরকার সত্যিকার কোন জমি পাবেন কিনা সন্দেহ আছে। কারণ আমি লাটগুলি ঘুরে দেখেছি ভাগচাষীর নাম লেখান হয়েছে, আমি নিজে সরজমিনে সেটা রেকর্ড

করিয়েছি পরে ; এ্যাটেশটেশন অফিসএর খাতা বদলে গেল—আমি নিজের হাতে জমি রেকর্ড করিয়েছিলাম আর এ্যাটেশটেশন অফিসারএর পাতা ও খাতা উলোট পালট হয়ে গেল। অর্থাৎ এই অঞ্চলে আর ভাগচাষী নেই। আর একটা ঘটনা বলছি। সন্দেশখালি থানায় একজন জমিদারের ১৪ হাজার বিঘা জমি আছে, নাম শ্রীনাথ দাস, এই ১৪ হাজার বিঘা জমিতে সমস্তই ভাগচাষীরা ছিল। আমি একটা জায়গায় প্রত্যক্ষভাবে একজন ভাগচাষীর স্বার্থ রক্ষা করার জন্য —প্রত্যেক ইউনিয়নএই আমি নিজে অনেকগুলি করিয়েছি। সরজমিনে সেই সমস্ত জমি রেকর্ড করিয়েছিলাম কিন্তু এ্যাটেশটেশন অফিসএর সব পাতা ও খাতা বদলে গেল। এটা মন্ত্রীমহাশয় নোট করে নিন এবং অনুসন্ধান করবেন। অর্থাৎ ভাগচাষীর নামে জমি রেকর্ড হল কিন্তু এ্যাটেশটেশন অফিসে তাদের নাম মুছে ফেলে দেবার ব্যবস্থা হচ্ছে। তারপর হাড়োয়া থানায় বিভিন্ন মৌজায় কিছু জমি মেছোঘেরী থেকে উদ্ধার হয়েছিল, সেই জমি রেকর্ড হয়েছিল কিন্তু এ্যাটশটেশন অফিসএ তার খাতা পাওয়া যাচ্ছে না। সবচেয়ে আশ্চর্যের কথা হচ্ছে যে এত চুরীর কারবার আমি জীবনে কখনও দেখি নি। এই এ্যাটেশটেশন অফিস বলে যে বস্তুটি আছে এখানে ঢাকাঢাকির কারবার নেই। আপনারা জানেন যে সুন্দরবনে দুধ মুরগী সস্তা। লণ্ডএ করে ধামা ধামা এইসব জিনিষ এ্যাটেশটেশন অফিসএ আসে এ জিনিস আমরা দেখেছি। প্রকাশ্যেই তারা এসব জিনিষ নেয়, এখানে গোপন কিছু নেই। এই রকম ঘুষের স্বাধীনতা আমার জীবনে দেখি নি। এবং এইসব ব্যাপারে রাতকে দিন, দিনকে রাত করা হচ্ছে। ৩নং হচ্ছে, সুন্দরবন অঞ্চলে যা সবচেয়ে বিপদজনক ব্যাপার হচ্ছে জমি যাতে কৃষকরা না পায় তারজন্য ষড়যন্ত্র হচ্ছে—সেটা কি? কম্পেনসেশন ব্যাপারে এ'রা যে টাকা ধার্য করেছেন সেই টাকা জমির মালিক যারা তারা মনে করছে যে সে টাকা পেতে সুদূর পরাহত হবে।

[6-10—6-20 p.m.]

গ্রামে যা আরম্ভ হয়েছে তা অত্যন্ত ভয়ানক। সেখানে চাষের জমি বাস্তুহারাদের কাছে বায়নামা দিয়ে টাকা নেওয়া হয়, তার পরে সেই জমির উপরে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে ল্যান্ড পার্চেজ লোনএ নগদ টাকা পেয়ে গেল এবং তারপর ফল হলো এই যে ভাগচাষী আর বাস্তুহারাদের মধ্যে একটা লড়াই বেধে গেল। এর মধ্যে একটা গভীর ষড়যন্ত্র রয়েছে এবং এটাকে পলিসি হিসাবে বিভিন্ন জায়গায় চালান হচ্ছে। জমিদার, জোতদার লাটদার মনে করেন সরকারের হাত থেকে খেসারতের টাকা পেতে তাদের নাম ঠিকানা মুছে যাবে, সুতরাং নগদ যা পাও হাতে নিয়ে নাও। অর্থাৎ নগদ টাকা যা পাওয়া যায় তাই আসুক ভাগচাষী মরুক তাতে কোন কিছু যায় আসে না। আমার পাওনাটা যাতে আসে তার ব্যবস্থা হউক। যেখানে সবচেয়ে বেশী জমি পাওয়ার সম্ভাবনা সেখানে দুই দিক থেকে আক্রমণ। ভাগচাষীর খাতা থেকে নাম মুছে ফেলে দেয়, অন্য দিকে এইভাবে জমি হস্তান্তরিত করে নেবার ব্যবস্থা। তৃতীয়তঃ অনেকগুলি পরিবার আছে—আমি এসবের নামের লিষ্ট দিয়ে বলতে পারি—তদন্ত করে দেখবেন, সেখান থেকে তিন নম্বর আক্রমণ আসছে। একটা পরিবারের লোকসংখ্যা ১২২ জন। প্রত্যেকের নামে নামে ৭৫ বিঘা জমি আলাদা করে রাখছে সুতরাং ১২২×৭৫ বিঘা জমি তাদের হাতে থাকবার পর আর কতটুকু জমি থাকবে তা সহজেই বোঝা যায়। বড় বড় জমিদার, জোতদার, লাটদার যারা আছেন তাদের শতকরা ৯০ জনের কথা বলতে পারি তাঁরা ইতিমধ্যেই নিজেদের পরিবারের মধ্যে জমি বিলি বন্টন করে ফেলেছেন। তাদের কাছ থেকে কৃষককে দেওয়ার জন্য জমি পাওয়ার কোন সম্ভাবনা নেই। অন্যদিকে আজকে যে কথা ডেপুটেশনএর মধ্যে দিয়ে রাজস্বমন্ত্রী মহাশয়কে বলেছি যে কোর্টবন্দী, সাজা গোলা, যারা কোনদিন রসিদ দেবার ব্যবস্থা করতো না এবং সকলেই জানেন যে এগুলি মৌখিক লেনদেন হতো, সাধারণ সাক্ষী নিয়ে তাদের নামে রেকর্ড হতো। সরজমিনে রেকর্ড হলো অর্থাৎ সেদিন জমির মাপ হলো, তার রেকর্ড হলো, কিন্তু এ্যাটেশটেশন অফিসে গিয়ে সেগুলি বানচাল হয়ে গেল কারণ তাদের চেক দাখিলা নাই বলে। সবচেয়ে বড় আশংকা আমার যেটা মনে হচ্ছে আমরা এটুকু মনে করেছিলাম যে সবচাইতে যেখানে বেশী জমি পাওয়ার ব্যবস্থা ছিল সেখানেই সর্বতোভাবে আক্রমণ সুরু হয়ে গিয়েছে। সবচাইতে দুঃখের কথা এই যে ভাগচাষ বোর্ডের মারফতে ভাগচাষীর কিছু স্বার্থ সংরক্ষিত হতো তার এখন প্রথম এবং প্রধান কাজ কত বেশী উচ্ছেদ করতে পারা যায় কারণ সেক্ষেত্রে মালিক কম্পেনসেশনএর টাকা

পেতে পারবে। এইজন্য দেখা যাচ্ছে বাকী খাজনার দায়ে ভাগচাষীকে উচ্ছেদ করবার হিড়িক পরে গিয়েছে। সবচাইতে এই বিলের মধ্যে আমার কাছে প্রতিক্রিয়াশীল বলে মনে হচ্ছে যে যারা সমাজে বঞ্চিত শ্রেণী অর্থাৎ ভাগচাষী যার অধিকার অন্য কৃষকের চেয়েও বেশী করে দেওয়া উচিত ছিল সেই অধিকারের বেলায়ও সংকোচ করা হয়েছে, যে অধিকার তারা গড় মারফত আদায় করেছিলেন জানি না সেখানে কেন তাদের সংকোচন নীতি এল। দরিদ্র সেই ভাগচাষীর উপর সবচাইতে বেশী আক্রমণ হল সেখানে যে তেভাগা সর্বজন স্বীকৃত তাকে আক্রমণ করে তাকে আরও বঞ্চিত করার ব্যবস্থা করা। সমাজের সবথেকে নীচু তলার মানুষ তাদের বঞ্চিত করার দৃষ্টিভঙ্গী কোথা থেকে এল এবং জমি পাওয়ার যে অধিকার আছে তা কেড়ে নেওয়া হল কেন বুঝি না। বাংলাদেশের ভাগচাষীর উপর এত বড় আক্রমণ আর হয় নি। খাস জমির উপর যেখানে শতকরা ৮০ জন ভাগচাষী আছে সেখানে এত বড় আক্রমণ আর কোনদিন এসেছে কিনা জানি না। সবচাইতে মারাত্মক ধারা--এখান থেকে বলে, আলাপ আলোচনা করে আমাদের গলা শুকিয়ে গেল—তবুও রাখলেন—সেটা ওই ফিসারির ব্যাপারে। ভূমি-সংস্কার করবেন, বাস্তুহারাদের পুনর্বসতির প্রশ্ন এসেছে, মানুষকে জায়গা দিতে হবে। যেখানে জায়গা আমরা দেখিয়ে দিচ্ছি সেখানে হাত দিতে এত সংকোচ কেন? যাই হোক, সবচেয়ে বড় কথা হচ্ছে এই ফিসারিতে যদি হাত না দেওয়া হয় তাহলে বাংলাদেশের বেশ বড় পরিমাণ একটা অংশ জমি হারাতে হল যা কোনদিনও চাষের যোগ্য হবে না এবং যা দিয়ে কৃষককে জমি দেওয়া যেতে পারত এবং রিফিউজীদের পুনর্বাসনের ব্যবস্থা করা যেত। আর সরকারের যে কতরকম গোলমাল রয়েছে নীতির মধ্যে তার হিসাব নেই—ডিপার্টমেন্টএ গোলমাল। একটা থানাতে ও'রা চাষের জায়গা করলেন, কৃষক চাষ করল নয় হাজার বিঘা জমি, ছয় হাজার বিঘা থেকে গভর্নমেন্ট কৃষককে উচ্ছেদ করবার বন্দোবস্ত করলেন কারণ বাস্তুহারাদের পুনর্বাসন করতে হবে। ফিসারি রয়ে গেল তাতে হস্তক্ষেপ নেই, জমির আমলানামার মধ্য দিয়ে জমি তাদের কুক্ষিগত হল, তারপর কম্পেনসেশন অনেক দিন ধরে পাবে, তাতে তাদের সন্দেহ আছে সুতরাং জমি কোথা থেকে পাবেন? তাই যদি সত্যিই কৃষকের হাতে কিছু জমি দেবার ইচ্ছা থাকে তাহলে আমরা বলব এইসব মেছোঘেরী এবং ওই যে সমস্ত চাষের জমি দখল করা হয়েছে এবং ষড়যন্ত্র করে নগদ টাকার লোভে কৃষকের হাত থেকে যে জমি নেওয়া হয়েছে তা মুক্ত করুন। সবচেয়ে গরীব যারা, ভাগচাষী, গরীব কৃষক তাদের জমি তাহলে দেওয়া যাবে। তাই আমি এই কনক্রীট প্রস্তাব রাখছি যে ফিসারি এবং রিহ্যাবিলিটেশনএর নামে কৃষককে উচ্ছেদ বন্ধ করুন এবং রিহ্যাবিলিটেশনএর জন্যে ফিসারি উচ্ছেদ করে জমির ব্যবস্থা করুন।

[6-20—6-30 p.m.]

Sj. Sudhir Chandra Das:

মাননীয় সহ-অধ্যক্ষ মহাশয়, আজকে তৃতীয় দফায় ভূমি সংস্কার বিলের আলোচনার ক্ষেত্রে আমি কয়েকটি মূল সমস্যাকে, যা সমাধান হবে না, বরং আরও জটিলতার পথে এগিয়ে নিয়ে পিছিয়ে দেওয়া হবে, তার একটি একটি করে বিশ্লেষণ করে দেখাচ্ছি। বিরোধী পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হয়েছিল, সেই সমস্ত প্রস্তাব তাঁরা গ্রহণ করেন নি, কেবল খাজনার হার একটু কমিয়ে দিয়েছেন মাত্র ; যদিও প্রচলিত হার অপেক্ষা এখনও অনেক বেশী হবে ; সেটা আমি আপনার কাছে পরে প্রমাণ করবো। এই বিলটি যে আকারে, যে উদ্দেশ্যে আনা হয়েছিল, যে ভূমি সংস্কার করলে, ভূমিহীন কৃষক জমি পাবে, এবং ভাগচাষী উচ্ছেদ বন্ধ হবে, অন্ততঃ ভাগচাষীরা জমিটা কিছু পাবে। এইটুকু আমরা আশা করেছিলাম যে উৎপাদন যাতে বৃদ্ধি হয় তারজন্য একটা ভাল ব্যবস্থা হবে এবং জমির উপর থেকে করভার কমিয়ে দেওয়া হবে, অর্থাৎ খাজনা কমান হবে। এই চারটা সমস্যা সমাধানের পথে এই বিলটি অগ্রসর হবে বলে আমরা আশা করেছিলাম। কিন্তু তা না হয়ে, এই চারটা সমস্যাকে আরও জটিল করা হয়েছে, এবং অনেক ক্ষেত্রে ব্যর্থ হয়েছে ; এবং সমাজে যে শান্তি ছিল এবং এখনও আছে, সেটাকে এই বিলে যে সমস্ত ধারা যোগ করা হয়েছে, তাতে তা প্রতিপদে বিঘ্নিত হবে, বিশৃংখলা দেখা দেবে এবং শান্তি নষ্ট হয়ে অশান্তি সৃষ্টি হবে সমাজে। জমি যেটুকু বেশী আছে, তা পাবার সম্ভাবনা নাই কেন সেটা বলি। এতদিন আমরা লক্ষ্য করেছি যে সরকার এই

বিলকে কার্যকরী করতে যতদিন পারেন ততদিন দেরী করছেন। যতপ্রকার আমরা সংশোধনী এনেছি, যে মেছঘেরী, অরচার্ড প্রভৃতি নেওয়া হোক, এবং পার্সোন্যাল দেবোত্তরকে বাদ দিয়ে জমিকে আরও বেশী বাড়িয়ে দেবার ব্যবস্থা করা হোক; কিন্তু তা মানা হয় নি। আমার মনে হয়, সেই সমস্ত ফাঁকগুলিকে রেখে আরও দেরী করছেন এই আইনকে কার্যকরী করতে; যার ফলে আরও জমি হস্তান্তরিত হয়ে, জমি লুকিয়ে যাচ্ছে, সেই জমি আর কিছুতেই বেরুবে না। এই কথা আমি পূর্বে আলোচনা করেছিলাম, আজও বলছি আমরা চোখে, কাগজে-কলমে যেটুকু জমি দেখছি, তাও থাকবে না, যদি এই বিলকে কার্যকরী করতে এত দেরী করা হয়। তারপর, এই বিল সত্যিকার কার্যকরী করা যাবে কিনা, এবং গেলে কবে যাবে সে সম্পর্কে কোন নিশ্চয়তা নেই। এবং টাকা পাওয়া যাবে কিনা সে সম্বন্ধে প্রশ্ন করলেও মন্ত্রীমহাশয় আমাদের কোন আভাষ দিতে পারেন নি। যতদিন যায়, ততই ভাল, এই হচ্ছে সরকারের নীতি। কারণ, জমি যদি কমে যায়, তাহলে সরকারের দায়িত্বও কমে যাবে, এটা আমার ধারণা। তা না হলে দেবোত্তর, অরচার্ড প্রভৃতির নাম করে হাজার হাজার বিঘা জমি বাদ দেবার প্রচেষ্টা কখনও করতেন না। এবং যেটুকু জমি বেরুবে, সেইটুকু জমি, যদি বলে দিতেন যে, যারা ভাগচাষী, যারা কৃষি-কার্য করে, যাদের কৃষির সব জ্ঞান আছে, অর্থাৎ যারা প্রকৃত কৃষক তারাই পাবে, তাহলে বোঝা যেত। বলা উচিত ছিল যে জমি বণ্টন ব্যাপারে, প্রথম বিবেচনা করা হবে তাদের জন্য, যারা আমাদের দেশে ভূমিহীন চাষী ও ভাগচাষী বলে খ্যাত। কিন্তু এইটুকুও উল্লেখ করতে তাঁরা রাজী হন নি। তাঁরা বলেছেন "ইন্টেন্ডস টু কাল্টিভেট" এটাও ভেগ, এবং এর দ্বারা অকৃষকের হাতেই বেশী জমি যাওয়ার সম্ভাবনা রয়েছে এবং নানা দুর্নীতিও অফিসাররা গ্রহণ করবেন। আমরা পুনঃপুনঃ বলেছিলাম যে যেটুকু জমি পাওয়া যাবে, তাকে সুবণ্টন যদি করতে হয়, তাহলে লোকের মনে আশা সঞ্চার করবার জন্য সরকার পরিষ্কার করে বলুন যে পাবলিক ইলেক্টেড কমিটির দ্বারা বিতরণ করা হবে। কিন্তু সরকার সেটা একটু ঘোলাটে করে রেখেছেন, দলীয় নীতিতে জমি বণ্টন করবার উদ্দেশ্যে, এবং ভূমিহীন কৃষককে জমি না দিয়ে, যারা কৃষিজীবী নয়, এই রকম অকৃষকের হাতে কিছু জমি দেবার উদ্দেশ্যে এটা করা হয়েছে। এবং এরই জন্য, তাঁদের সেই নীতি কি? তা সুস্পষ্ট করে বলেন নি, যার ফলে যেটুকু জমি পাওয়া যাবার সম্ভাবনা আছে, সেইটুকু জমিও দুর্নীতির দ্বারা এমনভাবে, তখন অকৃষকের হাতে যাবে যে, জমি বণ্টন ভালভাবে হবে না, এবং দলীয় স্বার্থ রক্ষা করা হবে। এর ফলে সম্পূর্ণ ভূমিহীন, দরিদ্র কৃষককে জমি দেবার উদ্দেশ্য ব্যর্থ হবে, এবং একটা দল পাকাবার সুবিধা হবে। শ্রীবিনোবাভাবের যে নীতি, তা গ্রহণ করা হয়েছে কংগ্রেস পক্ষ থেকে, পাবলিক মিটিং করে, যেখানে ডিজার্ভিং কেস, যথার্থ কেস নির্ধারণ করে জমি বিতরণ করা হবে, এই যে শ্রেষ্ঠ নীতি, সেই কথাটা এখানে ঘোষণা করতে সরকার রাজী হয় নি, যদিও আমরা এ সম্পর্কে সংশোধনী প্রস্তাব এনেছিলাম। দ্বিতীয়, ভাগচাষী জমি ত পাবেই না, উপরন্তু, তারা যে জমিটুকুতে চাষ করত, তা থেকে উচ্ছেদ হয়ে যাবে। তাদের এই উচ্ছেদ বন্ধ করবেন কি করে?

ভাগচাষী উচ্ছেদ বন্ধ করবেন কি করে, তার কোন ব্যবস্থা না করে, তাঁরা উচ্ছেদ আরো হবে কি করে তার ব্যবস্থা করবেন এই বিলের দ্বারা।

এক জায়গায় তাঁরা বলে গেছেন জমি নিজে চাষ করতে হবে, পার্সোন্যাল কাল্টিভেশনএ না আনলে জমি রাখতে পারবে না। এ এক মারাত্মক বিধান। এতে করে জমিদার ও জোতদারদের আর একটা মস্ত বড় সুযোগ দেওয়া হয়েছে ভাগচাষীকে উচ্ছেদ করবার জন্য। অথচ আগেকার দিনের যে ভাগচাষ আইন ছিল, তাতে এ বিধান ছিল না। এই ভূমি সংস্কার বিলে জোতদারদের হাতে ভাগচাষীদের উচ্ছেদ করবার একটা অস্ত্র দেওয়া হয়েছে। নিজে যদি চাষ না কর, তাহলে জমি থেকে তোমায় উচ্ছেদ করা হবে। কিন্তু আপনারা জানেন অসুখের সময় মজুরের সাহায্য নিতে হবে; আর জল যদি তাড়াতাড়ি নামে তাহলেও চাষ করবার জন্য প্রতিবেশী কোন ব্যক্তির সাহায্য নিতে হবে। তখন সেই কারণ দেখিয়ে তাকে উচ্ছেদ করা হবে।

দ্বিতীয় কথা বলেছিলাম এই রেভিনিউ অফিসারকে তাঁরা এত বেশী ক্ষমতা দিচ্ছেন যে তাঁর কাছে সাধারণ ভাগচাষী যেতে পারবে না। রেভিনিউ অফিসার হচ্ছেন সর্বময় কর্তা; তাঁকে হাত করবার জন্য বড়লোকেরা দুর্নীতির দাপটে ঘুষ দিয়ে এমন কাণ্ড করবেন যে ভাগচাষী

কখনো তাঁর ধারের কাছে ঘেঁষতে পারবে না। কাজেই ভাগচাষী উচ্ছেদের পথকে আরও এই বিলের দ্বারা সুগম করে দেওয়া হয়েছে। তাই আমার সাজেশন পাবলিক থেকে প্রতিনিধি স্থানীয় লোকদের একটা কমিটি রাখবার কথা বলেছিলাম, তা তাঁরা গ্রহণ করেন নাই।

তা ছাড়া খাজনার হারও বেড়েছে। আমরা কমাবার জন্য বলেছিলাম। আমি একটা টেবল পড়ে শোনাচ্ছি। রাজস্বমন্ত্রী মহাশয় বলেছিলেন পাঁচ টাকা করে রেট কুড়ি বছরের গড় হবে। আর মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন দশ টাকা গড় পড়বে। রাজস্বমন্ত্রী যে কথা বলেছিলেন সেটা মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করে নেন নাই। আগেকার আলোচনাতে বলেছিলাম একর প্রতি মোটামুটি আঠার মণ ধান হয়। কিন্তু সরকারের রেভিনিউ অফিসার ও স্ট্যাটিস্টিকাল ব্যুরো যে রিপোর্ট দিয়েছেন তাতে ২২-২৩ মণ ফলন ধরা হয়েছে। যদি আঠার মণের গড় দর সাড়ে আট টাকা ধরি তাহলে—

প্রথম দু একরে একরপ্রতি—৩ টাকা।

দ্বিতীয় তিন একরে একরপ্রতি—৪ টাকা।

পরের পাঁচ একরে একরপ্রতি—৬ টাকা।

তার পরবর্তী পাঁচ একরে একরপ্রতি—৭৷৷৹ টাকা।

তার পরের সাত একরে একরপ্রতি—৯ টাকা।

The Hon'ble SATYENDRA KUMAR BASU :
আপনি ঐ রেটেই দিবেন!)

আপনি যে টেব্‌ল্‌ প্রকাশ করেছেন সেই হার যদি কষে দেখা যায়, তাহলে সেটা চলতি হার থেকে অনেক বেশী হবে। যদি এই হার চালু করতে চান, তাহলে করভার না কমিয়ে আরও বাড়ান হবে।

[6-30—6-40 p.m.]

আমরা ভেবেছিলাম জমিদারী উচ্ছেদ কোরে যে টাকাটা গভর্নমেন্টের বাঁচবে সেই টাকা দ্বারা করভারকে কমান হবে। কিন্তু বর্তমান ব্যবস্থায় যে সমস্ত কর্মচারী রেভিনিউ অফিসার এবং বহু সাঙ্গপাঙ্গ রাজস্ব বিভাগ থেকে বসাবার চেষ্টা করছেন, এবং আরও টাকা আদায় হবে। তার উপর আরও লাভের গুড় খাওয়ার জন্য টাকা নিয়ে রাজস্ব বিভাগের কর্মচারী পোষণের ব্যবস্থা করছেন। সুতরাং খাজনার হার বেড়েই যাবে। এক একটি ইউনিটএর খাজনার হার একইভাবে না বেঁধে অন্যভাবে অর্থাৎ স্ল্যাবভাবে করছেন, এতে একই উৎপাদিকা শক্তির জমির মূল্য কমবেশী হয়ে যাবে। একই উৎপাদিকা শক্তির জমি, যেহেতু তার পাঁচ একর, আর একজনের আর বেশী একর এইসব কারণে সেই একই উৎপাদিকা শক্তির জমির খাজনা কম হবে ; তাতে কোনটা হবে দেড় টাকা, কোনটা আড়াই টাকা, কোনটা সাড়ে চার টাকা, আবার কোনটা ছয় টাকা। এই রকমভাবে ভীষণ ক্ষতির সৃষ্টি হবে।

তৃতীয়তঃ 'রিকাষ্টিং'এ বিশৃঙ্খলা দেখা দেবে। রিকাষ্টিং অফ সেয়ারএ রেভিনিউ অফিসারকে ক্ষমতা দিয়েছেন যে সমস্ত রেজিষ্ট্রী হচ্ছে সেই রেজিষ্ট্রী করবার সময় রেভিনিউ অফিসার হয়ত বলে দেবেন তোমাদের ভাগ ঠিক নয়, ষ্ট্যান্ডার্ড এরিয়ার নীচে আছে, অতএব অদল বদল করতে হবে। তাতে প্রচুর ঘুষ চলবে ভাইয়ে ভাইয়ের ব্যাপারে সেই আদানপ্রদান চলবে, এবং দুর্নীতিতে দেশ ছেয়ে যাবে। কাজেই যে শৃঙ্খলা ছিল, শান্তি ছিল সেটা এই রিকাষ্টিং অফ সেয়ারএ যে বিরাট ক্ষমতা দেওয়া হয়েছে রেভিনিউ অফিসারের হাতে তাতে সে উদ্দেশ্য ব্যর্থ হবে বোলে মনে করি। তৃতীয়তঃ হায়েষ্ট বিডার সৃষ্টি কোরে যে বেশী মূল্য দিতে পারবে অর্থাৎ বড়-লোকের কাছেই তার দ্বারা ভূমি চলে যাবে। সুতরাং যে ৪টি মূল সমস্যার কথা বলেছেন যে ভূমিহীনকে ভূমি দেওয়া হবে—তা দিতে পারবেন না, খাজনার হার বেড়ে যাবে ভাগচাষীর উচ্ছেদ ব্যাপক হবে এবং সমাজের শৃঙ্খলা নষ্ট হবে। কাজেই এই বিলকে যদি ভাল কোরে না আনতে

পারেন, যে সমস্ত নীতির কথা আমরা বলেছিলাম তাকে গ্রহণ কোরে যদি আবার ভাল কোরে না আনতে পারেন, তাহলে এই ভূমিসংস্কার ব্যর্থ হবে, এবং দেশে বিশৃংখলা হবে ও দেশ আরও পিছিয়ে যাবে।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়। এই ভূমিসংস্কার আইন প্রবর্তনের ফলে সমাজে তার কি প্রতিক্রিয়া হবে সে সম্বন্ধে আগেকার কয়েকজন সদস্য বলে গেছেন। এই ভূমিসংস্কার আইন সম্বন্ধে বলবার পূর্বে আমি প্রথমে ভূমি বণ্টন নীতি সম্বন্ধেই বলব। ভূমি বণ্টন নীতি যেভাবে গ্রহণ করা হয়েছে তাতে মিনিমাম কতটুকু জমি প্রত্যেকের থাকবে সেই কথা এবং স্ট্যান্ডার্ড এরিয়া বা ইকনমিক হোল্ডিংএর কথা আইনে একেবারে উহ্য রাখা হয়েছে, ব্যাপারটা তাঁদের মানসপটের মধ্যে রয়ে গিয়েছে, সেটা যে কিভাবে হবে তা এখনও ঠিক হয় নি। কিন্তু উচ্চসীমা নির্ধারণের সময় নীতি নেওয়া হয়েছে যে যেন ২৫এর উর্ধ্বে না উঠে। কিন্তু এদেশে ২৫ একরের বেশী যাঁহার জমি আছে সেইসব জমি কোন সময় নেওয়া হবে? এই আইন প্রয়োগের তারিখ থেকে যদি হয় তার ক্ষতিপূরণের ব্যবস্থা কি তার পরে হবে? কিন্তু ইতিমধ্যে সেইসব রায়তদের জমি কেড়ে নেওয়া হবে, না তারা নিজেরা চাষ করবে? সে অধিকার থাকবে কিনা সেটা পরিষ্কারভাবে কোথাও বলা হয় নি। ক্ষতিপূরণের সময় পর্যন্ত মধ্যবর্তীকালে তারা কি অবস্থায় থাকবে, পরবর্তীকালে কোন ক্ষতির খেসারত পাওয়ার অধিকারী থাকবে কিনা সে কথা এখানে কিছুই বলা হয় নি। এই রকমভাবে ভূমি বণ্টনের যে ব্যবস্থা হয়েছে তাতে পরিষ্কার বোঝা যাচ্ছে যে যে পরিমান জমি গভর্নমেন্ট পাবেন আশা করেছিলেন তা পাওয়া যাবে না, অল্প যেটুকু পাবেন তাতে এই হবে যে যারা খেতে পাচ্ছিল না তারা ত খেতে পাবেই না, যারা খেতে পাচ্ছিল, তাদেরও মুখের গ্রাস কেড়ে নেওয়া হবে। আর একটা চেষ্টা করা হয়েছে কৃষিজীবীর মধ্য থেকে একটা অনুগৃহীত শ্রেণী তৈরী করবার চেষ্টা এই ভূমিসংস্কার আইনের মধ্যে দেখা যায়। ফলে এখনই শ্রেণী সংগ্রাম শুরু হয়েছে, কারণ আমি আমার কনষ্টিটিউয়েন্সির মধ্যে চাষীদের সঙ্গে দেখা করে দেখেছি তাদের অনেকের মধ্যেই ধারণা হয়েছে যে একটা "জবর দখল" আইন পাশ হয়েছে। এতে যারা জোর করে জমি দখল করতে পারবে জমি তাদেরই হয়ে যাবে। এই রকম একটা ধারণা তাদের মধ্যে হয়েছে। আর মালিকেরা আইনের জোরে চাষীদের জব্দ করবার চেষ্টা করছে। এই যে শ্রেণী সংগ্রাম এ ইতিমধ্যেই পাড়াগাঁয়ের দিকে সুরু হয়েছে। এতে কোরে গ্রামের সম্প্রীতি নষ্ট হচ্ছে, তাদের মধ্যে দ্বেষ হিংসা বেড়ে যাচ্ছে, এবং তাতে পরস্পরের সম্প্রীতি সহযোগিতা ধ্বংস হবে। একেই ত গ্রাম সব ধ্বংসমুখী, তাতে তার উপর এই বিলের ফলে যে দ্বেষ হিংসা সুরু হয়েছে তাতে সম্পূর্ণভাবে গ্রামবাসীদের সদ্ভাব নষ্ট হবে। মন্ত্রীমহাশয় বক্তৃতায় বলেছেন মেনটিনান্স অফ ফ্যামিলির দিকে লক্ষ্য রেখে ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই মেনটিনান্স অফ ফ্যামিলি শুধু তাদের খেয়ে বেঁচে থাকা মাত্র বোঝাতে চান কি? মনুষ্যত্ব বিকাশ, মানবোচিত গুণাবলী অর্জন, অন্যান্য সুযোগসুবিধা উপভোগের স্বরূপ লেখাপড়া শেখা সম্বন্ধে কি কিছুই দরকার হবে না?

তারপরে আর একটা কথা বলতে চাই, যে হারে খাজনা ধার্য করবার নীতি গ্রহণ করেছেন এই ভূমিসংস্কার আইনে যে নীতি গ্রহণ করা হয়েছে, সেটা অত্যন্ত মারাত্মক রকমের অন্যায়। অনেক সদস্য সেই নিয়ে আলোচনা করেছেন। তাতে আয়করের সঙ্গে তুলনা করেছেন ; সেখানে উৎপাদনের খরচ বাদ না দিয়ে খাজনার হার ধার্য করা অন্যায় কথা। কারণ আয়কর যেমন একটা নিম্নতম আয় বাদ দিয়ে ধার্য হয়। সেখানে ন্যায্য উৎপাদন খরচ বাদ দিবার ব্যবস্থা আছে ; কিন্তু খাজনা ধার্যের বেলায় এই ব্যবস্থা না করায় ভূমিসংস্কার আইন ধনীদেরই সমর্থন করে এবং কৃষিজীবীদের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করছে এই রকম সাধারণ লোকের ধারণা। আর একটি কথা কনসলিডেশন অফ হোল্ডিংএর বেলা বিভিন্ন জোতকে একই জোতের অন্তর্গত এবং খাজনা বাকী পড়লে সমস্ত জোতই বাকী খাজনার দায়ে নীলাম হবে এই ব্যবস্থার জন্য প্রত্যেক জায়গায় খুব জোর সমালোচনা এখনই চলছে।

তারপর খাজনা ধার্যের সময় খাজনার উপর নির্ভরশীল অন্যান্য যে দায় যেমন রোড সেস, এডুকেশন সেস, ইত্যাদি যা ঐ খাজনার উপর নির্ভর করছে তা বিচার না কোরে খাজনা ধার্য করা গুরুতর অন্যায়।

[At this stage the blue light was lit.]

আমার আর ৫-৭ মিনিট সময় লাগবে। ঐ গুরুভারের চাপ ত পড়বেই, তার উপর তার জন্য অত্যন্ত জুলুম হবে। এ জন্য মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে খাজনা ধার্যের সময় যেন এ বিষয়ে বিশেষ কোরে লক্ষ্য করা হয়।

আর একটা কথা রেভিনিউ অফিসারদের সর্বময় কর্তা করা হয়েছে। জনসাধারণের পক্ষে রেভিনিউ অফিসারের বিরুদ্ধে আপীল করতে গেলে রেভিনিউ বিভাগের ভিতর দিয়ে বোর্ড পর্যন্ত আসার ব্যবস্থা আছে মাত্র; কিন্তু কোর্টে বিচার প্রার্থনা করার যে অধিকার ছিল তা হতে বঞ্চিত করা হয়েছে। এটায় দ্বারা জনসাধারণের ন্যায়সংগত অধিকারের উপর হস্তক্ষেপ করা হয়েছে বলে মনে করি।

এই প্রসংগে আর একটি কথা বলব। এখানে ভূমিসংস্কার আইন হচ্ছে বটে, কিন্তু গোচর ভূমিসংরক্ষণের কোন ব্যবস্থা এর মধ্যে নেই। আমাদের দেশে অধিকাংশ চাষবাস গরুর সাহায্যে হয়, লাংগল দিয়ে চাষ করতে হয়, কাজেই এজন্য আমাদের অতি প্রয়োজনীয় গোজাতি রক্ষার জন্য গোচারণ ভূমিসংরক্ষণ আইন কোরে করার দরকার ছিল। সেটার কিন্তু একেবারেই উল্লেখ করা হয় নি। ঐ সংক্রান্ত আলোচনায় বলা হয়েছে "মানুষেরই খাবার জোটে না, আবার গরুর খাবারের জন্য জমি আবন্ধ করা সমীচীন নয়।"

[6-40—6-50 p.m.]

তাহলে কি আমরা বুঝবো যে, যে গরুগুলি আছে সেগুলি জবাই করে ডলার উপার্জনই হবে আমাদের দেশের লক্ষ্য? আর একটা কথা, ভাগচাষীদের সম্বন্ধে অনেকে অনেক রকম আলোচনা করেছেন। এ সম্বন্ধে আমি নূতন একটা কথা বলতে চাই। আমি অনেক জায়গায় বড় বড় ভাগচাষীর সংগে এ সম্বন্ধে আলোচনা করেছি।

[At this stage the red light was lit.]

একটু সময় চাই, স্যার। ভাগচাষীদের অবস্থা কি দাঁড়িয়েছে সেটাই বলছি। সেখানে জমি কম, চাষী বেশী, সেখানে ভাগচাষীর উপর অন্যায় অত্যাচার হয়। কিন্তু যেখানে জমি বেশী চাষী কম সেখানে মালিকদের অবস্থা কাহিল সেখানে বহু খোসামোদ করে চাষীকে জমি ধরাবার ব্যবস্থা করে, ফসল উৎপাদন করতে হয়। আমাদের অঞ্চলে বড় বড় ভাগচাষীরা, তাঁরা বলেন যে ভাগচাষ করা বহু দিক দিয়ে লাভজনক। কারণ যে জমি আমরা চাষ করি তার অর্ধেক সম্পূর্ণরূপে নিষ্কর, অর্ধেক ফসল যা দিলাম তার উপর রোড সেস পর্যন্ত দিতে হয় না, একেবারে নির্ঝঞ্ঝাট। স্বাধীনভাবে যেমন পরিশ্রম ও তদ্বির করি সেইরূপ ফসল পাই, পারিশ্রমিকের পরিবর্তে পরের হুকুম মত খাটতে হয় না। নিজের জমিতে থাকি তা ছাড়া সময়ে অসময়ে যখন টাকাকড়ি কিম্বা চাষ করবার সময় যেমন সাহায্যের দরকার হয়, তখন আবশ্যক হলে মালিকদের কাছ থেকে তা পাওয়া যায়। কিন্তু আইনের ক্ষেত্রে ৬০ : ৪০ ভাগ দিতে হবে। আইনের মতে ৪০ ভাগ দিতে হবে বটে কিন্তু সময়ে অসময়ে তারা সাহায্য পাবে না এবং যদি কোন গতিকে চাষে ফলন কম হয় বলে মালিক মনে করেন, আইনের বলে ৪০ ভাগ মালিক আদায় করে নেবেন এবং তাদের মধ্যে যে সদ্ভাব ছিল সেটা নষ্ট হয়ে যাবে—একথা তারা বলেন। মধ্যবিত্তের সংগে আলোচনা করে দেখেছি, তাঁরা বলেন এইভাবে বারে বারে তিলে তিলে দগ্ধ করে মারার চাইতে তারচেয়ে বরং গভর্নমেন্ট এক কাজ করুন—সেটা বড় রকমের বৈপ্লবিক পন্থা হবে—সমস্ত জমি তাঁরা নিয়ে নিন, এবং আমাদের খাওয়া পরা, আশ্রয়, শিক্ষা, এবং চিকিৎসার ব্যবস্থা গভর্নমেন্ট করুন। আমরা এক ছটাকও জমি চাই না। গভর্নমেন্ট কি রাজী আছেন এই ব্যবস্থা করবার জন্য? কথায় কথায় বৈপ্লবিক পরিবর্তনের কথা বলা হয়—এই ব্যবস্থা যদি করা হয় তাহলে একটা বিরাট বৈপ্লবিক ব্যবস্থাই অবলম্বন করা হবে এবং কংগ্রেস সরকারের

নামও ইতিহাসের পাতায় পাতায় উজ্জ্বল অক্ষরে লেখা থাকবে। আর একটা কথা মধ্যবিত্তরা বলেন যে চাকুরীতে তাঁদের উদর পূর্তি হয় না, তাঁদের চাষের আয়ে সংসার চলে না, ছেলে মেয়েদের শিক্ষার ব্যবস্থা, বিশেষ করে মেয়ের বিবাহের ব্যবস্থা প্রভৃতি করতে তাঁদের যথাসম্পত্তি বন্ধক বা বিক্রয় করাটাই পেশা হয়ে দাঁড়িয়েছে। কাজেই এই অসহায় অবস্থায় তাঁরা বাইরে অন্য কিছু থেকে উপার্জন করলে তাঁদের জমি কেড়ে নেওয়া হবে, এটা কি সংগত ব্যবস্থা হবে? তাঁদের যদি বিকল্প আয়ের ব্যবস্থা করে জমি নিয়ে নেওয়া হোত, তাহলে পর কোন অসংগত ব্যবস্থা হোত না। কিন্তু এখানে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে মধ্যবিত্ত সমাজ মনে করেন যে তাদের উপর গভর্নমেন্ট বিমাতৃসুলভ ব্যবহার করছেন এবং সেইজন্য তাঁদের ভেতর একটা বিশেষ ক্ষোভের সৃষ্টি হয়েছে। আরো কয়েকটা কথা বলার ছিল কিন্তু সময়াভাবে বলা গেল না। কিন্তু মন্ত্রীমহাশয়ের কাছে একটা জিনিস জিজ্ঞাসা করতে চাই যে ২৫ একরের বেশী যে জমি সেটা গভর্নমেন্ট নিয়ে নেবেন সেটা এই আইন প্রবর্তনের তারিখ থেকে কিনা এবং তাই যদি হয় তাহলে এই অন্তর্বর্তীকালে কোন আংশিক ক্ষতিপূরণ তারা পাবে কিনা? একথা তাঁরা জিজ্ঞাসা করতে বলেছেন। আর একটা কথা তাঁরা জিজ্ঞাসা করতে বলেছে যে চাষীদের কেবল জমি দিলেই কি চাষাবাদ হবে? সময়ে অসময়ে তাদের টাকাকড়ির প্রয়োজন। বীজ সার প্রভৃতির জন্য যতটুকু সাহায্য তাদের দরকার, সেটুকু কোথা থেকে তারা পাবেন? মালিক এবং চাষীদের মধ্যে বিরোধের ফলে মালিক ত দেবেন না। কাজেই গভর্নমেন্ট থেকে সময়মত তাঁরা পাবেন কিনা তাঁরা জানতে চেয়েছেন। আমরা মনে করি যে এই ভূমিসংস্কার আইন সমাজে একটা বিরাট বিক্ষোভ উপস্থিত করেছে এবং সেটা সময়মত প্রকাশ পাবে—সেজন্য গভর্নমেন্টকে সাবধান থাকতে হবে।

Sj. Annada Prosad Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী পক্ষ যেসব সমালোচনা করেছেন তাতে মনে হয় যে ভূমি-সংস্কার আইন চাষীর অনিষ্টের দিকে লক্ষ্য করেই করা হয়েছে। আমার বিনয় ভাই বলেছেন যে এটা সামন্ততান্ত্রিক আইন, আর একজন বলেছেন যে এ ক্যাপিটালিষ্টীক আইন। এই রকম-ভাবে প্রায় সকলেই বলেছেন এই আইনের যেন কোন প্রয়োজনীয়তা নেই, এটা বড় লোকের জন্যেই তৈরি হচ্ছে এবং গরীব লোকের বা চাষীদের এতে কোন উপকার হবে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি সে সম্বন্ধে কিছু বলব।

তাঁরা যে বলেছেন এতে কিছু হবে না, এটা ঠিক নয়। জমিদারী উচ্ছেদ আইন পাশ হয়ে গেছে এবং তার ফলস্বরূপ এই ভূমিসংস্কার আইনটি আনীত হয়েছে। কারণ সেই জমিদারীর উপরেই সব নির্ভর ছিল। রায়ত বহুরকম ছিল। যথা রায়ত, আন্ডার রায়ত, অকুপেন্সি রায়ত, নন-অকুপেন্সি রায়ত, সেটেল্ড রায়ত ছিল এবং তাদের চ্যাপটারও আলাদা আলাদা ছিল। আপনারা জানেন যে টেনিওর হোল্ডার প্রভৃতি সমস্ত ইন্টারমিডিয়ারী অনেক রকম ছিল। এইসব নিয়ে বড় একটা টেনেন্সি এ্যাক্ট সৃষ্টি হয়েছিল এবং আরও কত রকম জটিল আইনের সৃষ্টি হয়েছিল। এই আইনই খুব সংক্ষেপ করে ল্যান্ড রিফর্মস আইনে এসেছে এবং সেটাই আইনে পরিণত হতে যাচ্ছে।

এই আইনে প্রথমত দেখতে হবে যে এখানে ল্যান্ডের কথাই বলা হয়েছে। ল্যান্ড মানে শুধু এগ্রিকালচারাল ল্যান্ডই বলা হয়েছে । এবং ল্যান্ড ইনক্লুডিং হোমষ্টেডও বলা হয়েছে। আর এগ্রিকালচারের জন্য যারা কাজ করবে তারাই কেবল রায়ত এবং রায়তদের সম্পূর্ণভাবে সমস্ত অধিকারও দেওয়া হয়েছে। আগে যারা অকুপেন্সি রায়ত ছিল তাদের রাইট অফ অকুপেন্সি একোয়ার করতে হতো। যারা সেটেল্ড্ রায়ত, তারা একযোগে ১২ বছর বা তার উপর যে সমস্ত জমি চাষ করত তারা অকুপেন্সি রায়ত হত। এতে সে রায়ত হয়ে যাবে এবং আন্ডার রায়তগুলো, সমস্তই রায়তের পর্যায়ে পড়ে যাবে। সুতরাং সকল আন্ডার রায়তই এতে সুবিধে পাবে। আমার অনেক বন্ধু বলেছেন যে, আন্ডার রায়তদের কোন উপকার এতে হবে না। কিন্তু আমি বলব এতে আন্ডার রায়তদের যথেষ্ট উপকার হবে এবং সমস্ত আন্ডার রায়ত রায়তের পর্যায় পড়বে এবং রায়তদের যে রকম খাজনা ধার্য হয় এদেরও ঠিক সেই রকম খাজনা ধার্য হবে। মানি রেন্ট এবং প্রোডিউস রেন্টএ আন্ডার-রায়তদের কাছে যারা খাজনা পেতো তারা কম্পেনসেসান পাবে। তাহলে সেদিক দিয়ে তাদের অনেক উপকার হবে।

দ্বিতীয়তঃ তাঁরা বলছেন যে খাজনা যে ধার্য হয়েছে সেটা খুব বেশী হয়েছে, কিন্তু আমি আমাদের প্রধানমন্ত্রীর কাছে শুনেছি যে ২০ বৎসরের ধানের গড় যা দাম এবং ২০ বৎসরের গড় যা উৎপন্ন হয় প্রোডাক্টিভিটি অফ দি সয়েল ইত্যাদি সমস্ত নিয়ে আন্দাজ ১৫ টাকা একরে রেট অফ রেন্ট হবে। ১৫ টাকা যদি একরে হয় তাহলে ৫ টাকা বিঘা পিছু হবে। ৫ টাকা যদি বিঘা হয়, তাহলে এখন যা খাজনা ধার্য হবে তাতে গরীব লোকের প্রভূত উপকার হবে এবং অপর যাদের বেশী জমি আছে তাদের খাজনা বেশী হবে না কারণ আগে রেট অফ রেন্টএর ৭৫ পার্সেন্ট ছিল, সেটা কম করে ৩০ পার্সেন্ট ধরা হয়েছে। তাতে হিসেবে এই দাঁড়ায় ১৫ টাকা একর যদি ধরা যায় তাহলে যাদের ৬ বিঘা জমি থাকে তাদের আট আনা করে বিঘায় খাজনা হবে, ১৫ বিঘে জমিওয়ালার দশ আনা এক পাই করে হবে, ত্রিশ বিঘে জমিওয়ালার তের আনা ছয় পাই মতন হবে, ৪৫ বিঘে জমিওয়ালার পনের আনার কিছু বেশী এবং ৭৫ বিঘে জমিওয়ালার এক টাকা তিন আনার মতন হবে। আমি ধরে নিলাম যদি ছয় টাকাই হয় তাহলে ওর থেকে কিছু বেশী হবে। সুতরাং খাজনার হার যে যথেষ্ট কমে যাবে তাতে কিছুমাত্র সন্দেহ নেই। তা ছাড়া এটাতে যে খানিকটা সোসিয়ালিষ্টিক এ্যাপ্রোচ আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

[6-50—6-59 p.m.]

তারপর আপনারা বোধ হয় জানেন, আমরাও জানি, অনেক জমিদারের কাছে অমরা ঘুরেছি তারা বলে যে আপনারা আমাদের সব কেড়ে নিলেন। কিন্তু এরকম কথা তারা বলে কেন? তাঁদের মধ্যে একটা ভাব এসেছে যে তাঁদের সব কেড়ে নেওয়া হচ্ছে। অবশ্য এটাতে একটা ব্যাপার আছে যে অনেক জায়গায় সেটেলমেন্ট অফিসারদের অন্য কিছুর যোগেতে নানান রকম অন্যায় করা হচ্ছে। ১৯৫৩ সালের ৫ই মের পর যেসব জমি রেজিষ্ট্রি হয়েছে, আমি জানি এবং আমার কাছে অনেক খবর এসেছে এ্যাটেশটেশন অফিসাররা তারিখ দিচ্ছেন না বা এই রকম ব্যাপার করছেন যা গভর্নমেন্টের সহসা বোঝবার উপায় নেই। সেজন্য আমার মনে হয় যে গভর্নমেন্টের এই বিষয়ে বিশেষ অবহিত হওয়া দরকার। গভর্নমেন্টের উদ্দেশ্য যদি সত্যি ব্যাফেলড করে দেওয়া হয় তাহলে খুব অন্যায় হবে। অতএব এইসব জায়গায় গভর্নমেন্টের লক্ষ্য করা উচিত, তা না হলে আমরা জমি পাব না। অর্থাৎ যদি ব্যাফেলড করে দেওয়া হয় এবং আমরা যদি এই সমস্ত জানতে না পারি, ১৯৫৩ সালের ৫ই মের আগের যদি কোন কিছু অন্যায় বা ভুল ডেট দেয় তাহলে সেগুলোকেও লক্ষ্য করতে হবে। আমি বলি যে গভর্নমেন্টের এই বিষয়ে লক্ষ্য করা উচিত।

তা ছাড়া এই বিলেতে প্রজাদের আরও যেসব উপকার করা হয়েছে তার মধ্যে একটা হচ্ছে কো-অপারেটিভ ফার্মিং এবং এটা করলে পরে খাজনা কম দিতে হবে, বিনামূল্যে তিন বৎসর সার পেতে পারবে, এবং তার পরে কম মূল্যে পেতে পারবে। তারা এক্সপার্ট এ্যাডভাইস প্রভৃতি আরও নানান রকম সুখসুবিধে পাবে। কিন্তু কো-অপারেটিভ ফার্মিং একটা খুব শক্ত জিনিষ বটে। কো-অপারেটিভ মেন্টালিটি সৃজন করতে হবে এবং শুধু তাই নয় কো-অপারেটিভ মেন্টালিটি যদি সৃজন করতে হয় তাহলে তাদের খানিকটা উপদেশ দিতে হবে যে কো-অপারেটিভ ফার্মিং করলে কৃষকদের অনেক সুবিধে হবে। সেটা জানিয়ে দিতে হবে। অর্থাৎ যেটা জানান হবে, কার্যক্ষেত্রে সেটা প্রমাণ হবে। আমার মনে হয় যে এতে কৃষকরা যথেষ্ট উপকার পাবে। আমার বন্ধুরা যেসব বলেছেন যে, এতে বড়লোকের খুব উপকার করা হচ্ছে, গরীব লোকের বা চাষীর এতে উপকার করা হচ্ছে না—এটা সম্পূর্ণ ভুল। গরীবদের প্রতি লক্ষ্য রেখেই এ আইন করা হয়েছে, তবে বড়লোকদের একেবারেই উচ্ছেদ করা হয় নি। বড়লোকরা এই দেশের একটা অবিচ্ছেদ্য অংশ, তারাও চাষী। বড় চাষীর দৌলতেই আজকে আমাদের যে ফুড ডেফিসিট ছিল সেটাকে ভাংগতে পেরেছি। সেটা নষ্ট করতে পেরেছি। শুধু চেঁচালে হবে না, আমরা জানি যে বড় বড় চাষী যারা তারা খুব বেশী উৎপাদন করেছে। কিন্তু ছোট চাষী অনেকের পয়সা নেই, অন্য অনেক বাধা আছে বলে তারা ঠিক উৎপাদন করতে পারে নি। একবারে তাদের কাছ থেকে জমি কেড়ে নেওয়াটা সমীচীন হয় না। তবে এই যে ৭৫ বিঘা রাখা রয়েছে এটা আপাততঃ ঠিকই হয়েছে। ফ্লাউড কমিশনের রিপোর্টেও এই ৭৫ বিঘা রাখবার কথা ছিল এবং

এখনও এটা ঠিকই হয়েছে। তবে লোকে নানা কৌশল অবলম্বন করে যাতে অনেক বেশী জমি না রাখতে পারে সেদিকে গভর্নমেন্টের লক্ষ্য রাখা উচিত। তাতে ডিষ্ট্রিবিউশনএরও সুবিধে হবে।

তারপর ডিষ্ট্রিবিউশনএর জন্য যে নিয়ম করা হয়েছে সেটাও খুব অন্যায় হয় নি। অর্থাৎ যারা ল্যান্ডলেস তাদের ল্যান্ড দেবেন, যাদের দুই একরের কম আছে তাদের এবং আর যারা কো-অপারেটিভ সিসটেমএ চাষ করবে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। আমার মনে হয় এটা সমীচীন হয়েছে, এটা খুব অন্যায় নয়। রেট অফ রেন্ট যখন ধার্য করা হবে তখন লোককে সমস্ত রকম আপত্তি উত্থাপন করতে দেওয়া হবে। প্রোডাক্টিভিটি যদি ভুল ধরে থাকে, খাজনা যদি বেশী ধরে থাকে, তাহলে সে আপীল পর্যন্ত যেতে পারবে এবং সব রকম আপত্তি করতে পারবে। শেষ পর্যন্ত যদি ষ্টেট গভর্নমেন্ট এ্যাপ্রুভাল না দেয় তাহলে সেটি স্যাংসন হবে না। লেজিসলেচারেও পুনরায় আসবে এবং আমরা সেই আলোচনায় থাকতে পারব, অপোজিট পার্টিও সেটা আলোচনা করতে পারবে এবং তারপরে ঠিক হবে। একবারে একটা অন্যায় লোকের উপর চাপিয়ে দেওয়া হবে না। কারণ অন্যায় করবার উদ্দেশ্য নয়, ভাল করবারই প্রকৃত উদ্দেশ্য এতে আছে। কেন না ল্যান্ড রিফর্মস বিল বহু পূর্বেই আসা উচিত ছিল এবং লোকও এটা এক্সপেক্ট করছিল। কিন্তু আমার অপোজিট পার্টির ভাইরা লোকের মধ্যে যদি এই রকমভাবে প্রচার করে যে তোমাদের বিঘায় ১০ টাকা খাজনা হতে যাচ্ছে, ৮ টাকা খাজনা হতে যাচ্ছে এবং সেজন্য যদি এই রকম প্রচার করা হয় তাহলে লোকে বিভ্রান্ত হয়ে যাবে। আমি জানি অনেক জায়গা থেকে আমার কাছে খবর এসেছে যে এই রকমভাবে লোককে বিভ্রান্ত করে নিজের পার্টিতে আনবার জন্য চেষ্টা করা হচ্ছে। সাবধান হবেন আমি বলে দিচ্ছি। যেমন আইনে স্পষ্ট উল্লেখ ছিল যে জমি ভাগ জোতে দিলে ভাগ জোতদারেরা জমিতে স্বত্ব এ্যাকোয়ার করতে পারবে না, তাদের স্বত্ব হবে না, তখনও জোর করে তাঁরা বলেছিল যে তোমরা জোতদার সকলে উচ্ছেদ হয়ে যাবে, ভাগ জোতদার জমির মালিক হয়ে যাবে। এই ভুল কথা বলবার জন্য লোকে জোর করে অনেক জায়গায় ভাগ জোতদারদের উচ্ছেদ করেছিল। এই কথা সত্যি, কিন্তু তাহলেও অনেক জায়গায় এর প্রতিবন্ধক হয়েছে, গভর্নমেন্টও এরজন্য অনেক স্টেপও নিয়েছে এবং নানান রকমে এর প্রতিকার করার চেষ্টা করেছেন। আমি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করছি আমার সময় হয়ে গেছে বলে আমি আর কিছু বলতে চাই না।

Sj. Janardan Sahu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বেশী জমির উপর বেশী খাজনা, কম জমির উপর কম খাজনা এবং জমির উর্বরতাশক্তি বিচার না করে এই যা করা হচ্ছে তাতে বাংলার একান্নভুক্ত পরিবার নষ্ট হয়ে যাবে ; বাঙ্গালীর সর্বনাশ হবে। আমি বার বার বলে আসছি যে যে সমস্ত স্কুলকলেজ ভূমিহীন তাদের ভূমি দিন। তা সরকার বরাবর অগ্রাহ্য করছেন। ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টএ কি অবস্থা এবং আদার স্টেটসএর অবস্থা কি তা

"Resume of official reports in other States"—

সেটার তারিখ হচ্ছে ১০ই অক্টোবর, ১৯৫৫, দেখুন। উত্তরপ্রদেশ সকলের চেয়ে ভারতের মধ্যে সবচেয়ে বড় প্রদেশ এবং উন্নতিশীল প্রদেশ সেখানে এডুকেশন সম্বন্ধে কি করছে দেখুন—

Education reorientation scheme of the State had yielded a profit of Rs. 50,000 during the last academic year and this would be distributed among teachers and students. A large profit was expected during the current year. During 1953-54 only Rs. 1,72,210 could be spent on the teaching of agriculture in schools while during 1954-55 the expenditure had risen to Rs. 37,31,469. This year Rs. 61,96,100 has been provided for in the budget As the scheme had proved to be successful, it would be extended to all junior high schools and as many higher secondary schools as could manage land for the farms. Under the scheme, urban junior high schools which could not secure land had been teaching crafts. The scheme was not thought to be practicable for the primary schools where pupils were too young for colleges and university. At present the scheme

was in operation in 32 schools in U.P. Last year ploughs and bulls were supplied to about 500 schools and this facility would be given to other schools also wherever necessary.

দেখুন উত্তরপ্রদেশে কি করছে! আজ স্কুলকলেজের যদি জমি না থাকে তাহলে এত যে ডিপো খুলছেন, যন্ত্রপাতি কিনছেন সেগুলো কোথায় বসাবেন? তারা কি স্কুলের মেজে কোপাবে? যদি স্কুল কলেজকে জমিই না দেবেন ল্যান্ডলেস স্কুল কলেজগুলিকে যদি নামই না দেবেন তাহলে ছেলেগুলো খাবে কি? এতগুলো ছেলে যাবে কোথায়? ঐ তো রজনী প্রামাণিক মহাশয় বসে আছেন তিনিই তো স্কুলের প্রেসিডেন্ট, তার স্কুল কি সুন্দর করেছেন দেখে আসুন। সুতরাং আবার অনুরোধ করছি যে স্কুল কলেজকে জমি দিন, প্রকৃত মানুষ গড়ে তুলুন।

Mr. Deputy Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow This third reading will continue tomorrow for the last day. Then the Bills which have already been circulated and are in the agenda paper will be taken up.

Adjournment

The House was accordingly adjourned at 6-59 p.m. till 3 p.m. on Wednesday, the 14th December, 1955, at the Assembly House, Calcutta

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 14th December, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 193 members

[3—3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Prevalence of infantile paralysis in Daspur and Paskura police-stations in Midnapore district

***32. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state -

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলায় দাসপুর ও পাঁশকুড়া থানায় infantile paralysis-এ অনেক শিশু আক্রান্ত হইয়াছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(১) এই রোগে উপরোক্ত থানা দুইটিতে কতজন শিশু আক্রান্ত হইয়াছে এবং কতজন মারা গিয়াছে,

(২) কোন অঞ্চলে নূতন রোগ দেখা দিলে তার রিপোর্ট সংগ্রহের সরকারী ব্যবস্থা কি, এবং

(৩) এই রোগ যাহাতে সংক্রামিত না হইতে পারে তাহার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister of State for Medical and Public Health (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Dr. Narayan Chandra Ray:
আপনি (ক) প্রশ্নের উত্তরে যে "না" বলেছেন এই "না" বলে কি মীন করেছেন? কোন শিশু আক্রান্ত হয় নি বা হয়েছে জানেন না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
এমন কোন ইনফর্মেশন আসে নি যে ইনফ্যান্টাইল প্যারালিসিস লার্জ নাম্বার-এ ওই এরিয়াতে হয়েছে।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই প্রশ্ন পাওয়ার পরে কোন খবর নেওয়া হয়েছিল কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
হ্যাঁ; খবরের ভিত্তিতেই উত্তর দিয়েছি।

Sj. Bibhuti Bhushon Ghose:
উত্তরটা কতদিন আগেকার?

Mr. Speaker:
সেটা তো বললেন যে প্রশ্ন পাওয়ার পরের খবর।

Dr. Narayan Chandra Ray:
কোন অঞ্চলে নূতন রোগ দেখা দিলে তার রিপোর্ট সংগ্রহের সরকারী ব্যবস্থা কি এই প্রশ্নের জবাবে যে বলেছেন প্রশ্ন উঠে না—এ কিরকম জবাব হ'ল?

Mr. Speaker:
(খ) প্রশ্নে (১), (২), (৩) দিয়ে যা জিজ্ঞাসা করা হয়েছে সেটা (ক) প্রশ্নের জবাব যদি "হ্যাঁ" হয় তার উপর নির্ভরশীল, কিন্তু (ক) প্রশ্নের জবাব "না" বলে বলেছেন, প্রশ্ন উঠে না। that does not arise.

A.G. Hospitals and Health Centres in Contai subdivision, Midnapore district

*33. **Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(a) how many A.G. Hospitals are now functioning in the subdivision of Contai and at what places;

(b) with how many beds each such hospital started its work and how many beds are being maintained at present;

(c) whether any provision has been made for repair of these hospitals;

(d) how many Health Centres have been opened in the Contai subdivision in 1954-55 and how many beds are provided in every such Health Centre; and

(e) whether Government have any scheme for starting Health Centres at Banamalichatta, Basantia and Bahiri in Contai police-station?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) and (b) A statement is laid on the Table.

(c) Yes.

(d) One Union Health Centre at Paniparul with four beds.

(e) Proposals for Health Centres at Banamalichatta and Basantia are under consideration of Government.

Statement referred to in reply to clauses (a) and (b) of starred question No. 33

Names of A. G. Hospitals.	Police-stations in which these hospitals are situated.	Number of beds with which these were started.	Number of beds retained after 1-5-55.
Contai	Contai	120	30
Basantia	Do.	50	20
Satmile	Do.	50	30
Pichaboni	Ramnagar	50	40
Bhaitgarh	Contai	50	15
Ajoya	Khedguri	50	20
Bhagawanpur	Bhagawanpur	50	20
Mughberia	Do.	60	25

Sj. Natendra Nath Das: With the reduction of beds in A. G. Hospitals has any provision been made for increasing beds in the Sadar Contai Hospital?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sadar Contai Hospital has got an attached A. G. Hospital by the side of it and there is no room for further extension. The question of upgrading all subdivisional hospitals is receiving the attention of the Government.

Dr. Hirendra Kumar Chatterjee: Does that upgrading also consist of reconsideration of the diet scale?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Upgrading is a comprehensive term. One can interpret it any way one likes

Dr. Hirendra Kumar Chatterjee: Am I to understand that we are to interpret it as including improvement as regards diet?

Mr. Speaker: That does not arise. The question of interpretation is not a matter of supplementary question.

Dr. Hirendra Kumar Chatterjee: Is it in the contemplation of the Minister to increase the diet scale of the A. G. Hospital?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: If it becomes necessary, certainly Government will consider that.

Dr. Hirendra Kumar Chatterjee: Will the Minister let us know what is the criterion of this necessity because we have already seen that in Karnani Hospital it is Rs. 2-10-6 that was necessary.

Mr. Speaker: But this is not a question of diet at all It is a question on health centres. You cannot go on putting supplementaries on diet.

Dr. Hirendra Kumar Chatterjee: Maintenance of beds also includes diet as well.

Mr. Speaker: You cannot go on putting questions like this.

Sj. Natendra Nath Das: In answer (c) it is stated: Proposals for health centres of Banamalichatta and Basantia are under consideration of Governmment. May I enquire how far Government has progressed?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Possibly it will be taken up early next year.

Sj. Natendra Nath Das: What about the other health centre at Bahiri? I asked questions about three health centres—Banamalichatta, Basantia and Bahiri. Now answer has been given about two. What about the third—Bahiri?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: That has not yet reached the stage of finalisation.

Dr. Narayan Chandra Ray:
এ, জি, হস্পিটালগ্‌লির বেড সংখ্যা যেখানে ছিল ৪৮০, এখন মোট সেখানে ২০০ আছে। আপনি সদর হাসপাতাল এক্সটেন্ড করবার কথা যে বলেছেন তাতে প্রোপোর্শনেট নাম্বার অফ বেডসএর ব্যবস্থা হবে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
আমরা হেল্থ সেন্টারএর সংখ্যা বাড়িয়ে তাতে বেশী বেড প্রোভাইড করছি, সুতরাং একদিকে যেমন কমেছে আর একদিকে তেমনি বাড়ান হচ্ছে।

Dr. Narayan Chandra Ray:
এ, জি, হস্পিটালএর সবগুলি কি আল্টিমেটলি তুলে দেবেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
হ্যাঁ, আল্টিমেটলি সব তুলে দেওয়া হবে।

District Board hospitals or dispensaries taken over by Government and retention of the staff thereof

***34. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) ১৯৫৫ সাল হইতে কোন্ জেলার কতগুলি জেলাবোর্ড পরিচালিত হাসপাতাল বা ডাক্তারখানা সরকার পরিচালনা করিতেছেন;

(খ) উক্ত হাসপাতাল বা ডাক্তারখানাসমূহে কোন্ পদে কতজন কর্মচারী সরকারের পরিচালনাধীনে আসার আগে নিযুক্ত ছিলেন;

(গ) তাঁহাদের মধ্যে কাহাকেও সরকার ছাঁটাই করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহার সংখ্যা কত; এবং

(ঘ) কি কারণে তাঁহাদের ছাঁটাই করা হইয়াছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) বীরভূম জেলা—৩টি।

হুগলী, বর্ধমান, মুর্শিদাবাদ ও হাওড়া জেলা—প্রত্যেক জেলার ১টি করিয়া।

(খ) ডাক্তার—৬ জন।

কম্পাউন্ডার—৪ জন।

নিম্নতন কর্মচারী—১০ জন।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Sj. Saroj Roy:
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে জেলা বোর্ড পরিচালিত হাসপাতালগুলি, এগুলিকে সরাসরি সরকারের পাবলিক হেল্থ ডিপার্টমেন্টএ আনা হবে কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
এরকম কোন পরিকল্পনা নেই। যে-সমস্ত জায়গায় জেলা বোর্ডের ডিসপেন্সারি আছে সেগুলিকে গভর্ণমেন্ট-পরিচালিত হেল্থ সেন্টারএ পরিণত করবার ব্যবস্থা হয়েছে, সেগুলিকে গভর্ণমেন্ট নিয়েছেন, অন্য হাসপাতালগুলিকে নেবার পরিকল্পনা নেই।

Dr. Narayan Chandra Ray:
আপনার টোটাল হস্পিটালএর সংখ্যা হ'ল ৭। এই ৭ জায়গায় কি করে ৬ জন ডাক্তার ছিলেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
যে ৭ জন আগে থেকে ছিলেন সেই ৭ জনকেই নেবার কথা ছিল। একজন ডাক্তার গভর্নমেন্টের কাজ নিতে সম্মত হন্নি বলে ৬ জনকে নেওয়া হয়েছে।

Repairs to Daspur Thana Health Centre, Midnapore district

***35. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত দাসপুর থানার স্বাস্থ্যকেন্দ্র কতদিন যাবৎ খোলা হইয়াছে;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণকার্য কোন্ বৎসর শেষ হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে—

(১) হাসপাতাল গৃহগুলির ভিত্ হইতে ছাত পর্যন্ত ফাটল ধরিয়াছে এবং অন্তর খসিয়া পড়িতেছে,

(২) ছাত হইতে অসংখ্য ফাটলের মধ্য দিয়া বৃষ্টির জল গড়াইয়া পড়িতেছে,

(৩) হাসপাতালের চারিদিক জংগলে ভরিয়া গিয়াছে, এবং

(৪) হাসপাতালের জন্য একটিমাত্র নলকূপের ব্যবস্থা রহিয়াছে; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নেব উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) হাসপাতাল গৃহগুলির সংস্কারের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা, এবং

(২) হাসপাতালের জন্য আরও নলকূপ বসানর কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) ১৯৫৫ সালের জুন মাস হইতে।

(খ) ১৯৫৪ সালে।

(গ)(১) ও (২) না। কেবলমাত্র ডাক্তার ও রাঁধুনীর গৃহের ছাত হইতে জলপড়ার সংবাদ পাওয়া গিয়াছে।

(৩) জংগল হইয়াছিল এবং তাহা পরিষ্কার করা হইয়াছে।

(৪) হ্যাঁ।

(ঘ)(১) সংস্কারের প্রয়োজন অস্পষ্ট। যেটুকু প্রয়োজন তাহার জন্য যথারীতি নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) না।

Sj. Saroj Roy:
আপনি জানেন গত বর্ষার সময় রোগীদের গৃহের ছাদ হইতে জল পড়ায় রোগীদের অন্য ঘরে সিফ্ট করা হয়েছিল কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
এরকম তথ্য আমার কাছে নেই।

Conversion of District Board Dispensary at Rohini, Sankrail police-station, district Midnapore, into a Health Centre of the Union

***36. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল থানার ৪নং ইউনিয়নের অধিবাসিগণের নিকট হইতে জেলাবোর্ড পরিচালিত রোহিণী গ্রামের চিকিৎসালয়টিকে ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) তজ্জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন, এবং

(২) মেদিনীপুর জেলাবোর্ড পরিচালিত চিকিৎসালয়গুলিকে স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) হ্যাঁ।

(খ)(১) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(২) না, প্রত্যেকটি প্রস্তাব স্বতন্ত্রভাবে বিবেচনা করিয়া উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়।

Sj. Dhananjoy Kar:

এই যে খ(১)-এ বলেছেন বিবেচনাধীন আছে, আপনি অনুগ্রহ করে বলবেন কি বিবেচনা কতদিনে শেষ হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ঠিক বলতে পারব না, যতশীঘ্র সম্ভব চেষ্টা করা হবে।

Sj. Dhananjoy Kar:

৫৫ সালের মধ্যে কি হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এ বছরের পরিকল্পনা চালু হয়ে গিয়েছে। আগামী বছর হবার সম্ভাবনা আছে।

Dumping ground of the South Suburban Municipality at Jayrampur, 24-Parganas

*37. **Sj. Ambica Chakrabarty:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that the Public Health Department of West Bengal Government was satisfied in 1951 that the existence of the dumping ground of the South Suburban Municipality, 24-Parganas, in its present site at Jayrampur and in its present condition was a menace to public health?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the dumping ground has been removed from its present site, and

(*ii*) if not, what steps have been taken by the Government in this respect?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) No.

(*b*) Does not arise.

Appointment of House Physicians in Seth Sukhlall Karnani Memorial Hospital, Calcutta

*38. **Dr. Saurendra Nath Saha:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that several medical graduates have been appointed some weeks back as House Physicians in the Karnani Hospital?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the names of those medical graduates who have been given appointments;

(*ii*) on what date or dates they were appointed; and

(*iii*) how many other candidates, if there be any, appeared for these posts?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) Yes.

(*b*) A statement is laid on the Library Table.

Dr. Narayan Chandra Ray:
এদের কি রেমুনারেশন দেওয়া হয়?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
জুনিয়ারদের ৮০ টাকা; সিনিয়র রেসিডেন্টদের ১০৫ টাকা করে অনারেরিয়াম, ৪৫ টাকা ডায়েট এ্যালাউন্স, একুনে ১৫০ টাকা দেওয়া হয়। যদি কোয়ার্টার্স না দেওয়া হয়, তাহলে ২০ টাকা হাউজ এ্যালাউন্স দেওয়া হয়।

Dr. Narayan Chandra Ray:
এ'রা কি মেডিক্যাল কলেজ, নীলরতন সরকার কলেজএর মত প্রোভিন্সিয়াল সার্ভিস মেম্বার হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
না, প্রোভিন্সিয়াল সার্ভিস নয়। এর এ'রা সভ্য নহেন।

Establishment of Health Centres at Mokarampur and Khukurdaha, police-station Daspur, district Midnapore

*39. **Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার অন্তর্গত দাসপুর থানার ৩নং ইউনিয়নের মকারামপুর গ্রামে এবং ৫নং ইউনিয়নের সুকুরদহ গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রতিশ্রুতিতে শ্রীশশিভূষণ মণ্ডল ও শ্রীঅমরেন্দ্রনাথ মাজির নিকট হইতে টাকা এবং জমি গ্রহণ করা হইয়াছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন বৎসর ঐ টাকা ও জমি গ্রহণ করা হইয়াছে,

(২) উক্ত স্বাস্থ্যকেন্দ্র দুইটি এখনও স্থাপন করা হইতেছে না কেন,

(৩) স্বাস্থ্যকেন্দ্র দুইটি স্থাপনের সিদ্ধান্ত বাতিল করা হইয়াছে কিনা,

(৪) হইয়া থাকিলে, উহার জন্য গৃহীত টাকা ও জমি ফেরৎ দেওয়া হইতেছে না কেন, এবং

(৫) রিজিওনাল হেল্থ কমিটি উক্ত স্থানসমূহে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সুপারিশ করিয়াছেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) হাঁ, কিন্তু ৫নং ইউনিয়নের গ্রামের নাম খুকুরদহ, সুকুরদহ নহে।

(খ) (১) ১৯৫১ ও ১৯৫২ সালে।

(২) প্রস্তাবিত স্থানগুলি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উপযোগী কিনা সে বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন।

(৩) না।

(৪) প্রশ্ন উঠে না।

(৫) হ্যাঁ।

[3-10—3-20 p.m.]

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয়, ৫নং প্রশ্নের উত্তরে বলেছেন, হ্যাঁ, অর্থাৎ প্রশ্নটা ছিল রিজিওনাল হেল্থ কমিটি উক্ত স্থানসমূহে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সুপারিশ করিয়াছেন কি না, এখন আমার সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন হচ্ছে ১৯৫১ সালে টাকা দেওয়া হয়েছে, ১৯৫২ সালে জমি দেওয়া হয়েছে, প্রায় ৪ বছর হয়ে গেল, এখনো বলছেন বিষয়টা সরকারের বিবেচনাধীন আছে, সেটা আর কতদিন বিবেচনাধীন থাকবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমি মনে করি আগামী ফাইনান্সিয়াল ইয়ারএ ও কাজ দুটী আরম্ভ করতে পারা যাবে।

Provincialisation of the Public Health services of the District Boards

***40. Dr. Saurendra Nath Saha:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that the Government have decided to provincialise the Public Health services at present administered by the District Boards with effect from the current financial year?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether terms and conditions of such provincialisation have been settled in consultation with the District Boards;

(*ii*) if so, what are the terms and conditions; and

(*iii*) whether the services rendered by the Public Health personnel of the District Boards will be recognised by the Government as Government employees with all the rules applicable to the Government employees in Government service?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) Yes but no definite date has yet been fixed for giving effect to the provincialisation.

(*b*)(*i*) The terms and conditions have not yet been finalised.

(*ii*) and (*iii*) Do not arise.

Dr. Narayan Chandra Ray:

এই যে প্রোভিন্সিয়ালাইজেশন, তার মানে এ্যাম আই টু আন্ডারস্টান্ড যে সেটা প্রোভিন্সিয়াল মেডিক্যাল সার্ভিসএর সঙ্গে মার্জ করা যায় কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই প্রোভিন্সিয়ালাইজেশন মানে যে পাবলিক হেল্থ এ্যাক্টিভিটি ছিল ডিস্ট্রিক্ট বোর্ডসএর, তার

part of the expenses was met by the Government and part by the local bodies.

এখন ইউনিটারি কন্ট্রোল করবার জন্য পাবলিক হেল্থ স্টাফএর ও গভর্ণমেন্টের নিযুক্ত অংশ এক ফিল্ড হবে, আর ডিস্ট্রিক্ট বোর্ড স্টাফএর অংশ একত্র করা হবে; এতদিন এই প্রকারের সমন্বয়ের অভাব ছিল। এখন অল দি হেল্থ স্টাফ অফ ডিস্ট্রিক্ট বোর্ডস ও গভর্ণমেন্ট পাবলিক হেল্থ ইউনিটকে গভর্ণমেন্ট স্টাফ করে নিয়ে নেবার পরিকল্পনা হয়েছে। এই বছর ৫টা জেলা নেওয়া হচ্ছে, আর আগামী বছরে বাকী জেলাগুলি নেওয়া হবে।

Dr. Hirendra Kumar Chatterjee:
এই প্রোভিন্সিয়ালাইজেশন করবার সিম্ধান্ত গৃহীত হয়েছে, এটা কতদিন আগে করা হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
বর্ত্তমান বছরে।

Dr. Hirendra Kumar Chatterjee:
এর আগে কর্ণেল এ, সি, চাটার্জ্জী ছিলেন, তখন কি এইরকম একটা প্রোপোজাল করা হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:
হয়ে থাকতে পারে। আমার জানা নাই।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Mineral survey in Midnapore district

27. Sj. Cangapada Kuar: Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডেবরা, কেশপুর, দাসপুর, খড়্গপুর, পিংলা এবং পাঁশকুড়া থানা অঞ্চলে খনিজ পদার্থ প্রাপ্তির সম্ভাবনায় অনুসন্ধানকার্য চালান হইতেছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ-যাবৎ কোন্ থানার কোন্ কোন্ গ্রামে অনুসন্ধানকার্য চালান হইয়াছে, এবং

(২) তাহার ফলাফল কি?

The Deputy Minister for Commerce and Industries (Sj. Sowrindra Mohan Misra):

(ক) হ্যাঁ।

(খ)(১)

থানা।	গ্রাম।
খড়্গপুর	বারবুদি
পিংলা	(১) উপালদা
	(২) রামপুরা

(২) অনুসন্ধানের ফলাফল এখনও জানা যায় নাই।

Sj. Cangapada Kuar:
এই অনুসন্ধান কার্য্য কতদিন পূর্বে সুরু হয়েছে?

Sj. Sowrindra Mohan Misra:
নোটীশ চাই।

Sj. Cangapada Kuar:
এই যে থানাগুলি আমি উল্লেখ করেছি মেদিনীপুরের, এই থানাগুলি ছাড়া অন্য কোন থানায় এই ধরণের অনুসন্ধানের কার্য্য চলছে কি না?

Sj. Sowrindra Mohan Misra:
নোটীস দিবেন বলবো। মোটামুটি আপনি যে-সমস্ত থানা উল্লেখ করেছেন, তার মধ্যে যেখানে যেখানে হয়েছে তা স্পষ্ট করে লিখে দেওয়া হয়েছে।

Sj. Saroj Roy: যে-সমস্ত জমিতে অনুসন্ধান কার্য্য চালান হচ্ছে সে ধানজমিই হোক বা অন্য কোন জমিই হোক, সেই সমস্ত জমির জন্য কোন রকম ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে কি?

Sj. Sowrindra Mohan Misra: ইতিপূর্ব্বে তা দেওয়া হয়েছে। যদি কোন ক্ষতি হয় সঙ্গে সঙ্গে ক্ষতিপূরণ দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে। একজন সরকারী কর্মচারী টাকা নিয়ে সঙ্গে সঙ্গে থাকেন, ক্ষতি হলে সঙ্গে সঙ্গে তিনি ক্ষতিপূরণের ব্যবস্থা করেন।

Mr. Speaker: Questions over.

GOVERNMENT BILL

The West Bengal Land Reforms Bill, 195.

Sj. Natendra Nath Das: মাননীয় স্পীকার মহাশয়, এই ল্যান্ড রিফর্মস বিলএর থার্ড রিডিংএর আলোচনায় আমাদের এখনকার কর্ত্তব্য হচ্ছে বর্ত্তমানে যা সেকেন্ড রিডিংএ পাস হয়ে গেছে তাতে কোথায় কি রকম গলদ থেকে গেল, আমাদের সংশোধন নানা রকম অগ্রাহ্য করে যে অবস্থার সৃষ্টি হয়েছে, এখন যাতে ভবিষ্যতে অন্ততঃ মন্ত্রীমহোদয় সেই সমস্ত সংশোধন করার সুযোগ পান সেজন্য কতকগুলি গলদের দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করবো।

সেকশন ৮এর ট্রান্সফার বাই বিকোয়েস্ট অর গিফট সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। সেখানে দেখবেন উনি ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবার জন্য, পার্টিশন বন্ধ করবার জন্য করলেন কি না, যেখানে নির্দিষ্ট সেয়ারএর চেয়ে কম পড়বে সেখানে বিসাফুল করতে পারবেন রেভিনিউ অফিসার; আর যদি কম পড়ে কো-সেয়ারারএর মধ্যে সেল করবেন; না হলে বাইরের লোকের কাছে বিক্রী করবেন ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবেন বলে। কিন্তু যেখানে অর্ডিনারি ট্রান্সফার কোবলা সেখানে কতটুকু বিক্রী হলে ফ্র্যাগমেন্টেশন হবে না তার কোন বিধান এখানে করা হ'ল না। ফলে কোবলার সময় ফ্র্যাগমেন্টেশন চালু হতে থাকবে। ধরুন, একজন ল্যান্ডলেস কৃষক, তার জমি কম, বিলো স্ট্যান্ডার্ড, প্রেসক্রাইবড স্ট্যান্ডার্ডএর নীচে, সে যদি বিক্রী করে, তা ঠেকাবার কোন বন্দোবস্ত থাকলো না। গিফটএর বেলায়ও থাকলো না। শুধু পার্টিশনএর বেলায় করা হ'ল কেন?

তারপর, আর একটা জিনিষ বলবো, যেটা সংশোধনীতে বলেছিলাম অগ্রক্রয় প্রিয়েম্পশন, সেটা যদি গিফটএর বেলায় হয়, বিকোয়েস্টএর বেলায় হয়, এই গিফট যদি থ্রি ডিগ্রিজ অফ ব্লাড রিলেশন হয়, তাহলে অগ্রক্রয় হতে পারবে না। তার বাইরে গেলে, স্ট্রেঞ্জারএর কাছে অগ্রক্রয় চলবে। তাঁরা করলেন কো-সেয়ারারএর কাছে এই গিফট এ্যান্ড বিকোয়েস্ট বন্ধ করে দিলেন, এ গিফট এ্যান্ড বিকোয়েস্টএর অগ্রক্রয় হবে না। আমি বলবো সেলএর বেলায় হবে, কোবলাতে শুধু প্রিয়েম্পশন হবে। কোবলা না করে দানপত্র করে দিলে প্রিয়েম্পশন করতে পারবে না; সে জায়গায় কোবলা হলে প্রিয়েম্পশন হয়ে যাবে। আগে ছিল থ্রি জেনারেশনসএর মধ্যে যদি গিফট হয়, তাহলে অগ্রক্রয় হবে না। তার বাইরে হলে অগ্রক্রয় হতে পারতো; এখন সেই জিনিষটা থেকে গেল, পার্টিশনএর বেলায়। যদিও এই আইনের মধ্যে আমরা কতকগুলি বিষয় দেখছি, দেওয়ানী মুন্সেফের কাছে আপীলের ক্ষমতা দিলেন। বর্গাদারদের বেলায় রেভিনিউ অফিসার যা করবেন, তার বিরুদ্ধে আপীল দিলেন মুন্সেফের কাছে। কিন্তু পার্টিশনএর বেলায় বা কোন রকম রেন্ট এ্যাসেসডএর বেলায় যদি কোন গোলমাল হয়, তাহলে তাঁর কাছে আপীলের বিধান রাখলেন না। আগে এটা সিভিল কোর্ট ঠিক করে দিতেন। আর এখন করলেন রেভিনিউ অফিসার করবেন, কালেক্টর করবেন, কমিসনার করবেন, বোর্ড অফ রেভিনিউ করবেন। সুতরাং সাধারণ মানুষের সেখানে যাওয়া সুদূরপরাহত হয়ে পড়লো।

তারপর পার্টিশনএ আর একটা জিনিষ করেছেন। আপনি দেখুন সেক্সন ১৪, সেখানে তিনি বললেন যে, মিঃ স্পীকার, আমি সেক্সন ১৪, সাব-ক্লজ (৩)(বি)র দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বলছেন—

"sell the entire holding to the highest bidder,"

সেখানে এক্সক্লুডিং হোমস্টেড বললেন না। হোমস্টেড একটা হোল্ডিংএর অন্তর্গত হয়ে থাকে, আলাদা হচ্ছে না। কিন্তু সেখানে হোল্ডিং এক্সক্লুডিং হোমস্টেড বসালেন শেষকালে। আর সেলএর বেলাতে হ'ল—

"sell the entire holding to the highest bidder,"

সেখানে করলেন—

"excluding homestead and the sale-proceeds shall after deducting the expenses for conducting the sale, be paid to the cosharers, in accordance with the shares in the holding partitioned, excluding the homestead."

এখানে তার দ্বারা এন্টায়ার হোল্ডিং সেল করা বন্ধ করলেন। তাহলে এতে কি রকম একটা এ্যানোমালাস পোজিশন করলেন। যেখানে এন্টায়ার হোল্ডিং সেলএর কথা বললেন, সেখানে এক্সক্লুডিং হোমস্টেড থাকা উচিত ছিল।

আমরা রেভিনিউ অফিসারএর হাতে এই রকম ক্ষমতা দেবার একদম বিরোধী ছিলাম। সেটা অন্যান্য বন্ধুরাও বলেছেন। যারা নিজেরা ভাইয়ে ভাইয়ে মিলে পার্টিশন করেন, সেখানে ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবার অজুহাতে সেই পার্টিশন উড়িয়ে দিলেন। এখন করলেন রেজিষ্টার্ড পার্টিশনএর দলিল চাই। ধরুন, যেখানে দু-বিঘা বা ১০ কাঠা জমি ভাইতে ভাইতে এ্যামিকেবলি পার্টিশন করে নিতে পারতো, সেখানে এখন আইনে সেইভাবে ভাগ হবে না। পঞ্চায়েতের দ্বারা পার্টিশন হলে দু ভাইয়ের কাছে দুটো প্লট থাকতো, দুটো যদি দুই ভাইয়ের কাছে থাকতো, কার কোনটা। আর এখন পার্টিশনটা দুটো জিনিষ দিয়ে বেঁধে দিলেন একটা হল বাই রেজিস্টার্ড ডকুমেন্ট আর একটা হলো কোর্ট ডিক্রি দ্বারা। একটা রিকুইজিট স্ট্যান্ডার্ড দ্বারা দুটো ক্ষেত্র করে দিলেন। যখন যার সেয়ার কম পড়বে, তখন সেটা রিসাফেল করবেন রেভিনিউ অফিসার। তারপর যদি দেখা যায় তাতেও হল না, তখন কো সেয়ারারএর মধ্যে বিক্রী করবার চেষ্টা করবেন। তা না হলে বাইরের লোকের কাছে বিক্রী করবেন ফ্রি সেল করবেন। এ কি সর্বনেশে কথা!

[3-20—3-30 p.m.]

কাজেই আমার মনে হয় ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবার জন্য আগে আপোসে পার্টিশনের যে চমৎকার জিনিষ আমাদের দেশে ছিল, ভাই ভাই চিরদিন এক জায়গায় থাকবে না, ভাগ হয়ে যাবেই একদিন, আপোসে সেইটের যে বন্দোবস্ত করে তারা নিত সেইটেতে এই আইনের দ্বারা অসুবিধার সৃষ্টি করা হল।

তারপর সেকশন ১৭এ বর্গাদারদের পার্সোনাল কাল্টিভেশন, সেখানে আপনারা করেছেন কি না এই একটা প্রোভাইসো দিয়েছেন

"bargadar who cultivates the land with the help of members of his family shall be deemed to cultivate it personally."

কিন্তু মেম্বার্স অফ হিজ ফ্যামিলি যদি অসুস্থ থাকে তাহলে কি হবে? সে যদি বাইরে থেকে কারো সাহায্য নিয়ে চাষ করে, তাহলে কি হবে? তাকে উচ্ছেদ করবার জন্য জোতদার ত উন্মুখ হয়েই আছে, সে ক্ষেত্রে মেম্বার্স অফ হিজ ফ্যামিলি না করলে যদি সেটা পার্সোনাল কাল্টিভেশন না হয় তাহলে সে অচিরেই উচ্ছেদ হয়ে যাবে। আগে একটা বিধান ছিল, বর্গা এ্যাক্টে ছিল, যদি পাঁচ বছরের মধ্যে অন্য বর্গাদার ধরে চাষ করে, নিজে চাষ না করে, তাহলে সে জমি তারই ফিরে আসবে। এখন করছেন কি দু-বছর যদি সে চাষ না করে তাহলে গভর্নমেন্ট বাজেয়াপ্ত করে নেবেন। তারপর দেখুন, এ্যাবরিজিনাল ট্রান্সফারএর ব্যাপারে যা ছিল সে বরং এর চেয়ে ভাল ছিল। এখন যা করছেন তাতে যদি কেউ জমি বিক্রী করে ফেলে তাহলে আপনারা করবেন কি, না সেই জমিটা ফরফিট করবেন। আগে ছিল কি -এ্যাবরিজিনাল ট্রান্সফার এ্যাক্ট অনুসারে কোন এ্যাবরিজিনাল যদি নন-এ্যাবরিজিনাল কোন লোকের

কাছে জমি বিক্রী করে তাহলে পারমিসন নিয়ে বিক্রী করতে পারত, সে যদি বিক্রয়ের পারমিশন না পেত তাহ'লে বিক্রী করত না। আর এখন সে যদি বিক্রী করে দেয়, যে কিনে নিবে তার সেটা ফরফিট হয়ে যাবে। আর আপনারা ফরফিট করছেন তাদের জমি যারা নাকি সাধারণ মানুষ আইন বোঝে না। দু-বছরের মধ্যে যদি বর্গাচাষ না করতে পারে তাহলেই ফরফিট করছেন, এই সরকারী ফরফিট করবার পন্থা অদ্ভূত। এই গেল ফ্র্যাগমেন্টেশন সম্বন্ধে। আমি বলব কন্সলিডেশন সম্বন্ধেও সেই একই কথা। কন্সলিডেশনএর জন্য নিয়ম করেছেন টু-থার্ডস অফ ওনার্স অফ দি ল্যান্ড। আর কোন রকম কন্সলিডেশনএর ব্যবস্থা রাখেন নাই। তারপর ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবার জন্য যা করেছেন, কন্সলিডেশনএও যা করতে যাচ্ছেন, তার ফল দাঁড়াচ্ছে কো-অপারেটিভ, এক ব্লকে যেখানে পাবেন সেখানে কো-অপারেটিভ-এর কন্সলিডেটেড ব্লক। কিন্তু এক ব্লকে পাওয়া সুদূরপরাহত। যে এক ব্লকে জমি পাবে এরকম লোক কো-অপারেটিভএ যাবে না কোন দিন। আর কো-অপারেটিভের মাধ্যমে যে জমির উন্নতি করা সেটার জন্য চাষীকে সার দিতে হবে এবং অন্যান্য সাহায্য ইত্যাদি দেবেন--এরকম জিনিষ হবে না। তারপর কম্প্যাক্ট ব্লকএ যেসব জমি তার আছে তা সবই যদি কো-অপারেটিভএ দিয়ে দেবে তা বাইরের লোকের মধ্যে সেল করতে পারবে না, এরকম জিনিষের কথা লোকের কল্পনায় নাই। বরং ফ্র্যাগমেন্টেশন হতে দিয়ে যদি কো-অপারেটিভ ফার্মিংএর আইন আপনারা করতেন তাহলে সেটা বেটার হত। ফ্র্যাগমেন্টেশন বন্ধ করার জন্য কন্সলিডেশন করতে গেলে সেটা তাদের জীবনে কোন দিন হবে না। এসব কথা বিশেষভাবে চিন্তা করতে হবে। কাজেই আমি বলব বর্তমানের যে ল্যান্ড রিফর্ম বিল তাতে এই যে গলদ, ত্রুটি থাকল, আশা করি মন্ত্রীমহাশয় শীঘ্র এগুলি দূর করবার ব্যবস্থা করবেন।

আর একটা কথা, এই বিলে সিভিল কোর্টে যাবার পন্থা বন্ধ করে দিলেন। যা করছেন তাতে তার সিভিল কোর্টে গিয়ে আপীল করার কোন প্রভিশন নাই। যা কিছু করবেন কালেক্টর এবং রেভিনিউ কমিশনার। এ বিলে দেখছি এইটেই হ'ল সরকারের পলিসি। আগে বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর ব্যাপার ছিল। সেটা ত উঠেই যাচ্ছে। সে আইন অনুসারে সিভিল কোর্টএর কাছে তারা ফেয়ার এ্যান্ড ইকুইটেবল রেন্টএর দাবী জানাতে পারত। এমন কি পার্টিশনএর ব্যাপারেও এখন কালেক্টরের কাছে ছাড়া সিভিল কোর্টে আপীল নাই। রেভিনিউএর ব্যাপারে মফঃস্বলের রেভিনিউ অফিসাররা যদি উৎকোচ নিয়ে কিছু একটা ক্ষতির কারণ ঘটায় তাহলে তার একটা আপীলের ব্যবস্থা মুন্সেফের কাছে রাখা উচিত। একসঙ্গে এতগুলি আইন বদলে দিলেন, সুতরাং আমার মনে হয় সিভিল কোর্টকে যদি এই আপীল গ্রহণের ক্ষমতা দিতেন তাহলে ভাল হত।

The Hon'ble Satyendra Kumar Basu:
মুন্সেফের কাছে আপীলের ব্যবস্থা আছে, ক্লজ ১৯ পড়ে দেখুন।

Sj. Natendra Nath Das: Clause 19
আমি দেখেছি। তাতে আছে--

An appeal shall lie to the Munsif against any order made under section 17 or section 18.

কিন্তু আমি বলছি পার্টিশনের ব্যাপারে, ফেয়ার এ্যান্ড ইকুইটেবল রেন্ট এ্যাসেসমেন্টএর ব্যাপারে, লোকের যে গ্রিভান্স সেগুলি দূর করবার ব্যাপারগুলি যদি মুন্সেফের কাছে দিতেন, তাহলে ভাল করতেন। আগে ছিল, এখন দিচ্ছেন কালেক্টরের কাছে। কাজেই এই আইনের দ্বারা যে কি উন্নতি করতে চাইছেন সেটা বুঝতে পারছি না। এতে বর্গাদার উচ্ছেদের ব্যবস্থা হচ্ছে, ফ্র্যাগমেন্টেশন বন্ধ হবে না। আর কন্সলিডেশনও হবে না। আর কো-অপারেটিভ যে করবেন বলছেন সেটাও হয় ত হবে না। জমির ভাগ ত আগেই করেছেন, বহু আগে থেকেই দলিলপত্র দ্বারা প্রায় সমস্ত জমি বেনামী হয়ে বেরিয়ে গেছে। আগেই সব দলিলপত্রে পাকাপোক্ত হয়ে রয়েছে। বেনামী হয়ে পার্টিশন হয়ে সব কিছু যার যা করার করে বসেছে। দায়ভাগ ও মিতাক্ষরার কথা জ্ঞানবাবু বলেছেন। কাজেই এই আইন বিশেষ

ত্রুটিপূর্ণ হয়েই থাকল। ভবিষ্যতে সেগুলি দূর করে যাতে প্রকৃত ল্যান্ড রিফর্ম করা যায় এবং যাদের জমি দেওয়া উচিত তাদের যাতে জমি দেওয়া যায়, মন্ত্রীমহাশয় আশা করি সেই দিকে দৃষ্টি দেবেন।

Sj. Pravash Chandra Roy: মাননীয় সভাপাল মহাশয়, আজকে ভূমি-সংস্কার আইনের তৃতীয় পর্য্যায়ের অর্থাৎ শেষ পর্য্যায়ের আলোচনা আমরা সুরু করেছি। এই ভূমি-সংস্কার বিলকে বুঝতে গেলে মূলতঃ এর সঙ্গে জমিদারী ক্রয় আইন এবং ভূমি-সংস্কার আইন এই দুটোকে এক সঙ্গে করে আমাদের বিচার করতে হবে।

ভূমি-সংস্কারের মূল উদ্দেশ্য হওয়া উচিত যে বিনা মূল্যে জমিদারী প্রথা উচ্ছেদ করা হবে, কৃষক বিনা মূল্যে জমি পাবে, যার ফলে কৃষক সমাজের ক্রয় ক্ষমতা বাড়বে; এবং তার মধ্য দিয়ে দেশের শিল্প ও ব্যবসা-বাণিজ্যের বিকাশ ঘটবে, সঙ্গে সঙ্গে মধ্যবিত্ত এবং মজুর শ্রেণী বেকার সমস্যার হাত থেকে বাঁচবে, এইভাবে সমগ্র দেশ শিল্প-বাণিজ্য ও অর্থনীতির দিক থেকে সামগ্রিকভাবে উন্নতির পথে এগিয়ে যাবে, এইটে হচ্ছে ভূমি-সংস্কারের মূল উদ্দেশ্য। সেই উদ্দেশ্যের দিক থেকে আজ আমাদের বিচার করতে হবে, পশ্চিমবঙ্গ সরকারের যে জমিদারী ক্রয় আইন এবং তার সঙ্গে সংশ্লিষ্ট যে ভূমি-সংস্কার আইন এনেছেন তা দ্বারা মূল উদ্দেশ্য কতখানি সফল হচ্ছে বা হচ্ছে না।

আমরা দেখেছি কয়েকদিন আগে ১লা ডিসেম্বর তারিখে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি শাস্ত্রের অধ্যাপক করুণা মুখার্জি "স্বাধীনতায়" এক বিবৃতি দিয়েছেন। তা থেকে জানতে পেরেছি চীনে সাড়ে-ষোল কোটি বিঘা জমি কৃষকদের মধ্যে বিলিবন্টন হয়েছে ১৯৫৫ সালের মধ্যে, এবং সেই জমি ত্রিশ কোটী কৃষকের মধ্যে বিলিবন্টন করা হয়েছে।

Mr. Speaker: That is not for third reading In the third reading you should speak on the effect of the Bill as passed.

[3-30—3-40 p m]

Sj. Pravash Chandra Roy: এ্যাক্টটা কি দাঁড়াচ্ছে সেটা বলছি। সুতরাং আমাদের এই ভূমি-সংস্কার বিলের মধ্য দিয়ে সরকার বলছেন যে তাঁরা ৬ লক্ষ একর জমি পাবেন কিন্তু আমরা জানি যে সরকার ৬ লক্ষ একর জমি পাবেন না। ইতিপূর্বে বিভিন্ন বন্ধু বলে গেছেন যে বেনামী, হস্তান্তর, আমলনামা ও দেবোত্তর সম্পত্তি রাখার যে অধিকারের ব্যবস্থা সরকার করে দিয়েছেন তাতে এই ৬ লক্ষ একর জমি পাবার কোন সম্ভাবনা নেই। যতটুকু আমরা দেখেছি তাতে বুঝতে পেরেছি যে সরকার মোট হয় ত ২ লক্ষ একর জমি পেতে পারেন এবং সেইটুকু জমির বেশী জমি পাওয়ার কোন সম্ভাবনা আমরা দেখছি না। অথচ আমরা দেখতে পাচ্ছি যে বাংলাদেশে কৃষির উপর নির্ভর করে এই রকম পরিবারের সংখ্যা ৩২ লক্ষ এবং তার মধ্যে ভাগচাষী এবং গরীব চাষী পরিবারের সংখ্যা হচ্ছে প্রায় ২০ লক্ষের মত। সুতরাং একদিকে সরকার ২ লক্ষ একরের মত জমি প্রকৃতপক্ষে পাবেন অথবা যদি সরকারী হিসাব মত ধরে নেওয়া যায়, তাহলে ৬ লক্ষ একর জমি তাঁরা পাবেন। কাজেই একদিকে তাঁদের হিসাবমত ৬ লক্ষ একর জমি সরকার পেতে পারেন কিন্তু অন্যদিকে ২০ লক্ষের মত ভূমিহীন এবং গরীব চাষী যে রয়েছে, তাদের মধ্যে ভূমি বন্টন করা দরকার। সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে আজকে যে ব্যবস্থা তাঁরা গ্রহণ করেছেন, সেই ব্যবস্থার মধ্য দিয়ে আজকে আমাদের বাংলাদেশে যাঁরা অধীন রায়ত বা আণ্ডার-রায়ত, তাদের সংখ্যা প্রায় ১ লক্ষ পরিবার এবং অন্যদিকে বাংলাদেশে ৬ লক্ষ পরিবার ভাগচাষী আছেন। সরকার যে ভূমি-সংস্কার আইন করেছেন তাতে প্রত্যেক মালিককে তাদের ৩ ভাগের ২ ভাগ পর্যন্ত জমি ভাগচাষীর হাত থেকে কেড়ে নেবার অধিকার তাঁরা দিয়েছেন। সুতরাং আইনমতে দেখা যাচ্ছে যে ৬ লক্ষ ভাগচাষী পরিবারের মধ্যে ৪ লক্ষ ভাগচাষী পরিবার উচ্ছেদ হচ্ছে। সুতরাং একদিকে ৪ লক্ষ ভাগচাষী পরিবার উচ্ছেদ হচ্ছে এবং অন্যদিকে ১ লক্ষ অধীন রায়ত পরিবার উচ্ছেদ হচ্ছে। কেন না তাঁরা

নির্দ্দেশ দিয়েছেন প্রতি এটেষ্টেসন অফিসারের কাছে যে, যে-সমস্ত আণ্ডার রায়ত্ রসিদ্ দেখাতে পারবেন না, তাদের নাম ২০ বছরের হোক্ আর যাহাই হোক্, তারা ঠিকা, কুলা, বা উদ্বাস্তু প্রজা হিসাবে যদি পুরুষানুক্রমে সেই জমি চাষ করে থাকেন, তাদের নাম রেকর্ড যেন না হয়, এই রকম নির্দ্দেশ সরকারী দপ্তর থেকে দেওয়া হয়েছে এবং তার ফলে পশ্চিম বাংলার ১ লক্ষ অধীন রায়তের জমি থেকে উচ্ছেদের ব্যবস্থা হয়ে গেছে এবং ইতিমধ্যে জমির মালিকরা সেই রেকর্ডে তাদের নাম বাতিল করবার সংগে সংগে চাষী অধীন রায়তদের চাষ করবার জমি থেকে আজকে ব্যাপকভাবে জমিদার তাদের ধান কেটে নেবার ব্যবস্থা করছেন এবং বহু জায়গায় এই রকমভাবে জোর করে মালিকরা তাদের ফসল কেটে নিচ্ছে। সুতরাং দেখা যাচ্ছে একদিকে সরকার ৪ লক্ষ ভাগচাষী এবং ১ লক্ষ অধীন রায়ত উচ্ছেদ করছেন এবং অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি যে ৬ লক্ষ একর মাত্র জমি তাঁরা পাচ্ছেন এবং সংগে সংগে আরো তাঁরা যে আইন করছেন, অর্থাৎ যদি কোন খাজনা বাকী পড়ে তাহলে বাকী খাজনার দায়ে তার সমস্ত জমি, বাস্তুভিটা বাদ দিয়ে সমস্ত সম্পত্তি, সেখানে রায়তের পর্য্যন্ত জমি চলে যাবার ব্যবস্থা এর মধ্যে দিয়ে হয়েছে। সংগে সংগে পার্টিসনের যে নিয়ম তাঁরা করেছেন, যদি পাঁচ ভাই থাকে এবং তাদের যদি ১৫ বিঘা জমি থাকে, সরকার যদি আইন করে দেন যে ৪ বিঘার কম জমি পার্টিসন হতে পারবে না তাহলে পরে সেই পাঁচ ভাই তাঁদের জমি ভোগ করতে পারবেন না। এর ফলে ২।১ লক্ষ পরিবার তারা এই পার্টিসন আইনের ফলে তাঁদের জমি থেকে বঞ্চিত হবেন। সুতরাং আমরা যদি একটা মোটামুটি হিসাব করি তাহলে দেখতে পাবো যে সরকারী মতে তাঁরা ৬ লক্ষ একর জমি পাবেন কিন্তু যে উচ্ছেদের ব্যবস্থা এর মধ্য দিয়ে করা হয়েছে তাতে দেখা যায় যে, ৬ লক্ষের বেশী পরিবারকে, যাদের জমি ছিল তাদেরও এই আইনের মধ্য দিয়ে সরকার জমিহীন করার ব্যবস্থা করেছেন। সুতরাং আজকে এই ভূমি-সংস্কার আইন যে তাঁরা এনেছেন এর মধ্য দিয়ে যাদের জমি নেই তাদের জমি দেওয়া ত দূরের কথা, উল্টে যাদের জমি আছে তাদেরও জমি কেড়ে নেবার ব্যবস্থা সরকার করেছেন। তাঁরা হয় ত বলবেন যে আমরা ত মূল নীতি মেনে নিয়েছি, কিন্তু মূল নীতি মেনে নিলে কি হবে? তাঁরা হয় ত জনসাধারণকে বলবেন, দেখাবেন, মোহ সৃষ্টি করবার চেষ্টা করবেন, দেখ আমরা ত কৃষকদের মধ্যে বিনা মূল্যে জমি দেবার ব্যবস্থা করেছি, কিন্তু আমি বলবো তাঁরা জমি পাবেন কোথা থেকে যে জমি তাঁরা বিলি করবেন? একদিকে এইভাবে তাঁরা জমিহীন করবেন অন্যদিকে কিছু হয় ত জমি তাঁরা পেতে পারতেন কিন্তু তাঁরা যে রেভিনিউ অফিসার সৃষ্টি করেছেন, সেই রেভিনিউ অফিসারের মধ্যে দলীয় চক্রান্ত চলবে। হয় ত যারা কংগ্রেসের পক্ষে মাতব্বরী করবেন তাঁদেরই হয় ত কিছু কিছু জমি সেখানে স্থানীয় এলাকায় তাঁরা দেবেন। কাজেই প্রকৃতপক্ষে যারা জমিহীন তাঁরা হয় ত জমি পাবেন না, যাঁরা ভাগচাষী, ঠিকাচাষী তাঁরা জমি পাবেন কি না, তাঁদের জমি দেওয়া হবে কিনা, সেটা স্পষ্টভাবে এই আইনের মধ্যে নেই। সেজন্য এই আইন অত্যন্ত ত্রুটীপূর্ণ। সেদিক থেকে আমি সরকারের কাছে ২।১টা উদাহরণ দিতে চাই যে কিভাবে বেনামী করে সেখানকার জমির মালিক এই সরকারী আইনকে ফাঁকি দেবার জন্য ব্যাপকভাবে চেষ্টা করছে। কাকদ্বীপ থানার বোধাকালির জমিদার মনীন্দ্রনাথ তাঁর ৫ হাজার বিঘা জমি আছে, ৫শো বিঘা খাস জমি আছে, সেই জমি বিভিন্ন আত্মীয়ের মধ্যে ভাগাভাগি করে তিনি এই আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছেন। এমন কি বহু জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে আমলনামা সৃষ্টি করে, সেই আমলনামার মধ্য দিয়ে সমস্ত জমিকে ২০।২৫ বছর আগে আন-রেজিষ্টার্ড আমলনামা করে আজকে সেই জমি বিলি বন্টন করবার ব্যবস্থা করেছেন। আমি এ-সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলেছিলাম, তিনি আমাকে বলেছিলেন যে আমলনামা এইভাবে জমির মালিক সমস্ত হস্তান্তর করে ফেলেছে, এ খবর আমরা পেয়েছি কিন্তু কোন আইন নেই যাতে এদের ধরতে পারা যায়। গত অধিবেশনে প্রকাশ্যভাবে আমাদের কথার উপর তিনি উত্তর দিয়েছিলেন যে ডাইরেক্টর অফ ল্যান্ড রেকর্ডস মারফত তিনি নির্দ্দেশ দিয়েছেন যে অধীন রায়ত, যাদের রসিদ্ নেই, ঠিকা, ফুলা, প্রভৃতি হিসাবে চাষ করছেন, তাদের নাম রেকর্ড যাতে হয়, যদি স্থানীয়ভাবে সাক্ষী প্রমাণ দিতে পারে তাহলে তাদের রসিদ থাক্ বা না থাক্ তাদের নাম

রেকর্ড করবার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং বলেছিলেন যে তিনি এইভাবে নির্দ্দেশ দিয়েছেন। কিন্তু কাল পর্যন্ত আমি বিভিন্ন এটেষ্টেসন অফিসে গিয়েছিলাম এবং ডাইরেক্টর অব ল্যাণ্ড রেকর্ডসের পার্সোনাল এসিস্ট্যান্টকে জিজ্ঞাসা করে জেনেছি যে এই রকম কোন নির্দ্দেশ নেই। কাজেই মন্ত্রীমহাশয়কে আমি সেই নির্দ্দেশ দেবার জন্য অনুরোধ করছি। সত্যই যদি কৃষকদের হাতে জমি দেবার আন্তরিক আকাঙ্ক্ষা থাকে, তাহলে আমি বিশ্বাস করি কয়েক মাসের মধ্যে এই ভূমি-সংস্কার বিল সম্বন্ধে আর একটা এমেন্ডমেন্ট এনে এর মধ্যে যে ফাঁক আছে, যে গলদ আছে সেগুলি আপনারা দূরীভূত করবেন। সত্যই যাতে ভাগচাষী কৃষক অন্ততঃ কিছু কিছু জমি পায় এবং ব্যাপক উচ্ছেদের হাত থেকে তারা রক্ষা পায় সেই ব্যবস্থা আপনারা করবেন।

[3-40—3-50 p.m.]

Dr. Kanailal Bhattacharya:
মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের অর্থনীতিক উন্নতির জন্য ভূমিব্যবস্থার আমূল পরিবর্ত্তনের প্রয়োজন, এ-কথা আজকে সকলেই স্বীকার করবেন। গ্রামের অর্থনৈতিক উন্নতির জন্য বাংলার চাষী বহু আন্দোলন করেছে, উহার ফলে, উহার চাপে পড়ে আজ দেখতে পাচ্ছি যে বাংলার গভর্ণমেন্ট এই ভূমি-ব্যবস্থা পরিবর্ত্তনের জন্য প্রচেষ্টা আরম্ভ করেছেন। কিন্তু জমিদারী দখল বিলের ভিতর দিয়ে এবং এই যে বিল আজ আইনে পরিণত হচ্ছে, তার ভিতর দিয়ে বাংলার চাষীরা যে দাবীদাওয়া করেছিল সেই সমস্ত দাবীদাওয়া পূরণ হবে না। বাংলার চাষীর প্রথম ও প্রধান দাবী ছিল বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথার বিলোপ। তা হয় নি। তাদের দাবী ছিল খাজনার হার কমান। আজকে সরকার জমিদার হয়ে বসছেন। বিদেশী সরকার নয় জনগণের সরকার। তারা আশা করেছিল এবার তাদের খাজনার হার ও ভার কমবে। কিন্তু সে বিষয়ে তারা নিঃসন্দেহ হতে পারছে না। তৃতীয় কথা হচ্ছে বাংলা দেশের দাবী ছিল যাদের জমি নাই সেই ভূমিহীন চাষীকে জমি দিতে হবে। কিন্তু আমরা যা দেখতে পাচ্ছি তাতে এই দেখছি যে সেই প্রচেষ্টায় সরকারের আন্তরিকতার যথেষ্ট অভাব। এমন কি লাঙ্গল যার জমি তার এই শ্লোগান যদিও আমাদের বাংলার চাষীরা তুলেছিল কিন্তু এই বিলের ভিতর এমন কতকগুলি ধারা দেখতে পাচ্ছি যা দ্বারা ছোট ছোট চাষী যারা তাদের হাত থেকে জমি গিয়ে বড় চাষীদের হাতে পড়বে এবং যারা অকৃষিজীবী তাদের হাতে গিয়ে পড়বে। বিলের ১৮ নম্বর ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই ধারা যদি আজকে কাজে লাগান হয় তাহলে অনেক ছোট ছোট চাষী আছে যারা জমি হারাবে। আজকে আমাদের দেশে শিল্প যদি গড়ে না উঠে, ভূমির উপর থেকে চাপ যদি সরান না যায়, জনসংখ্যার চাপ যদি ভূমির উপর থেকে না সরে এবং তার আগেই যদি এই ধারাকে কাজে রূপ দেওয়ার চেষ্টা চলে তাহলে আমি মনে করি গ্রামে অর্থনৈতিক সঙ্কট দেখা দেবে। ছোট ছোট যারা জমির মালিক তাদের সেই টুকরো জমি রুখতে গিয়ে তাদের উপর অন্যায় করা হবে, যার ফলে দেখা যাবে ছোট ছোট চাষীরা জমি হারিয়ে বসেছে এবং যারা অকৃষিজীবী তারা ক্রমশঃ ক্রমশঃ জমির মালিক হয়ে পড়ছে, সেজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যতদিন না শিল্প গড়ে উঠে, যতদিন পর্য্যন্ত না ভূমি থেকে আমাদের দেশে জনসংখ্যার চাপ কমে ততদিন পর্যন্ত এই ধারাকে যেন রূপ দেওয়ার চেষ্টা না করা হয়।

আজকে ভূমি-সংস্কারের নামে বিলের ভিতর যা হচ্ছে তাতে বর্গাদারদের উপর অন্যায় করা হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে এই বলবো যে তিনি এই জিনিষ ভালভাবে প্রণিধান করে যথাসম্ভব বর্গাদার আইনে যেটা ছিল অন্ততঃ সেই প্রভিসনটুকু করুন, এই বিল এ্যামেণ্ড করে। যদি তা না করেন এবং এই বিল প্রয়োগ করতে যান তাহলে বর্গাদার বহু উচ্ছেদ হয়ে যাবে এবং দেশের মধ্যে একটা কেয়সএর সৃষ্টি হবে।

তারপর খাজনার হার নির্দ্ধারণ সম্বন্ধে ২।১টি কথা বলি। এই স্ল্যাব সিসটেমএ যদি খাজনার হার নির্দ্ধারণ করা হয় তাহলে এই সিসটেমএ কাজ করা সম্ভব হবে বলে আমি মনে করি না। কারণ হচ্ছে আমাদের দেশে সরকারী যে মেসিনারি, কর্মদপ্তর যেরকম কর্মকুশল তাদের দ্বারা এই কন্সটান্ট চেঞ্জিং স্ল্যাব মেনটেন করা কতখানি সম্ভব হবে সে বিষয়ে আমার সন্দেহের অবকাশ আছে। ধানের জমিতে যেখানে একটা রেভিনিউ রেট করে দেওয়া হচ্ছে অন্যান্য জমি সম্বন্ধেও রেভিনিউ রেট করে দেওয়া উচিত ছিল। এই ধানের জমি ছাড়া আর যে জমি আমাদের দেশে আছে সেটাই হচ্ছে এইটি-সিক্স পারসেন্ট—রবিশস্য এবং পান, পাট প্রভৃতি তাতে উৎপন্ন হয়। সুতরাং সেই সমস্ত জমিতে রেভিনিউ রেট ধার্য্য করার ভার যদি প্রেসক্রাইব্ড অথরিটির হাতে ছেড়ে দেওয়া হয় এবং কোন নির্দ্দেশ না দেওয়া হয়, তাহলে এই খাজনার হার আজ যা আছে তার চেয়ে বাড়বার যথেষ্ট সম্ভাবনা আছে। অতএব আমার মনে হয় এই বিলের মধ্যে একটা নির্দ্দেশ থাকা উচিত ছিল যে খাজনার হার যা আছে তার চেয়ে আর বাড়বে না, তাহলে সেদিকে দৃষ্টি রেখে প্রেসক্রাইবড অথরিটি রেভিনিউ ঠিক করতো। এই নির্দ্দেশ থাকলে খাজনা না বাড়লেও যে খাজনা বজায় আছে সেইটেই বজায় রেখে প্রেসক্রাইবড অথরিটি করতে পারতেন। এই ফাঁক এই বিলের মধ্যে রয়ে গিয়েছে। এর সুযোগ হয় ত অসাধু অফিসাররা নিতে পারবে। এটা বন্ধ করা উচিত ছিল।

এইবার আসে জমি বন্টন। জমি বন্টন ব্যাপারে এই বিলের মধ্যে সরকারের যে মনোভাব প্রকাশ করেছেন তা প্রশংসনীয় নয়। জমি বন্টন নীতির ক্লজএর মধ্যে দিয়ে বলেছেন যে উদ্বৃত্ত জমি আমাদের হাতে বেশী আসবে না। কাজেই জমি বণ্টন করে ভূমিহীন কৃষকদের সমস্যা সমাধান করা যাবে না। আমরা যদি সরকারের প্রচেষ্টার আন্তরিকতা দেখতে পেতাম তাহলে নিশ্চয়ই সরকারকে ধন্যবাদ দিতাম। কিন্তু এখানে লক্ষ লক্ষ চাষী, ভূমিহীন কৃষক জমির জন্য হাহাকার করছে। যদি আমরা দেখতাম সরকার পক্ষ থেকে জমি আরো কমিয়ে দেওয়া হচ্ছে, যদি দেখতাম কো-অপারেটিভ সোসাইটির মধ্যে দিয়ে ভালভাবে জমি চাষ করার জন্য কৃষককে উৎসাহ দেওয়া হচ্ছে, যদি দেখতাম উৎপন্ন শক্তি বাড়াবার নির্দ্দেশ এর মধ্যে থাকতো তাহলে সরকারের আন্তরিকতা বুঝতে পারতাম। কিন্তু এর ভিতের আন্তরিকতার অভাব রয়েছে। এর দ্বারা ভূমির ক্ষুধা মিটবে না। জনসাধারণকে ভূমিহীন চাষীকে জমি দিতে পারবেন না, তার ফলে গ্রামের অর্থনৈতিক উন্নতি হবে না। আমরা মনে করি এবং সকলেই এই কথা মনে করেন যে গ্রামের অর্থনৈতিক অবস্থাব উপর সমস্ত দেশের অর্থনৈতিক অবস্থা নির্ভর করে। আজকে যদি চাষীর হাতে পয়সা থাকে তাহলে তারা জিনিষপত্র কিনতে পারবে এবং তাহলেই সহরের শিল্পের উন্নতি হবে এবং এর দ্বারা বাংলার অর্থনৈতিক অবস্থা পাল্টে যাবে, এ-কথা সকলেই স্বীকার করেন। কাজেই সেদিক থেকে দেখতে গেলে আজকে এই ভূমি ব্যবস্থার আমূল পরিবর্ত্তন করা দরকার। এই যে একটা আইন করা হয়েছে এবং আর একটা করতে যাওয়া হচ্ছে এতে আমরা দেখ্ছি যে এই আইনের রচয়িতাকে এই কথা বলতে চাই যে এই বিলের দ্বারা ভূমি ব্যবস্থার আমূল পরিবর্ত্তন হবে না। এই ভুল তাঁরা বুঝতে পারলে এই ভুল সংশোধন করার চেষ্টা করবেন। কিন্তু আর যদি তাঁরা মনে করেন এর দ্বারা কৃষককে ধাপ্পা দিচ্ছে তাহলে তাঁরা ভুল করবেন কারণ কৃষকরা যখন এর স্বরূপ বুঝতে পারবে, যখন তারা সরকারের এই ধাপ্পা বুঝতে পারবে তখন তারা তাদের দাবী-দাওয়া নিয়ে আন্দোলন সৃষ্টি করবে, এ-কথা আমরা জানি। কাজেই আমরা সরকারকে বলবো এই আইন যে তৈরী হচ্ছে এর দ্বারা বাংলার অর্থনৈতিক উন্নতি হবে না। এইদিকে দৃষ্টি দেওয়া উচিত এবং তাহলেই দেশের অর্থনৈতিক সমস্যা সমাধান হবে।

Sj. Syama Bhattacharyya: Mr. Speaker, Sir, I am much surprised to find that such an important measure as the Land Reforms Bill has come in for strong criticism by our members on the opposite side. This is a reform which is the most important and logical step which has been taken after the passing of the West Bengal Estates Acquisition Act and this Bill, therefore, should have the widest support of the people. The strong denunciation and pessimism expressed by our friends opposite only show how far they are removed from the people.

Sir, the main target of the criticism has been the provisions regarding revenue rates and rights of *raiyats*.

[3-50—4 p.m.]

Regarding the revenue rate the procedure for determination of revenue rate in clause 24, read with the provisions of clause 29 will convince anybody that revenue rate thereafter payable under this new measure will be much less than the rate now payable by the *raiyat*. Sir, so far as the revenue rates are concerned, a maximum limit has been fixed to these rates, and only a percentage of the revenue rate is charged for any area or holding, and the larger the area the higher will be the percentage of revenue rate that will be charged from the owners of holdings. Formerly, and even at the present moment, determination of rate had no basis in scientific or logical arguments, but hereafter according to this Bill revenue rate will have close relation to the latter's capacity to pay revenue rate as well as to the productivity of the land. Sir, if we turn to the practical application of the rules regarding revenue rate, if we deal with concrete cases then we have to take into account this fact that the average production in West Bengal in the last 20 years, so far as paddy is concerned, has been something like 15 maunds per acre, and during the last 20 years the average price will be in the neighbourhood of Rs 7-8 per maund. On this basis, the calculation of the table of rent in respect of land producing paddy will be as follows: Rs. 4-8 per two acres; Rs. 14-10 for 5 acres; Rs. 37-2 for 10 acres; Rs. 65-4 for 15 acres; and Rs. 122-12 for 25 acres. Sir, if we take into consideration also this fact that the average rent in West Bengal per acre has been Rs. 5 then it can be provided immediately that there will be no enhancement in rent for land up to 20 acres in West Bengal; and of the 117 lakh acres of land under cultivation 98 lakhs grow paddy and of these lands the revenue that will be charged will be substantially less than the rents that the *raiyats* now pay. For land not growing paddy or lands not used for growing crop, the revenue payable will not be higher as my friend Dr Kanailal Bhattacharyya was trying to establish Sir, the proviso to sub-clause (2) to clause 24 lays down the maximum limit in respect of these lands, and a certain percentage of this maximum rate will be charged from any given area of land, and therefore as in the case of land growing paddy the revenue that will be charged will be much less than the rates which are charged now. Similarly, in the case of lands not used for growing crop and lands not growing crops the revenue payable will be much less than the rates now payable on these lands

Sir, it has been said that the rights of *raiyats* will be very insecure under the provisions of this Bill It was pointed out that clause 4 of this Bill will lead to eviction of *raiyats* from their own holdings on very flimsy grounds. Clause 4 only guards against and provides penalty for misuse and non-use of land or for conversion of land for non-agricultural purposes. Sir, it is true that the *raiyats* have been declared owners of their lands, but ownership does not mean and cannot mean unrestricted right in respect of land. There is no such thing as absolute right in respect of property. Our right to property must be subordinated to the superior consideration of national interest, and only for national interest certain reasonable restrictions have been placed on the rights of *raiyats* in respect of their holdings.

Sir, it has also been contended that the provision regarding personal cultivation is a retrograde measure, that *raiyats* should not be allowed to employ hired labour for the purpose of cultivating their land as if

employment of hired labour is a very bad thing in the context of present condition of rural economy in West Bengal. Sir, I would call these critics over-revolutionary. These critics forget that even in China from the example of which we have much to learn the Land Reform Act in Article 6 lays down this: "Land owned by rich peasants and cultivated by themselves or by hired labour shall be protected from encroachment".

Sir, it has been pointed out by Dr. Kanailal Bhattacharyya and also by my friend Sj. Provash Chandra Roy that the rules as laid down in clause 14 regarding partition will lead to eviction of *raiyats*, but if we go into the provisions of this particular clause it will be found that a reasonable restriction on further parcelling of land has been laid down in this particular clause thus preventing further fragmentation. In order to achieve the goal of increasing production, parcelling of land should not be allowed below a certain limit. Of course, I agree that in fixing this limit, we shall have to put the figure at a low level in view of the fact that there is a keen hunger for land among the peasantry and the pressure of the population is also very great.

It has also been criticised that the distribution of land, the principles of which have been enunciated in clause 49, is not quite in order, that the lands will go not to proper cultivators, not to real cultivators but to non-cultivators. Sir, the principles of distribution of land in clause 49 are very clear. Land shall be given without premium only to cultivators who have no land or to persons who have small pieces of land, preference being given only to those who agree to form themselves into a co-operative farming society. Sir, although I warmly advocate the provisions regarding distribution of land as laid down in this particular clause, I do not for a moment overlook the hard fact that there are at present about seven lakhs of families or 21·4 per cent. of agriculturist population who are landless farmers, and we may not have sufficient lands for distributing among all of them. Therefore, Sir, I would advocate that the strictest measures should be taken to prevent evasion of land by transfers, clandestine transfers which, if permitted, would defeat the objects of this Bill and the objects of the Estates Acquisition Act.

I am of the opinion and the party to which I belong also endorse the view that this Bill will serve the ends of social justice by putting the ceiling upon the maximum holding, by scaling down the level of rent and by such other measures which will promote our economic improvement and increased production It is not unlikely that we may make minor corrections here and there in the course of the practical application of the measures of this Bill but that will not deflect us from our goal of serving the ends of social justice and promote the economic improvement and increased production.

[4—4-10 p.m.]

Sj. Gangapada Kuar:
মাননীয় স্পীকার মহোদয়, এইমাত্র আমাদের ওপাশের এক বন্ধু শ্যামাপদ বাবু এই বিলের যেভাবে প্রশস্তি গেয়ে গেলেন, দুঃখের সঙ্গে আমি জানাচ্ছি যে তাঁর সঙ্গে আমি একমত হতে পারলাম না। তিনি বলেছেন,
this Bill will serve the ends of social justice.
আমরা আশ্চর্য্য হয়ে যাই যে ভূমি-সংস্কার বিল মূলতঃ যে উদ্দেশ্যে সৃষ্টি এবং মূলতঃ যে উদ্দেশ্যে পুরাতন সামন্ততান্ত্রিক ভূমি ব্যবস্থার পরিবর্ত্তন করা প্রয়োজন, প্রকৃত চাষীকে

জমির মালিক করবার জন্য, সেই যে উদ্দেশ্য ঘোষণা করা হয়েছিল, এই বিলে সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে; অথচ তা সত্ত্বেও যদি আমরা এই বিলকে বলি
this Bill will serve the ends of social justice,
এর চেয়ে বেদনার বিষয় আর কি হতে পারে? দেশের কৃষককে, তার হাতে পরিবারের ভরণপোষণোপযোগী জমি দেওয়া প্রত্যেকটি প্রগতিশীল রাষ্ট্রের কর্তব্য। আমাদের কৃষিপ্রধান বাংলা দেশের পক্ষে সকল কৃষককে জমি দেওয়া আরও বেশী করে খাটে। আজকের দিনে নাগরিক জীবনের পরিপূর্ণ বিকাশের জন্য গণতন্ত্র তথা লোক শক্তি প্রতিষ্ঠার জন্য কৃষককে তার জমির মালিকানা স্বত্ব দিতে হবে. এ-বিষয় কারও দ্বিমত নেই। গত ১৩৬২ সালে ১লা বৈশাখ মাননীয় প্রধান মন্ত্রী ডাঃ রায় ঘোষণা করেছিলেন যে আমি খুব আনন্দের সঙ্গে বলছি যে আমাদের বাংলা দেশে প্রকৃত যারা চাষী, তারা জমির মালিকানা স্বত্ব পাবে। কিন্তু আজ কোথায় তাঁর সেই ঘোষণার মূল্য? আজকে আমরা দেখছি মন্ত্রীমহাশয় ঘোষণা করেছেন ছয় লক্ষ একর জমি উদ্বৃত্ত হবে। কিন্তু যেভাবে মিথ্যা আমলনামা বা বে-আইনী ট্রান্সফার ইত্যাদির দ্বারা যারা ভূমিবান তাদের হাতে জমি রয়ে যাচ্ছে, এবং তার ফলে উদ্বৃত্ত জমি পাওয়া যাবে কি না সে বিষয় আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। এ-ছাড়া, আর একটা সমস্যা দেখা দিয়েছে যে এই সরকার যখনই কোন আইন করেন তখন, যে-সমস্ত ভেষ্টেড ইন্টারেষ্ট আছে, তাদের আগে থেকেই সজাগ করে দেন, ফলে, যতদূর সম্ভব তারা আইনের চোখে যাতে ধূলা দেওয়া যায়, তার ব্যবস্থা অবলম্বন করেন। ভূমি-সংস্কার বিল পাশ হতে যাচ্ছে, কিন্তু ইতিপূর্ব্বে যে-সমস্ত কৃষকের রায়তি-স্থিতিবান স্বত্ত্বের জমি দখল করেন, তাদের সেই সমস্ত জমির ক্রয়-বিক্রয়ের ব্যাপারে কোন বাধা-নিষেধ নেই। এই বাধা নিষেধ না থাকার দরুন সমস্ত উদ্বৃত্ত জমি তারা বিক্রয় করে দিচ্ছেন বে-আইনী ট্রান্সফার ছাড়াও। এর ফলে উদ্বৃত্ত জমি পাওয়া গেলে, যে-সমস্ত ভূমিহীন কৃষক আছে, তাদের মধ্যে সুষ্ঠুভাবে পুনর্বণ্টিত হ'ত, সেই স্কোপ আর থাকবে না; সমস্ত বড় বড় ভূমিবানরা জমি কুক্ষিগত করে রাখবেন; এর দ্বারা অবশ্য সরকারের নীতি সার্থক হবে, কিন্তু ভূমি-সংস্কারের যে প্রকৃত উদ্দেশ্য তা সার্থক হবে না। পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় দেখা গিয়েছে যে বাংলা দেশের কৃষক সমাজের বিন্দুমাত্র উন্নতি হয় নি; উপরন্তু তাদের ঋণের বোঝা ক্রমশঃ বেড়ে গিয়েছে, করের বোঝা বেড়ে গিয়েছে, অভাবের তাড়নায় তাদের অনেককে সর্ব্বস্বান্ত হতে হয়েছে এবং তাদের জমিও হস্তান্তরিত হয়েছে। সরকার তাই বাধ্য হয়ে, এই হস্তান্তর রোধ করবার জন্য আইন আনলেন, সেই আইন কার্যতঃ ব্যর্থ হয়েছে।

আজকে যদি পঞ্চ-বার্ষিকী পরিকল্পনাকে সার্থক করতে হয়, তাহলে তার জন্য কোটী কোটী টাকা বরাদ্দ করে শুধু খরচ করলেই তা সম্ভব নয়, আমরা যদি প্রকৃত কৃষককে মালিকানা স্বত্ব জমিতে দিতে না পারি, এবং তাদের মধ্যে যদি ক্রয় ক্ষমতা বাড়িয়ে তুলতে না পারি তাহলে এই পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা কখনও সার্থক হতে পারে না, এবং কোন দেশে এরকম হয়েছে বলে আমার জানা নেই। তাই ভূমি সংস্কার ব্যবস্থায় আমাদের সেই দিক দিয়ে বিবেচনা করতে হবে যে কতখানি কৃষক সমাজের প্রকৃত কল্যাণ আমরা করতে পেরেছি; দেশের প্রকৃত কৃষক সমাজ এর দ্বারা কতখানি উপকৃত হয়েছে। ভূমি সংস্কার বিল এবং এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্টএর মধ্যে আমরা দেখতে পাই সরকার সব সময় টাটা-বিড়লা প্রভৃতি যাদের হাজার হাজার বিঘা আম বাগান বা মেছোভেরী রয়েছে তাদের সঙ্গে সামান্য কৃষকের যে পার্থক্য রয়েছে, তাদের স্বার্থগত পার্থক্য বা ভিত্তিগত পার্থক্য যা রয়েছে, এই সমস্ত কথা আদৌ বিবেচনা না করে, এই সমস্ত বিধান এই বিলে এনেছেন, দেশের সমস্ত কৃষক, অ-কৃষক সকলকেই চাযের জমির উপর অবাধে অধিকার দিচ্ছেন। কিন্তু এর ফলে কোনদিন ভূমি সমস্যার সমাধান সুষ্ঠুভাবে হতে পারে না। ভূমি সমস্যা সমাধান হবে সেদিন, যেদিন প্রকৃত কৃষক জমির মালিক হতে পারবে। আমরা চাই না এদের জমির উপর আনরেস্ট্রিক্টেড পাওয়ার বা এ্যাবসোলিউট রাইট দেওয়া হোক। যতক্ষণ পর্যান্ত সম্পূর্ণরূপে এই বৃত্তির উপর তাদের জীবিকা নির্ভর করবে, সে পর্যান্ত তাদের জমি থেকে বঞ্চিত করবার, ন্যায়সঙ্গত অধিকার কোন দেশের সরকারের আছে বলে মনে হয় না। চাষীকে জমির মালিকানা স্বত্ব দেওয়ার দৃষ্টিভঙ্গী যদি আমরা দেখি, বিচার করি; তাহলে

এই যে ভূমি-সংস্কার বিল বা এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট করা হয়েছে, এটা রাজ্য সরকারের এদেশের ভূমিহীন কৃষক সমাজের প্রতি চরম বিশ্বাসঘাতকতার প্রামান্য দলিল হয়ে থাকবে, যে পর্য্যন্ত না তাদের হাতে জমি দেওয়া যাচ্ছে।

ইতিপূর্ব্বে বর্গাদার সম্বন্ধে আলোচনা হয়েছে। আমি আশ্চর্য্য হয়ে যাই, যে সামান্য কৃষির সম্পর্কে যদি তাঁর ধারণা থাকত, তাহলে তিনি অন্ততঃ বর্গাদার সম্বন্ধে এক্সচেঞ্জ লেবরএর স্কোপও রাখতেন। বাংলা দেশে এমন কোন চাষী আছে কি না জানি না, যে সে নিজের পরিবারের লোকজন দিয়ে তার পাঁচ, দশ বিঘা জমি চাষ করতে পারে। পূর্ব্বের বর্গাদার আইনে, বর্গাদারদের জন্য যে-সমস্ত ব্যবস্থা ছিল, বর্ত্তমান ভূমি-সংস্কার বিলে সেই সমস্ত ব্যবস্থাকে আরও কঠোর করে দেওয়া হচ্ছে, যার ফলে হাজার, হাজার বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে।

[4-10—4-20 p.m.]

এই আইনে পার্টিশন এবং ট্রান্সফার সম্পর্কে যে ব্যবস্থা করা হয়েছে, ষ্টাণ্ডার্ড এরিয়া এবং লংগেষ্ট কমন বাউণ্ডারি এই দিয়ে যে পরিকল্পনা আনা হয়েছে তার ফলে যারা ছোট ছোট চাষী তারা উচ্ছেদ যে হয়ে যাবে—তার আশঙ্কা অমূলক নয়। এই বিলে সবচেয়ে আশঙ্কার কথা হচ্ছে কৃষক এবং অ-কৃষক সকলকেই এক জায়গায় আনা হয়েছে, এবং এ-কথা আমি প্রথমেই বলেছি। তা ছাড়া, খাজনার ব্যাপারে আমরা চেয়েছিলাম, এই বিলের আলোচনা প্রসঙ্গে, যে যেসব জায়গায় সাঁজা খাজনা রয়েছে সেখানে পাশের জমির যে খাজনা সেইভাবে সাঁজা জমির খাজনাও আদায় করা হোক। এ সম্পর্কে আইনে কোন ব্যবস্থাই করা হয় নাই। এটা যে করা যায় না তা মনে করি না। মন্ত্রীমহাশয় বলেছেন যে তাঁরা পূর্ব্বের ন্যায় অর্থাৎ যেভাবে খাজনা দিয়ে আসছে সেইভাবেই দেবে, তাঁর সেই আশ্বাস, আমি আশা করি তিনি কার্য্যকরী করবেন। খাজনার সম্পর্কে সবচেয়ে দুঃখের বিষয় তিন বছর একাদিক্রমে যদি ফসল না হয় তাহলেই খাজনা কিছু কমানো যেতে পারবে তা নৈলে কোন ব্যবস্থা করা হবে না।

আর একটা মারাত্মক জিনিষ, খাজনা সমস্ত জোতের উপর নির্দ্ধারিত করবেন। এবং খাজনা বাকি থাকলে সমস্ত জোত সেল করতে পারবেন। এসব বিধান কৃষকের পক্ষে কল্যাণকর হতে পারে না। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব যে-সমস্ত সমালোচনা এই বিলের উপর হয়ে গেছে, সেই সমস্ত সমালোচনাকে ভিত্তি করে যাতে এই বিলটাকে আরো সুসমাহিতভাবে আনা যায়, যাতে দেশের কল্যাণ হয় এবং চাষী ও ভূমিহীন কৃষক যারা তারা যাতে জমি পায় সেই ব্যবস্থা যাতে হয় সেইভাবে এই আইনের সংস্কার তিনি করবেন। এবং সেইভাবে এই আইনের সংস্কার হওয়া দরকার।

সর্ব্বশেষে আর একটা কথা বলব, এই ভূমি-সংস্কার বিল কার্য্যকরী হবার আগেই এই যে সমস্ত জমি অবাধে বিক্রয় হয়ে যাচ্ছে সেই ক্রয়-বিক্রয়ে বাধা দেওয়া দরকার। নৈলে তাঁদের যে পরিকল্পনা, সেই পরিকল্পনা মতন বিলি-বন্টনের জন্য জমি পাবেন না এবং বিলের উদ্দেশ্যই ব্যর্থ হবে।

Sj. Saroj Roy:

মিঃ স্পীকার, স্যার, এই বিলের সেকেণ্ড পর্য্যায়ের আলোচনা হয়ে যাওয়ার পর আমরা যখন আইন সভা থেকে যাই, তখন বহু প্রশ্ন নিয়ে আমরা আমাদের কনষ্টিটুয়েন্সিতে ফিরে গিয়েছিলাম। তখন আমাদের মধ্যে এই একটা প্রচেষ্টা হয়, এই বিল কৃষক, মধ্যবিত্ত প্রভৃতি সকল শ্রেণীর মিটিংএ নিয়ে পেশ করব। এইভাবে, বিভিন্ন জনসাধারণের মধ্য দিয়ে গরীব কৃষক, ভাগচাষী, আণ্ডার-রায়ত প্রভৃতি সমস্ত প্রকারের জনসাধারণের মাঝখানে এই বিলটা প্লেস করি, এবং প্লেস করার পরে যে আলোচনা শুনি সমস্ত জিনিষটা তাদের কাছে তুলে ধরবার ফলে তাদের যে মতামত পাই তাতে একটা জিনিষ পরিষ্কার হয়েছে যে যেভাবে কংগ্রেস সরকার থেকে বিল করা হয়েছিল সেটাতে ভূমি-সংস্কার আইনের মূল উদ্দেশ্য ছিল বাড়তি জমি যা আছে, সে সমস্ত বাড়তি জমি কৃষকদের যাদের হাতে জমি নাই তাদের বন্টন

করা হবে, বাংলা দেশের গ্রামের অর্থনৈতিক উন্নতি তার দ্বারা হওয়ার সঙ্গে সঙ্গে বাংলা দেশের প্রকৃত অর্থনৈতিক উন্নতি হবে। সেদিক থেকে বিবেচনা করলে এ কথা পরিষ্কারভাবে বলা যায় যে এ বিল একটা প্রহসনে পরিণত হয়েছে।

প্রথমতঃ, আন্ডার-রায়ত, যারা সাঁজা, উঠবন্দী, গুলু প্রভৃতি নামে অভিহিত হয়ে আছে তাদের কোন রকম রেকর্ড বা কাগজপত্র না থাকার ফলে মন্ত্রীমহাশয়কে আমরা বলেছিলাম যে, স্থানীয় সাক্ষী দ্বারা যদি প্রমাণ করানো যায় তাহলে তাদের রাইট্ যেটা সেটা অবশ্য থাকবে। মন্ত্রীমহাশয় বলেছিলেন যে তাদের রাইট্স্ মেইনটেইন করা হবে। কিন্তু একটা কথা তিনি জানেন না যে ষড়যন্ত্র আজ হয়েছে গ্রামাঞ্চলে এটেস্টেশন অফিসার, থানা অফিসার এবং জোতদারদের মধ্যে যে বিরাট ষড়যন্ত্র হয়েছে তার ফলে তারা একধার থেকে আন্ডার-রায়ত বলে যারা অভিহিত তাদের উচ্ছেদ করছে। সে উচ্ছেদ বন্ধ করবার কোন পথ পাওয়া যাচ্ছে না, কোনদিক থেকে তা পাওয়া যাচ্ছে না। ভূমি সংস্কার আইনে যেখানে আছে যাদের হাতে জমি নাই তাদের জমি দেবার ব্যবস্থা হবে কিন্তু বহু চাষী যাদের হাতে জমি ছিল মৌখিক সাঁজা, গুলু ইত্যাদি নামে অভিহিত ছিল, তারা আজ বঞ্চিত হতে চলেছে। তারপর ভাগচাষী সম্বন্ধে গতবারের আলোচনায় আমরা বলেছিলাম সরকারকে আমরা তাদের সম্বন্ধে এই সাবধান বাণী শুনিয়েছিলাম যে এদের একটা রাইট্ আপনারা দিন। সে সম্পর্কে আর নূতন কথা বলতে চাই না, আমরা বলেছিলাম যে, যে জমি তাদের হাতে আছে সে জমি তাদের হাতেই থাক। কিন্তু অবস্থা আজ দাঁড়িয়েছে যে সমস্ত ভাগচাষীর কেসের আপীল সাবডিভিসনাল কোর্টে আছে সে সব কেসের আপীল চলা সত্ত্বেও থানার সঙ্গে জোতদাররা এমন ষড়যন্ত্র করেছে যে সেখানে ১৪৪ ফাইল করে কৃষকদের জমি থেকে উচ্ছেদ করছে। এবং তাদের বোনা ধান জোর-জুলুম করে কেটে নিয়ে যাচ্ছে। কোন কোন জায়গায় জোতদাররা বন্দুক পর্যন্ত ব্যবহার করেছে। যে সব কেস ফাইল করা হয়েছে সে-সব কেসের কি হবে জানি না। কিন্তু যে ধান জোতদাররা নিয়ে যাচ্ছে সেই ধান বোনার ব্যয় ত দূরের কথা, এ বছরে যে ধান তারা করেছিল সে ধানের মালিকানা স্বত্ব পর্যন্ত পাচ্ছে না। এই ছিল আন্ডার রায়তদের সম্পর্কে বক্তব্য।

তারপর, এখানে পার্টিশন অফ হোল্ডিং সম্বন্ধে যেভাবে বলা হয়েছে, কো-শেয়ারার অফ রাইট্সদের মধ্যে, পার্টিশনের ব্যাপারে স্ট্যান্ডার্ড এরিয়ার কথা যা বলা হয়েছে, আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেখানে পূর্বেই বলা হয়েছে, কারো ১২ কাঠা, কারো ১৪ কাঠা, কারো এক বিঘা, কারো বা দু বিঘা যেখানে মোট জমি সেখানে স্ট্যান্ডার্ড এরিয়া কি করবেন বলা যায় না। যদি এক একর জমি করেন, তাহলে, আমি জানি, বহু চাষী সেই সমস্ত জমি থেকে উচ্ছেদ হবে। তার মানে যে সমস্ত চাষীর হাতে কিছু কিছু জমি ছিল তাদের অন্যায়ভাবে ভূমিহীন করা হবে। এই বিলের সেকেন্ড রিডিংএর পর গ্রামাঞ্চলে এর যা প্রভাব হয়েছে তাতে সেইদিকটা আমাদের কাছে সবচেয়ে বড় করে ধরা পড়েছে।

তা ছাড়া, এই বিলে কন্সোলিডেশনের যে চ্যাপটার আছে তার উপর আমি গতবারে বিশেষভাবে আলোচনা করেছিলাম এবং সরকারকে অনুরোধ করেছিলাম, প্রথম যখন এই নূতন বিল এনেছিলেন তা থেকে কন্সোলিডেশনের চ্যাপটারটা বাদ দিতে, কারণ আপনারা জানেন কোয়ালিটি এ্যান্ড ভ্যালু অনুসারে যে-সমস্ত জমি বদল করার কথা হয়েছে তার মধ্যে যে আবার কো-অপারেটিভ ফার্মিংএর কথা আছে সেগুলি যথেষ্ট জট পাকানো জিনিষ। এবং তার সমস্ত ভার দেওয়া হচ্ছে সরকারের অফিসারদের উপর, সেখানে জনসাধারণের সঙ্গে কোন সম্পর্ক রাখা হচ্ছে না। যেখানে আমরা বলেছিলাম যদি কৃষি-সংস্কার করতে হয় গ্রামাঞ্চলে কৃষকদের কমিটি তৈরী করে তাদের সঙ্গে বুদ্ধি-পরামর্শ করে তাদের মতামত নিয়ে, কিভাবে জমি বন্টন হবে, স্ট্যান্ডার্ড এরিয়া কি হওয়া উচিত, কিভাবে কো-অপারেটিভের ভিত্তিতে কৃষকেরা থাকতে পারবে সে বিষয়ে তাদের মতামত কি জানা দরকার।

তা ছাড়া যে সমস্ত ম্যালা ফাইড ট্রান্সফার হচ্ছে তা যদি বন্ধ করতে হয় তাহলে স্থানীয় কৃষকদের সমিতি করা দরকার, কিন্তু সেটা তাঁরা গ্রহণ যখন করলেন না, তখন আমরা একটা প্রস্তাব করেছিলাম কন্সলিডেশনের চ্যাপটারটা সাময়িকভাবে বাদ দিতে, যদি ভবিষ্যতে

দরকার হয় তখন কনসলিডেশনের চ্যাপটারটা আর একটা এমেণ্ডমেন্ট এনে করতে পারবেন। শ্রীকুমারবাবু বলেছেন—

This bill should be revised again and again.

[4-20—4-30 p.m.]

ট্রান্সফারএর দিক থেকে আমরা বহু কথা বলেছিলাম সরকারের কাছে। এ সম্পর্কে এখানে অন্য বিশেষ উদাহরণ দিতে চাই না, হাজার হাজার উদাহরণ আছে। গত এক বছরের মধ্যে বহু, এই রকম ম্যালা ফাইড ট্রান্সফার হয়ে গেছে। রিসেন্টলি একটা ঘটনা আমি জানি মালদহ জেলার রাণীপুর ষ্টেটে সবচেয়ে বড় জমিদার রমণী মোহন চৌধুরী রিসেন্টলি ঠাকুরের নাম করে ১২শ বিঘা জমি ট্রান্সফার করেছে। তা ছাড়া ম্যালা ফাইড ট্রান্সফার নানাদিক থেকে নানাভাবে হয়েছে। উপস্থিত সামনে যে প্রশ্ন এসে দাঁড়িয়েছে -ভূমি-সংস্কারের দিক থেকে সবচেয়ে বড় প্রশ্ন যেটা দীর্ঘকাল যাবৎ ভূমিব্যবস্থা যা বাংলা দেশে হয়ে এসেছে তার যদি কোনরকমে সংস্কার করতে চান, সেই সংস্কারের গোড়ার কথা হচ্ছে ভূমিহীন কৃষকদের মধ্যে আজকে জমি বন্টন করা। তা হবে কি? সরকার পক্ষ থেকে ভাল ভাল কথা বলেছেন, বঙ্গদেশের সামগ্রীক আর্থিক উন্নতি হবে, সেইদিক থেকে আজকে পুরাতন ভূমিহীন কৃষকদের জমি দেওয়ার কথা ভাবছেন। আর একদিক থেকে নূতন নূতনভাবে আজকে ভূমিহীন হয়ে যাচ্ছে, সেদিকে তারা কোনরকম লক্ষ্য দিচ্ছেন না। শ্যামাদাসবাবু বলে গিয়েছিন কয়েকদিন আগে আমরা নাকি বলেছি এই বিলটা উইল লীড টু এভিকশন। তিনি কোন খবর জানেন না, বোধ হয়। এটা উইল লীড টু এভিকশন নয়; এই বিলের পরিণতিস্বরূপ ইতিমধ্যে গ্রামাঞ্চলে এভিকশন হতে সুরু হয়ে গেছে। প্রচুরভাবে এভিক্টেড হয়েছে। সেইজন্য আমার শেষ কথা যে যদি সত্যিকারভাবে বাংলা দেশের অর্থনৈতিক উন্নতি করতে চান, যেখানে ৭০ ভাগ আজকে কৃষক, যাদের আর্থিক জীবন ভাল না হলে বাংলাদেশের সামগ্রীক আর্থিক জীবন ভাল হতে পারে না, সেটাই যদি আপনাদের সদুদ্দেশ্য থাকে, মূল লক্ষ্য থাকে, তাহলে আপনাদের কাছে একটা অনুরোধ করছি যে আজকে যারা আণ্ডার রায়ত বলে পরিচিত, ভাগচাষীর হাত থেকে যাতে জমি চলে না যায় অন্ততঃ এটুকু যদি শেষ অবস্থায় ব্যবস্থা করতে পারেন, তাহলে আজ কিছুটা ভাল হয়। না হলে আজকে যে জমি পাবার কথা ভাবছেন এত জমি ত পাচ্ছেন না, তাছাড়া ইতিমধ্যে ভূমিহীন কৃষকদের সংখ্যা বলা হয়েছে ৩০ লক্ষ, তার চেয়ে কৃষকদের সংখ্যা আরও বেড়ে যাবে, জমি হস্তান্তর আরও বেশী হবে। এটাই বিলের এফেক্ট গ্রামাঞ্চলে দেখা যাচ্ছে। সেটা আপনাদের সামনে প্লেস করলাম। এখনও কিছুটা বিবেচনার সময় আছে। এবং তা যদি করেন অন্ততঃ বাংলাদেশের কৃষকদের দিক থেকে ভাল হবে।

Sj. Sambhu Charan Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমি-সংস্কার আইনের তৃতীয় পর্য্যায়ের আলোচনায় প্রবৃত্ত হয়ে আমার এই কথা বলতে ইচ্ছা হয় যে এর মূল উদ্দেশ্য হচ্ছে সমাজ-সংস্কার। সমাজে মানুষের মধ্যে মানুষের স্তর ভেদ, ভূমি স্বত্বের যে স্তর, সেই স্তরের উচ্ছেদ সাধনের দিকে আমাদের ইহাই প্রথম পদক্ষেপ। ১৭৯৩ সালে পার্মানেন্ট সেটেলমেন্ট রেগুলেশন বাংলাদেশে যে ল্যাণ্ডেড এ্যারিষ্টোক্রেসির বীজ বপন করেছিল, সেটা একটা মহীরূহে পরিণত হয় এবং ছোট-বড় নানারকম ল্যাণ্ডেড এ্যারিষ্টোক্রেসির সৃষ্টি হয়, রায়ত এবং কৃষকদের মাটীতে যে জন্মগত অধিকার সে অধিকার থেকে তাদিগকে বঞ্চিত করে। আজকে আমরা এই বিলের প্রিন্সিপলএর দিকে যদি লক্ষ্য করি, তাহলে দেখব যে রায়ত এবং কৃষকগণকে ভূমির মালিক করা এই বিলের প্রধান লক্ষ্য। এই বিলের সেক্সন ৪ যদি আমরা পড়ে দেখি তাহলে এটা আমরা দেখতে পাব যে দি রায়তস শ্যাল বি ওনার্স অফ দি ল্যাণ্ড। এতদিন রায়তরা ল্যাণ্ডএর ওনার ছিলেন না। বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর বহু এ্যামেণ্ডমেন্ট এসেছে, বহু এ্যামেণ্ডমেন্টও হয়েছে এবং তা দ্বারা কিছু কিছু এ্যামেনিটিজ মাত্র রায়তদের দেওয়া হয়েছে, কিন্তু তাদের কোন ল্যাণ্ডএ ওনার্সিপ দেওয়া হয় নি। তবে একটা কথা শুনে এ-কথা বলতে ইচ্ছা হচ্ছে যে আমাদের বিরোধীপক্ষের মাননীয় সদস্য ও বন্ধু তিনি একজন বিশিষ্ট আইনজ্ঞ ব্যক্তি, আমাদের সুধীরবাবু, তিনি এই কথা বলেছিলেন, অবশ্য দ্বিতীয়

পর্য্যায়ের আলোচনার সময় যে বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ রায়তের স্বত্ব হেরিটেবল এ্যান্ড ট্রান্সফারেবল ছিল। এবিলে এমন কি আর বেশী দেওয়া হল! সেইজন্য আমি তাকে এটা স্মরণ করতে বলি যে বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর এমন কোন সেকশন নেই, বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর এমন কোন এ্যামেণ্ডমেন্ট আসে নি যা দ্বারা রায়তদের ল্যান্ডএ ওনার্সিপ দেওয়া হয়েছে। কিন্তু এই আইনের সেকশন ৪ যদি ভাল করে দেখেন, তাহলে দেখতে পাবেন, ওনার্সিপ অফ দি ল্যান্ড যেটা সেটা রায়তদের দেওয়া হয়েছে। তারপর আর একটা কথা যে, বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ রায়ত উচ্ছেদ যোগ্য, অন দি হ্যাপেনিং অফ সার্টেন ইভেন্টস অর ইন্সিডেন্টস রায়ত উচ্ছেদ যোগ্য। আর এখানকার যে রায়ত তাদের উচ্ছেদ হওয়ার কোন কারণ নেই, যদি বরাবর তারা চাষ করে যায়। যদি উপর্য্যোপরি তারা ৪ বৎসর জমি অনাবাদী ফেলে রেখে দেয়, তাহলে সেই জমি তার কাছ থেকে নিয়ে অন্য রায়তকে দেবার ব্যবস্থা আছে। সেটা সেকশন ৬এ বলা আছে। বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ ১৮৯৫ সাল থেকে ১৯৩৪ সাল পর্য্যন্ত অনেক এ্যামেণ্ডমেন্ট হয়েছে কিন্তু কোন এ্যামেণ্ডমেন্ট এই রায়তদের ওনার করা হয় নি। এই দৃষ্টিভঙ্গীর যে পরিবর্ত্তন এই বিলে পরিলক্ষিত হয়েছে, আমার মনে এটাই সূচনা করছে সামাজিক পরিবর্ত্তনের।

এখন আমি বর্গাদার সম্বন্ধে কিছু বলব। বর্গাদারদের সম্বন্ধে আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন যে ঐ আইনের দ্বারা বর্গাদারদের অবস্থা আরও খারাপ করা হল। আর একটী বন্ধু বলেছেন যে বর্গাদারদের ফাঁকি দেবার জন্য এই থার্ড চ্যাপটারটা এই বিলে ঢোকান হয়েছে এবং বর্গাদার আইনটা এ্যাবলিস করা হয়েছে। আমি এ কথা বলি যে বর্গাদার আইন এবং এই বিলের থার্ড চ্যাপটার পাশাপাশি রেখে যদি পড়া যায়, তাহলে এ কথাই মনে হবে যে কেবলমাত্র বর্গাদারদের স্বার্থ রক্ষার উদ্দেশ্যেই এই বর্গাদার আইন এ্যাবলিস করে থার্ড চ্যাপটারটাকে ইন্ট্রোডিউস করা হয়েছে। বর্গাদারদের উৎপন্ন ফসলের যে অংশ পাবার কথা, বর্গাদার আইনে আছে, সে কথা অনেকেই জানেন। তার অনেকগুলি ইন্সিডেন্ট আছে, সেগুলি পূরণ করলে, তবে ⅓ অংশ সেখানে পাবেন। তাতে আছে ⅓ অংশ বর্গাদার, ⅓ অংশ মালিক আর ⅓ অংশ জমিতে সার, লাঙ্গল ইত্যাদি যিনি দেবেন, তিনি পাবেন। সেটা যদি না দেন, তবে বর্গাদার পাবে না। কিন্তু এখানে তাদের উৎপন্ন ফসলের শতকরা ৬০ ভাগ দেবার ব্যবস্থা হয়েছে এবং জমির মালিককে মাত্র ৪০ ভাগ দেবার ব্যবস্থা হয়েছে। বর্গাদারদের যদি উচ্ছেদ করতে, তাহলে বিশেষ আইন-কানুন ও ধারার মধ্য দিয়ে প্রোসিড করতে হবে। এবং মালিককে প্রমাণ করতে হবে তিনি জমি নিজ লাঙ্গলে চাষ করবেন। অবশ্য আদর্শ হিসাবে এই বর্গাদার প্রথাটা আমি মনে করি, ল্যান্ডেড এ্যারিষ্টোক্রেসি আইডিয়ার পরিপূরক কিন্তু ওয়েস্ট বেঙ্গলএ ৮ লক্ষের অধিক বর্গাদার ফ্যামিলি আছে।

[4-30—4-40 p.m.]

কিন্তু ওয়েস্ট বেঙ্গলএ ৮ লক্ষ লোকের অধিক বর্গাদারের সংখ্যা এবং তাদের দ্বারা চাষ করা জমির পরিমাণ এবং বিকল্প কর্ম্মসংস্থানের সম্ভবাতা বিচার করলে বলতে হয় যে বর্গা-প্রথা আপাততঃ থাকার আবশ্যকতা আছে। আমাদের বিরোধীপক্ষের কয়েকজন বন্ধু বলেছেন যে এই বিলে খাজনা কমাবার কোন ব্যবস্থা নাই বরং খাজনা বৃদ্ধি করা হয়েছে এবং এইজন্য সর্ব্বত্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে, আমি তাদের চ্যাপটার ফোরটি ভাল করে দেখতে বলি। ২৪ ও ২৫ ধারায় রেভিনিউ রেটএর কথা বলা হয়েছে এবং সেকশন ৩০তে যে টেবলটি দেওয়া হয়েছে সেই অনুসারে ওয়ার্ক আউট করলে দেখা যাবে যে বিঘা প্রতি ৮ টাকার অধিক খাজনা হতে পারে না। আর সাম্প্রতিক খাজনার হার হবে বিঘা প্রতি ৩ টাকা হতে ৪ টাকা। এই টেবল অনুসারে জমিদার-জোতদার অর্থাৎ যাদের জমির পরিমাণ অধিক তাদের খাজনার হারও অধিক। অনেকে বলেছেন ইহা একটি নির্ব্বাচনী ধাপ্পা, আমি বলি তারা নির্ব্বাচনের স্বপ্ন দেখে আসল অঙ্কশাস্ত্রাদি ভুলে গেছেন। অবশ্য ১ বিঘা যে রেভিনিউ ফ্রি করে দেওয়া হয়েছে, সেটা অনেকেই তারিফ করেছেন। আমার বন্ধু সুধীর দাস বলেছেন, ফলন গড়ে ১৮ মণ হয় প্রতি একরএ। আর ৮॥ টাকা করে মণ যদি ধরা

হয় তাহলে তার দাম হয় ১৫৩ টাকা। ২৪।২৫ ধারায় যা আছে তাতে ১৫৩ টাকার এক-পঞ্চাংশ হয় ৩০ টাকা, আমি রাউন্ড ফিগার ধরছি, তার এক-দশাংশ হচ্ছে ৩ টাকা অর্থাৎ বিঘা প্রতি ১ টাকার মতই পড়ে, তাঁরই হিসাব মত। অবশ্য তিনি যে হিসাব ধরেছেন সেটাও ঠিক বলে আমার মনে হয় না। অতএব কোন প্রতিক্রিয়াই দেখা দেয় নি। বরং রায়তগণ খাজনা কম হওয়াতে সন্তুষ্টই হয়েছেন। আমরাও গ্রামাঞ্চলে যাই, সেখানে মিটিং করেছি এবং শুনেছি তাতে বুঝেছি কোনরকম প্রতিক্রিয়াই দেখা দেয় নি।

আমাদের শ্রদ্ধেয় বিরোধীপক্ষের সদস্য বঙ্কিমবাবু বলেছেন যে এটা ভূমি-সংস্কার আইনই নয়, এটি রাজস্ব-সংস্কার আইন। ভূমি এবং ভূমি-রাজস্ব এমনই অংগাঙ্গিভাবে জড়িত যে ভূমি বাদ দিয়ে রাজস্বের কথা চিন্তা করা যায় না, এবং রাজস্ব বাদ দিয়ে ভূমির কথাও চিন্তা করা যায় না। রাজস্ব সংস্কার হওয়াটা যদি তিনি স্বীকার করে নেন তাহলে ভূমি আইনও সংস্কার হয়েছে, তাও তিনি স্বীকার করতে বাধ্য। ভূমিতে রায়তকে ওনার্সিপ দান, কো-অপারেটিভ ফ্যামিলির প্রবর্ত্তন এবং কন্সলিডেশন অফ হোল্ডিংএর ব্যবস্থা গ্রহণ বিভিন্নরূপ প্রজাস্বত্বের সোপানের উচ্ছেদ সাধন, যদি ভূমি-সংস্কার না হয় তাহলে তার ধারনা কি বলতে পারি না। তবে একটি আইনেই সর্ব্বপ্রকার সংস্কার সম্ভব নয় বলে আমার মনে হয়। আমাদের বিরোধীপক্ষের একজন বন্ধু বলেছেন যে সরকারের হাতে কোন জমিই আসবে না, যেভাবে আইনে ব্যবস্থা করা হয়েছে তাতে আমার বক্তব্য এই যে ১৯৫১ সালের স্পেশ্যাল সেন্সাসসএ দেখা যায় যে ২০ হাজার ফ্যামিলি, প্রত্যেকের ৩৩ একরের উপর জমি আছে। তার মোট পরিমাণ ১০½ লক্ষ একর এবং এই ২০ হাজার ফ্যামিলিকে ২৫ একর করে রাখতে দিলে প্রায় ৫ লক্ষ একর জমি তারা রেখে দেবে, তাহলেও সরকারের হাতে প্রায় ৫½ লক্ষ একর জমি রি-ডিষ্ট্রিবিউশনএর জন্য থাকবে, অবশ্য রি-ডিষ্ট্রিবিউশনএর যে নিয়ম, যে নীতি হবে সে সম্বন্ধে অনেকে কঠোর মন্তব্য প্রকাশ করেছেন, তাঁরা যদি চ্যাপটার ৫(এ) পড়েন তাহলেই বুঝতে পারবেন যে ফার্স্ট প্রেফারেন্স দেওয়া হয়েছে কো-অপারেটিভ ফার্মিংকে, সেকেন্ড প্রেফারেন্স দেওয়া হয়েছে ভূমিহীনকে। তারপর ৬ বিঘার কম যাদের জমি আছে তাদেরকে। অবশ্য এখানে প্রত্যেককে একটা টার্ম দেওয়া হয়েছে যে তাদের পার্শোনাল কাল্টিভেশন করতে হবে এবং এরজন্য কোন প্রিমিয়াম লাগবে না। আমার মনে হয় যে এখানে দৃষ্টিভঙ্গীর বিশেষ পরিবর্ত্তন হয়েছে এবং প্রয়োজন হলে পর দৃষ্টিভঙ্গীর আরো পরিবর্তন সাধন করে এই আইন পুনরায় ভাল করে করা হবে। কম্প্যাক্টনেস অফ হোল্ডিং এবং কন্সলিডেশন অফ হোল্ডিংএর প্রতি বিশেষ লক্ষ্য করা হয়েছে। চ্যাপটার ৫এ এবং সেকশন ১৬ এবং ১৬(এ)এ আমার মনে হয় যা এই আইনে করা হয়েছে তাতে আমাদের পূর্ব্বপর ভূমিস্বত্ব আইন যা ছিল তার একটা আমূল পরিবর্ত্তন ঘটাতে পারছে। এই পরিবর্ত্তনের ফলে সমাজের মঙ্গল হবে এবং আমাদের সমাজে যে ল্যান্ডেড এ্যারিষ্টোক্রেসি ঢুকেছিল তার উচ্ছেদ সাধন হবে। সাধারণ লোক শ্রমের মর্যাদা বুঝবে। এখানে বর্গাদারদের উৎপাদিত ফসলের অংশ বেশী দেওয়া হচ্ছে এটা শ্রমমর্যাদা দানের একটি উদাহরণ। আমি এই সমস্ত কথা বলে এই বিলের সম্পূর্ণ সমর্থন করছি।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমি-সংস্কার বিলের আমরা তৃতীয় পর্য্যায় এসেছি। মাননীয় রাজস্বমন্ত্রী ভূমি-সংস্কার বিলটি উপস্থাপিত করিয়া তাহার "কাণা ছেলেকে পদ্মলোচন" বলিয়া চালাইবার ব্যর্থ প্রয়াস করিয়াছেন। বড় বড় কথা শুনাইয়া তিনি বলিয়াছেন, শাসন-তান্ত্রিক সমাজ ব্যবস্থার অবসান ঘটাইয়া নীরব বিপ্লব সংঘটিত করিবেন, জমির মালিকানা বন্টন করিয়া সমাজের স্বার্থে উৎপাদন বৃদ্ধি, শোষণের অবসান, সাম্য স্থাপন এবং সকলের জন্য সমান সুযোগের ব্যবস্থা করা হইবে। তাঁহার কোন কথাই সফল হইবে না, নূতন উপধারা সন্নিবেশিত হওয়ায় ভূমি-সংস্কারের মূল উদ্দেশ্যই ব্যর্থ হইবে। এই বিলকে প্রকৃত প্রস্তাবে মধ্যযুগীয় সামন্ততান্ত্রিক শোষণ প্রথার নবরূপ বলা যাইতে পারে। একদিন ইংরাজ তাহাদের সাম্রাজ্যের স্বার্থে এই প্রথা কায়েম করিয়া বাংলার কৃষক সমাজকে ধ্বংসের মুখে ঠেলিয়া দিয়াছিল—বাংলার অর্থনৈতিক কাঠামোকে চূর্ণবিচূর্ণ করিয়াছিল। আজ কংগ্রেস সরকার নূতন রূপে সেই ব্যবস্থাকে কায়েম করিতে চাহেন। কংগ্রেসের সমাজতান্ত্রিক

ধাঁচের সমাজ গঠনের ঘোষণার সহিত এই বিলের কোনমাত্র সামঞ্জস্য নাই। আমরা আশা করিয়াছিলাম বর্ত্তমানে কংগ্রেস সরকার সমাজবাদী রাষ্ট্রের কর্ণধারদের লইয়া যেমন মাতামাতি আরম্ভ করিয়াছেন তাহাতে তাহাদের চিন্তাধারার পরিবর্ত্তন হইয়াছে, বিলে তাহার কোন লক্ষণই প্রকাশ পায় নাই। বিলটি বর্তমান সময়ের সম্পূর্ণ অনুপযোগী, প্রগতিবিরোধী, কায়েমী স্বার্থের পরিপূরক এবং গণতন্ত্রবিরোধী।

[4-40—4-50 p.m.]

সরকারের যদি সত্যসত্যই ভূমি-সমস্যা সমাধানের প্রতি আন্তরিকতা থাকে তাহলে আমি অনুরোধ করি নিরপেক্ষ দৃষ্টি নিয়ে আবার ভূমি-সংস্কার বিল নূতন করে নিয়ে আসুন। এই বিল পাশ হলে ভূমিহীন কৃষকদের হাতে জমি আসবে না, অল্প জমির চাষীরা ধীরে ধীরে ভূমিহীন কৃষি-মজুরে পরিণত হবে। বর্গাদারদের দুঃখ, লাঞ্ছনা, বন্যায় উচ্ছেদ অধিকতর বৃদ্ধি পাবে, অকৃষক, জোতদার, জমিদার, সমবায় কৃষক সমিতি এবং অন্যান্য আইনের ফাঁকে তাদের কায়েমী স্বার্থ অক্ষুণ্ন রাখবার পূর্ণ সুযোগ পাবে, কৃষক সমাজের উপর আমলাতান্ত্রিক শাসনবিভাগীয় অবিচার, অত্যাচার বৃদ্ধি পাবে, রাজস্বের হার বর্ত্তমান সময় অপেক্ষা অনেক বৃদ্ধি পাবে, রাজ্যে বিভাগীয় কর্ম্মচারিগণের দুর্নীতি বহুগুণে বৃদ্ধি পাবে, প্রকৃত চাষীর হাতে জমি আসবার সম্ভাবনা না থাকায় পশ্চিম বাংলায় খাদ্যসমস্যার সমাধান হবে না, ফলে খাদ্যাভাব এমন কি দুর্ভিক্ষ চিরসহচর হয়ে থাকবে। ভূমি-ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্ত্তন না ঘটলে পশ্চিম বাংলার কৃষি, অর্থনীতি বুনিয়াদ সুদৃঢ় হইবে না। ফলে শিল্পোন্নয়ন প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হবে, বাংলার কৃষক সমাজকে স্বাধীন ও শোষণমুক্ত করতে না পারলে সকল উন্নয়ন পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হবে।

প্রত্যেক রায়তকে ২৫ একর কৃষি জমি রাখবার অধিকার দেওয়া হয়েছে, তাতে ভূমিহীনদের দেবার জন্য সরকারের হাতে প্রকৃত প্রস্তাবে জমি আসবে না। সরকার মেছোভেরী, দেবোত্তর, ফলের বাগান, দার্জ্জিলিং জেলার পার্ব্বত্য অঞ্চল প্রভৃতির নামে হাজার হাজার একর জমি বাদ দিবার পর যদি প্রত্যেক রায়তকে ২৫ একর জমি দেওয়ার ব্যাপারে তাদের মতের পরিবর্ত্তন না করেন তাহলে কেন্দ্রীয় কৃষি-দপ্তরের হিসাব অনুযায়ী পশ্চিম বাংলায় ২৫ একরের উর্দ্ধতন কৃষি জোতের পরিমাণ ১০ লক্ষ ৫৪ হাজার জমি ২৬,৪০০ জোতদারের রয়েছে ২৫ একর হিসেবে তাদের প্রাপ্য বাদ দিলে বণ্টনের জন্যে সরকারের হাতে থাকে ৩৯৪,০০০ একর। অথচ পশ্চিম বাংলায় ভূমিহীন চাষী ও দুই একরের কম চাষীর সংখ্যা প্রায় ১২ লক্ষ সুতরাং এক বিঘার মত জমি দেওয়ার ক্ষমতাও সরকারের থাকবে না। ফলে জনসাধারণের নিকট সরকার যে ধাপ্পা দিতেছেন তাহা প্রতিপন্ন হইবে। সেইজন্যে তাহাদের ১৫ একর হিসাবে প্রত্যেক রায়তের জন্য নির্দ্দিষ্ট করিতে বলিয়াছেন।

রাজস্ব হার নির্ণয় পদ্ধতির তীব্র প্রতিবাদ করি। রাজস্বের হার অযথা বৃদ্ধি পাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। দুই হাজার টাকার কম আয় হইলে কর ধার্য্য করা হয় না, অথচ এক বিঘার জমির মালিককে কর হইতে রেহাই দেওয়া হবে না, এটা অত্যন্ত অন্যায়। বর্গাদারদের প্রতি আপনারা ভয়ানক অবিচার করেছেন। আমরা দাবী করি তাদের ফসলের ¾ ভাগ দেওয়া হোক। জমির মালিকদের মজুর দিয়ে চাষ করানর অধিকার থেকে বঞ্চিত করা একান্ত উচিত বলে আমি মনে করি। নতুবা বর্গাদারদের নানা অজুহাতে উচ্ছেদ করা হবে। জমির মালিক এবং বর্গাদারদের মধ্যে মামলা-মোকদ্দমা নিষ্পত্তির ভার রেভিনিউ অফিসারদের উপর থাকা উচিত না। ভবিষ্যতে যে পঞ্চায়েত হবে তার উপর এবং বর্ত্তমানে ইউনিয়ন বোর্ডএর উপর এটা দেওয়া যেতে পারে বলে আমি মনে করি। সমবায় কৃষি-সমিতি সম্পর্কে যে ধারা আছে তার পরিবর্তন দরকার নতুবা এ ব্যাপারে অকৃষক জোতদারগণই প্রাধান্য লাভ করবে। অল্প জমির মালিক যে-সব কৃষক সদস্য হবেন তারা প্রয়োজন বুঝলে যাতে ভূমি নিয়ে সমিতির বাইরে আসতে পারে তার ব্যবস্থা থাকা দরকার।

তারপর, জমি বন্টনের ব্যাপারে আমি মনে করি ইউনিয়ন বোর্ড বা গ্রাম্য পঞ্চায়েতের সঙ্গে পরামর্শ করে এ কাজ করা উচিত। জমি যে কিভাবে বেনামী হয়ে যাচ্ছে তার খবর হয় ত আপনারা রাখেন না। একটা দৃষ্টান্ত দিয়ে দেখাব, কিভাবে জোতদাররা জমি বেনামী

করছেন। মাননীয় সুবোধ ব্যানাৰ্জী মহাশয় ২৫ হাজারী এক জোতদারের জমি হস্তান্তরের কথা বলেছেন। আমি একজন ক্ষুদে জোতদারের কথা এখানে উল্লেখ করতে চাই। তিনি আমার কর্নাস্টিটুয়েন্সির শ্রীভূপেন্দ্রনাথ সেনাপতি মহাশয়। আমার কাছে ইউনিয়ন বোর্ডএর একখানি দলিল আছে, তাতে দেখতে পাই ১৩৬১ সালে তার ১২৫ বিঘা জমি ছিল, কিন্তু তিনি ইতিমধ্যে মিতাক্ষরা আইনের ফাঁকে ছেলেদের নামে জমি হস্তান্তর করে ফেলেছেন। এখন ভাগচাষীদের এবং সরকারকে ফাঁকি দেওয়ার চেষ্টা করছেন, নিজের দখলী জমিকে ছেলের জমি বলে ভাগচাষীদের ফাঁকি দেওয়ার, হয়রাণ করবার চেষ্টা করছেন। ভাগচাষ বোর্ডে এজন্যে মামলা চলছে। মাঠে আজ চাষীদের পাকা ধান নষ্ট হয়ে যাচ্ছে। সুতরাং সময় থাকতে সরকার সাবধান না হ'লে এইভাবে বহু চাষী দুর্দশা ভোগ করবে। তাই বলি, বাংলার কৃষকের যদি মঙ্গল চান তাহলে আবার নোতুন করে বিল আনুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের তৃতীয় পর্য্যায়ের আলোচনায় অনেকে অনেক কিছু বলেছেন এবং সরকারপক্ষ থেকে অনেকে সমর্থনও করেছেন। অনেকে বলেছেন যে জমিদারী প্রথা উচ্ছেদ হয়ে যাচ্ছে, কৃষকরা জমির মালিক হচ্ছেন, চাষীরা জমির মালিক হবেন এবং এই ভূমি-সংস্কার আইনে ভাগচাষীদের একটা সুব্যবস্থা করা হবে। কিন্তু আসলে আমরা যদি দেখি যে, যেদিন থেকে এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট আরম্ভ হয়েছে এবং সেটেলমেন্ট আরম্ভ হয়েছে সেদিন থেকে আমরা যদি গ্রামে ভাল করে লক্ষ্য করে দেখি তাহলে আমরা দেখব যে সেখানে ব্যাপকভাবে উচ্ছেদ আরম্ভ হয়েছে। কোরফা চাষী, ঠিকা চাষী, উঠবন্দী চাষী এবং ভাগচাষী সমস্তই একের পর এক উচ্ছেদ হয়ে চলছেন। এ শুধু আমাদের কথা নয়, সরকার পক্ষও এ কথা স্বীকার করেছেন এবং স্বীকার কেরেছেন বলেই উচ্ছেদের বিরুদ্ধে তারা অর্ডিন্যান্স জারী করেছিলেন। সেই অর্ডিন্যান্সে কৃষকরা অনেকে কেস করেছেন, কিন্তু পুলিসের দুর্নীতির জন্য সেই কেস কৃষকদের পক্ষে যায় নি। এই সম্বন্ধে মন্ত্রীমহাশয়কে আমরা বারবার আবেদন করেছি, কিন্তু তাতে কোন ফল হয় নি। দুর্ভাগ্যক্রমে তাঁরা জোতদারদের পক্ষকেই সমর্থন করেছেন।

আমার মনে হয় যে, ভূমি-সংস্কারের মূল নীতি যেটা হওয়া উচিত, এই ভূমি-সংস্কার আইনে সেই মূল নীতিকে ছেড়ে যাওয়া হয়েছে। মূল নীতি যেটা হওয়া উচিত সেটা হচ্ছে যে, যারা ভূমির উপর নির্ভরশীল এবং যাদের ভরণপোষণ অনুযায়ী ভূমি বেশী তাদের সমস্ত জমিকে নিয়ে নেওয়াই হচ্ছে প্রথম কর্ত্তব্য। দ্বিতীয় নম্বর হচ্ছে যে, যাদের কল-কারখানা আছে কিম্বা চাকরী বা অন্যান্য উপায়ে যাদের চলে যাচ্ছে, তাদের হাতে জমি রাখবার কোন প্রয়োজন করে না , তাদের কাছ থেকে জমি নিয়ে নেওয়াই উচিত। আর তা ছাড়া যারা নিজেরা চাষী, নিজে হাতে চাষ করে, তাদের যদি সত্যিকারের জীবিকা অর্জ্জনের প্রয়োজন হয় তাহলে মাত্র সেখানেই ভাগচাষীকে উচ্ছেদ করবার অধিকার দেওয়া উচিত ছিল। অর্থাৎ যতদূর সম্ভব অধিক জমি নিয়া যতদূর সম্ভব যারা ক্ষেতমজুর, জমিহীন কৃষক, তাদের জমি দেওয়ার বন্দোবস্ত করাই উচিত ছিল। তারচেয়ে সবচেয়ে বেশী যেটার উপর নির্ভর করা উচিত ছিল, আমলাতন্ত্রের উপর নির্ভর না করে, সেটা হচ্ছে যে, গ্রামে গ্রামে কমিটির উপর নির্ভর করে তাদের মারফৎ জমি গ্রহণ বা জমি বন্টনের ব্যবস্থা করা উচিৎ ছিল। কিন্তু সরকার এইসব কিছুই করেন নি। উপরন্তু কৃষকদের উপর, বিশেষ করে ভাগচাষীর উপর তীব্র আক্রমণের ব্যবস্থা করেছেন। এটাকে যদি আমরা ভাল করে লক্ষ্য করে দেখি এবং এক একটা বিষয়ে আমরা লক্ষ্য করে দেখলে বুঝতে পারব যে এঁরা কি করতে চাইছেন এবং কি করছেন।

প্রথমে বর্গাদারদের কথা যদি বলা যায় তাহলে বলা যাবে যে এই পশ্চিম বাংলায় ৩০ লক্ষ বর্গাদার আছে। কিন্তু এই নিরন্ন, দুঃস্থ, মেরুদন্ডহীন ভাগচাষীদের রক্ষা করবার কোন ব্যবস্থাই প্রথমে হয় নি। এই ভাগচাষীদের যে জমি দেওয়া উচিত, তাদের জমি দেওয়া হোক

"এই কথা মহাত্মা গান্ধীও বলে গেছেন। সরকারপক্ষ প্রথম থেকেই বললেন, হ্যাঁ এদের রেকর্ড করা হোক, এদের জমির অধিকার দেওয়া হবে। তারপর শুধু সরকারপক্ষ কেন, সেদিনও হুগলী জেলার জাঙিপাড়া থানায় মথুরাবাটি গ্রামে আইন মন্ত্রীমহাশয় ভাগচাষীদের নাম রেকর্ড করবার জন্য তাদের উৎসাহিত করে এসেছেন। কিন্তু দুর্ভাগ্যের কথা যে যখনই ভাগচাষীরা তাদের নাম রেকর্ড করতে গেছে তখনই সেখানে তারা উচ্ছেদ হয়েছে এবং আমার মনে হয় শতকরা ২৫ ভাগও তারা নাম রেকর্ড করতে পারে নি। শুধু তাই নয় বর্ত্তমানে যে ভূমি-সংস্কার আইন আনা হল তাতে বর্গাদার আইনে ভাগচাষীর যে অধিকার ছিল সেই অধিকারটুকুও তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হল।

যাইহোক, প্রথমেই বলা হল যে ভাগচাষীকে উচ্ছেদ করা হবে না। যারা জমি ভাগে দেয় তাদের মধ্যস্বত্ব বলা হবে এবং ভাগচাষী যারা হবে তারাই রায়ত হবে। কিন্তু তারপরেই সঙ্গে সঙ্গে ফসল ভাগের কথা বলা হল যে ৬০ ভাগ পাবে চাষী এবং ৪০ ভাগ পাবে জমির মালিক। আগে ফ্লাউড কমিশন বলেছিল যে ২/৩ অংশ পাবে এবং ভাগচাষীর তাই পাওয়া উচিত। পরে প্ল্যানিং কমিশন বলেছেন যে ৪/৫ পাওয়া উচিৎ এবং মহাত্মা গান্ধীও বলেছেন যে সমগ্র অংশই পাওয়া উচিত। কিন্তু এইসব চলে গেল এবং বলা হল যে এইসব কথা থাক, তোমরা ৬০ ভাগ পেলেই সন্তুষ্ট থাক। এই কথা শুনে মনে হচ্ছে যে, যেন ওঁরা সত্যি সত্যি ৬০ ভাগ চাষীদের দেবেন। কিন্তু দেখা গেল যে ৬০ ভাগ কেন, কোন অংশই যাতে ভাগচাষীরা না পায় সেই ব্যবস্থাই করা হচ্ছে। কেন না উচ্ছেদের বেলায় ভাগচাষীকে উচ্ছেদ করতে হয় যে-কোন কারণেই হোক। এইসব কথা বলে এমন কতকগুলো কারণ এরা ঢুকিয়ে দিয়েছেন যাতে ভাগচাষীর আর তার ভাগচাষাবাদের কোন সাহস থাকবে না।

তারপর বলছেন কি না যদি সমবায় কৃষি ফার্ম্মিং হয় তাহলে জমির মালিকের সমস্ত জমি ফার্ম্মিংএর ভিতর চলে যাবে, ভাগচাষীও তাহলে উচ্ছেদ হয়ে যাবে। এই হল এক নম্বর। দ্বিতীয় নম্বর বলছেন যে উপযুক্তভাবে চাষ না করলে তাকে উচ্ছেদ করা হবে। কিন্তু কে ঠিক করবেন উপযুক্তভাবে চাষ হচ্ছে কি হচ্ছে না চাষীরা গ্রামের লোক, সেই অফিসাররা জমির মালিক। এর সঙ্গে যে একটা ধোঁকা দিয়েছেন তাতে ভাগচাষী মজুর লাগাতে পারবে না। কিন্তু এই যে-কোন ধরণের কথা তা আমরা বিশ্বাস করতে পারি না বা আমরা বুঝতেও পারছি না। কারণ, আমরা জানি যে এক বিঘেতে ভাগচাষী মজুর না লাগিয়ে চাষ করলে ভাগচাষ করতে পারে না, বিশেষ করে হাওড়া, হুগলিতে। আমাদের যতটুকু অভিজ্ঞতা আছে তাতে আমরা জানি যে এক একটা বাড়িতে একজন মাত্র লোক, কিন্তু ৪।৫ জন খেতে। তারা ভাগচাষ করে, লাঙ্গল পর্যন্ত কিনে তারা চালায়। আজকে ভাগচাষী মজুর লাগাতে পারবে না এই আইন যা কার্য্যকরী করছেন তার ফলে সমস্ত ভাগচাষীকে উচ্ছেদ হয়ে যেতে হবে। বাংলা দেশে ৩০ লক্ষ ভাগচাষী, অপর দেশের ৩০ লক্ষ ক্ষেত-মজুর আছে। আমার মনে হয় যে কংগ্রেসপক্ষ থেকে ক্ষেত-মজুরের সঙ্গে ভাগচাষীকে জুড়ে দিয়ে আরও বেশী বেকার সমস্যাকে বাড়িয়ে দেবার চেষ্টা করা হবে। কালী মুখার্জ্জি মহাশয় ভাগচাষী, ক্ষেত মজুরের কথা বলেছিলেন এবং বলেছিলেন যে সরকারকে এদের বিষয়ে অবহিত হওয়া উচিত। কিন্তু সরকারের সেদিকে অবহিত হওয়া ত দূরের কথা, তাদের জন্য বিকল্প কোন ব্যবস্থাই না করে তাদের একেবারে উচ্ছেদ করবার ব্যবস্থা করছেন। কংগ্রেসের অনেক মাননীয় সদস্য বলেছেন যে এই আইনের আবার পরিবর্ত্তন হবে। আমি তাঁদের কাছে অনুরোধ জানাই যে, যেন তাঁরা আগামী সেসনে এই আইন পরিবর্ত্তন করবার চেষ্টা করেন এবং অন্ততঃ ভাগচাষীকে ক্ষেত-মজুর লাগাবার অধিকারটুকু দেবার যেন চেষ্টা করেন। তা না হলে ভাগচাষীর কোন স্বত্ব, কোন অধিকারই তাদের নেই। এক কথা, যদি তাঁরা বলতেন যে-সব ভাগচাষী উচ্ছেদ এবং যে যতরকম করে খুসী ভাগচাষীকে উচ্ছেদ করতে পারবে তাহলেও বোঝা যেত। কিন্তু তা না বলে যে কথা বলেছেন সে কথা একটা কথা হয়ে দাঁড়িয়েছে, যে ভাগচাষীকে কোন অধিকার জমির উপর দেওয়া হচ্ছে না।

তারপর কৃষকের বেলায় যে কথা বলেছেন এবং এর আগে বহুবার কংগ্রেসপক্ষ থেকে বলেছেন যে যারা নিজের হাতে চাষ করেন বা যারা জমির সঙ্গে লেগে থাকেন তারাই প্রকৃত কৃষক হবে। কিন্তু এবার কৃষক বলতে, কৃষকের মানে রায়ত বলে দিলেন এবং রায়ত কাদের বললেন, যারা
a person who holds land for the purpose of agriculture
অর্থাৎ যে-কোন কারণেই যাঁরা এগ্রিকালচারের জন্য, চাষের জন্য জমি রাখেন তাঁরাই কৃষক হবেন। কিন্তু তারপরে কায়দা করে বলেছেন যে, নিজে চাষ করতে হবে, শুধু জমি রাখলেই হবে না, নিজে চাষ করতে হবে। মালিকের, নিজে চাষের বেলায় বলেছেন যে নিজে চাষটা কিনা মজুর লাগিয়ে চাষ করলে সেও নিজে চাষ করা হবে। সোজা কথায় একই কথা বলছেন যে, যে-কোন লোক, এমন কি ডাঃ রায় পর্যন্ত যে-কোন পরিমাণ জমি রাখতে পারবেন। সে মজুর খাটিয়ে, ট্রাকটার নিয়ে এসে যে-কোন রকমেই জমি চাষ করে রাখতে পারবে। এই ব্যবস্থা এই আইনে এ'রা করছেন।

তারপরে কয়েকজন মাননীয় সদস্য রায়তের অধিকারের কথা বলেছেন যে বেঙ্গল টেনান্সি এ্যাক্টএর চেয়ে অনেক বেশী অধিকার দেওয়া হয়েছে। আমরা যতটুকু জানি তাতে জানি যে, বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ ভাগচাষীর চাষ করবার অধিকার ছিল, যে-কোন গাছ এবং তার ফল ভোগ করবার অধিকার ছিল, ফুলের বাগান বা যে-কোন রকমের ফলের বাগান করবার অধিকার ছিল, পুকুর করবার অধিকার ছিল এবং যে-কোন পুকুরের উন্নতি করবার এবং ভাড়া দেবার পর্যন্ত অধিকারও টেনান্সি এ্যাক্টএ ছিল। আজকে এ'রা করলেন কি, না সে-সব উঠে গেল এবং হল এই যে চাষ ছাড়া অন্য কোন বিষয়ে ব্যবহার করলেই তাতে তার অধিকার গেল, জমির মালিকানা স্বত্ব উঠে যাবে। অর্থাৎ যেমনি চাষ ভিন্ন অন্য ব্যাপারে ব্যবহার করবেন অমনি তার জমির মালিকানা স্বত্ব বাতিল হয়ে গেল। আর শুধু তার জমি না, তার সমস্ত জমাও। যে জমিটুকু নিজে চাষ করছেন সেটা হলেও বোঝা যেত, কিন্তু তার সমস্ত জমার যতগুলো টুকরো জমি আছে সব জমিগুলো সরকার নিয়ে নেবেন। এই হচ্ছে ওঁদের আইন।

তারপরে ওরা ৬ বিঘা পর্যন্ত যার ধান-জমি, তার খাজনা কিছুটা কমিয়ে সেটা এক বিঘা করে দিয়েছেন। কিন্তু সঙ্গে সঙ্গে আর একটা কথা বলছিল গুলোপ্রথায় যে-সমস্ত জমির কৃষক আছে তাদের একেবারে অন্ততঃ সঙ্গীন অবস্থা হয়েছে। ৭০ বছর ধরে গুলো নিয়েছিল ৩½ মণ, এখন সেগুলি দাঁড়িয়েছে যে যাঁরা জমির মালিক তাঁরা ১ মণ করে নেন। আজকে সেটেলমেন্ট বলছে যে ৩½ মণ করে দিতে হবে। আমি জানি আমাদের এলাকায় প্রায় ৭০ বছর আগে ৩½ মণ করে ছিল এবং গত ৩০ বৎসর ধরে সেটা এক মণ করে নেওয়া হয়েছে। কারণ যেহেতু তাদের পরচায় ৩½ মণ আছে। সরকার তরফ থেকে অফিসাররা সেগুলি ৩½ মণ করে জোর করে আদায় করেছেন। সেজন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে যাতে এইরকম অত্যাচারগুলো না হয় এবং অন্ততঃ বিগত ৩০ বৎসর ধরে যেটা এক মণ করে বাদ আসছে সেটা যেন এক মণই থাকে, তার ব্যবস্থার জন্য যেন মন্ত্রীমহাশয় চেষ্টা করেন।

তাছাড়া আমি আরও আশা করি যে মাননীয় সদস্য যাঁরা বলে গেছেন যে এই আইন দরকার হলে পরিবর্তন করা হবে, সেখানে আমার মনে হয় যে এখনি তার পরিবর্তন দরকার। এবং যে খারাপ ধারাগুলি আছে সেগুলির এখন পরিবর্তন না করলে এই আইন, আইন হল না, এই আইনটা চাষীদের বিপক্ষে গেল, ভাগচাষীদের বিপক্ষে গেল। সেজন্য আমি আশা করি যে আগামী সেসানে এই আইনটা নূতন করে আবার ঢেলে সাজবার তাঁরা ব্যবস্থা করবেন।

[5—5-10 p.m.]

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহোদয়, ভূমি-সংস্কার বিল সম্বন্ধে অনেক আলোচনা এই সভাতে হল এবং এই বিতর্কের মধ্যে একটি জিনিষ নিশ্চয় আপনি লক্ষ্য করেছেন যে এই বিলটাকে আমাদের এ-পক্ষ থেকে বিশেষভাবে যত্ন দিয়ে, কত যুক্তির অবতারণা করে দেখান হয়েছে, যাতে

কংগ্রেসপক্ষের মনে এইসব যুক্তির কোন স্বার্থকতা দেখান যায়। আপনি এখানে যে সময় আমাদের দিচ্ছেন সেজন্য আপনাকে ধন্যবাদ এবং আপনি এই জিনিষের গুরুত্ব বুঝেই এই সময়ের ব্যবস্থা করেছেন।

একটা জিনিষ আপনি লক্ষ্য করেছেন যে এই ভূমি-সংস্কার বিলের মধ্যে কোন মৌলিক দৃষ্টিভঙ্গী এপর্যন্ত কোথাও কেউ দেখাতে পারেন নি। একটা কথা কংগ্রেসের পক্ষ থেকে উঠেছে যে আমাদের এখানে যা বস্তুব অবস্থা তা থেকে আমাদের এখানে একটু আস্তে আস্তে চলা প্রয়োজন এবং আমরা রাতারাতি একটা কিছু আমূল পরিবর্তন করতে পারি না। কিন্তু এতে কারুর আপত্তি হত না যদি সাতা সাতা এর গতিমুখ প্রগতির দিকে থাকত, কোন আশাবাদী অবস্থা এর মধ্যে পাওয়া যেত। একটা কথায় বলে যে নৌকা যখন এগুতে থাকে, সেটা যদি লিকি বোট হয়, তাহলে সেটা যত আস্তে চলে এবং যত বেশী দূরে যেতে থাকে, তার বিপদ ততই বাড়ে ও সেটা ভরাডুবি হয়। আমাদের এই বিলটাও ঠিক সেই রকম। এর মূলে এমন একটা গলদ রয়েছে যার ফলে সেখানে আস্তে আস্তে সুফল ফলবে না, সেখানে কুফল ফলবে, ভরাডুবি হবে। সেজন্য আমি বিশেষ করে সেই কথাটাতে দৃষ্টি আকর্ষণ করছি যে, কথাটা এখানে বহুবার বহুভাবে এদিক থেকে বলা হয়েছে। সেটা হচ্ছে এই রাজ্যের বৃহত্তর স্বার্থ জমির সঙ্গে যেভাবে সংশিলষ্ট সেখানে বিশেষ দিকটা হচ্ছে ফসল উৎপাদনও তার উন্নতিবিধান। সেই ফসল উৎপাদন যাতে বৃদ্ধি করা যেতে পারে, উর্বরা শক্তি বৃদ্ধি করা যেতে পারে এবং যারা ফসল ফলান তাদের যদি রক্ষা করা যায় তাহলে সেটা ফসল ফলাবার একটা পথ হয়, প্রকৃষ্ট পন্থা হয়। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে এখানে তার কোন ব্যবস্থা নেই। কারণ, জমিদারী প্রথা লুপ্ত করার যে যুক্তি, কোন জমিদার বিশেষ খারাপ কি ভাল সেইসব আলোচনার চেয়ে বড় মূল্যবান কথা হচ্ছে যে যারা পরশ্রমভুক, সেই পরশ্রমভুককে যদি আমরা ফসলের পরে বা কোন চাষবাসের কারবারের পরে বসিয়ে রাখি এবং খাওয়াতে খাওয়াতে সর্বস্বান্ত হই তাহলে সেখানে কোন ভূমি সংস্কারের ব্যাপারে কোন উন্নতির আশা নেই। তাই জমিদারদের সেখান থেকে সরাবার কথা উঠেছে। এবং শেষ পর্যন্ত একটা কথা বলা হল যে জমিদারী প্রথা লুপ্ত হোক। জমিদারী প্রথা লুপ্ত হোক, তাহলে সেখানে ভূমি-সংস্কার হোক এবং যে ভূমি চাষ করবে তাকে অধিকার দেওয়া হোক। এই কথা সম্বন্ধে দেখা গেল যে এইসব কথাগুলো বেশ মিঠা ভাষা করে বলা আছে। মর্ডান ওয়ার্ল্ডে উন্নতিমূলক যেসব কথা হচ্ছে যথা ফ্র্যাগমেন্টেশন বন্ধ করা এবং কন্সলিডেশন করা হউক, সেইজন্য ল্যান্ড টু দি টিলার্স দেওয়া হউক। যারা পার্সোন্যালি টিল করবেন তাদের দেওয়া হোক বলে এইসব কথা এই বিলে আছে। কিন্তু সবগুলি কদর্থ করে, বিকৃত করে সেখানে ব্যবহার করা হয়েছে। এটা দেখলে পর, ১০ বছর পর সাত্য সাত্য যারা আসবেন তাঁরা এটা দেখলে আশ্চর্য হয়ে যাবেন যে এমন একটা প্র্যাকটিকাল জোক বিধানসভায় হতে পারে, এবং এটা তারা কল্পনাও করতে পারবেন না, আশ্চর্য্য হয়ে যাবেন। কারণ আমরা বলছি পার্শোন্যাল টিলিং, পার্শোন্যাল টিলিংএর অর্থই হচ্ছে যাঁরা অন্য লোক দিয়ে চাষ করাবেন, চাকর খাটাবেন, মজদুর খাটাবেন তাঁরাই হলেন প্রকৃত চাষী। আর যারা সত্যিকারের চাষী তাদের বেলায় কি করা হয়েছে না তারা সেখানে কোন মজদুর খাটাতে পারবেন না এবং ছুতোনাতা করে যেভাবেই হোক তাদের জমি কেড়ে নেওয়া হবে এবং সেই ব্যবস্থাই করা হয়েছে। তাদের ভাগ্যে রয়েছে যে যাঁরা চাষী তাঁরা সেখানে অ-চাষীর পরিচয়ে মজদুর খাটাবেন, পরের জমিতে চাকর হবেন। অতএব এইটুকু প্রভিশনই এখানে আছে, তাদের অন্য কোন গতি নেই। আর যারা চাষ কোনদিন করবেন না, করবার কোন কথাই উঠে না তাকে পার্সোনাল টিলারের পর্যায়ে দিয়া ব্যাখ্যা করা হল যে আমরা রায়ত করে দিলাম, অধিকার দিলাম এবং চাষীকেও অধিকার দিলাম। কিন্তু চাষীকে যে আমরা গোলাম বানালাম, তাকে যে জন্তুবিশেষের মতন সেখানে পরার্থশ্রমী করলাম এবং তার আর যেকোন অধিকার রাখলাম না, এই কথাটা পরিষ্কার করে এখানে এই বিলে আছে।

আর একটা যুক্তি হয়েছে যে আমাদের এখানে উন্নতি কিছু কিছু হয়েছে এবং সেটা বলারও একটা কায়দা আছে। আরও মন্দ হতে পারত, এই কথাটা বলে নিলে আরও সুন্দর হয়। আরও মন্দ হতে পারত, কিন্তু আরও মন্দ ত করি নি, তাহলে কিছু ভাল করেছি।

ঠিক এমনিভাবে যুক্তি করলে নিজেকেই ফাঁকি দেওয়া হবে এবং শেষ পর্য্যন্ত এর ফলটা ভাল হতে পারে না। আমরা যদি সত্যি সত্যি জমি চাইতাম তহলে আমাদের ১ কোটি ১৭ লক্ষ একর জমি থাকত, তার সমস্ত জমির মধ্যে একটা বুদবুদের মতন ৬ লক্ষ একর জমি নিয়ে আমাদের এই খেলাটা হত না। তাহলেও আমরা বুঝতাম যে রাজ্যের স্বার্থ ১ কোটি ১৭ লক্ষ একর জমির সঙ্গে সংশ্লিষ্ট। অর্থাৎ সবখানি জমি নিয়ে তার সবটার ব্যবস্থাই করতে চাইতাম। তাতে বেকার হত, কিন্তু আমি জানতাম যে ডেমোক্রেসির যুগে, সোশ্যালিজমের যুগে আমরা যখন সমাজের বৃহত্তর স্বার্থের কথাটা মানছি তাহলে এখানে আমার বলতে হয় যে সর্বাধিক সংখ্যক লোক যারা চাষ করেন তাদের হাতে জমির মালিকানা দিতে হবে, অর্থাৎ জমিতে কত অধিক সংখ্যক লোক স্বয়ং-সম্পূর্ণ হতে পারেন তাই দেখতে হবে। এখানে ইকনমিক হোল্ডিংএর কথা যাকে বলেছেন সেটার যদি যথার্থ অর্থ করা যায় তাহলে সেখানে যাতে বাঁচতে পারে, সেদিকে লক্ষ্য করলে আমরা অনেকে দেখতে পেতাম যে সেখানে যে সংখ্যা বেকার হয়ে যেত তার থেকে অনেক বেশী বেকার রাখবার ব্যবস্থা আমরা এর মধ্যে করেছি। তাহলে আমরা সেখানে সত্যি সত্যি বেকার সমস্যার সমাধানও চাইছি না। আমাদের ভূমি-সমস্যা বা আমাদের শিল্প-সমস্যাকে আর্থিক দৃষ্টির দিক দিয়ে দেখতে গেলে দেখা যাবে যে এইসব ভিন্ন ভিন্ন সমস্যা নয়, এইসব মৌলিক একটা সমস্যা। কাজেই সেখানে জমিতে যত মানুষের স্থান হতে পারে, সেখানে যত অধিক সংখ্যক মানুষকে, যারা সেখানে যথার্থ চাষী তাদের ঠাঁই করে দেবার এবং তাদের হাতে ক্রয়-ক্ষমতা এনে দেবার ব্যবস্থা করাটাই হচ্ছে আমাদের সোস্যালিজম এবং ডেমোক্রেসির দাবী। সেইভাবে যদি অগ্রসর হতাম তাহলে ১ কোটি ১৭ লক্ষের প্রত্যেকটি একর, প্রত্যেকটি ইঞ্চি জমিতে তাহলে এই নিয়ন্ত্রণের মধ্যে এনে ফেলতে পারতাম এবং তখন যাঁরা বেকার হতেন তাঁদের জন্য বিকল্প ব্যবস্থা করতাম। তাহলে এখানেতে এখন বিকল্প ব্যবস্থা যাদের রয়েছে তাদের হাতে, এই অ-চাষীদের হাতে, নামে মাত্র চাষী বানিয়ে, জমি তুলে দেবার এই প্রহসন, সর্ব্বনাশা নীতিকে আমরা গ্রহণ করতাম না। এখন এইভাবে শুধু উপাধি মাত্রই বদল দিয়ে এখানে আমরা যদি সমস্ত জিনিষটাকে বলতে চাই যে এটা প্রগতিমূলক, তাহলে এটা একটা প্র্যাকটিকাল জোক্ হয়ে পড়ছে, সর্ব্বনাশা ব্যাপার হয়ে পড়ছে। আজ যেটা কোন রকমে আমরা এড়িয়ে চলতে পারব না সেটা হচ্ছে যে ভূমির সংস্কার, যদি আমরা করতে চাই তাহলে এই ভূম্যাধিকারী নাম বদলে ভূম্যাধিকারীকে, পরশ্রম-ভুককে জমির পরে রাখা যাবে না এবং তাকে সরাতেই হবে ও তার ভিন্ন ব্যবস্থা করতে হবে। সেখানে আসল কথা হচ্ছে ল্যান্ড টু দি টিলার্স। টিলার্স বলতে যিনি চাষ করেন তার মধ্যে এবং সরকারের মধ্যে এক এ্যাডমিনিষ্ট্রেশন, আর কোন এজেন্সী ব্যবস্থা চলবে না। তাহলেই ফসল ফলান সম্ভব হবে, জমির উন্নতি হবে এবং রাজ্যের স্বার্থের দিক থেকেও বৃহত্তর স্বার্থ রক্ষা হবে। সেজন্য বলছি যে ল্যান্ড টু দি টিলার্সকে বাদ দিয়ে আর যতভাবেই কথা বলি না কেন, সেই টিলার্সের সংজ্ঞা যতভাবেই বদলাই না কেন এর মধ্যে প্রগতির কোন গন্ধ ও স্পর্শই থাকতে পারে না। তাই বলছি যে আমাদের এখন বিশেষ করে লক্ষ্য করা দরকার যে আমরা কি কেবল প্র্যাকটিক্যাল জোক করেই এই বিলটাকে শেষ করব না একে অত্যান্ত গুরুত্ব দিয়ে চিন্তা করে বিলটি আবার নূতন করে রচনা করে দেশের সামনে দাঁড়াব এবং সত্যিকারের প্রগতির কামনা আমরা করব?

Si. Sankar Prasad Mitra: Mr. Speaker, Sir, in this third reading of the Bill, I intend to refer to some of the most outstanding changes made on the floor of the House to the Bill as reported by the Joint Select Committee. But before I come to these changes, I wish to deal with three of the main objections to the Bill from the other side of the House. The first objections is with regard to the definition of "personal cultivation" in clause 2(8) of the Bill. It has been repeatedly stated that personal cultivation should not include cultivation by servants or labourers on wages payable in cash or in kind or both.

Mr. Speaker, Sir, land reforms introduced by our great neighbour, the People's Republic of China have been referred to over and over again by our friends opposite. I do not want to compare India with New

China because historical developments and objective conditions in two different countries can never be the same. I merely draw your attention, Sir, to Article 6 of China's Agrarian Reform Law which is as follows: "Lands owned by rich peasants and cultivated by themselves or by hired labour and their other properties shall be protected from infringement".

[5-10—5-20 p.m.]

Article 6 goes on to say "If the portions of lands rented out by rich peasants of a semi-landlord type exceed in size, the land tilled by themselves and by their hired labour, the land rented out should not be requisitioned".

Undoubtedly, Sir, the conception of hired labour in a progressive scheme of land reform is rather incongruous. But we have to put up with such conceptions just as we have done in the case of the *bargadari* system if we are inclined to attain our objectives through gradual and peaceful transformation now under experiment in the People's Republic of China.

The second objection is with regard to the fixation of the ceiling of 25 acres. On this point, Sir, we have heard conflicting views being advanced by my friends opposite. One view was that the ceiling should be raised to 33 acres. The second view was that it should be reduced to 15 acres or even less to get more surplus land, and the third view was that in the case of *raiyats* and under-*raiyats*, there should be no ceiling at all. Sir, upon consideration of all relevant factors, the Government, as far as I can see, takes the position that the ceiling of 25 acres is a fair ceiling. The reason, I understand, is that each plough can cultivate about 5 acres of land and if there are five members in the family which is roughly the average, they should have 25 acres. Moreover, Sir, under existing conditions and circumstances the gross annual income of a *raiyat* holding 25 acres of land is not likely to exceed Rs. 1,200 and the net annual income about a thousand rupees. With irrigation facilities, easier availability of manures and modernisation of methods of agriculture, this income would undoubtedly increase. But that increase is to come at some future date.

The third contention is that redistribution of land should be made not by officials of the State Government but by committees elected by the people. In this connection, Sir, I draw your attention to clause 33 of the West Bengal Panchayat Bill, 1955, introduced in the Assembly on the 5th September last wherein it is, *inter alia*, provided that a *gram panchayat* shall perform such other functions as the State Government may assign to it in respect of assisting in the implementation of land reform measures in its area: It is also provided by clause 52 of this Bill that all lands and interests thereto belonging to the State shall be managed by the Collector of the district in which the lands are situate provided that the State Government may entrust such management to such other authorities as may be prescribed. In my view, Sir, the requisite powers have already been given or are likely to be given to the Government and I would urge upon the Government to consider the possibilities of effecting redistribution through elected representatives of the people.

May I now come to the changes I was referring to? Sir, in clause 4(4) of the Bill restrictions have been imposed on the rights of ownership of a *raiyat* in public interest and in the interest of agricultural production. Clause 4, sub-clause (4)(*a*) was justiciable in the Bill as it emerged from the Select Committee. But clause 4, sub-clause 4(*b*) and

(*c*) were not justiciable. They have been made justiciable on the floor of the House and the period during which a *raiyat* ceases to keep the land or a substantial part thereof or fails to bring the land or a substantial part thereof under his personal cultivation has been increased from two years to three years. These are distinct improvements which give the *raiyat* greater scope for enjoyment of the rights of ownership which are under the Bill heritable and transferable rights.

The next remarkable change has been in respect of fixation of the quantum of revenue payable by *raiyats*. Sir, it was suggested that the principles of income-tax should be introduced in Chapter IV of the Bill. *Prima facie* I must confess that this is an attractive idea, but on a closer examination of the question it appears that assessment and collection of income-tax from about 18 lakhs of *raiyats* would entail the setting up of a huge and complicated governmental machinery spread out all over the State which is beyond the financial capacity of the Government of West Bengal. Secondly, Sir, to my mind the broad principles of governing the assessment of income-tax have been incorporated in this measure. In assessing income-tax the assessee's gross income is first of all taken into account. Then there are some allowable deductions enumerated in section 10 of the Indian Income-tax Act, whereby the net income is arrived at and a percentage of the net income is payable as income-tax by the assessee according to a slab system. The rate, however, is determined from year to year. This Bill makes a distinction between revenue rate and revenue. The revenue rate will be determined *inter alia* on the basis of one-fifth of the yield per acre in respect of paddy land and one-tenth of the yield per acre in respect of land growing crops other than paddy. The process of determination of revenue rate is somewhat similar to the determination of net income in the assessment of income-tax. Then a percentage of this revenue rate is payable as revenue. It may, however, be urged that in the case of income-tax, if there is no income in a particular year or if the income falls below the taxable limit in a particular year, nothing is payable as income-tax; whereas, revenue once fixed is payable under clause 32 for a period of 20 years. But clause 32 also provides for revision of revenue rates before the expiry of 20 years if in the opinion of the State Government circumstances are so changed as to cause decrease in the yield or price of crops in a particular area.

The State Government have also the general power under clause 32 to direct revision at any time before the expiry of 20 years. Then again by clause 33, alteration of revenue payable may be made if the holding of a *raiyat* has increased or decreased in area due to amalgamation, purchase, partition, subdivision or any other cause whatsoever subsequent to the settlement of revenue. Originally in clause 34(*a*) the word "whatsoever" was not there after the words "any other cause". It was felt that the words "any other cause" would be construed *ejusdem generis* with the words preceding them. That is why the word "whatsoever" has been deliberately introduced on the floor of the House to give the authorities absolute power to alter the revenue payable on any ground that is thought to be proper.

It should be noted that the word "alter" is also exteremely wide in its scope and application. I therefore contend, Sir, that although it has not been possible to provide for income-tax for *raiyats* for reasons I have stated the general principles of income-tax law have been followed in this Bill.

Secondly, on the quantum of revenue, far-reaching alterations have been made during the second reading of the Bill to give further relief to the *raiyat*. My friends who preceded me from this side of the House have

referred to these changes and I need not repeat them. A comparison of the approximate present rates with the approximate future rates would clearly establish the proposition that considerable relief has been granted. Only in the last slab there would be a slight increase but in all other slabs there has been considerable reduction.

The next outstanding change is in Chapter V regarding the formation of co-operatives. Originally the provision was that when a co-operative society was formed, all the lands excluding homesteads belonging to the members of the society at the time or subsequently acquired would vest in the society. This provision has been considerably changed. It is now provided that only those lands of the members which come within the compact block shall vest in the society, but the member is free to keep other lands outside the compact block under his personal cultivation provided that his total holding whether as a member of the co-operative or in his personal capacity does not exceed 25 acres.

Secondly, it was not clear in the Bill as it emerged from the Select Committee that a co-operative society could enlist new members to increase the size of the holding. That has been specifically provided for in the Bill as amended in the House. Sir, it is well known that encouragement to co-operation is one of the fundamental tasks of land reforms. The changes that have been made would, we believe, offer greater inducements to *raiyats* to join co-operative farming societies. It was suggested from the other side of the House that a *raiyat* should be free to make over to the co-operative only such portion of the land in the compact block as he wished and that he should be free to dissociate himself from the co-operative society whenever he liked. But such provisions, to our mind, would have prevented the formation of larger and larger co-operatives and would have provided greater opportunities of frustration of co-operative efforts by recalcitrant *raiyats*.

Sir, these to my mind are the most remarkable changes made on the floor of the House. Neither the Chief Minister nor the Revenue Minister nor any one else on this side of the House is claiming that all possible exigencies and contingencies have been taken into account in formulating the provisions of the Bill.

Our State is on the eve of a large social upheaval. Experiments with the provisions of the Bill may necessitate further changes and modifications. There may be matter which we do not envisage at the moment but may have to be provided for in future.

Sir, about one thing we must be clear. We must know exactly what our objectives are and how we wish to attain those objectives. Our objective is to give relief to the vast masses of our peasantry subjected to long years of ruthless economic exploitation. Our objetcive is to convert feudal and semi-feudal land ownership into peasant land ownership by peaceful means. Our objective is to liberate the rural productive forces in order to develop agricultural production and pave the way for the rapid industrialisation of the country in consonance with the spirit of the Second Five-Year Plan. Our objective is to effect mechanisation and modernisation of agriculture to support a swelling industrial and urban population. We firmly believe that for the realisation of these objectives, the Government would not hesitate to propose even drastic changes in the provisions of this Bill, should that be necessary in future. We only want to emphasize that a beginning and, indeed, a great beginning has been made and we hail this beginning.

Sir, the sincerity and determination of the Indian Government headed by our great and incomparable leader Pandit Jawaharlal Nehru to bring about economic emancipation of the Indian masses have been acclaimed even by our honoured guests from the Soviet Union who have recently left our soil. Sir, addressing the members of the Indian Parliament on the 21st November last, Marshall Nikolai Bulganin said: "You also have the objective of converting your motherland, which has for ever overthrown colonial domination, into an advanced State with a developed national economy and high enough standard of living. It is with complete understanding and sincere sympathy that the Soviet people regard your efforts directed to the achievement of this objective."

On the 24th November, 1955, addressing a meeting in Bombay Mr. Nikita Khruschev has declared: "The position of the Soviet Union is the position of socialism. Your Prime Minster has declared that the people of India would go the way of socialism. We greet this declaration."

Sir, it is our appeal to all sections of the House to sink party disputes and differences and unite in the common task of inaugurating the economic liberation of our motherland. Let us take upon ourselves the noble and sacred duty of mobilising our people to shake off hunger, poverty and starvation once for all.

Sir, with these words I support the Bill.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[5-45—5-55 p.m.]

Point of Information

Sj. Biren Banerjee:
মাননীয় সভাপাল মহাশয়, কালকে তো আমাদের এ্যাসেম্বলি এবারকার মত শেষ হয়ে যাচ্ছে। প্রথম দিন আমাদের তরফ থেকে যে এ্যাডজোর্ণমেন্ট মোশন আনা হয়েছিল, সে সম্পর্কে জবাবে বলেছিলেন যে হাওড়ার নিমাই মিত্রের নামে যে সর্ট নোটিশ কোয়েশ্চেন তার জবাব আমরা নাকি পাব। কালকে এ্যাসেম্বলি শেষ হচ্ছে শুনছি কিন্তু এখনও পর্যন্ত জবাবটা পাওয়া যায় নি।

Mr. Speaker: I will make an enquiry and ask the Chief Minister to see if he can reply, if possible, tomorrow.

The West Bengal Land Reforms Bill, 1955.

Sj. Bankim Mukherji:
সভামুখ মহাশয়, পশ্চিম বাংলার ভূমি-সংস্কার বিল আর কিছুক্ষণের মধ্যে অন্ততঃ এ্যাসেম্বলি থেকে যতটা সম্ভব আইনে পরিণত হতে চলেছে। যেভাবে এ্যাসেম্বলি থেকে বিভিন্ন ধারা, উপধারা সংশোধিত হয়ে পাশ হয়েছে তাতে তার শেষ ফল কি দাঁড়াচ্ছে সেটাই বিচার করতে বসেছি। কিন্তু প্রথমেই বিলের যেটা কষ্টিপাথর সেটাই নেই। অর্থাৎ স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনস্‌টা আজকাল প্রচলিত ধারা হয়েছে রেখে দেওয়া, তার মানে কতখানি অবজেক্টস্‌ ফুলফিল হল না হল বোঝাটাই দুরূহ। যাইহোক ভূমি-সংস্কারের প্রত্যেকটারই কিছু অবজেক্টিভ থাকে, একটা লক্ষ্য থাকে। প্রথম হচ্ছে কৃষককে খানিকটা মুক্তি দেওয়া অর্থাৎ পুরানো সামন্ততান্ত্রিক যুগে যে চাপ ছিল তা থেকে কিছুটা মুক্তি দেওয়া এবং দ্বিতীয়তঃ হচ্ছে যেটা সবচেয়ে বড় যে ভূমি-সংস্কার, যাতে উৎপাদন বাড়ানোকে সহায়তা করা। ভূমি-সংস্কারেই শুধু উৎপাদন বাড়ে না, কিন্তু অন্ততপক্ষে উৎপাদন

বাড়াবার পথে যে-সমস্ত স্তূপীকৃত আইন এবং প্রথা আবর্জ্জনার মতন হয়ে আছে, ভূমি-সংস্কার তার পথকে মুক্ত করে। সেদিক থেকে আমাদের আজ বিচার করে দেখতে হবে যে যেভাবে বিলটি আজ আইনে পরিণত হতে চলেছে তা কতখানি আমাদের এই কাজে সহায়তা করে।

আমি মনে করি যে আমাদের অনেকেরই আলোচনা খুব বাস্তবভাবে হয় নি। একদিকে সমস্ত উচ্ছ্বসিত প্রশংসা হয়েছে যে বাংলার ভূমি-সংস্কারে বিপ্লব আসছে এবং আর একদিকে তেমনি নিন্দা হয়েছে যে কোন কিছুই হয় নি এবং হয় ত আরও পশ্চাৎপদ হয়ে যাচ্ছে, যা ছিল প্রথা বা অবস্থা তা থেকে। এই দুটো দৃষ্টিই আমার মনে হয় যে ঠিক নয়। আজকে যতখানি সংস্কারের চেষ্টা হয়েছে। সেখানে আমার বক্তব্য শুধু এই হবে যে আজকে যতখানি আমাদের রোগ বাংলা দেশের, বাংলার কৃষকের, বাংলার সমাজের যত বড় ব্যাধি সেই পরিমাণে সেই মাত্রায় ওষুধ পড়ছে কি না, তার ডোজ্ ঠিক হচ্ছে কি না, এটাই হচ্ছে সবচেয়ে চিন্তার বিষয়। গভর্ণমেন্ট পক্ষের কোন কোন বক্তা বলেছেন যে ধীরে ধীরে সংস্কার হবে। কিন্তু সে বিষয়ে আমি পরে বলব যে ধীরে ধীরে সংস্কারের পরিণতির ফল কি হচ্ছে তা গত তিন বছরে আমরা দেখতে পেয়েছি। হয় ত ধীরে ধীরে সংস্কার হবে, হয় ত আরও পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় বাংলার ভূমি-সংস্কারের সুবিধে হবে, কিন্তু মানুষগুলো কোথায় যাবে? যে বাংলায় এই ভূমি প্রথার চাপে গুঁড়ো হয়ে যে লক্ষ লক্ষ বাংলার কৃষক আজ ভাগচাষী এবং জমিহীন কৃষকে পরিণত হয়েছে তাদের কতটুকু আমরা এই ভূমি-সংস্কার এবং জমিদারীস্বত্ব অধিকার, এই দুয়ের ভেতর দিয়ে রিলিফ দিতে পেরেছি? অতএব এটাই হচ্ছে প্রধান কষ্টিপাথর। তারপর যদি ধীরে ধীরে সংস্কার হয় তাহলে ইতিমধ্যে তারা ত জমি থেকে উচ্ছেদ হয়ে আছে, এখন তাহলে তারা একেবারে তলিয়ে যাবে। কেন না, অচিরে যদি সমস্ত বাংলার শিল্প-ব্যবসা গড়ে তুলে এই পরিবারগুলিকে তার ভেতরে অন্ততঃ গ্রহণ করবার মতন আমাদের কোন পরিকল্পনা না থাকে তাহলে ধীরে সংস্কারের অর্থ হচ্ছে এই যে যাঁরা উপর তলায় আছেন তাঁরা পরে সেই সংস্কারের কিছুটা ফল ভোগ করতে পারবেন। কিন্তু সমাজের সর্ব্বনিম্ন স্তরে যারা আছে, ১৯৪৩ সনের দুর্ভিক্ষে সেই নিম্নস্তরের লোকই শুধু মারা গেছে, আর কোন স্তরের লোক মারা যায় নি। দুঃখ পেয়েছে, কষ্ট পেয়েছে, কিন্তু সেই ৩০ লক্ষ লোক এই দুর্ভিক্ষে এবং তারপরে ২০ লক্ষ লোক মহামারীতে যারা মারা গেছে তারা হচ্ছে এই স্তরের। সেই স্তর, যেটুকু আছে তারা আজ প্রায় বিলুপ্ত হয়ে যাবার অবস্থায় এসেছে। বিশেষ করে এই জমিদারীস্বত্ব ক্রয় এবং ভূমি-সংস্কার আইন আসার ফলেতে সেই অবস্থাটা আরও চরম হয়ে পড়েছে। সুতরাং এটি বারবার করে বিফলভাবে গভর্ণমেন্টপক্ষের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু তাতেও কিছু দেখছি না যে কৃষক কিছু রিলিফ পেয়েছে।

তারপর কৃষকের বিভিন্ন স্তর আছে। কৃষক একপ্রকারের নয়, ধনী, মধ্যবিত্ত, দরিদ্র এবং যে এককালে কৃষক ছিল আজ জমিহীন, এগ্রিকালচারাল লেবরার, তাকে কতটুকু রিলিফ দিতে পেরেছি? তারপর দেখছি যে আমরা কতখানি উৎপাদনের জন্য প্রস্তুতি করছি। উৎপাদন বাড়ছে না কিন্তু তার প্রস্তুতি কি করছি, সেই মাপকাঠিতে যদি বিচার করি তাহলে প্রথম একটি একটি সেকসান নেওয়া হোক। শ্রীশঙ্কর মিত্র বললেন যে কৃষককে আমরা এখানে পেজান্টস প্রোপ্রাইটর্সিপ দিয়েছি, রায়তকে ওনার্সিপ দেওয়া হয়েছে এবং আরও একজন বলেছেন যে পূর্ব্বতন বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ যা ছিল না তার চেয়ে বেশী এতে পরিষ্কার করে বলা হয়েছে। নমিনালী দেওয়া হয়েছে, কার্যতঃ বেঙ্গল টেনান্সি এ্যাক্টএ যে প্রজা ছিল সেই প্রজার সন্তানরা কি আর প্রজা বলে স্বীকার হ'ত না? তারা যতক্ষণ পর্যন্ত খাজনা দিয়ে যেত সেই জমি থেকে কি উচ্ছেদ হয়ে যেত, অর্থাৎ যারা স্থিতিবান পেয়েছে বা মৌরসী স্বত্ব যাদের ছিল? কাজেই বাস্তবে কি পার্থক্য হয়েছে। ভাষায় পার্থক্য হয়েছে, বলা হয়েছে যে পেজেন্টস্‌রা হ'ল ওনার। কিন্তু সে কি রকমের ওনার, বাস্তবে কি পাচ্ছি না প্রথম হচ্ছে যে তার ট্রান্সফারএর লিমিটেশন সমাজের ভালোর জন্য যদি লিমিটেশন অফ ট্রান্সফার হয় তাহলে হতে পারে। কিন্তু কৃষকের ঐ লিমিটেশন থাকার দরুণ তার জমির মূল্য কিছু পরিমাণে একেবারে অর্থনৈতিক সাধারণ নিয়মে তার জমির দাম

কিছু কমবে। যেহেতু যে কিনতে যাবে সে জানে আমি নাও পেতে পারি, এই যে ইকনমিক ডিফিকাল্টি তাতে তার জমির দর কিছু কমল। অতএব এই লিমিটেশন অফ ট্রান্সফারএ তার সম্পত্তির অধিকার কিছুটা ক্ষুণ্ণ হল।

[5-55—6-5 p.m.]

দ্বিতীয় হ'ল কি? না, যদি রেভিনিউ এরিয়ার হয়, তাহলে প্রিভেন্টিভ ডিটেন্‌শন এ্যাক্টএ অর্থাৎ সার্টিফিকেট জারী করে, আদায় করা হবে; কেন বাবা! বেচারী কৃষক বাংলাদেশের, ভারতবর্ষের সর্ব্বশ্রেণী নাগরিকের মধ্যে, সে এমন কি অপরাধ করলো? আর সবার যদি ট্যাক্স ডিউ হয়, ঋণ ডিউ হয়, তাহলে তা আদায় করবার জন্য অন্য যে-সমস্ত প্রসেস আছে, কোর্ট প্রভৃতির মারফৎ যাওয়া হয়; কিন্তু এর থেকে কৃষককে কেন বঞ্চিত করা হল? বেচারী কৃষকশ্রেণী সে এমন কি অপরাধ করলো, যার জন্য প্রিভেন্টিভ ডিটেন্‌শন এ্যাক্ট অনুসারে আদায় হবে? ইনকাম-ট্যাক্স যাঁরা দেন না, সেখানেও এই প্রিভেন্টিভ ডিটেন্‌শন এ্যাক্ট অনুসারে আদায় করা হয় না? তবে এই গরীব, বেচারী কৃষকের বেলায় এটা প্রয়োগ করা হবে কেন? সুতরাং তাদের কি রাইট দিলেন? এটা নর্ম্যাল রাইট ছাড়া আর কি হতে পারে? তার প্রোপ্রাইটর্সিপ কোর্ট ছাড়াও তাকে জমি থেকে উচ্ছেদ করতে পারবে, একজন গভর্ণমেন্ট অফিসার, যদি সে মনে করে যে সে খাজনা দেয় নি। তারপর হচ্ছে সাক্‌সেসন। এই সাক্‌সেসনএর ভিতর বহু রেষ্ট্রিকশন আছে। আমাদের রাজস্বমন্ত্রী, তিনি নিজে বলেছেন দুই বিঘার কম জমির মালিক বাংলাদেশে কতজন। সুতরাং তাদের উত্তরাধীকারীরা যখন আসবে, তখন তাদের বিষয় চিন্তা করে কিছু করতে পারলেন না। তাঁরা ঘরে বসে ফ্র্যাগমেন্টেশন বন্ধ করবেন, ভাবছেন। ফ্র্যাগমেন্টেশন বন্ধ করা সম্বন্ধে ইউরোপের বড় বড় অর্থনীতিবিদ্‌রা যখন বলেছেন যে এটা বন্ধ না করলে হবে না; তখন নিশ্চয়ই এটা খুব ভাল জিনিষ; অতএব আপনারাও লেগে গেলেন ফ্র্যাগমেন্টেশন বন্ধ করতে হবে বলে। এবং তারজন্য একজন কৃষক সন্তান, যারজন্য কোন ব্যবস্থা নেই, তার জীবন ধারণের, যেহেতু জমি টুকরা হবে না, অতএব সে কোথায় যাবে? বলা হ'ল যে ভাইয়ের পয়সা আছে সে কিনবে। কিন্তু, শ্যামাপদবাবু বললেন, আমরা জনসাধারণ থেকে বহু দূরে থাকি, আমরা জানি না, তবে বোধহয়, কংগ্রেসের যাঁরা মন্ত্রীবর্গ তাঁরা জনসাধারণের সংগে থাকেন, তাঁরা সব জানেন। যারা মাত্র দু-চার বিঘা জমির মালিক, যাদের সন্তান আছে; এদের ভিতর কি, কারও সে রকম সামর্থ আছে যে, সে ঐ দু-চার বিঘা জমি কিনে নিতে পারে? সুতরাং এই যে-সমস্ত লোকেরা কিনে নিতে পারবে না, তাদের জন্য এই এ্যাক্টএ কোন প্রভিসন করা হয়েছে কি? আমাদের স্টেটএর একজন, তার হয়ে সেই জমিটা কিনে নিয়ে, তার সেয়ারটা দিয়ে দেবার যদি ব্যবস্থা থাকত; তাহলে বুঝতাম সরকারের সদিচ্ছা আছে। ফ্র্যাগমেন্টেশনএর নাম করে বহু কৃষককে, যারা বহুদিন থেকে, পুরুষানুক্রমে বাংলাদেশের চাষী পরিবার; যারা আজকে দরিদ্র হয়ে গিয়েছে, তাদের নাম আজ কাটা যাবে কৃষকের নাম থেকে। কারণ, তার যদি চারটা ছেলে থাকে, তাহলে সে জমির বখরা কিছু পাবে না; এই অবস্থায় গিয়ে পৌঁছেছে। বহু অ-কৃষক হয়ে যাবে, যাদের অন্য কোন গতি নেই; তারা নিঃশেষ হয়ে যাবে, তলিয়ে যাবে। এর নাম হচ্ছে প্রোপ্রাইটর্সিপ দেওয়া। এখানে একটা কথা শ্রীশংকর মিত্র বলেছেন, হঠাৎ চীনের কথা কেন তুললেন তা বুঝতে পারি না। সেখানেও জমির মালিক কৃষককে করা হয়েছে এবং পার্সোনাল কাল্টিভেশন সম্বন্ধে, দেখালেন যে আমরা চীনের মত ব্যবস্থা করছি। সেখানেও চীনের কৃষককে ও যারা বড় বড় কৃষক ফার্ম্মার, তাদের জন খাটিয়ে চাষ করবার অধিকার দেওয়া হয়েছে। তিনি এইটুকু বললেন। কিন্তু শ্রীশংকর মিত্র মহাশয় আর একটা জিনিষ জেনেও বললেন না; সেটা হচ্ছে যে, এই সমস্ত বড় বড় চীনের ফার্ম্মার, যাদের অনেক জমি আছে, তাদের কোন সিলিংএর ভিতর ফেলা হয় নি, ঐ ৭৫ বিঘার মধ্যে ফেলা হয় নি। তার সামনে এই প্রশ্ন থাকবে যে যদি কারও দুটা অকুপেশন থাকে অর্থাৎ সহরে ব্যবসা ও গ্রামে ফার্ম্মিং, তাহলে তার মধ্যে একটা তাকে বেছে নিতে হবে। একই সংগে দুটা ব্যবসা চালাতে পারবে না একজন লোক। এই চয়েস দেওয়া হচ্ছে চীনে। কিন্তু, শ্রীশংকর মিত্র মহাশয় এটা জেনে-শুনেও, এই বিষয়টা

গোপন করলেন। এবং যার জন্য আমাদের এখানকার চাষীর সংগে চীন দেশের চাষীর তুলনা করা চলে না। তারপর আর একটা জিনিষ, সেখানকার বড় বড় কৃষক ও বড় বড় জমিদারদের কাছ থেকে কতটা পরিমাণ জমি নিয়ে কৃষকদের ভিতর বিতরণ করা হয়েছে।

আমি যেখানে বাংলার লোক সংখ্যার প্রোপ্রোর্শন করে বলছি, সেই জমি কতটা এই ভূমি-সংস্কার বিলের দ্বারা আপনারা পেয়েছেন এবং সেই জমির কতটাই বা ভূমিহীনদের মধ্যে বিতরণ করতে পেরেছেন?

চীনের যে ভূমি-সংস্কার, যার ভেতর দিয়ে সেখানকার সমস্ত জমি এই রকমভাবে কৃষকদের ভেতর বিতরিত হয়েছে। তাতে করে চীনের সহর থেকে বেকারী তারা দূর করতে পেরেছে। কিন্তু গ্রাম থেকে এখনো সম্পূর্ণ বেকারী তারা দূর করতে পারে নি। সেখানে তারা কিছু কিছু জমি পেয়েছে। এখনো যে অর্দ্ধ-বেকারী আছে, সেই অর্দ্ধ-বেকারী দূর করবার জন্য তারা চেষ্টা করছে, হয় ত তাতে কৃতকার্য্য হবে। আমরা সেইটুকু কতটা চিন্তা করেছি বর্ত্তমানে গ্রামের বেকারী দূর করবার জন্য এই ভূমি-সংস্কার বিলের মধ্যে? তার কিছু এখানে নাই। অতএব বিদেশীর দিকে চাইবার বা তাদের সংগে তুলনা করবার এখন পর্য্যন্ত কোন হেতু ঘটে নাই। আমরা আগে ভূমি-সংস্কার করি, কৃষির উৎপাদন বাড়াই, বাংলা থেকে স্থায়ীভাবে দুর্ভিক্ষ ও খাদ্যের অভাব যা আছে তা দূর করি, তারপর যেন আমরা অন্ততঃ এদিক-ওদিকের সংগে তুলনা করবার স্পর্দ্ধা রাখি। তার পূর্বে গভর্ণমেন্টের পক্ষে একটু বিনীত হয়ে চললে ভাল হয়।

তারপর আমি একটী একটী করে নিচ্ছি। রায়তকে যে রাইট দেওয়া হয়েছে, রেভিনিউ যেরকমভাবে স্থির করা হচ্ছে, তা ঠিক বলে আমি মনে করি না। তবে রেভিনিউ সম্বন্ধে ল্যান্ড রিফর্মস বিলএ পুরাতন বিল অপেক্ষা কিছুটা সংস্কার করা হয়েছে, কিছু লাভ হয়েছে। এক বিঘা বাস্তুভিটা নিষ্কর করা হয়েছে, এটা কম কথা নয়। এটাকে আমি ছোট করে দেখছি না। তার মানে হচ্ছে অগণ্য ভূমিহীন কৃষককে ক্ষেত-মজুরকে সাহায্য করা। যদিও তাদের এক বিঘা তো দূরের কথা, এক কাঠা জমিও নাই। যেটুকুই থাক না কেন অন্ততঃ সেটুকুর জন্যও তাদের খাজনা লাগবে না। তাদের উচ্ছেদ অন্ততঃ বন্ধ করতে পারবেন, যারা বাংলা দেশের অগণিত অতি দরিদ্র লোক। বাইরে থেকে যাঁরা এসেছেন বুলগানিন-ক্রুশ্চেভ প্রভৃতি তাঁদের সামনে সেই সমস্ত দরিদ্র লোকের দৃশ্য দেখাতে আমাদের লজ্জাবোধ করা উচিত। যেভাবে বাংলার এগ্রিকালচারাল লেবর বাস করে, তারা যে অবস্থায় থাকে, তা দেখে আমরাই সহ্য করতে পারি না। আর বাইরের থেকে যাঁরা এসেছেন, তাঁদের সেটা দেখান উচিত নয়। তাতে সরকারের প্রকান্ড প্রকান্ড প্রজেক্ট সমস্ত ম্লান হয়ে যায়। বাংলার গ্রামের সেই সমস্ত দরিদ্র ক্ষেত-মজুরের বাড়ীঘর, তারা যেভাবে থাকে, তা দেখানোর পর আধুনিক দামোদর ভ্যালি প্রজেক্ট, তাজমহল প্রভৃতি দেখান অর্থহীন হয়ে যায়, ম্লান হয়ে যায়। কৃষকরা যেমন খানিকটা খাজনা থেকে পরিত্রাণ পাচ্ছে, উচ্ছেদ থেকেও তেমনি পরিত্রাণ পাক্, তাহলে তাদের সত্যি সত্যি উপকার হবে।

যেখানে হিসাব ধরা হয়েছে সাড়ে আট টাকা মণ, এ্যাভারেজ ৬ মণ ফসল, এটা আমি মনে করি বেশী ধরা হয়েছে। এ্যাভারেজ বাংলা দেশে যদি ৬ মণ ফসল হয় এবং সাড়ে আট টাকা মণ হয়, তাহলে বাংলার কৃষক তাদের সমস্যার হাত থেকে অনেকটা মুক্তি পেতে পারে। এটা হচ্ছে ম্যাক্সিমাম কথা। খুব ভাল জমিতে খুব ভাল যে বৎসর ফলন হয়, সেখানে হতে পারে।

কৃষকের খাজনা খানিকটা কম হয়েছে এতে। কিন্তু কতটা কম হয়েছে জানি না। স্বীকার করতেই হবে ১৫ বিঘা, ৩০ বিঘা পর্য্যন্ত কম। তারপর কিছু কিছু পরিমাণ বেড়েছে।

[6-5—6-15 p.m.]

এটা হল গিয়ে ম্যাক্সিমামএর কথা; খুব ভাল যে জমি, খুব ভাল যে বছরের ফসল তার ব্যবস্থা, তা নির্দ্ধারণের পর সবাইকে স্বীকার করতে হবে খাজনা থেকে কিছু কম হয়েছে। কত কম হয়েছে জানি না, অন্ততঃ ১৫ বিঘা ত বটেই, ৩০ বিঘা পর্য্যন্ত কম, তারপরে কিছু

কিছু বেড়েছে। কিন্তু রেভিনিউ সম্বন্ধে এ যদি স্বীকার করি, একটা কথা আছে রেন্ট ফ্রি ল্যান্ড সম্বন্ধে সেক্‌শন টুয়েন্টী-টুতে; যারা বহুকাল ধরে ব্রহ্মত্র, নিষ্কর প্রভৃতি ভোগ করে আসছে তাদের সেক্‌শন ২২ অনুসারে সেই সমস্ত জমির উপর গভর্ণমেন্ট খাজনা ধার্য্য করতে পারবেন, এবং তাদের কোন সিভিল কোর্টের প্রটেকশন নাই, এই সেক্‌শন ২২ মারাত্মক ব্যাপার। সেক্‌শন ২২তে পরিষ্কার বলা হয়েছে ষ্টেট গভর্ণমেন্ট প্রপারলি এনকোয়ারি করবার পর যদি তাঁরা নেসেসারি মনে করেন তবে তাঁরা এলাউ বা ডিসএলাউ করতে পারেন; এর উপর আর কোন সিভিল কোর্টের ক্ষমতা থাকল না। এর ফলে যারা বহুকাল, বহু শতাব্দী ধরে নিষ্কর ভোগ করছে, এবং দলিলপত্রও আছে যাদের, তাদের পক্ষেও কোর্টের প্রটেকশন নাই। আমি মনে করি না যে গভর্ণমেন্ট প্রত্যেক ক্ষেত্রে অন্যায় করবেন, কিন্তু গভর্ণমেন্টের এক্সিকিউটিভই এটার ফাইনাল। অন্ততঃ কোর্টের কাছে এপ্রোচ করবার তাদের অধিকার থাকা উচিত ছিল। কেন না, গভর্ণমেন্ট যখন স্বীকার করেছেন রেন্ট ফ্রিটা, যদিও এই রেন্ট ফ্রি মে এ্যালাউ অর ডিসএ্যালাউ যখন করেন, তাহলে কোর্টের যে উপকার সেটা পেতে দেওয়া উচিত ছিল। রেন্ট ফ্রি সম্বন্ধে এই হচ্ছে ভয়ংকর অবস্থা।

তারপরে, নানা প্যাডি-ল্যান্ড এবং নন-প্যাডি-ল্যান্ড সম্বন্ধে খাজনা সেক্‌শন ২৬এ সিলেক্ট কমিটিতে সেকশন ২৬(৪)এ যা ছিল, তা থেকে সাবস্ট্যান্সিয়াল বদল করা হয়েছে। সিলেক্ট কমিটিতে যা ছিল তাতে এইসব রেন্ট টেবল তৈরী হবার পর সেটা আইনে পরিণত হবার আগে এ্যাসেমব্লির সাম্নে প্লেস করা হবে। এই কথা ছিল যে—

Before it becomes an Act it shall be placed before the Legislative Assembly.

কিন্তু আজকে হচ্ছে কি?

The table of revenue rate shall be laid before the State Legislature as soon as possible after the State Government accords its approval thereto.

অথচ আগের সেক্‌শনে রয়েছে, ষ্টেট গভর্ণমেন্ট এ্যাকর্ড দিয়ে দেবার পরেই ইট বিকামস এ্যান এ্যাক্ট, সেটা চালু হয়ে যাচ্ছে। তারপরে, সেটা ষ্টেট লেজিসলেচারএ আসবার কোন স্বার্থকতা থাকে না। গভর্ণমেন্ট বলবেন আমাদের ত প্রেস্টিজ আছে। অথচ যেটা সিলেক্ট কমিটিতে ছিল সেটা হচ্ছে এই যে আইনের পর্য্যায়ে আসবার আগে এ্যাসেমব্লির সামনে রাখতে হবে, এই টেবলটা কিন্তু আজকে যা হচ্ছে এর মানে হচ্ছে এই যে এ-বিষয়ে এ্যাসেমব্লির কোন বক্তব্য থাকছে না, এই হচ্ছে ভয়ংকর ব্যাপার। এখানে আইন সভার স্যাংকশন যদিও তাঁরা অনায়াসেই নিতে পারতেন কেন না তাঁদের ব্রুট মেজরিটি রয়েছে তবু তাঁরা স্টেট এ্যাসেমব্লিতে টেবলটা আইনে পরিণত হবার আগে প্লেস না করায় এ্যাসেমব্লির অধিকারকে খর্ব করা হয়েছে। অথচ গভর্ণমেন্টপক্ষ প্রস্তুত ছিলেন না, এই যে প্যাডি-ল্যান্ড সম্বন্ধে তাঁরা একটা করেছেন, কিন্তু নন-প্যাডি-ল্যান্ড সম্বন্ধে টেবল করবার সামর্থ্য তাঁদের নেই। না এ্যাডমিনিস্ট্রেশনএর, না গভর্ণমেন্টের, না অন্য কারো সাধ্য ছিল এটা করবার, পাট বা তামাকের কি রকম হওয়া উচিত তার কোন তথ্য তাঁদের কাছে নাই। এটায় তাঁরা নিরুপায় ছিলেন, তারজন্য এ্যাসেমব্লির রাইট তাঁরা খর্ব করলেন সেক্‌শন ২৬(৬) এনে।

তারপরে, সবচেয়ে ভয়ংকর জিনিষ যা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে এই যে এষ্টেট্ এ্যাকুইজিশন এ্যাক্টের বেলায় বলা হয়েছিল অমুক সময় আমরা সব এষ্টেট এ্যাকুইজিশন করব। কিন্তু এই ল্যান্ড রিফরম্ বিল পাশ হবার পর এই নতুন টেবলটার ফল কতদিনে হবে তার একটা সময় নির্দ্দেশ নাই। তার বদলে আছে, যতদিন পর্য্যন্ত না হচ্ছে ততদিন পর্য্যন্ত জমিদারের পুরাতন খাজনা যা সেইটাই চলবে। অতএব এটা অতি সহজ কথা, যেখানে যতটা আছে বেশী পরিমাণ খাজনা যা জমিদার স্থির করে দিয়েছে তাই যদি পেতে পারা যায় তাহলে কোথা থেকে এ্যাডমিনিস্ট্রেশনএর চাড় হবে এই টেবিলটা নতুন করে চালু করার? এইটে হচ্ছে লাকুনা, সমস্ত এ্যাক্টের ভিতর যে এই সমস্ত ব্যাপারের একটা নীট টাইম নির্দ্ধারণ করে দেওয়া হল না। রেভিনিউ সম্বন্ধে টেবল হওয়ার পর এ্যাসেমব্লির সামনে

যখন আসবে, তখন সেক্‌শন ৩৪এ বলা হয়েছে, কোন কোর্টের জ্যুরিসডিকশন নাই। সেইজন্য আমি বলব গভর্ণমেন্টপক্ষে যাঁরা সদস্য আছেন তাঁরা চিন্তা করে দেখুন এই সমস্ত অসুবিধা ও ডিফেক্ট যে থাকছে তা থাকা উচিত কি উচিত না?

তারপরে সবচেয়ে ভয়ঙ্কর কথা যেটা সেটা হচ্ছে বর্গাদার সম্বন্ধে। এটা হচ্ছে বাংলা-দেশের প্রত্যেকটা ভূমি-সংস্কারের কষ্টিপাথর, বাংলার জমিদার ও বর্গাদারদের সম্বন্ধে কি দৃষ্টি থেকে তাঁরা দেখছেন, তার উপর বাংলা-দেশের ভূমি-সংস্কার নির্ভর করে। আপনারা একটা ভাল কর্ম করেছেন যে, বর্গা-প্রথা তুলে দেন নি। তার ফলে অবাস্তবতা হতে সেটাকে চালু রেখেছেন, ফলে চুরি, জুয়াচুরি না করে লোকে বর্গাদারদের জমি দেবে, তা না হলে কোনরকমে ঠিক্‌রে কড়াই লুট হত। নন-কাল্টিভেবলএ প্রজা হয়ে থাকত, সেইজন্য খুব ভাল করেছেন যে বর্গা-প্রথাটা রেখেছেন, কিন্তু এই যে বর্গা সিস্টেম করেছেন, এটা স্বাধীনতা আসার, ইংরেজ আমলের ফ্লাইড কমিশনের নাম না হয় নাই করলাম, এতদিন পরে ১৯৫৫ সালের শেষে এলেন কি না ৬০—৪০ পার্সেন্ট। এই ৪০ পার্সেন্ট যে নিচ্ছে, সে খাজনা কি দিচ্ছে? এক-পঞ্চমাংশ অফ ৪০ পার্সেন্ট। ২ টু ৩ পার্সেন্ট অফ দি প্রোডিউস ১৫ বিঘা পর্য্যন্ত। অতএব একরকম নিখরচায়, যেমন পূর্বে নিত, ৩৭ই নিতে দিচ্ছেন। গভর্ণমেন্ট যেখানে ২ টু ৩ পার্সেন্ট রেন্ট পাচ্ছেন সেখানে একজন লোককে ৩৭ পার্সেন্ট দিচ্ছেন। এর কোন যুক্তি আছে, কেউ এটা সমর্থন করতে পারে? এরচেয়ে ঢের ভালো গভর্ণমেন্ট যে জমি নিচ্ছেন সেটা নিয়ে কম্পেনসেট করে সেই জমি কৃষকদের দেওয়া। তাহলে পর চীনের কথায় বলা যেতে পারত ল্যান্ড ডিস্ট্রিবিউশন ঠিক ভিত্তিতে হচ্ছে। হয় ত আপনারা বলবেন এ-সমস্ত ভাগচাষীদের প্রোডাকশনএ গরজ নাই সুতরাং তাদের হাতে জমি ফেলে রাখা যায় না, তারা হয় ত জমির উন্নতি করবে না; কিন্তু যদি আমরা বুঝি এবং জানি যে মধ্যশ্রেণীর হাতে জমি রাখলে বাংলা দেশের জমির উন্নতি হবে, জমির প্রোডাকশন বাড়বে, যদিও কৃষকদের দিক থেকে তাতে অনেকখানি অসুবিধা হবে, অন্যায় হবে, তবু আমরা তার বিরোধীতা করব না। কিন্তু কি তার ইনসেনটিভ, এই ৬০-৪০ পার্সেন্টে? ভাগচাষ আইন থাকা কালে যদি একজন মালিক সব দিত, তাহলে সে ৬৬ পার্সেন্ট পেতে পারত। সে আজকে সব দিয়ে যদি ৬০ পার্সেন্ট পায় তাহলে সে লোকের কি ইনসেনটিভ থাকে, নিজে থেকে সব খরচ দিয়ে জমি চাষ করবার? তার চেয়ে ঢের বেশী ভাল কোন খরচ না করে ৪০ পার্সেন্ট পাওয়া; অতএব সেখানে ক্যাপিটাল আসবে না নূতন করে। আর যারা ভাগচাষী তাদের ত ক্যাপিটাল দেবার সামর্থ্যই নাই, জমির উন্নতি করবার জন্য। তার যেটুকু ক্যাপিটাল সে হচ্ছে লেবর। সে যে তার ইনটেন্স লেবার দেবে তার কোন ইনসেনটিভ দিচ্ছেন না। তে-ভাগা সংগ্রামের পর অতীত ইতিহাস বিস্মৃত হয়ে তাকে ৬০ পার্সেন্ট দিচ্ছেন। অতএব দেখা যাচ্ছে আমরা কোন ইনসেনটিভ দেখতে পাচ্ছি না, না মালিকদের পক্ষে, না জমিদারদের পক্ষে, না জোতদারদের পক্ষে, যার ফলে কারুর কাছ থেকে ইনসেনটিভ হবে না।

[6-15—6-25 p.m.]

এই হ'ল আপনার ৬০—৪০ ডিভিসনের ফল এবং যার ফলেতে সেই জমির উন্নতি হওয়া দূরূহ। এই বিরাট জমির ½ অংশ বাংলার এমনি নাম করা এবং নাম না করা আরও ঢের বেশী। এই জমি থেকে বাংলার সবচেয়ে যেটা ডেড ওয়েট, বাংলার এ্যাভারেজ ফলন তাকে নাবিয়ে দিচ্ছে। কিন্তু তাও সব জমিতে নয়, কৃষকের জমিতে উৎপাদন এত কম নয়। বাংলার গড়পড়তা এতে নেবে এসেছে এবং সে সবটুকুর হচ্ছে ভাগচাষীর জমির, তাতে ফলন কম হয়। সারা বাংলার যে টোটাল এ্যাভারেজ সেটা নীচু হয়ে যাচ্ছে। কিন্তু একে উন্নত করবার জন্য আপনার এই ল্যান্ড রিফর্মস্‌ বিলেতে কিছুই দেখতে পেলাম না। তাহলে কোথা থেকে আমাদের প্রোডাকশন বাড়বে; কোথা থেকে শিল্পের উন্নতি হবে? সেজন্য এই সমস্ত শুনতেই চমৎকার লাগে। অন্ততঃ জমির এমন ব্যবস্থা করলাম না যাতে তার উপর সৌধ নির্মাণ করা যায়। সেই সৌধ নির্মাণ হতে পারে কোলকাতা মহানগরীর অর্থ থেকে এবং কেন্দ্রের কাছ থেকে ভিক্ষা বা ধার করে। বাংলার জমি থেকে সেই জিনিষের ভিত্তি রচনা করবার মতন কোন জিনিসই আমরা এই ল্যান্ড রিফর্মস্‌ বিলে পাচ্ছি না।

তারপর, আমরা দেখতে পাচ্ছি এ্যাভিকশনএর কথা। সেখানে দেখিয়ে দেওয়া হয়েছে যে, যদি প্রপারলি কৃষক চাষ না করে তাহলে এটা হবে। কিন্তু এটা আগে ছিল না। যেখানে এমনি সাধারণ রায়ত, অর্থাৎ যার ভেতরে মিডল-ক্লাশ আছে তাদের ভেতরে সেখানে প্রপারলি কথা ছিল না অর্থাৎ তারা যদি ফ্যালো রেখে দিয়ে চাষ না করে। কিন্তু এখানে বর্গা-চাষীর বেলায় এল যে, ১৭(১)(এ)এর অনুযায়ী তারা যদি প্রপার্লি কাল্টিভেট না করে তাহলে তার বেলা এই আইন প্রযোজ্য হবে। কিন্তু এটা একটা ভেগ্ জিনিষ, অনেক গোলমাল আছে। প্রপারলি মানে ৬ মণ না করলে ইম্প্রপার হবে। অর্থাৎ যদি ৬ মণ ফলন না করতে পারে তাহলেই ইম্প্রপার। কাজেই প্রপারলি জিনিষটাকে একটা গোলমেলে করে রাখা হয়েছে।

তারপরে ১৭(২)তে বলা হয়েছে যে একজন ভাগচাষীকে তুলে দিয়ে ২ বছরের ভেতরে তিনি কোন নূতন ভাগচাষীকে আর বসাতে পারবেন না। কিন্তু ২ বছর পরে পারবেন এবং এই তার মানে। অথচ সেকশন ৪(৪)এ, (বি) এবং (সি)তে একজন রায়তের বেলায় বলা আছে যে, সে যদি ৩ বছর জমি ফেলে রাখে তাহলে তার জমি গভর্ণমেন্ট নিয়ে নেবেন। সেটার খুব প্রশংসা শ্রীশঙ্কর মিত্র মহাশয় করেছিলেন এবং আমিও করি। ৩ বছর পর্য্যন্ত রাখলেন, কিন্তু এখানে একটা ফাঁক রয়ে গেল। সেটা হচ্ছে যে কোন ভদ্রলোক ৩ বছর জমি ফেলে রাখলে অর্থাৎ ৪র্থ বছরে গভর্ণমেন্ট তার জমি নিয়ে নেবেন। কিন্তু ২ বছরের ভেতরে সে নিজে চাষ করল না বা অন্য ভাগচাষীকেও দিল না। কিন্তু তৃতীয় বৎসরে সে অন্য ভাগচাষীকে দিলে, সে তা দিতে পারে। এটা একটা ফ্রড হয়ে গেল, ভাগচাষীর সম্বন্ধে এই জিনিষটা একটা ফ্রড হচ্ছে। ৪(৪)(বি)(সি)তে যেখানে ৩ বছর দেওয়া হচ্ছে সেখানে আবার এখানে দেওয়া হচ্ছে যে ২ বছর পর্য্যন্ত সে অলটার করতে পারবে। তার মানে তৃতীয় বৎসরে সে তা করতে পারবে। তাহলে সমস্ত দিকটাতেই একজন ভাগচাষীকে উচ্ছেদ করে। অতএব এত কষ্ট করে যে ১৭ সেকশনটা লিখেছেন, এতবড় দীর্ঘ এক পাতা, এই ১৭ সেকশনটা একেবারে নিরর্থক হয়ে গেল। কারণ, যদি তৃতীয় বৎসরেই সেই রায়ত একজন বর্গাদার বা একজন ভাগচাষীকে দিয়ে দিতেই পারেন। কেন না ৪(৪)এ আপনি তাকে আটকাতে পারছেন না। তাহলে এর ভেতরে আমরা দেখতে পাচ্ছি যে নানান রকমের গলদ রয়েছে।

তারপর ডেলিভারি ষ্টোরিং, থ্রেসিং, এই সমস্ত জিনিষগুলো কোথায় হবে? এগুলো সম্বন্ধে সেকশন ১৬(২) এবং (৩)তে বলা হয়েছে যে এগুলো যে কোথায় হবে, সেগুলো তারাই ঠিক করবেন। এরা কি ইকোয়াল পার্টি, একজন বর্গাদার এবং ভাগচাষী কি ইকোয়াল পার্টি? আমাদের রাজস্ব মন্ত্রীমহাশয় এতদিন বাংলাদেশে রয়েছেন, এবং এত বৎসর রাজস্ব মন্ত্রীগিরি করছেন, তাঁর কি জানা নেই যে বাংলাদেশে ভাগচাষী এবং জোতদারের সঙ্গে ঝগড়া আছে। সেই ঝগড়ার মূল হল, জড় হবে কোথায়, কোথায় ষ্টোর করা হবে, ধান কোথায় থ্র্যাস্ করা হবে এবং কে গিয়ে বয়ে দিয়ে আসবে। এই সমস্ত জিনিষের উপরে তিনি সেখানে বললেন যে, তারা আপোষে যা করবে তাই হবে। কিন্তু আপোষে কোন কিছু করবার মতন সামর্থ্য বাংলার এই সমস্ত বর্গাদারদের আছে? সেখানে আজ অজস্র বর্গাদার, তাদের তত জমি নেই, কিন্তু ল্যান্ডএর উপরে প্রেসার ল্যান্ড লেবারারএর সাপ্লাই সেখানে যতখানি, ততখানি জমির সাপ্লাই সেখানে নেই। অতএব সেখানে যারা জমির মালিক তারা যত ইচ্ছা লিখিয়ে নিতে পারে যে আমার বাড়ীতে তোমার মাথায় করে বয়ে দিয়ে যেতে হবে। এই সমস্তই হবে তার কন্ট্রাক্ট এবং এই কন্ট্রাক্টের ফলে সে সেখান থেকে কোন কিছুই করতে পারবে না। তা ছাড়া দ্বিতীয়তঃ কথা হচ্ছে যে এই করেই আপনার এই বর্গাদার এ্যাক্টটাকে রেহাই করে দেবে। কেন না, যে-সমস্ত আমরা দেখেছি এবং গত ২ বছরে মজুর কবুলতি যা চলেছে তাতে ৬০।৪০ আর টেকবে না। অর্থাৎ যেখানে যেরকম চাহিদা, যেমন ডিম্যান্ড হবে তার চেয়ে কমে আসবে এবং ৬০।৪০র চেয়েও কমবে। কেন না যতক্ষণ পর্য্যন্ত না মিনিমাম ওয়েজেস এ্যাক্ট ঠিক করছেন, অর্থাৎ একের জন্য যতক্ষণ না মিনিমাম ওয়েজেস এ্যাক্ট করছেন ততক্ষণ সবাই ফাঁপবে, মজুর-কবুলতি করে নেবে। এবং সেই মজুর-কবুলতিটা ইন কায়িন্ডস লিখলেই তার সঙ্গে মজুর-কবুলতি হল। অতএব সেটাও বর্গাদার এ্যাক্টে বাঁধল না। কৃষককে ভাবছেন গরীব, কিন্তু গরীব কৃষককে ভেবে কি এই

ভূমি-সংস্কার আইন রচনা করেছেন? যদি এই সমস্ত কথাগুলো ভাবতেন, চিন্তা করতেন, তাহলে তার পন্থাও বেরুত এবং তবেই ভূমি-সংস্কার হত। কিন্তু এই সমস্ত করেন নি বলেই আজকে একটা বিষম পরিস্থিতি হয়েছে।

তারপর আমরা ভূমির বিভিন্ন শ্রেণী দেখতে পাচ্ছি। ভূমির বিভিন্ন শ্রেণী, অর্থাৎ রায়ত, মিডল পেজেন্ট প্রভৃতি যে আছে আমি তা স্বীকার করি। কিন্তু যারা মিডল পেজেন্ট আছে তাদের হয় ত কিছু কিছু খাজনা কমালে তারা পাবে যদি না তাদের উপর সার্টিফিকেট প্রভৃতি হয় এবং সেটা আইনের উপর নির্ভর করবে না। কেন না আইন দিয়ে তাকে আপনি কিছু মুক্তি দিচ্ছেন না। আপনার এ্যাডমিনিষ্ট্রেশন, আপনার রেভিন্যু ডিপার্টমেন্ট যদি সুবিচার করে তাহলে ভাল হয় এবং তখনই তাহলে এই মিডল পেজেন্টরা বলবেন এই ল্যাণ্ড রিফর্মস্ হয়ে ভাল হয়েছে। রিচ পেজেন্টরা খানিকটা ঘা খাচ্ছে, তাদের জমি কেড়ে নিয়েছে বলে। কাজেই রিচ পেজেন্টরা সবাই বলবে না যে খুব ভাল হয়েছে, অবশ্য রিচ পেজেন্টদের সংখ্যাও খুব বেশী নয়। কিন্তু মিডল পেজেন্টরা বলবেন আপনার এ্যাডমিনিষ্ট্রেশন খুব ভাল হয়েছে। আর পুয়োর পেজেন্টরা হয় ত বলবে যে, পুয়োর মানে যাদের ১০।১২ বিঘা জমি আছে, ১৫ বিঘাও নেই, খাজনাটা কমেছে ভালই হয়েছে। কিন্তু তার নীচে রায়ত যদি হয় তাহলে সেও কিছুটা পরিমাণে রিলিফ পেল। কিন্তু ভাগচাষী আপনাদের এই আইনকে কোথাও ভাল বলছে না। যিনি যাই বলুন, ভাগচাষী এই ভূমি-সংস্কার থেকে যতটা আশা করেছিলেন তার থেকে তারা অন্ততঃ বঞ্চিত হয়েছে। তারপর এগ্রিকালচারাল লেবারার ত আজও পর্য্যন্ত স্বরব হয় নি। কিন্তু তারা স্বরব হবার মুখে রয়েছে। ১৯৪৮-৪৯ সালে এগ্রিকালচারাল লেবাররা কিছুটা স্বরব হয়েছিল। এবং তাতে সেই সময়কার গভর্নমেন্ট কম্পান্বিত হয়েছিল। এই এগ্রিকালচারাল লেবাররা স্বরব হত, কিন্তু এই এগ্রিকালচারাল লেবারদের জন্য মাত্র একটা প্যারাগ্রাফ আছে। অর্থাৎ সেখানে ঐ সেকশন ৪৯(এ) দিয়ে বলা হয়েছে, যা জমি পাওয়া যাবে তা যাদের জমি নেই বা ২ একরের কম আছে তাদের ভেতরে ডিস্ট্রিবিউট করা হবে। এইটুকুনই এগ্রিকালচারাল লেবারারদের সম্পর্কে আছে, তা ছাড়া এর ভেতরে আর কিছুই নেই। অর্থাৎ কবে দেওয়া হবে, কবে পাওয়া যাবে, সেই সব কিছুই জানান নি, ইলেকসনের পরে হয় ত। কাজেই এই হল বিভিন্ন সেকশনস অফ কৃষকের যা অবস্থা হবে তাই দেখতে পাচ্ছি।

এবার দেখা যাক এবং এই ত হল নীচের থাকের কৃষককে চূর্ণ করে ভূমি-সংস্কার। এবং সেখানে উন্নতি কি করবেন। কো-অপারেটিভ, আমিও স্বীকার করি, আর সেটাও যেটা শ্রীশঙ্কর মিত্র মহাশয় বলেছেন, যে ৪৩(৩)তে আগে যা ছিল তার চেয়ে যথেষ্ট উন্নতি হয়েছে। আগে ছিল অদ্ভুত যে সোসাইটিতে যে জমি দেবে এবং যেটা কন্সলিডেটেড ব্লক সেটা ত হবেই, এ ছাড়া তার যদি অন্য গ্রামেতেও জমি থাকে তাও সোসাইটির মধ্যে এসে যাবে। অতএব, এটা একটা সাংঘাতিক জিনিষ ছিল এবং সে পার্সোনাল ল্যাণ্ড কোথাও নিতে পারবে না। অর্থাৎ তার মানে কেউ সোসাইটিতে আসত না। এটা অন্ততঃ হচ্ছে যে সেই কন্সলিডেটেড ব্লকএর ভেতরে যা জমি তা আসবে সোসাইটিতে এবং তার বাহিরে থাকবে উইদিন দি লিমিটেশন অফ টুয়েন্টি-ফাইভ একর্স। আমি মনে করি এটা ভাল এবং এতে হয় ত কো-অপারেটিভ ফার্মিং হবে। কিন্তু আজকে যে কো-অপারেটিভ তাঁরা করছেন তাতে হয় ত রিচ যারা তাদের এই কো-অপারেটিভ ফার্মিং হবার ইনসেনটিভ দিচ্ছেন। ইনসেনটিভ দিয়েছেন সেকশন ৪৮এ। অর্থাৎ গভর্ণমেন্ট হয় ত খাজনা মাফ করবে, ফ্রি সিডস প্রভৃতি দেবে এবং এই সমস্ত যা আছে তাতে সেকশন ৪৮এ খানিকটা ইনসেনটিভ রয়েছে। কিন্তু মধ্যবিত্ত গরীব কৃষকদের পক্ষে ডিটেরেন্ট হচ্ছে, সেকশন ৪৫ যেখানে আছে যে সে বেরিয়ে আসতে পারবে না। অভিমন্যুর মতন তার অবস্থা হবে, যে ঢুকতে পারবে কিন্তু ব্যূহ থেকে বেরুবার পথ নেই। মধ্যবিত্ত এবং গরীব কৃষকরা খুব কসাস, সার্সপিসাস। তারা জমি একেবারে দিয়ে দিতে চায় না এবং তারা সহজে এর মধ্যে আসবেও না।

ইচ্ছা করলে সে বেরিয়ে আসবে, এটা রাখলে কি এমন ক্ষতিটা হত, কি এমন একটা ফাঁক পড়ে যেত যাতে কো-অপারেটিভ ল্যাণ্ডের একটা সর্বনাশ হয়ে যেত। কিন্তু তাত হত না যদি একে এক্সপেরিমেন্টাল স্টেজএ দেওয়া হত। কিন্তু এই কো-অপারেটিভ সম্বন্ধে যে

কতকগ্নলি আইন করেছেন তাতে শ্বধ্ব এই আইন দিয়েই কো-অপারেটিভ হয় না। অথচ এই কো-অপারেটিভ ছাড়া আমাদের সত্যি সত্যি উন্নতির আর কোন উপায় নেই। এখানেতে খ্বব বড় করে শ্রীশঙ্কর মিত্র মহাশয় বলে গেলেন যে, আমাদের মাননীয় অতিথি যাঁরা এসেছেন তাঁরা সার্টিফিকেট দিয়েছেন। খ্বব ভাল কথা এবং সেই সার্টিফিকেট পেয়ে আমরা বিরোধী পক্ষও খ্বব গর্ব্বান্বিত।

[6-25—6-35 p.m.]

বাহিরের কেউ এসে ভারতবর্ষ সম্বন্ধে যদি নিন্দা-... করে তাহলে সেটা যে শ্বধ্ব গভর্ণমেন্টএর লাগে তা নয়, সমস্ত ভারতীয়দের এবং বিরোধীদের পর্য্যন্ত লাগে। তারা যদি প্রশংসা করে তাহলে আমার যত কিছ্বই দৈন্য থাক না কেন সেই প্রশংসায় আমরা অত্যন্ত প্রসন্ন হয়ে উঠি। অতএব কেউ যদি প্রশংসাই করে তাহলে সেদিক থেকে আমাদের কোন কিছ্ব কথা নেই। কিন্তু তাঁরাও দ্বই-একটি কথা দেখিয়েছেন, স্টেট ফার্ম দেখেছেন খ্বব ভাল, বিরাট আয়োজনে সেই স্টেট ফার্ম, কিন্তু দেখেও সেখানে বলেছেন যে আমাদের এখানে মেকানাইজড প্রভৃতি যে-সমস্ত হচ্ছে সেগ্বলো তোমরাও যদি শেখ বা কর তাহলে ভাল। সত্যি কথা, তাছাড়া কি করে উন্নতি হবে? বাংলাদেশে ইনটেনসিভ কাল্টিভেশন ছাড়া হয় না। অতএব এখানে মাইনর ইরিগেশন, বড় বড় ক্যানাল হবে না, দমোদর দিয়ে বাংলা পরিপ্লাবন কোন ভগীরথ এসে করতে পারবে না। অথচ অজয়বাব্বর মোটেই ভাল লাগছে না, সেই প্রাচীন বাংলার সংস্কৃতির কথা যদি তুলি তাহলে এখানকার বড় বড় দীঘি তাঁর পছন্দ হবে না। কারণ, তাঁর খাল কাটবার প্রতি একটা বিরাট বাসনা আছে।

[At this stage the blue light was lit.]

I will leave enough time for the Minister.

সেজন্য বাংলাদেশে এইসব দিক থেকে হয় না। অতএব সেখানে একদিকে ইনটেনসিভ কাল্টিভেশন আর একদিক দিয়ে কো-অপারেটিভ শক্তি ডেভেলপ করতে হবে। ফ্র্যাগমেন্টেশন কেন বন্ধ করতে গেছেন। ৫-৭টা কানা কোদাল চালিয়েও বেগ্বন চাষ করে লোক বেঁচে থাকে। এটা প্যাডি ল্যান্ড করবেন কি অন্য কোন কিছ্ব করবেন সেগ্বলি হয় ত পরে সংশোধনী করবেন। অতএব এক শ্রেণীর কো-অপারেটিভএ গরীব লোককে, মধ্যবিত্ত কৃষককে, ইন্ডিভিজ্বয়েলকে ভুলতে পারবেন না। ধীরে ধীরে তাকে স্টেজ দিতে হবে। আজকে সমাজের ভিতরে ধনসেবী-মনোভাব আচ্ছন্ন করে রেখে দিয়েছে। স্বতরাং সমাজসেবী মনোভাব সেখানে গড়ে তুলতে হলে একদিনে একটা আইনে তা হয় না। এবং সমাজসেবী মনোভাব সমস্ত কৃষকের ভিতরে ব্যাপ্ত করতে গেলে কয়েকটা স্টেজএর ভিতর দিয়ে তাকে আসতে হবে। এখনও পর্য্যন্ত তার আত্মবিশ্বাস ধনলাভের এবং ধনপ্রাপ্তির দিকে আছে। এই যে মনোভাব এটা ক্যাপিটালিষ্টিক কম্পিটিশনএর যুগে আছে। অতএব সেখানে প্রথম কতকগ্নলি জিনিষ করুন, যেমন, মার্কেট কো-অপারেটিভ এবং তাহলেই সবাই আসবে। তার জিনিষগ্বলো একসঙ্গে বাজারদরে নিলে সবাই সেখানে আসবে। তারপর কতকগ্নলি আস্তে আস্তে মিউচুয়াল এড সোসাইটি করুন। এর গরু নেই, ওর তা নেই ইত্যাদি এর দ্বারা পরস্পরকে সাহায্য করা হবে। কিন্তু সেখানে সাংঘাতিক ব্যাপার করেছেন পার্সোনাল কাল্টিভেশন, অর্থাৎ বর্গাদার প্রভৃতি, আর একজনকে ডেকে নিলেই সর্ব্বনাশ হয়ে যাবে। সেজন্য মিউচুয়াল এড প্রভৃতি এই সমস্তগ্বলির উপর যদি এই সংশোধন আনতেন তাহলে হত। কিন্তু বাংলাকে কো-অপারেটিভ স্টেজএ তুলতে গেলে মিউচুয়াল এইড একটা মস্তবড় দরকারী জিনিষ, তারপর করুন টেম্পোরারি কো-অপারেটিভ, অর্থাৎ যে কো-অপারেটিভএর মধ্যে এলে সে আর এক বছর বেরুতে পারবে না। কিন্তু দ্বিতীয় বৎসরে ফসল স্বরু হবার আগে, ফলন বৎসর স্বরু হবার আগে সে বেরিয়ে যেতে পারবে। অতএব এটা যদি করেন তাহলে সে আসবে। চতুর্থ হবে, স্টেবল কো-অপারেটিভ এবং তারপর হচ্ছে সেই কো-অপারেটিভ যে কো-অপারেটিভএর কথা ব্বলগানিন-ক্রুশ্চেভ বলে গেছেন, অর্থাৎ যে কো-অপারেটিভ হচ্ছে বিভিন্ন কো-অপারেটিভ মিলিয়ে একটা বিরাট কো-অপারেটিভ এবং সেটাতে মডার্ন ইরিগেশন মেথডস প্রভৃতি লাগান যেতে পারে। তারজন্য যে জমির প্রস্তুতি

তা গোড়া থেকে হবে না এবং যা রেখেছেন তাতে কো-অপারেটিভই ফর্ম হবে না। অতএব এইসবগুলির ভিতর দিয়ে যদি ইনসেনটিভ নিয়ে আসেন তাহলে হবে, তা না হলে শুধু কোন রকম ফ্র্যাগমেন্টেশন বন্ধ করে বা অন্য কোন কিছু করে এইসব হবে না।

তারপর এর ভিতর যে আর একটা ব্যবস্থা হচ্ছে, সেটা হচ্ছে সেটেলমেন্ট রেকর্ড, আমরা বারবার বলেছি যে এই সেটেলমেন্ট রেকর্ডএ একটু আধটু যা দেখি তাতে মনে হয় ৭৫ পার্সেন্ট টু ৮০ পার্সেন্ট আণ্ডার রায়ত এবং ভাগচাষী রেকর্ডেড হয় নি এবং তারা তার ফলে জমিহারা হয়েছে। গভর্ণমেন্ট এ্যাডমিনিষ্ট্রেশনএর ফলে তারা তাদের রাইট থেকে বঞ্চিত হচ্ছে এবং এইসমস্ত গরীব লোকদের আজকে আর কোন উপায় নাই। সেজন্য আজ এই ল্যান্ড রিফর্মস বিল আইনে পরিণত হবার আগে যদি তারা কোর্টএ মামলা না করে অর্থাৎ সমস্ত পুরানো এ্যাক্টগুলি উঠে যাচ্ছে এবং এখন যদি এই আইন হবার আগে তারা নালিশ না করে তাহলে তাদের মস্ত বড় একটা ক্ষতি হবে। তারা যদি আজ এই সেটেলমেন্টএর বিরুদ্ধে নালিশ না করে তাহলে তাদের ক্ষতি হবে। কিন্তু তাদের পক্ষে তা করা তাদের সামর্থ্যের অভাব। এই হচ্ছে ব্যাপার এবং সেই জায়গায় আপনারা যদি এইটুকু করেন এবং গভর্ণমেন্ট যদি সজাগ হন, একটা কেস যদি নিয়ে আসতে পারেন তাহলে ডিটারেন্ট পানিসমেন্টএর কথা এখানে বলেন অর্থাৎ সেই সমস্ত সেটেলমেন্ট অফিসারদের শুধু কর্ম্মচ্যুতি নয় তার চেয়ে বেশী সাজা হবে, এইটুকুই যদি বলেন তাহলে দেখবেন যে এখনও পর্য্যন্ত এই সমস্ত জিনিষের করেকশন হতে পারে। এই সম্বন্ধে বারবার আপনাদের সামনে অভিযোগ এনেছি যে এরা শুধু জমিদার জোতদারদের বাড়ী যান এবং সেখানে চব্যচোষ্য করেন, এদের এক একজনের সামান্য অর্থ ছিল কিন্তু এত লোকের কাছ থেকে শুনতে পাই যে সেটেলমেন্ট রেকর্ড করতে গিয়ে বাড়ী প্রভৃতি তারা করেছে এবং আমাকে তাদের নিজেদের আত্মীয়-স্বজনরাই এই সমস্ত কথা বলেছেন। অতএব এই রকম সমস্ত ব্যাপার তাদের মধ্যে হচ্ছে এবং এই যে জিনিষগুলি চল্‌ছে—কোথাও ভাগচাষী ও আণ্ডার-রায়তকে তার নাম জমি থেকে রেকর্ড করিয়ে না দেওয়া। সেইজন্য গভর্ণমেন্টএর এই বিষয় অন্ততঃ একটা কমিশন করা উচিত। এই জিনিষটা বরাবরই কিছু কিছু পরিমাণে হত, কিন্তু যেদিন গভর্ণমেন্ট বল্‌লেন যে এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস করতে যাচ্ছি তখন এর টেম্পো এ্যাকসিলারেশন বেড়ে গেল। এত বড় করে এই সমস্ত লোকদের ভাল করবার কথা বলবার সময় গভর্ণমেন্ট যদি গোড়াতেই একটা অর্ডিন্যান্স করে দিতেন বা যখন নিয়ে এসেছিলেন অর্থাৎ সেই ১৯৫০ বা ১৯৫১এ যেদিন তাঁরা এসেছিলেন সেদিন তাঁরা যদি বলতেন যে ল্যাণ্ডএর স্টেটাস কুয়ো থাকবে, গভর্ণমেন্টকে না জানিয়ে কোন কিছুর পরিবর্ত্তন হবে না, তাহলেও হত। অন্ততঃ এইসবও যদি বলতেন তাহলেও বুঝতাম যে জমির প্রতি, জমির অধিকারীদের প্রতি তাঁরা কিছুটা মমতা বোধ করেন, মায়া বোধ করেন। যদি তাঁরা স্টেটাস কুয়োর কথা আইন করে, অর্ডিন্যান্স করে মেনটেন করতেন তাহলে আজ এতখানি হত না। আজকে যে অবস্থায় এসেছে তাতে আমি মনে করি যে এই গভর্ণমেন্টএর পক্ষে এথেকে এই সমস্ত লোকদের বাঁচান অসম্ভব এবং এরজন্য আপনারা যত কিছুই করুন না কেন কিছুতেই সম্ভব হবে না। আজকে বাংলার যদি মতামত নেন তাহলে বাংলা দুই ভাগ হয়ে যাবে। বাংলার যারা ল্যাণ্ডলেস, বাংলার যারা আণ্ডার-রায়ত, বর্গাদার, তারা কিছুতেই আপনাদের এই বিলকে সমর্থন করতে পারে না, পারবে না। এই যে অবস্থা এসেছে এরজন্য দুর্ভাগ্যক্রমে আমরা তাদেরই খানিকটা মুখপত্র হয়ে এইসব কথা বলছি।

তারপর এ্যাকচুয়াল এভিকশনও বেড়ে গিয়েছে। ফিসারির নামে আরোও একটা দারুন রকমের এভিকশন চলছে। আপনার নিজেরও এ-কথা বহুবার বলা হয়ে গিয়েছে। এই স্টেটাস কুয়ো না করার ফলেতে ভয়ঙ্কর রকমের একটা কাণ্ড চলছে। অতএব এখনও যদি গভর্ণমেন্ট অর্ডিন্যান্স করেন যে বিগত তিন বৎসরের ভিতরে যে-সমস্ত ট্রান্সফার প্রভৃতি হয়েছে, যে-সমস্ত লোকের এইরকম হয়েছে সেই রেকর্ড আমরা আর একবার দেখবো এবং এর সম্বন্ধে যত কিছু এ্যাপ্লিকেশন, আপীল আমরা সমস্ত কন্সিডার করবো। অতএব এইসব যদি বলেন তাহলে আমি মনে করি যে জাষ্টিস হতে পারে, তা নাহলে কোনরকম এদের উপর জাষ্টিস হবে না। আর এ যদি না করেন তাহলে যে-কথা টেস্টস দিয়ে আমি

দেখাতে পারি যে পেজান্টদের মধ্যে যারা সবচেয়ে, বেশী রিলিফ চায়, রিচ পেজান্টস. বা মিডিল পেজান্টরা নয়, তাদের কথা গোড়ায় আমি বলেছি, অর্থাৎ যারা দুর্ভিক্ষে মরে, মহামারীতে মরে, আণ্ডার-রায়ত, গরীব যে-সমস্ত ক্ষেত-মজুর আছে, এদের রিলিফ দেওয়া উচিত, কিন্তু তার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। এই ল্যাণ্ড রিফর্মস বিলএ শুধু কতকগুলি শুভ ইচ্ছা ছাড়া আর কিছুই দেখতে পাই নি।

তারপর সেখানে আপনারা সিলিংএর একটা কথা বলেছেন। যেখানে সিলিং বলেছেন সেখানে কেউ ২৫ একর বা অন্য কথা বলেছেন, কিন্তু সে-সমস্ত কোন কথা নয়, সিলিং হচ্ছে আপনাদের ট্র্যাপ। সিলিং হচ্ছে আপনাদের ট্র্যাপ—কার জমি কাকে দিচ্ছেন। যে কৃষিকার্য্য করবে তাকে জমি দিতে হবে। ল্যাণ্ডলর্ড যে তাকে নো ল্যাণ্ড এই হ'ল বাংলার কৃষকের দাবী। অতএব তার সিলিংএর প্রশ্ন উঠে না। আজকে জিরো কখনও সিলিং হতে পারে না এবং এইজন্য কৃষকের কাছ থেকে এক ছটাকও জমি নেওয়া উচিত নয়। অতএব তারও সিলিং হয় না। কাজেই সিলিংটা হচ্ছে কংগ্রেসের একটা ট্র্যাপ, পঞ্চ-বার্ষিকী পরিকল্পনাকারীদের একটা ট্র্যাপ। এখানে যা হচ্ছে যে জমিদার, টেনান্টস, মিডিলমেন, রিচ পেজান্টস তাদের জমি এই সিলিংএর ভিতর দিয়ে কেটে কেটে বাদ দিয়ে দিই তাহলে আমরা যে ফার্মিং চাই তা হওয়া সম্ভব হবে না। বরং ফার্মিং যেটা আমরা চাই সেটা যেখানে ১০০।২০০ বিঘার ফার্মিং যদি কেউ করে থাকে তাহলে প্রোডাকশনএর দিক থেকে সেটা একটা ভাল জিনিষ হবে। আজকে আমরা কটেজ ইণ্ডাস্ট্রিজএর কথা বলছি, খুব ভাল কথা। কিন্তু কটেজ ইণ্ডাস্ট্রিজ মানে কি বম্বে, আমেদাবাদকে ধ্বংস করে, চূর্ণ করে, তার উপর কটেজ ইণ্ডাস্ট্রিজ? এই কথা কোন পাগলে বলবে না যে এইগুলি কটেজ ইণ্ডাস্ট্রিজ। অতএব একটা এগ্রিকালচারাল প্রোডাকশন যদি কোথাও হায়ার স্টেজএ পৌছে থাকে, কোথাও ৪০০।৫০০ বিঘার একটা কাল্টিভেশন ফার্ম যদি ভাল প্রোডাকশন করতে পারে তাহলে কি তাকে মারতে হবে? ৭৫ বিঘার ভিতর তাকে নিয়ে আসতে হবে। অর্থাৎ গ্রীসের সেই বিখ্যাত দৈত্যের ঘটের মত তার ভিতরে সব কিছুই ঢুকাতে হবে, একি কোন কথা হয়? অতএব সিলিং হচ্ছে একটা ট্র্যাপ। কৃষকের কাছ থেকে তাকে উঠিয়ে ফেলা যায়, এবং কৃষককেও বাধ্য ৭৫ বিঘার ভিতরে রাখতে এবং যাদের জমিতে চাষ করবার নেই তাদেরও ঐ একই রকম দিচ্ছেন। এতে কি ইনসেনটিভ হবে, এতে কি প্রোডাকশন বাড়বে? কেন আপনারা মিডিল মেনদের ফুল কম্পেনসেশন দেন নি। সেটা আপনার যখন রয়েছে, ডেভেলপমেন্টএর কাজে রেখেছেন এবং ৬ পার্সেন্ট গ্যারান্টি এই গভর্ণমেন্ট যখন দিচ্ছেন তখন সেই টাকার ৬ পার্সেন্ট ডেভেলপমেন্টএ আছে এবং তা থেকে ৫ পার্সেন্ট তাতে নিয়ে আসছেন না কেন?

[At this stage the blue light was lit.]

[6-35—6-45 p.m.]

আমার আর ২।৩ মিনিট লাগবে। অতএব সেটা নিয়ে এলে কাজ হতো। যারা সত্যি সত্যি ল্যাণ্ড কাল্টিভেট করবে তাদের দিন। আর যদি বলতেন এরা ক্যাপিটাল নিয়ে আসতে পারবে না, ল্যাণ্ডএ ক্যাপিটাল ইনভেষ্ট করা দরকার। সেইজন্য আমি গোড়াতে বলেছি এইভাবে বিল আপনারা নেন নি। এই বিল সেইভাবে লেখেন নি যাতে ইউ উড ড্র ক্যাপিটাল ইন্টু ল্যাণ্ড, যাতে করে ইউ উড ডেভেলপ ফার্মিং, যাতে করে ইউ উড ডেভেলপ বেটার টেক্‌নিক্যাল অফ প্রোডাকশন। অতএব আপনি যদি ক্যাপিটাল নিমন্ত্রণ করতেন, তাহলে এইভাবে বিল রচনা হতো না, অন্য প্রকারে হতো। এইজন্য মনে হয় যে আপনাদের কিছুটা ভ্যানিটি আছে, আবার কিছুটা সংশোধন করবার ইচ্ছাও আছে। কিন্তু দুঃখের বিষয় বাংলাদেশে বিশেষ করে ইংরাজী শিক্ষিত লোক সত্যিকারের সমস্যা বোঝে না। কিন্তু তার সঙ্গে সঙ্গে ইংরাজী শিক্ষার অহঙ্কার আছে, ভয়ঙ্কর ভ্যানিটি আছে এবং বাংলার গ্রাম্য সমাজকে বোঝবার চেষ্টাও নেই। সেদিনও আমি বলেছিলাম। সেজন্যই আমরা বারবার চেয়েছিলাম এই জিনিষটা সংস্কার হোক, এবং এই ডিস্ট্রিবিউশন অফ ল্যাণ্ড ব্যাপারে গ্রামের যারা কৃষক, তাদের হাতে ছেড়ে দিন। ঠিক এই জিনিষ চীনে হয়েছে। চীনের বড় বড় নেতা, যেমন মাও-সে-তুং, যিনি কৃষকের ঘর থেকে এসেছেন, তাঁরও অন্ততঃ এই ভ্যানিটি

ছিল না যে ওপর থেকে আইন করে এই সবের সংশোধন করেন নি ; গোটাকতক প্রিন্সিপল করে ছেড়ে দেন নি। প্রত্যেক জায়গায় ল্যান্ড কমিটি তৈরী হয়েছে, প্রত্যেক জায়গায় গ্রামের কৃষকরা সভা করে, সমিতি করে, ল্যান্ড ডিস্ট্রিবিউশন করেছে। কে জমিদার, কে জমিদার নয়, কে শয়তান, কে নয়, তা দেখেছে ; কাকে শাস্তি দেওয়া উচিত, কাকে না দেওয়া তা দেখেছে এবং তাদের হাত দিয়ে এইসব হয়েছে। আমাদের অন্ততঃ যারা গ্রাম থেকে দূরে আছি, আমাদের ভেতরে যদি সেই নম্রভাবটা থাকত, যদি আমরা কৃষকদের উপর এই ব্যাপারটা ছেড়ে দিতাম, যদি আমরা তাদের বিশ্বাস করতাম, তাহলে কিছুটা পরিমাণে সুফল হতো। পঞ্চায়েৎ বিলের কথা উঠেছে। কিন্তু এই সম্পর্কে দেখা যাবে যে এই পঞ্চায়েৎ বিলের ভেতর দিয়ে গ্রামের লোকের প্রতি অবিশ্বাস, তার প্রতি ছত্রে ছত্রে ফুটে উঠেছে। অতএব আপনাদের এই অবিশ্বাসের ভেতর দিয়ে ভূমি-সংস্কার বা কোন কিছুই হতে পারে না। আপনাদের মনোভাব পরিবর্ত্তন না হলে সোসিয়ালিষ্টিক প্যাটার্নই বলুন আর যাই বলুন, আপনাদের ইণ্ডাস্ট্রিয়ালাইজেশন প্রভৃতি গালভরা জিনিষই থেকে যাবে। সেইজন্য আপনাদের মনোভাবের পরিবর্ত্তন দরকার। ভারতবর্ষের দরিদ্র গ্রামেব লোক যারা হাজার হাজার বছর ধরে টিঁকে আছে তাদের প্রতি বিশ্বাস করে তাদের গ্রামের কৃষি-পদ্ধতিকে উন্নতি করবার জন্য তাদের হাতে যদি ছাড়তে পারি, বিশ্বাস না করি, তাহলে আমাদের হাতে রাজদণ্ড, শাসনদণ্ড, হয় ত একটা নির্ব্বাচন টিঁকে যেতে পারে কিন্তু এই জিনিষ আর বেশীদিন টিঁকবে না, থাকবে না যদি জনসাধারণের প্রতি এই অবিশ্বাস বদ্ধমূল থাকে।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, my friend Sj. Bankim Mukherji has complained that the objects and reasons of this Bill have not been set out. I will draw his attention to the Bill as it was introduced in this House. He will find that objects and reasons were set out there. My friend is only looking at the reprint. The reprint was made after the second reading was over and there the objects and reasons were omitted.

We are all aware of the reasons which led to the steep degeneration in the rural agricultural economy in this State. The question is what is the remedy and what should we do. One of the remedies by way of the first step to be taken is that intermediaries should be eliminated, that is say, the whole structure of the feudal system should be dismantled and removed altogether, so that the tiller of the soil may be brought directly under the State and be free to cultivate the land and to develop such cultivation. Sir, we have done that by virtue of the provisions of the Estates Acquisition Act. We have brought the actual tiller in direct contact with the State. We have also provided that the State should not only control and see that cultivation is carried on properly and is intensified, but it is further provided that the cultivator should have assistance from the State, in order to improve cultivation. We have provided everything necessary in order to create in the actual tiller confidence and satisfaction, so that a psychology may be created in him which will encourage him to undertake intensive cultivation. Sir, the time at my disposal is short. My friends are aware of the provisions of the Estates Acquisition Act, and I need not repeat the same. They are also aware of the provisions of the Bill as it was first introduced in this House The Bill was referred to a Select Commitee consisting of representatives from all the parties in both the Houses. The Select Committee held 11 sittings and there were various discussions. At that time Government thought that the scheme contained in the Bill had not gone far enough, and it was necessary to improve upon the scheme. Certain ideas were formulated, and the Bill was proposed to be amended in accordance with the new ideas, and certain amendments were accepted; and they were incorporated in the draft Bill. Then, Sir, in the course of the passage of the Bill through this House further amendments were suggested, and we consider that some amendments further were necessary to improve the provisions of the Bill, and

they were introduced in the Bill. The Bill is now in its final stage, and I think it is reasonable to claim that the Bill is satisfactory from every point of view, so far as we can now visualise. It may be that in working out the provisions of the Bill, in implementing such provisions we may encounter difficulties and question may arise as regards amendment of certain provisions of the Bill. We shall consider such matter when occasion arises.

The House ought not to be afraid of amending the Bill because the Act must be a living organism and must suit the conditions as they develop. I shall not take the time of the House unnecessarily, but I shall deal with only a few salient points. All the provisions have been discussed in this House threadbare and the points raised by my friends on the Opposition benches have been met and answered by my friends on this side of the House. I shall only deal with a few important matters to which reference has been made by my friends on the Opposition benches. My friend Dr. Atindra Nath Bose has drawn our attention to certain publications by the Government of India. The figures, if my friend will refer to the preface, are based on random sample survey. Only 800 villages are surveyed throughout India. The particulars obtained were as regards only one lakh families including 1,100 agricultural labour families. The figures we have given were obtained as a result of extensive census operations undertaken in 1951 and published in 1954. I will ask the House to remember the figures I will give. There are altogether 17.7 lakhs families holding land varying from 0 to 15 acres. There are .32 lakh families, that is to say, 32,000 families owning above 25 acres of land. Therefore, the total number of families owning more than 25 acres is ·32 lakhs and they own among themselves 16·7 lakh acres. If a ceiling of 25 acres be placed for a family, there will be an excess area of 16·7 lakh acres *minus* ·32 lakhs × 25, namely, 8 lakh acres, that is to say, from 16·7 lakh acres you will have to deduct 8 lakh acres which will leave a balance of 8·7 lakh acres by way of surplus. But each individual owner is entitled to be treated as a separate unit as far as the retention of *khas* land under section 6 of the States Acquisition Act is concerned. Therefore, the number of owners will be more than the number of families. On an average each family consists of 1·2 owners. Therefore, Sir, among ·32 lakh families there will be ·32 × 1·12 = ·38 lakh individual owners, that is to say 38,000 individual owners.

And if they retain 25 acres each they will between themselves retain 9·5 lakh acres. Therefore, the balance available for distribution will be 7·2 lakh acres and for greater safety, we assume that the lands which would be available for distribution would be 6 lakh acres. That is how it has been worked out.

[6-45—6-55 p.m.]

With regard to revenue as the Chief Minister has already stated during the discussion of the Bill at an early stage that for 11·7 million acres the total assessment was 56·8 million rupees. Therefore, on an average the rent which is now being paid is at the rate of Rs. 5 per acre. If we take the average production and the average price for 20 years the average production comes to 15 to 15·5 maunds of paddy per acre and the average price is Rs. 7-4 to Rs. 7-8 per maund of paddy. The revenue rate is a percentage of the value of the crop. The maximum is prescribed and it is one-fifth—it need not be exactly one-fifth, it may be less. The actual fixation of the revenue rate may be one-fifth or less and the maximum revenue to be assessed will be a percentage of the

revenue rate. With regard to this matter, I shall be dealing with paddy only as that will simplify my calculation. In case of paddy, the maximum revenue rate will be one-fifth of the value of the yield. On the basis of the maximum rate of revenue, i.e., if you assume that the revenue rate is one-fifth of the total income, then the actual revenue in future in respect of 2 acres will be Rs. 4-8. It is now Rs. 10 for 2 acres. The rate per *bigha* will be about 12 annas or a reduction of about 65 per cent. With regard to 5 acres the rate now is Rs. 25 and it will be Rs. 14-10 or 15 annas per *bigha*—a reduction of about 40 per cent. For 10 acres the rate is Rs. 50; in future it will be Rs. 37-2 or at the rate of Rs. 1-3-9 per *bigha*—a reduction of about 36 per cent. For 15 acres the rate now is Rs. 75; in future it will be Rs. 65-14 or at the rate of Rs. 1-5-6 per bigha—a difference of Rs. 9-2. As regards the last Slab i.e., for 25 acres, he will have to pay a little more—the present rate is Rs. 125, it will be Rs. 132-2. In other words all this will be worked out on the same basis as the income-tax. The revenue to be assessed on the new basis will be as follows:—

For the first 2 acres	...	not more than 2 per cent.
For the next 3 acres	...	not more than 3 per cent.
For the next 5 acres	.	not more than 4 per cent.
For the next 5 acres	...	not more than 5 per cent.
For the remainder	..	not more than 6 per cent.

My friends have suggested that it must be worked out on the basis of the net income. My friends forget that there are 18 lakh intermediaries so that there will be 18 lakh assessments every year, which means, a gigantic task and maintenance of a huge machinery and each of these intermediaries would be, as my friends would say, harassed once every year.

Sir, with regard to the ceiling I have worked out the figures. The ceiling fixed, in my submission, is neither extravagant nor too meagre. My friends have advanced argument on the basis that every intermediary owns all the categories of lands set out in section 6 of the Estates Acquisition Act, such as homestead, agricultural land in excess of 25 acres, non-agricultural land, orchard, fishery and so on and so forth. My friends forget that there are many people in this country who have fragments of non-agricultural land, possibly 2 to 3 acres of agricultural land, a little tank, a few mango trees, so that the argument does not fit in with the actual conditions prevailing in this State. Out of 18·1 lakh families who are owners 12·82 lakh families own land between zero to 5 acres; 16·49 lakh families hold up to 10 acres. Now if a man owns 25 acres which is the maximum prescribed under the Act, then at the rate of 5 maunds per *bigha*, the total production will be 375 maunds of paddy. If he gets 40 per cent. of that and if you calculate at the rate of Rs. 8 per maund, the grand total of his income is Rs. 1,200 a year, out of which he will pay Rs. 132 by way of rent, leaving a balance of Rs. 1,068, i.e., Rs. 90 per month per family consisting of 5 members or Rs. 18 per head per month I ask my friends is that too much? In other words, it is worked out at the rate of one plough per head among the members of the family, that is to say, 5 acres per head if you assume a family consists of 5 members. Multiply 5 by 5 and we get 25 acres. That is the ceiling fixed.

Then as regards interim payment, much has been said by my friends but they forget that the Act itself provides that payment is to be made within 18 months from the date of vesting, that is to say, from 1st of Baisakh 1362 to Aswin 1363 or in October 1956. In order to remove

any difficulty which the intermediaries may have to face, instructions have been issued for making an *ad interim* payment within five to six months from the date of vesting, that is to say, 13 months ahead of the time fixed. Notices have been issued in various newspapers inviting applications for interim payment and the Collectors have been instructed to give wide publicity by affixing notices in all Government offices. But the result is not encouraging. Up to 30th November, 1955, the number of applications received from the ordinary intermediaries were 265 and from religious and charitable trusts and endowments 896, the total being 1,161. The amount sanctioned for religious trusts and endowments was Rs. 1,61,363. Although some of them have applied for payment they did not actually turn up with the result that the amount actually received was Rs. 81,754 out of a total of Rs. 1,61,363. The amount sanctioned for ordinary intermediaries was Rs. 1,835 and the amount actually received by the ordinary intermediaries was Rs. 1,606.

With regard to *debuttars*, I do not see why my friends complained so loud about it because in the Estates Acquisition Act, as it was passed in this House, we provided that in case of English trusts they will be entitled to retain all the *khas* lands and *ad interim* payment of compensation will be made in perpetuity equal to the net income. We have thought that our indigenous *debuttars* and trusts should not be put at any disadvantageous position than the English trust. My friends are aware that many of the *debuttars* do a lot of charitable work in the sense that they maintain schools, colleges, hospitals, dispensaries and repair roads and so on and so forth. It is, therefore, necessary to maintain such institutions. My friends think that if a man comes along and says that he has got so much *debuttar* property and asks for compensation, Government will at once pay him compensation. But that is not the case. He will have to prove it to the hilt. He has to prove that the property was a properly dedicated property—dedicated to the fullest extent; that is, it is dedicated entirely for charitable purposes and he has further to establish that the property has been treated as *debutter* property in respect of which the *shebaits* claim the payment of compensation.

[6-55—7-2 p.m.]

With regard to settlement records, I am sorry to say, I do not agree with my friends. These are Revisional Settlement operations; they proceed on the basis of the last Settlement records. Only the changes are incorporated in the Revisional operations. There are really three main stages, namely, *khasra* enquiry, attestation and hearing of objections. If any item is not recorded or if any item has been wrongly recorded or if there is any defect in recording at the *khasra* enquiry the aggrieved person may approach the Attestation Officer and have the error or ommission rectified. If he does not get any relief, then he can file an objection under section 44, so that if his contention is correct the record-of-rights will be rectified.

With regard to under-*raiyats* my friends are wrong; we have not yet enforced Chapter VI. There is no question of recording under-*raiyats*. I have enquired into many complaints and in most cases I have found that the report was that the complaints were not proper or correct.

With regard to *bargadars* under the present Act he gets one-third and one third goes for meeting the cost of cultivation; The owner gets the remaining one-third. When this Act comes into force he will get 50 per cent in any case. If the owner supplies everything, meets all the cost of cultivation, then only he will get 50 per cent. of the produce. Under

the present Act he will be entitled to nearly 70 per cent. Therefore, the provision so far as the distribution of produce is concerned, is definitely against the owner. The owner, under the present Act, gets about 70 per cent., but under the provisions of the Bill he will never get more than 50 per cent.

